আল-ফিরদাউস
সংবাদ সমগ্র
মার্চ, ২০২০ঈসায়ী

আল-ফিরদাউস

সংবাদ সমগ্র

মার্চ, ২০২০ঈসায়ী

সূচীপত্র

৩১শে মার্চ, ২০২০

চা বাগানের শ্রমিকদের কাজ নেই, ঘরে নেই খাবার, নেই কোন ত্রাণ

চা বাগানের অনিয়মিত শ্রমিক, যাদের বাগানে কাজ নেই। হবিগঞ্জের চুনারুঘাটে ২৪টি চা বাগানে এমন ২০ হাজার শ্রমিক আছেন যারা ছুটা কাজের ওপর র্নিভরশীল। এই শ্রমিকরা চা বাগানের বাইরে ইটভাটা, মাটি কাটার কাজ, গৃহস্থালি, রাজমিস্ত্রীর জোগালিসহ নানা কাজ করে জীবিকা নির্বাহ করেন। প্রতিদিনের রোজগারে তাদের সংসার চলে। কিন্তু সারা দেশ লকডাউন হওয়ার পর গত এক সপ্তাহ তাদের কাজ নেই। ঘরে খাবার নেই। তারা যেমন চা বাগানের মালিক পক্ষ থেকে কোনো সহায়তা পাচ্ছেন না, তেমনি সরকারি সাহায্য থেকেও বঞ্চিত। খবরঃ কালের কণ্ঠের

এমন অবস্থায় আজ মঙ্গলবার সকালে শতাধিক অনিয়মিত চা শ্রমিক কোদাল কাঁধে, টুকরি মাথায় নিয়ে খাবারের দাবিতে উপজেলা কমপ্লেক্সের গেটে জড়ো হন। তারা সরকারি ত্রাণের দাবি জানান।

কথিত বাল্যবিয়ের নামে জায়েজ বিয়ে বন্ধ করলো তাগুত বাহিনী

ঢাকা থেকে বাড়ি ফিরে মোহাম্মদ নাঈম নামের এক পোশাককর্মী সোমবার ১৫ বছর বয়সী এক কিশোরী বউ ঘরে তুলেছেন। আর বিয়ের এ সংবাদ পেয়ে তাগুত বাহিনীর ভ্রাম্যমাণ আদালত অভিযান চালায় বাড়িটিতে। এরপর বর নাঈমকে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড দেয়া হয়েছে। ঘটনাটি নেত্রকোনার কেন্দুয়া আশুজিয়া ইউনিয়নের।

কালের কণ্ঠের সূত্র জানায়, কথিত বাল্যবিয়ের জন্য সাজাপ্রাপ্ত নাঈম ঢাকায় একটি পোশাক কারখানায় কাজ করেন। সোমবার ভোরে ১৫ বছর বয়সী পূর্বপরিচিত এক কিশোরীকে বিয়ে করে বাড়িতে নেন নাঈম। এর পর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) তাগুত আল-ইমরান রুহুল ইসলাম বাড়িটিতে পৌছেন। এরপর নাঈমকে তাগুত বাহিনী এক মাসের বিনাশ্রম কারাদণ্ড দেয়।

‘হামরা একন কী খায়া বাচমো?’

‘কোন কাম নাই। বাড়ির বাইরে বারায়য়াও লাব (লাভ) নাই। পয়সা-পাতি যা আছিলো শ্যাষ। হামরা একন কী খায়া বাচমো? সংসার চালামো ক্যামনে?’ চোখে-মুখে চিন্তা আর একরাশ হতাশা নিয়ে কথাগুলো বলছিলেন ভ্যানচালক বাবু মিয়া। গাইবান্ধার সাঘাটা উপজেলার হেলেঞ্চা গ্রামের বাসিন্দা তিনি।

বাবু মিয়া জানান, ভ্যান চালিয়ে যা আয় হতো তা দিয়ে সংসারের নিত্যপ্রয়োজনীয় খরচ চলতো। করোনা রোধে সরকারি নিষেধাজ্ঞার পর সবকিছু বন্ধ থাকায় এখন আয়ও হচ্ছে না। একই কথা জানালেন উপজেলার বোনারপাড়া বাজারের পান বিক্রেতা একরামুল ইসলাম। তার অভাবের সংসারে স্ত্রীসহ আছে দুই মেয়ে ও এক ছেলে। প্রতিদিন বাজার থেকে চাল-ডাল সবজি না কিনলে বাড়িতে চুলায় আগুন জ্বলে না। কারণ হিসেবে জানালেন, সংসারে তার সঞ্চয় বলে কিছু নেই। করোনা ভাইরাসের কারণে দোকান বন্ধ থাকায় মাথায় হাত পড়েছে। একরামুল বলেন, দোকান খুলে রাখতে পারি না, কারণ পুলিশ এসে হুমকি দেয়। এখন দোকান না চললে সংসার চলবে কীভাবে? বুঝতে পারছি না। রিপোর্টঃ আমাদের সময়

পাশের দোকানি রতন বাবু ও আব্দুল জলিলেরও একই কথা। তাদের সংসারেও দিন আনি দিন খাই অবস্থা। ঘরে বসে থাকলে কীভাবে চলবে সংসার? এমন চিন্তা সবসময় তাদের মাথায়। এমন চিত্রই এখন উপজেলার নিম্ন আয়ের মানুষের। উপজেলার তেলিয়ান-সাহারভিটা গ্রামের ভ্যানচালক মছির উদ্দিন বলেন, প্রতিদিন ভ্যান চালিয়ে যা আয় হয় তা দিয়েই সংসার চলে। করোনা ভাইরাসের কারণে চালের দাম বেড়ে যাওয়ায় তিন বেলা পেট ভরে খাওয়া জোটেনি। ভ্যান নিয়ে বের হলেও রাস্তায় তো মানুষ নেই। এখন সারাদিনে ৫০ টাকা উপার্জন করাই কষ্টকর। এভাবে কতদিন চলবে প্রশ্ন তার।

গাইবান্ধা জেলায় চারজনের শরীরে করোনা ভাইরাস শনাক্তের পরপরই পাল্টে গেছে মানুষের জীবন চিত্র। সরকারি নির্দেশনায় সচেতনতাসহ বাড়িতে বন্দিজীবন কাটছে সব শ্রেণিপেশার মানুষ। তবে আয়-উপার্জন না থাকায় কষ্টে আছে রিকশা-ভ্যানচালক, চা-পানের দোকানিসহ নিম্ন আয়ের সাধারণ মানুষ। পুলিশের পিটুনির ভয়ে দোকানপাট খুলতে পারছেন না কেউ।

করোনায় বিপর্যস্ত ৭ দেশ, আক্রান্ত প্রায় ৮ লাখের বেশি

চীনের উহান থেকে ছড়িয়ে পড়া প্রাণঘাতী করোনাভাইরাসের সংক্রমণ ছড়িয়ে পড়েছে বিশ্বের ২০০টি দেশ ও দুটি আন্তর্জাতিক প্রমোদতরীতে। ভাইরাসটির সংক্রমণে এখন পর্যন্ত প্রাণ

হারিয়েছেন ৩৭ হাজার ৮২০ জন। সারা বিশ্বে সাত লাখ ৮৫ হাজার ৮৭০ জন এই ভাইরাসে আক্রান্ত হয়েছেন। চিকিৎসা শেষে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ১ লাখ ৬৫ হাজার ৬৫৯ জন।

সফটওয়্যার সল্যুশন কোম্পানি 'ডারাক্সে'র পরিসংখ্যানভিত্তিক ওয়েবসাইট 'ওয়ার্ল্ডোমিটারে' প্রকাশিত তথ্যমতে এই প্রতিবেদন লেখা হয়েছে। এখানে করোনাভাইরাসে সবচেয়ে বিপর্যস্ত ছয়টি দেশের তথ্য তুলে ধরা হয়েছে। সূত্রঃ আমাদের সময়

যুক্তরাষ্ট্র

বিপর্যস্তের তালিকায় প্রথমে রয়েছে যুক্তরাষ্ট্র। আক্রান্তের দিক থেকে চীনকে ছাড়িয়ে গেছে দেশটি। যুক্তরাষ্ট্রে মোট এক লাখ ৬৪ হাজার ২৫৩ জন এই ভাইরাসে আক্রান্ত হয়েছে। আর মৃত্যু হয়েছে ৩ হাজার ১৬৭ জনের।

ইতালি

এই ভাইরাসে মৃতের সংখ্যার দিক থেকে শীর্ষে রয়েছে ইতালি। দেশটিতে মৃতের সংখ্যা ১১ হাজার ৫৯১ জন। আর মোট আক্রান্ত হয়েছে এক লাখ এক হাজার ৬৮৯ জন।

স্পেন

মৃত্যুর দিক থেকে ইতালির পরের স্থানে রয়েছে স্পেন। দেশটিতে করোনাভাইরাসে মৃত্যু হয়েছে সাত হাজার ৭১৬ জনের এবং আক্রান্ত হয়েছে ৮৭ হাজার ৯৫৬ জন।

চীন

সব দিক থেকে এক সময় প্রথম অবস্থানে থাকা চীন এখন রয়েছে চতুর্থ অবস্থানে। করোনাভাইরাসের উৎপত্তিস্থল এই দেশে মোট আক্রান্তের সংখ্যা ৮১ হাজার ৫১৮ জন। আর মৃতের সংখ্যা ৩ হাজার ৩০৫ জন। সর্বশেষ তথ্য মতে, চীনে নতুন করে মাত্র ৭৯ জন এই ভাইরাসে আক্রান্ত হয়েছে।

জার্মানি

জার্মানিতে মৃতের সংখ্যা কম হলেও আক্রান্ত হয়েছে ৬৬ হাজার ৮৮৫ জন। সর্বশেষ তথ্যমতে, জার্মানিতে এই ভাইরাসে ৬৪৫ জনের মৃত্যু হয়েছে।

ফ্রান্স

প্রাণঘাতী এই ভাইরাসে মৃত্যুর দিক থেকে তৃতীয় অবস্থানে রয়েছে ফ্রান্স। সেদেশে এই ভাইরাসে আক্রান্ত হয়েছে ৪৪ হাজার ৫৫০ জন আর মৃত্যু হয়েছে তিন হাজার ২৪ জনের।

ইরান

আক্রান্তের দিক থেকে পিছিয়ে থাকলেও মৃত্যুর দিক থেকে পঞ্চম অবস্থানে আছে ইরান। দেশটিতে এই ভাইরাসে দুই হাজার ৭৫৭ জনের মৃত্যু হয়েছে। আর আক্রান্ত হয়েছে ৪১ হাজার ৪৯৫ জন।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার দেওয়া তথ্যমতে, এই ভাইরাসে মৃত্যুর হার ৪ দশমিক ৬৫ শতাংশ। যারা প্রাণ হারিয়েছেন তাদের মধ্যে ২১ দশমিক ৯ শতাংশ মানুষের বয়স ছিল ৮০ বছরের উপরে। ৪০ থেকে ৪৯ বছর বয়সীদের এই ভাইরাসে মৃত্যুর হার ০ দশমিক ৪ শতাংশ।

করোনায় এবার আইসোলেশনে সন্ত্রাসী ইসরায়েলি প্রধানমন্ত্রী

করোনা ভাইরাসে আক্রান্ত হওয়ার শঙ্কায় আইসোলেশনে আছে ইসরায়েলের সন্ত্রাসী প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। নিজের উপদেষ্টা রিভকা পালুচ এ ভাইরাসে আক্রান্ত হওয়ায় তিনি স্টাফদের নিয়ে সাময়িক আইসোলেশনে গেছেন।

সোমবার জেরুজালেমভিত্তিক সংবাদমাধ্যম দ্য জেরুজালেম পোস্ট এ নিয়ে প্রতিবেদন প্রকাশ করেছে।

নেতানিয়াহু ও তাঁর স্টাফদের আইসোলেশনের কারণ হিসেবে বলা হচ্ছে, রিভকা পালুচ গত কয়েক দিন নেতানিয়াহু, নেসেট সদস্য ও অন্যান্যদের সংস্পর্শেই ছিলেন। ফলে তাঁদের আক্রান্ত হওয়ার আশঙ্কা রয়েছে।

নেতানিয়াহুর দপ্তর থেকে বলা হয়েছে, ভাইরাস পরীক্ষার রিপোর্ট না পাওয়া পর্যন্ত নেতানিয়াহু ও তাঁর স্টাফরা পৃথক থাকবেন। পালুচের আগে তাঁর স্বামীও করোনাভাইরাসে আক্রান্ত হয়েছিলেন।

এদিকে ইসরায়েলি চ্যানেল টুয়েলভ সোমবার সকালে এক প্রতিবেদনে বলেছিল, রিভকা পালুচের করোনাভাইরাস পজিটিভ হওয়ায় প্রধানমন্ত্রীকে এক সপ্তাহের জন্য আইসোলেশনে রাখা হবে।

কিন্তু এরপর পরই নেতানিয়াহুর দপ্তর থেকে জানানো হয়, তাঁর আইসোলেশন করার কোনো প্রয়োজন নেই। কারণ তিনি রিভকা পালুচের সঙ্গে সাক্ষাৎ করেননি।

করোনায় আক্রান্ত রিভকা পালুচ রোববার রাতে জেরুজালেম পোস্টকে বলেন, সর্বশেষ গত বৃহস্পতিবার তিনি স্পিকার নির্বাচনের জন্য ভোট দিতে ইসরায়েলের পার্লামেন্ট নেসেটে গিয়েছিলেন। কিন্তু তখন তাঁর সঙ্গে নেতানিয়াহুর সরাসরি সাক্ষাৎ হয়নি।

জনস হপকিন্স ইউনিভার্সিটির তথ্য অনুযায়ী, ইসরায়েলে সোমবার পর্যন্ত করোনাভাইরাস শনাক্ত হয়েছে ৪ হাজার ৩৪৭ জনের। এর মধ্যে ১৬ জন মারা গেছেন, সুস্থ হয়েছেন ১৩৪ জন।

মালি! মুজাহিদদের হামলায় 14 মুরতাদ সৈন্য নিহত!

আল-কায়েদা পশ্চিম আফ্রিকা ভিত্তিক মালি শাখা "জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিন" এর জানবায মুজাহিদিন গত ২৮ মার্চ মালির মোপ্টি প্রদেশের "মানকুরোওয়া" শহরে মালির "আদ-দোনজো" নামক বিশেষ বাহিনীর বিরুদ্ধে একটি সফল অভিযান পরিচালানা করেন।

আলহামদুলিল্লাহ্, মুজাহিদদের উক্ত সফল হামলায় মুরতাদ বাহিনীর ১৪ সৈন্য নিহত হয়, আহত হয় আরো কতক মুরতাদ সৈন্য। এছাড়াও মুজাহিদগণ মুরতাদ বাহিনী হতে ৯টি মোটরবাইক, ৫টি ক্লাশিনকোভ, ৮টি রাইফেল সহ আরো অনেক যুদ্ধাস্ত্র গনিমত লাভ করেন।

মালি | মুরতাদ বাহিনীর উপর মুজাহিদদের হামলা, বন্দী ১, হতাহত আরো অনেক!

আল-কায়েদা পশ্চিম আফ্রিকা শাখা জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিন (JNIM) এর জানবায মুজাহিদিন গত ২৭ মার্চ মালির "দোনগাল" শহরে দেশটির মুরতাদ বাহিনীর একটি সামরিক চৌকিতে হামলা চালান, এতে কতক মুরতাদ সৈন্য হতাহত হয় এবং ১ মুরতাদ সদস্য মুজাহিদদের হাতে বিন্দী হয়। বাকি সৈন্যরা চৌকি ছেড়ে পলায়ন করে।

এই অভিযানে মুজাহিদগণ মুরতাদ বাহিনী হতে ২টি গাড়ি, ১টি দাশাকা, ১টি ক্লাশিনকোভ, ১টি RBG7 সহ অনেক যুদ্ধাস্ত্র গনিমত লাভ করেন।

এমনিভাবে গত ২৯ মার্চ মালির "বোনি ও দোওয়ানজা" শহরে মুরতাদ বাহিনীর সামরিকযান টার্গেট করে দুটি পৃথক হামলা চালান JNIM এর জানবায মুজাহিদিন। যার ফলে মুরতাদ বাহিনীর সামরিকযান ২টি ধ্বংস হয়ে যায় এবং অনেক সৈন্য হতাহত হয়।

সোমালিয়া | মুজাহিদদের হামলায় 6 ক্রুসেডার হতাহত!

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ার জিযু প্রদেশের "জারবিহারী" শহরে ৩১ মার্চ ইথিউপিয়ার ক্রুসেডার বাহিনীকে টার্গেট করে সফল বোমা হামলা চালিয়েছেন আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব আল-মুজাহিদিন।

শাহাদাহ নিউজে প্রকাশিত তথ্য অনুযায়ী হারাকাতুশ শাবাব মুজাহিদদের উক্ত সফল হামলায় ইথিউপিয়ান ক্রুসেডার বাহিনীর ২ সদস্য নিহত এবং আরো ৪ এরও অধিক ক্রুসেডার আহত হয়।

খোরাসান | ইমারতে ইসলামিয়ায় যোগদান করল ১১৬ আফগান সেনা ও পুলিশ সদস্য।

মহান আল্লাহ তা'আলার অনুগ্রহে ইমারতে ইসলামিয়া আফগানিস্তান ধীরে ধীরে পুরো আফগানিস্তানের উপর নিজেদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে চলছেন। এরই মধ্যে আফগান বাহিনী হতে প্রতিনিয়ত শত শত সেনা ও পুলিশ সদস্য ইস্তেফাদা নিচ্ছে। এদের অনেকেই আবার ইসলামের সুশীতল ছায়াতলে ফিরে আসছেন, যোগ দিচ্ছেন ইমারতে ইসলামিয়ায়।

এরই ধারাবাহিকতায় ৩১ মার্চ আফগানিস্তানের লাগমান, বাগলান ও হেরাত প্রদেশ হতে ১১৬ আফগান সেনা ও পুলিশ সদস্য নিজেদের ভুল বুঝতে পেরে ইমারতে ইসলামিয়ায় এসে যোগদান করে। এর মধ্যে শুধু লাগমান প্রদেশ হতেই তালেবান মুজাহিদদের সাথে যোগ দেয় ৯৩ আফগান সেনা সদস্য। আর ইমারতে ইসলামিয়ার দায়িত্বশীল মুজাহিদিনরাও তাদেরকে সম্মানের সাথে গ্রহণ করেনেন।

ডিসি'র নাম করে পুলিশের চাঁদা দাবি!

কক্সবাজারের জেলা প্রশাসকের (ডিসি) নাম করে টেকনাফের চারটি প্যাথলজি সেন্টার থেকে চাঁদাবাজি করেছে এক পুলিশ। টেকনাফ থানার পুলিশ সদস্য অরুণ কক্সবাজার জেলা প্রশাসক কামাল হোসেনের নাম করে ওই চাঁদাবাজি করেছেন বলে জানিয়েছেন প্যাথলজির পরিচালকরা। তাদের অভিযোগ, অরুণ নামে একজন কক্সবাজার জেলা প্রশাসক কামাল হোসেনের নাম করে মেরন সিটি হাসপাতাল, নাফ ভিউ প্যাথলজি সেন্টার, কেয়ার ল্যাব লিমিটেডসহ টেকনাফের চারটি প্যাথলজির পরিচালকের কাছে চাঁদা দাবি করেন। বিষয়টি সন্দেহজনক মনে হওয়ায় তারা বিষয়টি টেকনাফ উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইফুল ইসলামকে জানান। এরপর ওইসব প্যাথলজির সিসিটিভি ফুটেজ চেক করে দেখা যায় অরুণ জেলা প্রশাসনের কেউ না। তিনি টেকনাফ থানা পুলিশের সদস্য।

এ সম্পর্কে জানতে পুলিশ সদস্য অরুণের সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়নি। পরে টেকনাফ থানা পুলিশের ওসি প্রদীপ কুমার দাসের মোবাইল ফোনে একাধিকবার যোগাযোগের চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি। তিনি ফোন রিসিভ করেননি।

করোনা'র তথ্য কি সরকার গোপন করছে?

পত্রিকায় দেখলাম গত দু'দিন ধরে বাংলাদেশে করোনায় কেউ মারা যায়নি। খুব ভালো সংবাদ বৈ কি। কিন্তু সরকারি হিসাবটা পূর্বের অভিজ্ঞতার আলোকে কোনোভাবেই বিশ্বাসযোগ্য মনে হচ্ছিল না। মিথ্যা তথ্যের ধারকদের কাছ থেকে মনকে শান্তনা দেয়া ছাড়া আমার মতো ক্ষুদ্র মানুষের আর কি বা করার থাকে। হুট করে সার্চ দিলাম পণ্ডিত গুগলকে। অতি সতর্কতা অবলম্বনকারীদের দলে ভীড় না দিলেও সুন্নাহর অনুসরণ করতে গিয়ে যাচাই করার প্রয়োজনটা মনের মধ্যে চেপে বসলো।

যাইহোক, সার্চ দিতেই যা আসলো সেগুলো পূর্বের মতোই অন্যায়ভাবে চেপে বসা প্রতারক শাসকদের তথ্যের সাথে একেবারেই মিললো না। 'করোনা সন্দেহে ফেলে গেল বাসস্ট্যান্ডে, দেখেও কাছে ঘেঁষলেন না কেউ/সাড়ে ৭ ঘণ্টার ব্যবধানে বরিশালে করোনা ইউনিটে ২ জনের মৃত্যু/মানিকগঞ্জে করোনার উপসর্গ নিয়ে নারীর মৃত্যু, লকডাউনে পরিবার/যশোরে আইসোলেশন ওয়ার্ডে শিশুর মৃত্যু/কুষ্টিয়ায় শ্বাসকষ্ট, সর্দি-জ্বর ও গলাব্যথা নিয়ে একজনের মৃত্যু/শেরপুরে করোনার উপসর্গ নিয়ে মৃত্যু, আশপাশের বাড়ি লকডাউন' এরকম আরও কিছু নিউজ চোখে পড়লো বেশ।

আসলে কেউ করোনাতে মারা গেল কিনা কিভাবে বুঝবো? টেস্ট করলে তো, তাই না? কিন্তু টেস্টই যদি না করা হয় তবে মানুষ কীভাবে বুঝবে করোনাতে মারা গেল কি না!? স্বাস্থ্যমন্ত্রীর বক্তব্য অনুযায়ী, আমাদের দেশে মাত্র ৭ টা জায়গাতেই করোনার টেস্ট করা হয়। তবে ভাগ্যের ব্যাপার এই যে, একমাত্র একটা প্রতিষ্ঠানই করোনার আপডেট বর্ণনা করছে। আর বাকিগুলো অদৃশ্য করোনার মতোই লুকিয়ে আছে।

যাইহোক, আওয়ামী সরকার করোনাকে সম্ভবত ৫ই মে'র হেফাজতে ইসলামের হত্যাকাণ্ডের মতো মনে করছে। সময় চলে গেলে লাঠিয়াল বাহিনী দিয়ে আর কুটকৌশল দিয়ে সবকিছু ম্যানেজ করে নিবে। কিন্তু এটা তো করোনা। আল্লাহ সুবহানাহু তায়ালার এই সেনা যে কাউকেই ছাড় দেয় না সেটা মনে হয় আওয়ামী সরকার বুঝতে পারছে না। খবরে পড়লাম যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী বরিস জনসনও করোনায় আক্রান্ত। এতেই যুক্তরাজ্যের টনক নড়ে গেছে। বলা যায় না এই অদৃশ্য সেনা কোথায় কোথায় আঘাত হানে।

আমি ছোট মানুষ। তাই গদিতে বসা লোকদের খবর মনকে তেমন নাড়া দিল না। চিন্তা করছিলাম আমার আশেপাশের কথা। আজ বিকালে একটু প্রয়োজনে দোকানে যাওয়া। লোকজন কোন নিরাপত্তা ছাড়াই খোশগল্পে মত্ত। কেনাকাটা করে বাসায় ফিরে এলাম। ভাবছিলাম এ লোকগুলোর কথা। সরকারি মিথ্যা তথ্যের প্রভাব কি এই লোকগুলোর উপর পড়েনি? আল্লাহ না করুক যদি সুন্নাহকে পাশ কাটানোর কারণে বা তাকদিরের লিখনে এ লোকগুলো যদি নিজেরা আক্রান্ত হয় বা অন্য কাউকে আক্রান্ত করে তবে এ দায়ভার কি মিথ্যা সংবাদ প্রচারকারী এই সরকারের উপর পড়বে না?

লেখক: আবু আফিয়া

গভীর হতাশা আর অনিশ্চয়তার ডুবছে খেটে খাওয়া জীবন

করোনাভাইরাসের মহামারী রুখতে ছুটি আর বিধিনিষেধে থমকে গেছে রাজধানীসহ সারাদেশে খেটে খাওয়া মানুষের জীবনযাত্রা।

এক সপ্তাহ আগেও তাদের কেউ প্রতিদিন রিকশা ভ্যান নিয়ে বের হতেন, কেউবা দিন চুক্তির মজুরিতে কাজ করতেন। অনেকে আবার বিভিন্ন পণ্য ফেরি করে চালাতেন সংসার।

রাজধানীর বিভিন্ন বস্তি কিংবা টিনশেড ঘরে এইসব খেটে খাওয়া মানুষের বসবাস। দিনের কাজের টাকায় তাদের বাজার হয়, চুলায় হাড়ি চড়ে। তাদের সেই দারিদ্র্যক্লিষ্ট জীবনেও ছন্দপতন ঘটিয়েছে করোনাভাইরাস মহামারী।

মালিবাগ রেলগেইট, ঝিলপাড়, কমলাপুর, রামপুরা, বাড্ডা, ফকিরাপুল ও মোহাম্মদপুর ঘুরে নিম্ন আয়ের মানুষের সঙ্গে কথা বলে পাওয়া গেছে একই হতাশা আর অনিশ্চয়তার ছবি।

ভোলার চরফ্যাশনের আলী হোসেন ঢাকায় ইট ভাঙার কাজ করেন। গত সাত দিন বস্তির ছোট্ট ঘরে কর্মহীন কেটেছে তার। পেটের তাগিদে সোমবার সকালে পশ্চিম মালিবাগের বাগানবাড়ি এলাকায় এক নির্মাণাধীন ভবনের পাশে বেড়ার আড়ালে ইট ভাঙতে বসেছেন তিনি।

বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে তিনি বলেন, "কী করব স্যার, কাজ করতে মানা। কিন্তু এভাবে থাকলে তো পেটে ভাত জুটবে না। লুকিয়ে ইট ভাংতেছি। কাজ পাইছি চাইর দিন আগে। কিন্তু খোলা জায়গায় তো কাজ করতে পারতেছি না। এলাকার মুরব্বীরা বারণ করছে। আজকে উনাদের বলে কয়ে কাজ শুরু করেছি, বুঝেন তো।"

রিকশা চালক তমিজউদ্দিন বাড্ডায় থাকেন। ষাট বছর বয়সেও তাকে রিকশা চালাতে হয় বেঁচে থাকার তাগিদে। সোমবার সকাল ৮টায় তাকে মৌচাক মোড়ে বসে থাকতে দেখা গেল যাত্রীর আশায়।

আক্ষেপ করে বললেন, "বুড়াকালে আইসা এঠা কী দেখতেছি বাবা জান। ডাক দিলেও প্যাসেঞ্জার রিকশায় উঠতে চায় না। কম ভাড়ার কথা কইছি, তারপরেও কয় 'যামু না'।"

রোজগার এভাবে বন্ধ হয়ে গেলে ছেলেমেয়েকে কী খাওয়াবেন , সেই চিন্তায় দিশা পাচ্ছেন না তমিজউদ্দিন।

মৌচাক মোড়ে একটি রিকশার গ্যারেজের ভেতরে বসে ছিলেন আখলাক মিয়া, সঙ্গে তার বানর ‘রূপবান’। বানর নাচিয়েই তার দিন চলে। আর স্ত্রী বিভিন্ন বাসায় গিয়ে করেন গৃহকর্মীর কাজ।

আখলাক জানালেন, গত সাতদিন ধরে তার রোজগারের পথ একেবারেই বন্ধ। তার স্ত্রীকেও কাজে যেতে মানা করেছেন বাড়ির মালিকরা।

“তাইলে চলমু কেমনে বলেন? আমার উপার্জনের শক্তি এই বান্দর, তারে ‘রুপবান’ বইলা ডাকি, তারেও খাবার দিবার পয়সা নাই। শিকল দিয়া বাইন্দা রাখছি ৭ দিন হয়। আমরা আর রূপবান সবতেই বন্দি।”

করোনাভাইরাসের প্রাদুর্ভাবে বিশ্বজুড়ে বাড়ছে মৃত্যুর মিছিল। সংক্রমণ ঠেকাতে চলাফেরা বন্ধ করে যার যার বাড়িতে থাকার নির্দেশে অচল হয়ে পড়েছে বিশ্বের বড় একটি অংশ। মানুষকে বাঁচানোর জন্যই এ সতর্কতা, কিন্তু প্রান্তিক মানুষের জন্য তা নিয়ে এসেছে অনাহারে মৃত্যুর শঙ্কা।

শান্তিনগরের কাছে ফুটপাতে দাঁড়িয়ে ভিক্ষা করেন প্রতিবন্ধী জুলেখা। পোলিওতে তার দুই পা নষ্ট হয়েছে ছোটবেলায়। ভিক্ষা করে এমনিতে প্রতিদিন ৫০-৬০ টাকা যা পাওয়া যেত, তা দিয়েই চলতে হত তাকে। এখন রাস্তায় মানুষ নেই, ভিক্ষার পথও বন্ধ।

"গত কয়দিন বস্তিতেই ছিলাম। ঘরে আর মন টিকে না। আইজ সকালে চাইর ঘণ্টা দাঁড়ায়ে ছিলাম, একজন খালি একটা ৫ টাকার কয়েন দিছে। মানুষের দয়ায় বাঁইচ্যা আছি। কাজ করার মত অবস্থাতো আমার নাই। করোনা আমাগো লাইগা গজব। এইটা না গেলে আমরাতো মারা যামু।"

আকলিমার বয়স ত্রিশের ঘরে, কমলাপুরের কাছে ঠেলাগাড়িতে করে প্লাস্টিক-এলুমিনিয়ামের জিনিসপত্র ফেরি করেন তিনি। বাবা-মাকে নিয়ে তিনিও পড়েছেন বিপদে।

"এখন কেউ এগুলো কিনে না। কাইল শান্তিনগরে দাঁড়াইছিলাম কতক্ষণ। একটা জিনিসও বিক্রি করতে পারি নাই। পুলিশ মাইক দিয়া কইয়া গেছে- কেউ দাঁড়াবার পরব না। আমরা এখন কই যামু, বুঝতাছি না।"

মালিবাগের বাগান বাড়ির কাছে দেখা গেল রাস্তার ধারে দাঁড় করিয়ে রাখা হয়েছে সারি সারি রিকশা ভ্যান।

মালিক আব্দুস সাত্তার বললেন, "দোকান-পাট, অফিস-আদালত বন্ধ। মাল টানার কাজ নাই। গাড়ি চালানোরও লোক নাই, অনেকে দেশের বাড়ি চলে গেছে।"

বাঁশবাড়ি বস্তির হোসনে আরা, জমিলা, আখতারুন্নেসা জানান, তারা বিভিন্ন বাসায় গৃহকর্মীর কাজ করেন। কিন্তু এই 'অসুখ-বিসুখের' সময়ে বাড়ির মালিকরা কাজে যেতে মানা করে দিয়েছেন।

আজহার নামের এক রিকশা চালক বললেন, সকাল থেকে বেলা ১২টা পর্যন্ত রাস্তায় থেকে তিনি কেবল ২০ টাকার 'খ্যাপ' পেয়েছেন।

করোনা ভাইরাসের কারণে স্থবির হয়ে পড়েছে মৌলভীবাজারে কমলগঞ্জ উপজেলার জনজীবন। আদমপুর বাজারে ঘোরামারা পয়েন্টে সমানে অপেক্ষা করছিলেন এক অটোরিক্সা চালক। করোনা ভাইরাসের পরিস্থিতিতে কেমন চলছে জীবন যাত্রা? জিজ্ঞেস করতেই মণিপুরি মুসলিম সম্প্রদায়ের হাফিজ উদ্দিন অটো রিকসাচালক বলেন ওইসব কথা।

করোনা আতঙ্ক ছড়িয়ে পড়েছে দেশব্যাপী। সারাদেশে সরকারের তরফ থেকে সব ধরনের জনসমাগম নিষেধ করা হয়েছে। ইতোমধ্যে সরকারি প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠা ও কোচিং বন্ধ করে দেয়া হয়েছে। করোনা ভাইরাস সংক্রমন রোধে সচেতনতার জন্য মাস্ক ও জীবানুমুক্ত স্যানিটাইজার ব্যবহারের পরামর্শ দেয়া হচ্ছে স্বাস্থ্য বিভাগ থেকে। জরুরী কোন কাজ ছাড়া আগামী ১৪দিন রাস্তাঘাটে মানুষকে না বেরোনোর জন্য বিশেষ ভাবে সর্তক করা হয়েছে। পুলিশ প্রশাসনের পক্ষ থেকে বিভিন্ন স্থানে মাইকিং করে প্রচার করা হচ্ছে রাস্তায় বের না হওয়ার জন্য।

গত কয়েকদিন থেকে কমলগঞ্জ উপজেলার রাস্তাঘাটে যানবাহন, অটোরিক্সা, রিক্সা, ভ্যান ও মোটাসাইকেল চলাচল অনেকটা কমে গেছে। শহরে রাস্তাঘাটে অটোরিক্সা ও ভ্যান তেমন চোখে পড়ছেনা। আতঙ্কে নিম্ন আয়ের খেটে খাওয়া মানুষরা বিপাকে পড়েছেন। আয় রোজগারের কোন পথ না থাকায় পেটের দায়ে তারা ঘরে থাকতেও পারছেন না। তাই বাধ্য হয়ে রিকশা নিয়ে রাস্তায় নেমেছেন।

এদিকে মুন্সিবাজার ইউনিয়নের সরিষকান্দি শব্দকর পাড়ার ২৫-৩০টি পরিবার করোনা প্রভাবে ভাল নেই। করোনা ভাইরাসে করনীয় বিষয়ে কিছুই জানেনা না তারা। ঘন বসতি নোংরা পরিবেশে রোগ জীবাণু নিয়ে বসবাস করছে শব্দকর সমাজ। ভ্যান-ঠেলা- রিকশা চালিয়ে ও ভিক্ষাবৃত্তি করে চলা জীবন করোনা প্রভাবে স্তমিত হয়ে গেছে। অনাহারে দিন কাটছে তাদের। ছোট ছোট বাচ্চারা বলছে বাবা রিকশায় যায়নাই তাই লাল চা আর চাল ভাজা খেয়ে দিন পার করছি।

করোনা আতঙ্কে স্থবির হয়ে পড়েছে জনজীবন। তাই আতঙ্কিত না হয়ে দুই সপ্তাহ ঘরে সময় কাটানোর জন্য প্রশাসনের পক্ষ থেকে বার বার সচেতন করা হচ্ছে।করোনা ভাইরাসের কারণে স্থবির হয়ে পড়েছে মৌলভীবাজারে কমলগঞ্জ উপজেলা জনজীবন।

নিত্যদিন সকালবেলা গরীব কৃষকেরা শাক-তরকারী বেচতে বাজারের দিকে যেতেন। ওতে তাঁদের যা কিছু পকেটস্থ হতো তা দিয়ে পরিবার-পরিজনের প্রয়োজন মেটাতেন। হাঁড়ভাঙ্গা খাটুনিতে রিকসা চালিয়ে দু’পয়সা রোজগার করতেন রিকসাওয়ালারা। এভাবে মাছবিক্রেতা, সবজিবিক্রেতা—এঁদের প্রত্যেকেই হররোজ রোজগারের উপরে নির্ভরশীল। হুকুমতের বাসিন্দারা কি কালেভদ্রেও সে-সব প্রান্তিক মানুষের খবর রেখেছেন?

ব্যাংক থেকে দেদারসে ঋণ নিচ্ছে সরকার, লক্ষ্যমাত্রা ছাড়িয়েছে আগেই

ব্যাংক খাত থেকে ঋণ নেওয়ার লক্ষ্যমাত্রা আগেই ছাড়িয়েছে সরকার। তবে পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রা থেকে এখনও অনেক উপরে। ব্যাংক থেকে পুরো অর্থবছরের ঋণ মাত্র ছয় মাসেই নিয়েছে সরকার। বাংলাদেশ ব্যাংকের তথ্যমতে, মার্চ মাসের প্রথম ১৮ দিন শেষে ব্যাংক খাত থেকে সরকার ঋণ নিয়েছে ৪৭ হাজার ৭৭০ কোটি টাকা। তবে ভবিষ্যতে এর পরিমাণ আরও বাড়ার আশঙ্কা রয়েছে বলে মত সংশ্লিষ্টদের। খবর-*অর্থসূচক*

চলতি অর্থবছরে (২০১৯-২০) ব্যাংক খাত থেকে ৪৭ হাজার ৩৬৪ কোটি টাকা ঋণ নেওয়ার লক্ষ্য ধরেছে সরকার। তবে ছয় মাস পার না হতেই সে লক্ষ্যমাত্রা অতিক্রম হয়েছে। গত ১২ জানুয়ারি পর্যন্ত ব্যাংক ব্যবস্থা থেকে সরকারের ঋণের পরিমাণ দাঁড়িয়েছিল ৫১ হাজার ৭৪১ কোটি টাকা। যা চলতি অর্থবছরের পুরো সময়ের লক্ষ্যমাত্রার চেয়েও ৪ হাজার ৩৭৭ কোটি টাকা বেশি।

খাত সংশ্লিষ্টরা বলছেন, রাজস্ব আদায়ে ভাটা এবং সঞ্চয়পত্র বিক্রি কমে যাওয়ায় ব্যয় মেটাতে ব্যাংক ব্যবস্থার ওপর অধিক নির্ভরশীল হয়ে পড়েছে সরকার। ফলে অর্থবছরের সাড়ে ছয় মাস না যেতেই সরকারের ব্যাংকঋণ অর্ধলাখ কোটি টাকা ছাড়িয়ে গেছে।

তথ্যমতে, আলোচ্য সময়ে ব্যাংক থেকে সরকারের নেওয়া মোট ঋণের স্থিতির পরিমাণ এক লাখ ৬২ হাজার ২৪১ কোটি ৬০ লাখ টাকা। যা ২০১৯ সালের ফেব্রুয়ারির চেয়ে ৭৫ দশমিক ৫৫ শতাংশ বেশি। মুদ্রানীতিতে সরকারি খাতে ঋণের প্রবৃদ্ধির লক্ষ্য ধরা হয় ২৪ দশমিক ৩ শতাংশ। জানুয়ারিতে অবশ্য তা বাড়িয়ে ৫৬ শতাংশ করা হয়। কিন্তু সেটাও ছাড়িয়ে ৭৫ দশমিক ৫৫ শতাংশে উঠেছে। যা অর্থনীতির জন্য মোটেও সুখবর নয়। অন্যদিক ধারাবাহিকভাবে কমছে বিনিয়োগ বৃদ্ধির অন্যতম প্রধান নিয়ামক বেসরকারি খাতের ঋণের প্রবৃদ্ধি।

৩০শে মার্চ, ২০২০

নিরুপায় অভিবাসী শ্রমিকদের রাস্তায় ফেলে অমানবিকভাবে স্প্রে করল যোগী সরকার

ভারত জুড়ে লকডাউনের দরুন বিভিন্ন রাজ্যে আটকে পড়েছেন বহু অভিবাসী শ্রমিক। ঘরে ফেরার জন্য উন্মুখ সকলে। কিন্তু যানবাহন না চলায় নিরুপায় তাঁরা। এরই মাঝে অভিবাসী শ্রমিকদের উপর অমানবিক পদক্ষেপ নিতে দেখা গেল বর্বর যোগী সরকারকে। খবর-*জি নিউজ ইন্ডিয়া*

উত্তর প্রদেশের বরেলি জেলার অভিবাসী শ্রমিকদের ওপর রীতিমতো বৃষ্টির মতো জীবাণুনাশক স্প্রে করা হচ্ছে। সেই ভিডিয়ো দেখে শিউরে উঠেছেন নেটিজেনরা। প্রোটেকটিভ গিয়ার পরিহিত একদল কর্মী অভিবাসী শ্রমিকদের উপরে জীবাণুনাশক স্প্রে করে চলেছেন। মহিলা,শিশু নির্বিশেষে সকলের উপরেই কামান গতিতে ছোড়া হচ্ছে ওই জীবাণুনাশক ।

ভিডিওতে এক ব্যক্তিকে বলতে শোনা যায়, নিজেদের চোখ বন্ধ করুন। শিশুদের চোখ বন্ধ করে দিন। এই অভিবাসীদের মূলত দিল্লি, হরিয়ানা ও নয়ডা থেকে উত্তরপ্রদেশে নিয়ে আসার ব্যবস্থা হয়।

https://twitter.com/KanwardeepsTOI/status/1244508599038009344

বরেলির মুখ্য দমকল আধিকারিক চন্দ্রমোহন শর্মা সাংবাদিকদের কাছে স্বীকার করেছেন, ওই জীবাণুনাশকে রাসায়নিক থাকে। তা কোনও মানুষের উপরে প্রয়োগ করা উচিত নয়।

জুমা সালাত আদায় করায় ইমাম-মুয়াজ্জিনসহ ৪৩ জনকে আটক করল পাক মুরতাদ বাহিনী

মসজিদে জুমার নামাজ আদায় করায় ৪৩ জনকে আটক করা হয়েছে পাকিস্তানের দুই প্রদেশে। করোনাভাইরাসের অজুহাতে দেশটিতে জুমার নামাজে নিষেধাজ্ঞা আরোপ করা হয়। কিন্তু তা না মেনে নামাজ আদায় করায় মুয়াজ্জিন ও ইমামসহ বাকিদের আটক করে মুরতাদ পুলিশ। খবর-আমাদের সময়

পাকিস্তানের প্রভাবশালী পত্রিকা ডনের প্রতিবেদনে বলা হয়েছে, আটক ৪৩ জনের মধ্যে ৩৮ জন সিন্ধু প্রদেশের, বাকিরা পাঞ্জাবের। এ দুটি প্রদেশে আগামী ৫ এপ্রিল পর্যন্ত মসজিদে নামাজের ওপর নিষেধাজ্ঞা জারি করে স্থানীয় মুরতাদ প্রশাসন। কিন্তু তাওহিদবাদী মুসলিমরা নিষেধাজ্ঞা অমান্য করে মসজিদে জুমার নামাজ আদায় করে। এদের মধ্যে মসজিদের ইমাম ও মুয়াজ্জিনও আছেন।

সিন্ধু প্রদেশের স্থানীয় প্রশাসনের মুখপাত্র মুর্তজা ওয়াহাব গত বৃহস্পতিবার এক টুইটার বার্তায় মসজিদে জামাত আদায়ের ওপর নিষেধাজ্ঞার বিষয়টি জানান।

করোনা বিপর্যয়ের মধ্যেও ত্রাণ নিয়ে চেয়ারম্যান ও ইউপি সদস্য গ্রুপের মারামারি

লালমনিরহাটের পাটগ্রাম উপজেলার বুড়িমারী ইউনিয়ন পরিষদে ত্রাণ বিতরণের তালিকা তৈরি নিয়ে চেয়ারম্যান ও ইউনিয়ন পরিষদ (ইউপি) সদস্য গ্রুপের মধ্যে সংঘর্ষ হয়েছে। এ সময় দুজন গ্রাম পুলিশসহ উভয় পক্ষের ৬ জন আহত হয়েছে।

গতকাল রোববার রাতে ইউনিয়ন চেয়ারম্যান আবু সাঈদ নেওয়াজ নিশাত ও ১ নম্বর ওয়ার্ডের সদস্য হাফিজুল ইসলামের গ্রুপের মধ্যে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, ত্রাণের সুবিধাভোগীদের তালিকা তৈরি নিয়ে রাতে ইউনিয়ন চেয়ারম্যান আবু সাঈদ নেওয়াজ নিশাত গ্রুপ ও ১ নম্বর ওয়ার্ডের সদস্য হাফিজুল ইসলামের গ্রুপের মধ্যে সংঘর্ষ হয়। সংঘর্ষ থামাতে গিয়ে ওই ইউনিয়নের গ্রাম পুলিশ আ. রাজ্জাক ও আইয়ুব আলীসহ উভয় পক্ষের অন্তত ৬ জন আহত হয়েছে।

এ বিষয়ে ইউপি সদস্য হাফিজুল ইসলাম দৈনিক আমাদের সময়কে বলেন, ‘চেয়ারম্যান একাই তালিকা তৈরি করে ত্রাণ বিতরণ করছেন। আমি এ বিষয়ে খোঁজ-খবর নিতে গেলে চেয়ারম্যানের লোকজন হামলা চালায়। এতে আমার ছেলে রিফাতসহ কয়েকজন আহত হয়েছে।’

বুড়িমারী ইউনিয়ন চেয়ারম্যান আবু সাঈদ নেওয়াজ নিশাত বলেন, ‘স্থানীয় সংসদ সদস্য মোতাহার হোসেন অন্যভাবে তালিকা তৈরি করে নিজেই ত্রাণ বিতরণ করেছেন। বিতরণস্থল আমার ইউনিয়ন হওয়ায় আমি সেখানে উপস্থিত ছিলাম। রাতে হঠাৎ করে ইউপি সদস্য হাফিজুল ইসলামের লোকজন এসে হামলা চালায়। এতে গ্রাম পুলিশ আ. রাজ্জাক ও আইয়ুব আলীসহ কয়েকজন আহত হয়েছে।’

পাটগ্রামের ইউএনও মশিউর রহমান দৈনিক আমাদের সময়কে বলেন, ‘রাতে বুড়িমারী ইউনিয়ন চেয়ারম্যান ফোনে বিষয়টি আমাকে অভিযোগ করেছেন। চেয়ারম্যানের দাবি, দুইজন গ্রাম পুলিশ আহত হয়েছে। আমি লিখিত অভিযোগ করতে বলেছি।

চীনের উহানেই মারা গেছে ৪২ হাজার, দাবি স্থানীয়দের

প্রাণঘাতী করোনাভাইরাসের উৎপত্তি হয়েছিল চীনের উহানে। স্থানীয়দের বিশ্বাস করোনাভাইরাস কোভিড-১৯ রোগে শুধুমাত্র উহানেই ৪২ হাজার মানুষের মৃত্যু হয়েছে। তবে চীন সরকার বলছে, উহানে করোনায় মারা গেছে ৩ হাজার ৩০০ জন আর আক্রান্ত হয়েছে ৮১ হাজারের বেশি মানুষ। এর মধ্যে হুবেই প্রদেশে ৩ হাজার ১৮২ জন মারা যাওয়ার খবর পাওয়া গেছে।

ব্রিটিশ সংবাদমাধ্যম ডেইলি মেইলের খবরে বলা হয়, উহানের বাসিন্দাদের দাবি, শহরের অন্ত্যেষ্টিক্রিয়ার সাতটি স্থান থেকে আলাদা করে প্রতিদিন ৫শ করে শবাধার তাদের পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে। তার মানে ২৪ ঘণ্টায় ৩ হাজার ৫শ মানুষের সৎকার করা হয়েছে ওই শহরে।

হানকাউ, উচাং ও হানিয়াং এলাকার শোকগ্রস্ত পরিবারগুলোকে জানানো হয়েছে, এপ্রিলের ৫ তারিখ স্থানীয় কিং মিং উৎসবের আগেই মরদেহ পোড়ানো ছাই অর্থাৎ অস্থি তাদেরকে দেওয়া হবে। এই উৎসবে লোকেরা তাদের পূর্বপুরুষের আত্মার শান্তি কামনা করে।

নাম প্রকাশে অনিচ্ছুক উহানের এক বাসিন্দা রেডিও ফ্রি এশিয়াকে বলেছিলেন, ‘এত কম মানুষ মারা গেছে এটা হতে পারে না। কারণ সৎকারকারীরা রাত দিন ২৪ ঘণ্টা কাজ করেছেন।’

মাও (ছদ্মনাম) নামে আরেক বাসিন্দা বলেছেন, ‘ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত, কর্তৃপক্ষ হয়তো ধীরে ধীরে মৃত্যুর প্রকৃত সংখ্যা প্রকাশ করবে। যাতে মানুষের বাস্তবতাটা মেনে নিতে সহজ হয়।’

হুবেই প্রদেশের সরকার ঘনিষ্ঠ এক সূত্র জানিয়েছে, সঠিক রোগ নির্ণয় ছাড়াই অনেক মানুষ তাদের বাড়িতেই মারা গেছেন।

স্থানীয়দের দাবি, মৃতের সংখ্যা নিয়ে তাদের অনুমান অতিরঞ্জিত নয়। কারণ এক মাসেই কমপক্ষে ২৮ হাজার মৃতদেহ সৎকার করা হয়েছে।

এইসব তথ্য এমন সময় সামনে এলো যখন বলা হচ্ছে করোনাভাইরাসে যুক্তরাষ্ট্র ও ইতালিতে সর্বোচ্চ সংক্রমণ হয়েছে এবং সারা বিশ্বে এই ভাইরাসে মারা গেছেন ৩৩ হাজার মানুষ, সংক্রমিত হয়েছে ৭ লাখ ২২ হাজার মানুষ।

এর মধ্যে শুধু ইতালিতেই মারা গেছেন ১০ হাজার ৭৭৯ জন, আক্রান্ত হয়েছেন ৯৭ হাজার ৬৮৯ জন। আর করোনাভাইরাসের এপিসেন্টারে পরিণত হওয়া যুক্তরাষ্ট্রে মৃত্যু হয়েছে ২ হাজার ৪৮৪ জনের এবং সংক্রমিত হয়েছেন ১ লাখ ৪২ হাজার ৭০ জন।

বেড়েই চলেছে আওয়ামী সন্ত্রাসী কার্যক্রম, এবার সওজ কর্মচারীর হাত ভাঙল আ.লীগ নেতার ছেলে

সাভারে সড়ক ও জনপথ বিভাগের (সওজ) রোলার অপারেটর আসাদুজ্জামান অভিকে পিটিয়ে ডান হাত ভেঙে দিয়েছে এক সন্ত্রাসী আওয়ামী লীগ নেতার ছেলে। গতকাল দুপুরে সাভারের ভাকুর্তা ইউনিয়নের মোগড়াকান্দা এলাকায় এ ঘটনা ঘটে। আহত অভি নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলার আব্দুল্লাহপুর গ্রামের আব্দুল্লার ছেলে। খবরঃ আমাদের সময়

প্রত্যক্ষদর্শীরা জানান, ভাকুর্তার মোগড়াকান্দা সড়কে রাস্তায় ধুলোবালি ওড়ার কারণে মেশিন দিয়ে রাস্তায় পানি দিচ্ছিলেন আসাদুজ্জামান অভি। এ নিয়ে ভাকুর্তা ইউনিয়ন সন্ত্রাসী আওয়ামী লীগের সভাপতি শহিদুল্লাহ ব্যাপারীর ছেলে রহমত ব্যাপারীর সঙ্গে তার প্রথমে কথা কাটাকাটি ও পরে ঝগড়া হয়। এর জেরে পরে রহমত আলী ওই অপারেটরকে এলোপাতাড়ি পেটান ও ডান হাত ভেঙে দিয়ে পালিয়ে যান। স্থানীয়রা অভিকে দ্রুত সাভারের এনাম মেডিক্যাল কলেজ অ্যান্ড হাসপাতালে ভর্তি করেন। খবর পেয়ে সাভার মডেল থানা পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। এলাকাবাসী ওই সন্ত্রাসীর কঠোর শাস্তি দাবি করেছে।

করোনায় লাখো মানুষ পথেঘাটে, লকডাউন করে চরম বিপাকে মালাউন মোদি সরকার

করোনাভাইরাসের মোকাবিলায় মুশরিক ভারত সরকারের জারি করা লকডাউন পরিস্থিতির মধ্যে লাখ লাখ অভিবাসী শ্রমিকের ঘরে ফেরার মরিয়া চেষ্টাকে ঘিরে এক অবর্ণনীয় ও চরম অমানবিক পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

রাজধানী দিল্লি কিংবা দক্ষিণ ভারতের হায়দ্রাবাদ, কোট্টায়ামের মতো বিভিন্ন শহরে কর্মরত অসংখ্য শ্রমিক নিজেদের গ্রামে ফিরতে চাইছেন – সে জন্য তারা ট্রেন বা বাস, ট্রাক, যে কোনা ধরনের পরিবহনের ব্যবস্থা করার দাবি জানাচ্ছেন। রিপোর্টঃ নয়া দিগন্তের

দিল্লির আন্তঃরাজ্য বাস টার্মিনাসে কাতারে কাতারে মানুষের ভিড় উপচে পড়ছে। কাঁধে ব্যাগ বা মাথায় বোঁচকাবুঁচকি নিয়ে, কেউ কেউ কোলের বাচ্চাকে নিয়ে যে কোনও ভাবে একটা বাসে বসার জন্য ঘণ্টার পর ঘণ্টা লাইনে দাঁড়িয়ে আছেন।

কিন্তু কেন্দ্রীয় সরকার এদিন দেশের বিভিন্ন রাজ্যকে কড়া নির্দেশ দিয়েছে, তাদের সীমান্ত সিল করে দিয়ে এই যাতায়াতের চেষ্টা যে কোনোভাবে রুখতে হবে – এবং লকডাউনের নির্দেশ কঠোরভাবে বলবৎ করতে হবে।

গ্রামে ফেরার বেপরোয়া চেষ্টাঃ

ভারতের এই যে লাখ লাখ অভিবাসী শ্রমিক ঘরে ফিরতে এতটা বেপরোয়া হয়ে উঠেছে, তার প্রধান কারণ তারা আশঙ্কা করছেন বড় বড় শহরগুলোতে রুটিরুজি হারিয়ে তিন সপ্তাহের লকডাউনে তাদের এখন স্রেফ না-খেতে পেয়ে মরতে হবে।

করোনাভাইরাসের ছড়িয়ে পড়া ঠেকাতে সরকারের নির্দেশ ছিল ‘স্টে পুট’ – অর্থাৎ যে যেখানে আছে আপাতত সেখানেই থাকুক।

কিন্তু দেশের অসংগঠিত খাতের কোটি কোটি শ্রমিক, যারা ছোটখাটো দোকান-রেস্তোরাঁয় কাজ করেন কিংবা নির্মাণ শিল্পে দিনমজুরের কাজ করেন তারা এই নির্দেশ পালন করার সাহস দেখাতে পারেননি।

বস্তিতে বাড়িভাড়া কীভাবে দেবেন, এতগুলো দিন কীভাবে নিজের বা পরিবারের পেট টানবেন – সেই চিন্তাতেই তারা ‘যা হবে হোক’ ভেবে পথে বেরিয়ে পড়েছিলেন।

ট্রেন, বাস নেই – তারপরও শত শত মাইল দূরে নিজের গ্রামের উদ্দেশে তারা হাঁটতে শুরু করে দিয়েছিলেন সেদিন থেকেই।

রাজস্থান থেকে বিহার – প্রায় বারোশো মাইল পথ হেঁটে পাড়ি দেওয়ার দুঃসাহসিক যাত্রা পর্যন্ত শুরু করেছেন কেউ কেউ। ভারতের বিভিন্ন হাইওয়ে-তেই চোখে পড়ছে এ ধরনের অভুক্ত বা আধপেটা খাওয়া মানুষের ক্লান্ত মিছিল।

দিল্লির বাস টার্মিনাসে হাজার হাজার মানুষের ভিড় এরই মধ্যে শনিবার রাজধানী দিল্লি জুড়ে খবর রটে যায়, উত্তরপ্রদেশের সরকার রাজ্যের বিভিন্ন প্রান্তে শ্রমিকদের পৌঁছে দিতে এক হাজার বিশেষ বাসের ব্যবস্থা করছে।

আগুনের মতো সে খবর ছড়িয়ে পড়তেই কাতারে কাতারে মানুষ ভিড় করেন পূর্ব দিল্লির আনন্দ বিহার বাস টার্মিনাসে।

সোশ্যাল ডিসট্যান্সিং বা সামাজিক দূরত্ব বজায় রাখার সব নির্দেশ তছনছ করে হাজার হাজার মানুষ গাদাগাদি করে লাইন দিয়ে হাতেগোনা দুচারটে বাসে ওঠার প্রাণান্তকর চেষ্টা করতে থাকেন।

কিন্তু রোববার থেকে সেই বাস সার্ভিসও বন্ধ হয়ে গেছে, কারণ দিল্লি থেকে কেন্দ্রীয় সরকার সব রাজ্যকে কড়া নির্দেশ পাঠিয়েছে সীমান্ত সিল করে মানুষের এই এক জায়গা থেকে আরেক জায়গায় যাওয়া আটকাতেই হবে।

উত্তরপ্রদেশের মতোই ভারতের আর একটি 'হিন্টারল্যান্ড' স্টেট বিহার, যেখান থেকে লাখ লাখ মানুষ কাজের সন্ধানে দেশের নানা প্রান্তে যান।

সেই বিহারের মুখ্যমন্ত্রী নীতিশ কুমারও পরিষ্কার জানিয়ে দেন, তিনি ভারতের নানা প্রান্তে আটকে পড়া বিহারের লোকজনকে ঘরে ফেরানোর জন্য বিশেষ ট্রেন বা বাসের ব্যবস্থা করার আদৌ পক্ষপাতী নন, "কারণ তাতে লকডাউনের মূল উদ্দেশ্যটাই ব্যর্থ হবে"।

এদিকে রাজধানীতেও আজ দিল্লি পুলিশ শ্রমিকদের দিল্লি থেকে উত্তরপ্রদেশ যাওয়ার পথে বর্ডারে আটকে দিয়েছে। তারপরও কেউ কেউ মরিয়া হয়ে যমুনা নদী পেরিয়ে দিল্লি থেকে পাশের রাজ্য উত্তরপ্রদেশ ঢোকার ব্যর্থ চেষ্টা করছেন – এমন দৃশ্যও দেখা গেছে।

ফলে ভারতের বিভিন্ন বড় শহর থেকে এই লাখ লাখ অভিবাসী শ্রমিক শেষ পর্যন্ত এই লকডাউনের ভেতর নিজেদের গ্রামে আদৌ পৌঁছতে পারবেন, সেই সম্ভাবনা একেবারেই ক্ষীণ। তবে যারা এর মধ্যেই দু-তিনদিন হেঁটে ফেলেছেন, তারা হয়তো কেউ কেউ পারবেন।

মোদী সরকারের স্ট্র্যাটেজিটা কী? এই অভিবাসী শ্রমিকদের নিয়ে চরম অব্যবস্থার মধ্যে জঁ দ্রেজ-সহ ভারতের বেশ কয়েকজন নামী অর্থনীতিবিদ ও বিশেষজ্ঞ একটি যৌথ বিবৃতিতে মন্তব্য করেছেন, "এই লকডাউন জারির ঘোষণার আগে সরকারের কোনো আগাম প্রস্তুতি বা পরিকল্পনা যে ছিল না, তা একেবারে স্পষ্ট।"

অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের মতো আন্তর্জাতিক মানবাধিকার সংগঠনও ভারতের অভিবাসী শ্রমিকদের এই চরম দুর্দশায় ফেলার জন্য সরকারের তীব্র সমালোচনা করেছে।

কিন্তু প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রবিবারও তার মাসিক রেডিও ভাষণ 'মন কি বাতে' পরিষ্কার জানিয়ে দিয়েছেন, "ভারতের স্বার্থেই এই লকডাউন কঠোরভাবে প্রয়োগ করতে হবে। নইলে অন্যান্য বহু দেশের মতো আমাদেরও করেনাভাইরাসের জন্য চরম মূল্য দিতে হবে।"

তবে অভিবাসী শ্রমিকদের দুর্দশার জন্য ওই ভাষণে তিনি ক্ষমাও চেয়ে নিয়েছেন। তার কথা থেকে স্পষ্ট, লকডাউন জারির সঙ্গে সঙ্গে রাস্তায় যে এভাবে গরিব শ্রমজীবী মানুষের ঢল নামবে সরকার তা আঁচই করতে পারেনি।

প্রতারক আওয়ামী সরকারের পলিসি হলো 'নো টেস্ট, নো করোনা'

'বর্তমান সরকারের পলিসি জনগণের কাছে একদম পরিষ্কার। নো কিট, নো করোনা। নো টেস্ট, নো করোনা। নো পেসেন্ট, নো করোনা। যে পলিসি করে ইরান ও ইতালি সরকার তাদের দেশের সর্বনাশ করেছে।'

করোনা নিয়ে প্রতিক্রিয়া জানাতে এমনটাই বলছিলেন একজন নাগরিক।

তিনি বলেন, 'করোনা ভাইরাস (কোভিড-১৯) দ্রুত ছড়িয়ে পড়ার মধ্য দিয়ে বৈশ্বিক মহামারিতে রূপ নিয়েছে। অত্যন্ত পরিতাপের বিষয় যে, দুই মাস সময় পেলেও সরকার এ সমস্যার দিকে কোনো মনোযোগ দেয়নি।' খবরঃ কালের কণ্ঠের

এই নাগরিক বলেন, 'সরকারি ব্যবস্থাপনায় খিলগাঁও তালতলার গোরস্থানে গোপনে মরদেহের জানাজা-দাফন করা হচ্ছে। যারা মারা যাচ্ছেন তাদের বাড়ি লকডাউন করা হচ্ছে। করোনার উপসর্গ নিয়ে হাসপাতাল থেকে হাসপাতালে ধর্না দিয়ে বিনা চিকিৎসায় মারা যাচ্ছে। কি ভীতিকর পরিস্থিতি! ইলেকট্রনিক্স, প্রিন্ট মিডিয়ার খবরের সঙ্গেও সরকারের ব্রিফিংয়ের আকাশ পাতাল ব্যবধান।সরকারের পক্ষ থেকে টানা দুদিন বলা হচ্ছে, দেশে নতুন করে করোনা আক্রান্ত নেই। অথচ পত্র-পত্রিকা, টেলিভিশনসহ মিডিয়ায় প্রতিদিন সর্দি, জ্বর, কাশিতে মারা যাওয়ার খবর দিচ্ছে। করোনা ভাইরাসের উপসর্গ নিয়ে ২৪ ঘণ্টায় পাঁচজনের মৃত্যুর সংবাদ ছাপা হয়েছে আজকের খবরের কাগজে। এরমধ্যে বরিশাল শেরেবাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে করোনা ইউনিটে একজন নারীসহ মারা গেছেন দুজন। ঠাকুরগাঁওয়ের এক অসুস্থ ছেলেকে নিয়ে পাঁচ হাসপাতালে ঘুরেও চিকিৎসা পাননি অসহায় বাবা।'

করোনা পরিস্থিতি মোকাবিলায় সরকারের প্রস্তুতি নেই দাবি করে তিনি আরো বলেন, 'কোথাও সমন্বয় নেই। আক্রান্ত রোগী শনাক্তকরণের পর্যাপ্ত উপকরণ ও ব্যবস্থাপনা দেশে নেই। চিকিৎসকদের রক্ষার ব্যবস্থা নেই। যথেষ্ট মাস্ক, স্যানিটাইজার ও ভেন্টিলেটর নেই। পরীক্ষার ব্যবস্থা ছাড়া সরকার আক্রান্ত সংখ্যার যে তথ্য দিচ্ছে তা বিশ্বাসযোগ্যতা পাচ্ছে না।'

নির্দেশনার পরেও মোবাইল রিচার্জ-ব্যাংকিং দোকান বন্ধ

করোনাভাইরাস মোকাবেলায় সারাদেশে অঘোষিত লকডাউন পালনের সময় মোবাইল ফোনে রিচার্জ ও মোবাইল ব্যাকিংয়ের দোকান বন্ধ থাকায় দুর্ভোগ পোহাচ্ছেন অনেক গৃহবন্দী সাধারণ মানুষ। দেশের অনেক জেলায় সীমিত পরিসরেও খোলা নেই এসব দোকান। রিচার্জ করতে না পেরে ঘরে থেকে ইন্টারনেট ব্যবহার করতে পারছেন না কেউ কেউ।

এদিকে গত শুক্রবার রাতে পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী জনগণের সঙ্গে সহিষ্ণু আচরণের নির্দেশনা দিয়েছেন। ওই নির্দেশনায় তিনি ব্যাংকিং ও মোবাইল ফোনের সেবাকে ‘জরুরি সেবা’ বলে অবহিত করেন। তবে আজ সোমবার পর্যন্ত সারাদেশে বিষয়টি নিয়ে পুলিশ ও সাধারণ জনগণের মধ্যে বিভ্রান্তি কাটেনি। খবরঃ কালের কন্ঠের

আজ রাজধানীর নতুনবাজার এবং মাদানী এভিনিউ ঘুরে মুদি, কাঁচাবাজার, ফার্মেসি ও ফলের দোকান ছাড়া সব দোকানই বন্ধ দেখা গেছে। শহীদনগর অটোস্ট্যান্ডের কাছে ‘সুরভী জেনারেল স্টোরের’ নামে মুদির দোকানের সঙ্গে মোবাইল ফোন রিচার্জ ও মোবাইল ব্যাকিং রয়েছে। গত ২৫ মার্চ থেকে মোবাইল রিচার্জ ও ব্যাংকিং বন্ধ করে দিয়ে গেছে আওয়ামী দালাল পুলিশ।

দোকানের মালিক রাসেল বলেন, ‘ভিড় হয় দেখে পুলিশ বন্ধ রাখতে বলছে। সব বড় রিচার্জের দোকানই তো বন্ধ।রবিবার থেকে আমি সীমিতভাবে খুলছি।’ স্থানীয় বাসিন্দা শাকিল করিম বলেন, ‘আমি ফোনে টাকা ঢুকানোর জন্য বের হয়ে কোথাও পেলাল না। বিকাশেও টাকা নেই যে রিচার্জ করবো। রিক্সা নিয়ে অনেক দূরে গিয়ে একটি দোকান খোলা পেয়েছি।’ সোলমাইদ এলাকার দোকনদার আব্দুল হাকিম বলেন, ‘আমি এক বেলা দোকানটা খোলা রাখছি। তবে সবাই বলে সমস্যা হবে, ভয়ে আছি।’

জানতে চাইলে ভাটারা থানার ওসি মোক্তারুজ্জামান বলেন, ‘আমরা ফার্মেসি ও নিত্যপণ্য ছাড়া সব বন্ধ করে দিছি। মোবাইল রিচার্জ বা বিকাশ জরুরি সেবার আওতায় পড়বে এমন নির্দেশনা পাইনি।’ শুক্রবার আইজিপির নির্দেশনার কথা বললে তিনি বলেন, ‘যারা কাজে বের হচ্ছে তাদের সাথে পেশাদার আচরণ করার কথা বলা হয়েছে। এ ছাড়া আর কোনো কিছু তো পাইনি।’

আজিমপুর ছাপড়া মসজিদ এলাকার সব মোবাইল ফোনের রিচার্জ ও ব্যকিং দোকানই বন্ধ আছে। মাসুদ রানা নামে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাবেক এক শিক্ষার্থী বলেন, 'আমরা দুই বন্ধু একটি ব্যাচেলর বাসায় এক রুমে থাকি। তাই বাসায় ওয়াইফাই নাই। নেট শেষ হয়ে গেলে পুরো এলাকা ঘুরে টাকা ঢুকানোর রাস্তা খুঁজে পাই না। জরুরি এই সেবার বিষয়টি কেন বন্ধ রাখা হলো বুঝতে পারছি না।'

মোবাইল ফোনে স্থানীয় 'সমির টেলিকমে'র মালিক সমির আহমেদ বলেন, 'নির্দেশনা মেনে আমরা দোকান বন্ধ রেখেছি। পরিচিত কেউ কেউ ফোন করে টাকা পাঠাতে বলছে।'

লালবাগ থানার ওসি কে এম আশরাফ উদ্দিন বলেন, 'ভিড় ও আড্ডা হওয়ার কারণে এগুলো বন্ধ রাখা হয়েছে। জরুরি সেবা হবে কিনা সেক্ষেত্রে পরিস্কার নির্দেশনা নেই।'

ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলার পৌরশহরে কাচাবাজার ও ফার্মেসি ছাড়া সব দোকানই বন্ধ রয়েছে বলে জানান স্থানীয় ব্যবসায়ী জহিরুল ইসলাম। তিনি বলেন, বিকাশ ও রিচার্জের কিছু দোকান গামগঞ্জে খোলা আছে।

অসুস্থ এক আত্মীয়কে নিয়ে রবিবার সন্ধ্যায় মানিকগঞ্জ থেকে ঢাকার একটি হাসপাতালে আসেন সুমন মাহমুদ নামে এক যুবক। তিনি জানান, জরুরি প্রয়োজনে ফোনে কথা বলতে গিয়ে তার মোবাইল ফোনে টাকা শেষ হয়ে যায়। গাবতলীতে পৌছে মোবাইল ফোনে রিচার্জ করার মতো কোনো দোকান খোলা পাননি তিনি। শেষে এক পথচারীর ফোন দিয়ে কল করেন।

বাগরামে কারাবন্দীদের উপর নির্মম নির্যাতনের ব্যাপারে ইসলামী ইমারতের বার্তা

সম্প্রতি কোনো কারণ ছাড়াই কুখ্যাত বাগরাম কারাগারের নির্যাতিত বন্দীদের ওপর নৃশংস অত্যাচার চালানো শুরু করেছে কাবুল প্রশাসন। বিগত বছরগুলোতেও এতো নিষ্ঠুরতা দেখা যায়নি। ঠিক কী কারণে কাবুল প্রশাসন এমন কাপুরুষের মতো কাজ করছে তা এখন পর্যন্ত অজানা।

২৫শে মার্চ বাগরাম কারাগারের পঞ্চম এবং ষষ্ঠ ব্লকের বন্দীদের সূর্যের আলোতে সময় কাটানো নিষিদ্ধ করে দেয় কারা কর্তৃপক্ষ। এ নিষেধাজ্ঞার পেছনে কোনো কারণই দেখায়নি কর্তৃপক্ষ। বন্দীরা অধিকার দাবি করলে কারা পুলিশ বেধড়ক পেটাতে শুরু করে তাদের। সেই সাথে চলে নির্বিচার ছুরিকাঘাত। ৩২ জন বন্দী মারাত্মকভাবে আহত হয়। চিকিৎসা দেওয়া দূরে থাক,

অধিকার দাবি করার শাস্তিস্বরূপ আহত বন্দীদের ডেল্টা ব্লকে নিয়ে যাওয়া হয়। ওষুধপত্র, খাবার-দাবার বা বিছানা-বালিশ ইত্যাদি দেওয়া ছাড়াই মেঝেতে ফেলে রাখা হয় মারাত্মকভাবে আহত বন্দীদের।

ধারাবাহিক নিষ্ঠুরতার অংশ হিসেবে ২৮ শে মার্চ, কারা পুলিশ হামলে পড়ে ব্রাভো ব্লকের বন্দীদের ওপর। একজন বন্দীকে শহীদ করে দেয় পুলিশ। পিটিয়ে কোমাতে পাঠিয়ে দেয় অসংখ্য বন্দীকে। আহত হয় কমপক্ষে ৭০ জন। ইসলামী ইমারতের কারাবন্দী বিষয়ক কমিশন, অত্যন্ত নাজুক সময়ে কারাবন্দীদের সাথে কাবুল প্রশাসনের এই কাপুরুষোচিত, বর্বর আচরণের তীব্র নিন্দা জানাচ্ছে। রেড ক্রস-সহ সকল মানবাধিকার এবং দাতব্য সংস্থাগুলোকে আহ্বান জানিয়ে কমিশন বলেছে, 'সবাইকে কাবুল সরকারের এই বর্বর আচরণের বিরুদ্ধে তীব্র নিন্দা জানাতে হবে। সেই সাথে কারাবন্দীদের ওপর অত্যাচার,নিপীড়ন বন্ধ করা এবং নির্যাতিত বন্দীদের প্রয়োজন পূরণে জরুরী ভিত্তিতে পদক্ষেপ নিতে হবে । কমিশন সতর্ক করে বলে, 'যদি নির্যাতিত বন্দীদের ওপর চালানো এই ভয়ঙ্কর অত্যাচার অনতিবিলম্বে বন্ধ না হয়, তাহলে কমিশন সামরিক কর্তৃপক্ষকে জানিয়ে সামরিক শক্তি প্রয়োগ করে প্রতিশোধ নেবার ব্যবস্থা করবে।'

ইসলামী ইমারতের কারাবন্দী বিষয়ক কমিশন

০৪/০৮/১৪৪১ হিজরী

২৮/০৩/২০২০ ঈসায়ী

কোভিড-১৯ : জরুরি টেস্ট হচ্ছে না বাংলাদেশে, কী ঘটতে পারে সামনে?

ওপরের গ্রাফগুলো দেখুন।

করোনাভাইরাস শনাক্ত হবার শুরুর দিন থেকে মার্চ মাসের ২৭ তারিখ পর্যন্ত বিভিন্ন দেশে করোনা ভাইরাসে আক্রান্ত রোগীর সংখ্যা দেখানো হয়েছে গ্রাফগুলোতে। দেখুন, সবদেশেই একই ধাঁচে এগিয়েছে করোনা ভাইরাস। ভাইরাস শনাক্তকরণের প্রথম দিন থেকে চতুর্থ এবং পঞ্চম সপ্তাহের মধ্যবর্তী সময়ে গ্রাফের লাইন সোজা ছিল। মানে করোনা আক্রান্ত রোগীর সংখ্যা তেমন বাড়েনি। কিন্তু তারপর হঠাৎ করেই গ্রাফ উর্ধ্বমুখী হয়ে গিয়েছে, প্রায় ৯০ ডিগ্রী কোণে। এর মানে কী? এর মানে হলো চতুর্থ বা পঞ্চম সপ্তাহে এসে ব্যাপক আকারে করোনা ভাইরাস

সংক্রমিত হওয়া শুরু করেছে। এবার বাংলাদেশের গ্রাফের দিকে তাকান। তেমন কোনো পরিবর্তন নেই। গ্রাফ, শুরুর দিনগুলোর মতোই সমান্তরাল। অন্যান্য দেশের মতো ঊর্ধ্বমুখী হয়নি। তার মানে বাংলাদেশে করোনা ভাইরাসের সংক্রমণ বাড়েনি। স্বস্তির খবর তাই না?

কিন্তু দুটি কারণে স্বস্তির নিঃশ্বাস ফেলার সুযোগ নেই।

প্রথমত আমাদের দেশে করোনা ভাইরাস ধরা পড়ে মার্চের ৮ তারিখে। আজ মার্চের ২৯ তারিখ। তার মানে আমরা তৃতীয় সপ্তাহ পার করে চতুর্থ সপ্তাহে পা দিয়েছি। অন্যান্য দেশগুলোর ট্রেন্ড অনুসারে আগামী ১৪ দিনের মধ্যে আমাদের দেশের গ্রাফও ৯০ ডিগ্রী কোণে ওপরের দিকে উঠে যাবার কথা। আর তখনই কঠিন এক চ্যালেঞ্জের মুখোমুখি হবো আমরা।

দ্বিতীয়ত, আমাদের দেশে করোনা টেস্টের সংখ্যা খুবই খুবই কম হওয়াতে প্রকৃত পরিস্থিতি সম্পর্কে আমাদের কোনো ধারণা নেই।

আইইডিসিআরের পরিচালক মীরজাদি সাবরিনা বারবার বলে যাচ্ছেন, বাংলাদেশ বিশ্বস্বাস্থ্য সংস্থার গাইডলাইন মেনে চলছে। সেই সাথে পর্যাপ্ত করোনা টেস্ট করা হচ্ছে। কিন্তু করোনা টেস্টের সংখ্যা বলছে ভিন্ন কথা। গত দুইমাসে কোভিড-১৯ এর টেস্ট করার জন্য হটলাইনগুলোতে ফোন করেছে ৮ লাখেরও বেশী মানুষ। শুধু আইইডিসিআরের হটলাইনেই এসেছে ৭০ হাজারেরও বেশী ফোন। কিন্তু করোনা টেস্ট করা হয়েছে শুধুমাত্র ১১০০ মানুষের। যার মধ্যে করোনা আক্রান্ত পাওয়া গিয়েছে ৪৮ জনকে।

এর অর্থ হলো সবচাইতে কম করোনা টেস্ট করা হচ্ছে এমন দেশগুলোর মধ্যে বাংলাদেশ একটা। অথচ বিশ্ব স্বাস্থ্য সংস্থা বারবার বলেছে করোনা ভাইরাস বহনকারীদের শনাক্ত করার জন্য যতোবেশী সম্ভব করোনা টেস্ট করতে হবে। এতে করে বোঝা যাবে কোন অঞ্চলে ভাইরাস বেশী ছড়াচ্ছে।

কম টেস্ট করার ফলে করোনা সংক্রমণের ব্যাপারে ভুল ধারণা পাচ্ছে মানুষ। একই সাথে আরেকটা ব্যাপারেও ভুল ধারণা তৈরি হচ্ছে। করোনা ভাইরাসের কারণে মৃত্যু হার সবচাইতে বেশী বাংলাদেশে। এমনকি করোনার কারণে ১০ হাজারেরও বেশী মানুষ মারা যাওয়া ইতালীর চাইতেও বেশী। ইতালীতে যেখানে মৃত্যুহার ১০.২ সেখানে বাংলাদেশে ১০.৪ । কোনো সন্দেহ নেই, কম সংখ্যক করোনা টেস্টের কারণেই এই রোমহর্ষক ডাটা দেখতে হচ্ছে

বাংলাদেশীদের।

মীরজাদি অবশ্য বলছেন এখনো মৃত্যুহার হিসেব করার সময় আসেনি।

মার্চের ৮ তারিখে প্রথম করোনা রোগী ধরা পড়লো বাংলাদেশে। এর পরের ৫ দিন নতুন কোনো করোনা রোগী পাওয়া গেলোনা। মার্চের ১৪ তারিখে এসে পাওয়া গেলো দুজনকে। পরের দিন আবার ধরা পড়লো না কোনো রোগী। কয়েকজন নতুন রোগী পাওয়া গেলো মার্চের ১৬ তারিখ থেকে ২৪ তারিখের মাঝে। ২৩ এবং ২৪ তারিখে সর্বোচ্চ ৬ জন করে করোনা রোগী সনাক্ত হলো। ২৫ তারিখে নতুন কোনো করোনা কেস নেই। মাঝের দুইদিন, ২৬ এবং ২৭ তারিখে করোনা পাওয়া গেলেও ২৮ এবং ২৯ তারিখে নতুন কোনো করোনা আক্রান্ত রোগী পাওয়া গেলোনা।

কিন্তু এতে খুশি হবার কোনো কারণ নেই। সবচাইতে বেশী করোনা আক্রান্ত রোগী পাওয়া গিয়েছে ইতালী,আমেরিকা, স্পেন, ফ্রান্স , দক্ষিণ কোরিয়া বা জার্মানিতে। এ দেশগুলোতেও প্রথম তৃতীয় বা চতুর্থ সপ্তাহেও এমন অনেক দিন গিয়েছে যেদিন নতুন কোনো করোনা রোগী পাওয়া যায়নি।

ইতালীর কথা ধরুন। পৃথিবীর সবচাইতে বেশী প্রাণহানী হচ্ছে ইতালীতে। ইউরোপের সবচেয়ে বেশি করোনা রোগীর সংখ্যাও ইতালীতে। প্রথম করোনা ভাইরাস শনাক্তের পর টানা ছয়দিন নতুন কোনো রোগী শনাক্ত হয়নি। অষ্টম দিনে এসে একজন শনাক্ত হলো। পরের দুই সপ্তাহে পাওয়া গেলোনা একজনও। এরপর অবস্থা বদলে গেলো খুব দ্রুত। ভয়ঙ্কর গতিতে বাড়তে থাকলো করোনা রোগীর সংখ্যা। ২৯ তারিখ পর্যন্ত ইতালীতে আক্রান্ত হয়েছে ৯২,৪৭২ জন। মারা গিয়েছে ১০,০২৩ জন। এমনকি দিনে ৯০০ লোকেরও বেশী মানুষ মারা গিয়েছে ইতালীতে। বাংলাদেশের মতো ইতালী খুবই কম করোনা টেস্ট করেছে। এবং কোন কোন এলাকা বেশি ঝুঁকিপূর্ণ সেটা বের করতে পারেনি।

রোগ নিয়ন্ত্রণ দপ্তরের সাবেক পরিচালক বেনজির আহমেদ বলছেন, ‘আমরা বলতে পারিনা যে গত ২৪ ঘন্টায় কোনো মানুষ করোনায় আক্রান্ত হয়নি, বরং আমাদের বলা উচিত, আমরা নতুন কোনো রোগী সনাক্ত করতে পারিনি। আর এর কারণ হলো, কম সংখ্যক টেস্ট করা’। যদি দেশজুড়ে বেশী সংখ্যক টেস্ট করা হতো তাহলে প্রতিদিন ১০ থেকে ২০ জন নতুন করোনা রোগী পাওয়া যেতো। আর এর ফলে আমরা যেমন করোনা আক্রান্ত রোগী শনাক্তকরণের সুযোগ হারাচ্ছি তেমনি ভাইরাস ছড়িয়ে পড়ার ঝুঁকিও বাড়িয়ে দিচ্ছি’।

অন্যান্য দেশগুলোর অবস্থা থেকে এটি একদম স্পষ্ট যে করোনা মোকাবেলার সফলতা বা ব্যর্থতা অনেকাংশেই নির্ভর করছে টেস্টিং এর সামর্থ্যের ওপর। দক্ষিণ কোরিয়া করোনা মোকাবেলার ক্ষেত্রে খুব চমৎকার দৃষ্টান্ত স্থাপন করেছে। ভাইরাসের উপস্থিতি শনাক্ত হবার সঙ্গে সঙ্গেই ব্যাপক আকারে করোনা টেস্ট শুরু করে তারা। তিন লাখেরও বেশী টেস্ট করা হয়েছে দক্ষিণ কোরিয়ায়। ইতালী, স্পেন এবং ইরান খুবই কম করোনা টেস্ট করেছে। এই একটি ভুলের কারণে চরম মূল্য দিচ্ছে দেশগুলো। মহামারী আকারে ছড়িয়ে পড়ার পর ইউরোপের দেশগুলো এখন টেস্ট করার ব্যাপারে জোর দিচ্ছে। স্বাভাবিকভাবেই প্রতিদিন লাফ দিয়ে দিয়ে বাড়ছে করোনা কেসের সংখ্যা।

দক্ষিণ কোরিয়াতে যেখানে এক হাজার মানুষের মধ্যে প্রায় ৭ জনের করোনা টেস্ট করা হয়েছে। সেখানে বাংলাদেশ ১০ লাখ মানুষের ভেতর ৬ জনের টেস্ট করেছে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল ইউনিভার্সিটির সাবেক ভাইস চ্যান্সেলর, virology এর প্রফেসর নজরুল ইসলাম সতর্ক করছেন, 'টেস্টিং ক্যাপাসিটি বাড়ানো না হলে কোভিড-১৯ এর বিরুদ্ধে যুদ্ধে পরাজয় বরণ করতে হবে। এখন পর্যন্ত এক হাজারের কিছু বেশী করোনা টেস্ট করা হয়েছে। এটা খুবই কম। বড় আকারে যদি করোনা টেস্টিং ক্যাপাসিটি না বাড়ানো হয় তাহলে বিরাট সর্বনাশ হয়ে যাবে'।

বাংলাদেশের সামনে মহা বিপদের শঙ্কা

টানা দ্বিতীয় দিনের মতো বাংলাদেশে নতুন কারো মধ্যে নভেল করোনাভাইরাসের সংক্রমণ ধরা পড়েনি বলে জানিয়েছে সরকারের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান। (বিভিন্ন মহল থেকে অভিযোগ উঠেছে বাংলাদেশে আসল তথ্য গোপন করা হচ্ছে। সঠিক তথ্য আল্লাহ তায়ালাই ভাল জানেন)বাংলাদেশের জন্য এটি সুখবর হলেও বিশ্বের অন্যান্য অঞ্চল থেকে যে খবর পাওয়া যাচ্ছে, তা মোটেও সুখকর নয়। এরই মধ্যে মহামারি আকারে ছড়িয়ে পড়া নভেল করোনাভাইরাসে বিশ্বজুড়ে মৃতের সংখ্যা ৩০ হাজার ছাড়িয়েছে। বিশ্বের ২০৩টি দেশ ও অঞ্চলের ছয় লাখ ৬২ হাজার ৭৫১ জনকে আক্রান্ত বলে জানাচ্ছে বার্তা সংস্থা রয়টার্স। অন্যদিকে জনস হপকিন্স বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের রবিবার সকালের সর্বশেষ হালনাগাদ তথ্যানুযায়ী, নভেল করোনাভাইরাসের সংক্রমণ বিশ্বের ১৭৭ দেশ ও অঞ্চলে ছড়িয়েছে। আক্রান্ত হয়েছে ছয় লাখ ৬৩ হাজার ৮২৮ জন।

কভিড-১৯ নামের নতুন এই ভাইরাস সারা বিশ্বকে ভীতসন্ত্রস্ত করে রেখেছে প্রায় সাড়ে তিন মাস ধরে। এ থেকে সুরক্ষা পেতে প্রাণান্ত চেষ্টা করছে সব দেশ। বাংলাদেশও এর বাইরে নয়। ঘরবন্দি পুরো দেশের মানুষের মনে কাজ করছে অজানা ভীতি। এই পরিস্থিতিতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার দিকনির্দেশনায় চলছে দেশগুলো। ডাব্লিউএইচওর এক পরিসংখ্যান পর্যালোচনা করে কালের কণ্ঠে প্রকাশিত খবরে বলা হচ্ছে, ধারাবাহিকভাবে একদিকে আফ্রিকা অঞ্চল এবং অন্যদিকে বাংলাদেশসহ দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলে আক্রান্ত ও মৃতের সংখ্যা তুলনামূলক কমই থাকছে। দৈনিক আক্রান্ত ও মৃত্যুর হারও ইউরোপ ও আমেরিকা অঞ্চলের দেশগুলোর তুলনায় অনেক কম, যা এ অঞ্চলের মানুষের জন্য অনেকটাই স্বস্তিদায়ক বলে মনে করেন বিশেষজ্ঞরা। কিন্তু বাংলাদেশের জন্য তা কতটা স্বস্তিদায়ক? জাতিসংঘ ও বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট দপ্তর নাগরিক সমাজের বেশ কিছু অংশীদার ও অন্যান্য প্রতিষ্ঠানের সহযোগিতায় তৈরি পরিকল্পনা নথি তো নতুন শঙ্কার জন্ম দিচ্ছে। ওই নথি বলছে, অতি দ্রুত কোনো প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়া না হলে বাংলাদেশে নভেল করোনাভাইরাস অত্যন্ত দ্রুতগতিতে ছড়িয়ে পড়তে পারে। কালের কণ্ঠে প্রকাশিত খবর অনুযায়ী পরিকল্পনা নথির শুরুতেই বলা হয়েছে, এটি এমন একটি ভয়াবহ রোগ, যা আমাদের সাড়া দেওয়ার গতির চেয়ে বেশি গতিতে সংক্রমিত হয়। ৭৭০ কোটি জনগোষ্ঠীর এই বিশ্বে করোনাভাইরাস মহামারি সংক্রমণের হার উচ্চ ও আন্তর্জাতিকভাবে ক্রমেই বিস্তৃত হচ্ছে। বাংলাদেশে ব্যাপক মাত্রায় জনঘনত্ব বিবেচনা করে বৈশ্বিকভাবে স্বীকৃত পন্থা অবলম্বন করে ধারণা করা যায়, প্রতিরোধমূলক উদ্যোগ নেওয়া না হলে মহামারির প্রভাবে ব্যাপকসংখ্যক মানুষের মৃত্যু ঘটতে পারে।

মার্কিন জনগণ ট্রাম্পের উদাসীনতার মূল্য জীবন দিয়ে পরিশোধ করছে : পেলোসি

মাকিন কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদের স্পিকার ন্যান্সি পেলোসি বলেছেন, আমেরিকায় করোনাভাইরাস ছড়িয়ে পড়ার পরও প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বিষয়টিকে অস্বীকার করার চেষ্টা করেছেন এবং তার এই উদাসীনতার কারণে ব্যাপক হারে মানুষ করোনাভাইরাসের আক্রান্ত হয়ে মারা যাচ্ছেন। খবর-পার্সটুডের

তিনি রোববার ওয়াশিংটনে এক বক্তৃতায় আরো বলেন, আমেরিকায় করোনাভাইরাস শনাক্তকরণে যত ব্যাপক আকারে পরীক্ষা করা দরকার তা করা হচ্ছে না। এখনো ট্রাম্প প্রশাসন করোনায় আক্রান্ত হয়ে ব্যাপকভাবে মারা পড়া এলাকাগুলোতে প্রয়োজনীয় চিকিৎসা সরঞ্জাম পাঠাচ্ছে না বলেও তিনি অভিযোগ করেন।

আমেরিকায় রোববার পর্যন্ত এক লাখ ৪১ হাজারেরও বেশি মানুষ করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন এবং এদের মধ্যে দুই হাজার ৪৭১ জনের মৃত্যু হয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা বা ডাব্লিউএইচও হুঁশিয়ারি উচ্চারণ করে বলেছে, করোনাভাইরাসের প্রাদুর্ভাব এবং মৃতের সংখ্যার দিক দিয়ে অচিরেই আমেরিকা অন্য সব দেশকে ছাড়িয়ে যাবে।

মুম্বাইয়ের বস্তিগুলোতে করোনার হানা, ভয়ানক ঝুঁকিতে ভারত

ভারতের মহারাষ্ট্রের মুম্বাইয়ের বস্তিগুলোতে ছড়িয়ে পড়েছে করোনা ভাইরাস। এর ফলে করোনাভাইরাস সংক্রমণের ভয়াবহ ঝুঁকিতে পড়ে গেছে পুরো ভারত। ঘনবসতিপূর্ণ বস্তি থেকে কমিউনিটি ট্রান্সমিশন শুরু হয়ে গেলে তা ভারতের পক্ষে খুবই বিপদজনক হবে বলে আশঙ্কা করছেন স্বাস্থ্য বিশেষজ্ঞরা।

মুম্বাইয়ের বস্তিগুলোতে চার জন করোনা আক্রান্ত রোগীকে শনাক্ত করা হয়েছে। এর মধ্যে পারেলে ৬৪ বছর, জামভিপাড্ডায় ৩৭ বছর বয়স্ক, এছাড়া ঘাটকোপার বস্তিতে ২৫ এবং ৬৮ বছর বয়স্ক চার জনকে করোনায় আক্রান্ত হিসেবে শনাক্ত হয়েছেন।

মুম্বাইয়ের এ বস্তিগুলোতে একটা ১০ ফুট বাই ৮ ফুট ঘরে ৬-৭ জন মানুষ বাস করেন। বস্তিগুলোতে এ রকম পরপর ২০০০ থেকে ২৫০০ ঘর রয়েছে এক একটি বস্তিতে। প্রতি ২০০ পরিবার পিছু একটি সাধারণ শৌচাগার। এদিকে মুম্বাইয়ের কালিমবার জামবালিপাড়া বস্তিতে ৩৭ বছরের এক যুবকের শরীরে মিলেছে করোনা ভাইরাস। প্রায় ৮০০ পরিবারের বাস এবং তাদের জন্য বরাদ্দ মাত্র কয়েকটি শৌচাগার। আক্রান্ত যুবক বিদেশ থেকে ফিরেছেন কিছুদিন আগে। বিমানবন্দরে তার পরীক্ষায় কোনো অসুস্থতার লক্ষণ দেখা যায়নি। পরবর্তীসময়ে তার শরীরে করোনা ভাইরাসের সংক্রমণ ধরা পড়ে। বর্তমানে তার চিকিৎসা কস্তুরবা হাসপাতালে চলছে।

বস্তিতে সোশ্যাল ডিস্ট্যান্সিং বজায় রাখা সম্ভব নয়, বলে জানাচ্ছেন স্বাস্থ্য বিশেষজ্ঞরা। তাদের আশঙ্কা যদি একবার করোনা কোনোভাবে এ বস্তিগুলোতে থাবা বসাতে পারে তবে ভারত করোনার তৃতীয় দফা সংক্রমণের পর্যায়ে প্রবেশ করে যাবে।

---

১৬ ঘণ্টায় অ্যাম্বুলেন্সে ৬ হাসপাতালে ছোটাছুটি করেও বিনা চিকিৎসায় মৃত্যু

কথা জড়িয়ে যাচ্ছিল মো. আলমাছ উদ্দিনের। আগেও একবার মস্তিষ্কে রক্তক্ষরণ হয়েছে। চিকিৎসকদের কাছে ছবি পাঠানোর পর তাঁরা জানিয়েছিলেন লক্ষণ দেখে মনে হচ্ছে আবারও মস্তিষ্কে রক্তক্ষরণ। শনিবার সকাল ৮টা থেকে বাবা আলমাছ উদ্দিনকে নিয়ে সন্তানেরা পাঁচটি হাসপাতালে ঘুরেছেন। মস্তিষ্কে রক্তক্ষরণের চিকিৎসা ছাড়াই আজ রোববার সকালে মারা যান তিনি। খবর-প্রথম আলো

আলমাছ উদ্দিনের মেয়ের সঙ্গে আজ সন্ধ্যায় কথা হয় প্রথম আলোর। বিশ্ববিদ্যালয় শিক্ষক ওই নারী প্রথম আলোকে বলেন, 'শনিবার সকাল ৮টায় বাবাকে অ্যাম্বুলেন্সে তোলা হয় আমাদের বাসাবোর বাসা থেকে। অনেকগুলো হাসপাতাল ঘুরে রাত ১২টার দিকে অনেক দেনদরবারের পর একটি হাসপাতাল নিল। কিন্তু বাবাকে বাঁচানো গেল না। আমার বাবা একরকম বিনা চিকিৎসায় মারা গেল। কী যে কষ্ট!'

মেয়ে জানালেন, বাবা আলমাছ উদ্দিনের পেটের পুরোনো রোগ। শুক্রবার ভীষণ ডায়রিয়া, সঙ্গে জ্বর। কিছুক্ষণ পর কথা জড়িয়ে যেতে থাকে তাঁর। তখনই পরিবারের লোকজন চিকিৎসকের সঙ্গে কথা বলেন। এমনিতে দুটি বেসরকারি হাসপাতালে নিয়মিত চিকিৎসা করাতেন তিনি। জ্বর-ডায়রিয়া শুনে তাঁরা নিতে চাননি। পরদিন শাহবাগের একটি বড় হাসপাতালে নিয়ে যান পরিবারের সদস্যরা। সেখানে বুকের এক্স-রে করে নিউমোনিয়া মতো মনে হচ্ছিল। করোনাভাইরাসের উপসর্গের সঙ্গে মিলে যাচ্ছে দেখে তাঁরা রাখেননি। সেখান থেকে তাঁরা ধানমন্ডির একটি বেসরকারি হাসপাতালে নেন। তাঁদের আইসোলেশন ওয়ার্ড আছে। রোগী ভর্তি করা যাবে এই আশ্বাস পেয়ে অ্যাম্বুলেন্সে করে সেখানে নিয়ে যাওয়া হয় আলমাছ উদ্দিনকে। কর্তৃপক্ষ রাখতে রাজি হলেও, চিকিৎসকেরা আসেননি। ওই হাসপাতাল থেকে সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান স্বজনেরা। ভর্তি নেয় তারা। কিন্তু জরুরি বিভাগ থেকে ওয়ার্ডে পাঠানোর সময় চিকিৎসকদের মধ্যে বিরোধ দেখা দেয়। করোনাভাইরাসের ব্যাপারে নিশ্চিত তথ্য না পেলে রোগী রাখবেন না বলে জানান। তাঁরা কুয়েত মৈত্রী হাসপাতালে যান। পৌঁছানোর আগে আইইডিসিআরে যোগাযোগ করেন। সন্ধ্যার পর আলমাছ উদ্দিনের অ্যাম্বুলেন্স পৌঁছায় কুয়েত মৈত্রীর গেটে। তাঁরা লক্ষণ দেখে বলেন, রোগী করোনাভাইরাসে আক্রান্ত বলে মনে হচ্ছে না। কিন্তু নিশ্চিত হওয়ার আগ পর্যন্ত তাঁকে আইসোলেশনে থাকতে হবে। সেখানে করোনাভাইরাসে আক্রান্ত রোগীরা থাকলে বিপদ।

এভাবে ছয় হাসপাতালে গিয়েও বাবাকে ভর্তি করাতে পারেননি সন্তানেরা।

এক হাসপাতাল থেকে অন্য হাসপাতালে যখন এভাবে ছুটছেন আলমাছ উদ্দিন, তখন এলাকার মুক্তিযোদ্ধারা এগিয়ে আসেন। আলমাছ উদ্দিনের মেয়ে বলেন, 'বাবা মুক্তিযোদ্ধা। কিন্তু এই পরিচয় দিয়ে কখনও কোনো সুবিধা নেওয়া পছন্দ করতেন না। আমরাও তাই কোনো হাসপাতালে গিয়ে এই পরিচয় দিইনি।' মুগদা জেনারেল হাসপাতালে মুক্তিযোদ্ধাদের জন্য আলাদা ওয়ার্ড আছে। মুক্তিযোদ্ধারা কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে তাঁকে ভর্তির ব্যবস্থা করেন। কিন্তু সেখানেও বিপত্তি। হাসপাতালের সিটিস্ক্যান, এমআরআই মেশিন নষ্ট। পরদিন সকাল পর্যন্ত অপেক্ষা করা ছাড়া আর উপায় নেই।

আলমাছ উদ্দিনের মেয়ে বলেন, বাবাকে স্যালাইন দেওয়া হয়েছিল শুধু। বাকি পরীক্ষার পর চিকিৎসা শুরু হবে বলে জানিয়েছিলেন চিকিৎসকেরা। সেই সুযোগ আর হয়নি। সকাল সোয়া ৭টায় মারা যান তিনি।

শেরপুরে জ্বর, শ্বাসকষ্ট নিয়ে এক ব্যক্তির মৃত্যু

শেরপুরের নালিতাবাড়ী উপজেলার দক্ষিণ পলাশীকুড়া গ্রামে আওয়াল পাগলা নামের এক ব্যক্তি জ্বর এবং শ্বাসকষ্টে তিন দিন ভোগার পর রবিবার (২৯ মার্চ) দিবাগত রাতে মারা গেছেন।

করোনা পরীক্ষার জন্য আইইডিসিআরে যোগাযোগ করা হচ্ছে। আজ সোমবার (৩০ মার্চ) রক্তের নমুনা সংগ্রহের পর ওই ব্যক্তির দাফন-জানাজা হবে সাংবাদিকদের জানিয়েছেন সিভিল সার্জন ডা. এ কে এম আনওয়ারুর রউফ।

ময়মনসিংহের ভালুকা থেকে গত তিন দিন আগে ওই ব্যক্তি জ্বর-শ্বাসকষ্ট নিয়ে নালিতাবাড়ীর গ্রামের বাড়িতে এসেছিলেন বলে পরিবারের উদ্ধৃতি দিয়ে জানিয়েছেন ইউএনও আরিফুর রহমান। ভালুকায় তিনি নির্মাণ শ্রমিক হিসেবে কাজ করতেন বলে জানা যায়।

কালের কণ্ঠ অনলাইন পেজে এ সংবাদের কমেন্টে তারিকুল ইসলাম নামে এক ব্যক্তি লিখেছেন,

সত্যি, কি বিচিত্রা আমরা ও আমাদের দেশ!! এখানে মৃত্যুর পরে করোনা টেস্ট করা হয়।

গাজীপুরে করোনা সন্দেহে ভর্তি রোগীর ৩ দিনেও স্যাম্পল নেওয়া হয়নি

গাজীপুরে করোনাভাইরাস আক্রান্ত সন্দেহে হাসপাতালে ভর্তি এক যুবকের স্যাম্পল তিনদিনেও সংগ্রহ না করার অভিযোগ পাওয়া গেছে। এতে উদ্বেগ প্রকাশ করেছেন হাসপাতালের চিকিৎসকেরা। খবর বাংলা ট্রিবিউনের।

জানা গেছে, কোভিড-১৯ রোগের লক্ষণ নিয়ে গত বৃহস্পতিবার শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতালের আইসোলেশন ইউনিটে ভর্তি হন মেহেদী হাসান নামের ওই যুবক।

গাজীপুর শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতালের আবাসিক চিকিৎসক রফিকুল ইসলাম জানান, সর্দি-ঠাণ্ডা, হাঁচি-কাশি, জ্বর, গলা ব্যথ্যা নিয়ে বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে এ হাসপাতালে ভর্তি হন মেহেদী। ভর্তি হওয়ার পর তার স্যাম্পল নেয়ার জন্য ঢাকায় অবস্থিত জাতীয় রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানে(আইইডিসিআর) দুই দফা চিঠি লেখা হয়েছে। কিন্তু তিনদিন পেরিয়ে গেলেও তার স্যাম্পল নেওয়া হয়নি।

ডা. রফিকুল ইসলাম আরও জানান, সম্প্রতি এ হাসপাতালে ১০ বেডের একটি আইসোলেশন ইউনিট স্থাপন করা হয়েছে। এ ইউনিটে একমাত্র রোগী হলেন মেহেদী হাসান। তার প্রয়োজনীয় পরিচর্যা ও ঔষধ সরবরাহ করা হলেও স্যাম্পল সংগ্রহের এখতিয়ার এ হাসপাতালের কারো নেই। একমাত্র আইইডিসিআর কর্তৃপক্ষ এ স্যাম্পল সংগ্রহ করবে।

ফটো রিপোর্ট | কোভিড-১৯ সম্পর্কে জনসচেতনতা কার্যক্রম চালাচ্ছেন আফগানিস্তান ইসলামী ইমারত কর্তৃপক্ষ

আফগানিস্তান ইসলামী ইমারতের স্বাস্থ্য বিভাগের কর্মকর্তাগণ দেশজুড়ে কোভিড-১৯ মহামারী প্রতিরোধে জনসাধারণের মাঝে সচেতনতা কার্যক্রম চালাচ্ছেন। এ সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছেন এবং বিভিন্ন প্রদেশে নিরাপত্তার সাথে সভা ও ব্যানারের মাধ্যমে জনগণকে সচেতন করছেন। এরই অংশ হিসেবে লোগার প্রদেশে করোনাভাইরাস প্রতিরোধী সভা অনুষ্ঠিত হয়। একইভাবে বাদগিস প্রদেশের কাদিস জেলায় সচেতনতামূলক বিভিন্ন দ্রব্যাদি জনসাধারণের মাঝে বিতরণ করা হয়। ঐসকল অনুষ্ঠানের কিছু পিকচার নিচে দেওয়া হলো-

https://alfirdaws.org/2020/03/30/35269/

২৯শে মার্চ, ২০২০

সরকারী অব্যবস্থাপনার কারণে স্বেচ্ছায় হোম কোয়ারেন্টিনে চিকিৎসক

মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে দায়িত্বরত চিকিৎসক মোহাম্মদ সামসুল আরেফিন হাসপাতাল কর্তৃপক্ষের অনুমতি না নিয়েই গত ২৬ মার্চ থেকে হোম কোয়ারেন্টিনে (বাড়িতে পৃথক কক্ষে) অবস্থান করছেন। আজ রোববার দুপুরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের তত্ত্বাবধায়ক মোহাম্মদ রিয়াজুল আলম এ তথ্য নিশ্চিত করেছেন।

ডা: সামসুল আরেফিন কর্মস্থলে না আসার সংবাদ গণমাধ্যমে ছড়িয়ে পড়ার পর , তিনি আত্মপক্ষ সমর্থন করে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে একটি স্ট্যাটাস দেন । সেখানে লিখেন, "বাবামায়ের কাছ থেকে দুআ নিয়ে অনেক আশা নিয়ে এবার গিয়েছিলাম কর্মস্থলে। ভেবেছিলাম সর্দিকাশির রুগী কেউ না দেখলেও আমি দেখব। বলব একটা কর্ণার করতে, সেখানে করোনা সিম্পটমের রুগীদের পাঠাতে। পিপিই পরে আমি দেখব তাদেরকে, আর কেউ না দেখুক। আমার ধারণা ছিল না পরিস্থিতি এতটা খারাপ।

১. গত ২৪ তারিখ দুইজন রোগী, যাদের আগের কোনো শ্বাসকষ্টের হিস্ট্রি নাই। এসে মারা গেল হাসপাতালের ইমার্জেন্সির ভিতর। যে রুমে আমাদের ডিউটি করতে হয় পিপিই ছাড়া। তাদের শেষ নিঃশ্বাসগুলো মিশে রইল ঘরের বাতাসে। কলিগরা উপরে জানানোর আগেই রুগীর স্বজন নিয়ে গেল লাশ, স্বাভাবিক দাফন হল, যেন কিছুই হয়নি। সেই দুজন রুগীকে যারা ধরেছে, তাদের সাথেই সবাই ডিউটি করছি, যেন কিছুই হয়নি।
২. উপরের নির্দেশ, করোনা রুগী সাসপেক্টকে ভর্তি করে চিকিৎসা দিতে হবে। সব ডাক্তারকে রোস্টার-ওয়াইজ সেখানে ডিউটি করতে হবে। সুরক্ষা? ৫টা পিপিই। সেগুলো যে দায়িত্বে থাকবে, সে পরবে। একজনেরটা আরেকজন। হোয়াট?

৩. উপর থেকে নির্দেশ, ডাক্তারদের কোনো ছুটি দেয়া যাবে না। মানে ছুটি সম্ভব না।
৪. ৩ বছর বয়স থেকে আমি এজমা রুগী। এখনও পকেটে রিলিভার নিয়ে ঘুরি। প্রতি শীতে খাই স্টেরয়েড।

৫. কীসের আশায় মরব আমি? আমি মরলে আমার ৩ বছরের মেয়েকে কী দিচ্ছে সরকার? কোনো ইনসওরেন্স? কোনো প্রণোদনা? কোনো ঝুঁকি ভাতা। আমি একটা বেতনের বিনিময়ে চাকরি করতে এসেছি। জান সওদা করতে না। কমপক্ষে আমার পরিবারের জান সওদা করতে তো নয়-ই।

তাহলে দেশসেবা, জনসেবা, এগুলোর কোনো দাম নেই? কেন থাকবে না। আলবাত আছে। ১. একটা উপজেলা হাসপাতালে করোনা রুগীকে কতটুকু সেবা দেয়া যায়? ভেন্টিলেটর? কোনো ওষুধ আছে করোনার? কিচ্ছু নেই। সেই শেষমেশ খারাপ রুগী রেফারই করব। মাঝখান থেকে এঁটো পিপিই পরে রুগীকে ছেনে ভাইরাসটা নিয়ে নিলাম। ঘরে গিয়ে বউবাচ্চাকে বৃদ্ধ মা-বাবাকে উপহার দিলাম। এই সামান্য সেবাটুকু দেয়ার জন্য ভর্তি? কেন? ২. কারো অব্যবস্থাপনার দায় নেয়ার নাম জনসেবা না। কোনো বিশেষ দলের ভাবমূর্তি টিকিয়ে রাখার জন্য আমি জীবন দিতে পারবো না। আমার পরিবারকে জীবন দেয়াতে পারব না। হাজার হাজার কোটি টাকা নয়ছয় হয়েছে। তিনমাসে সামান্যতম ব্যবস্থাটুকু নেয়া গেলনা? এখন পলিসি করে নার্স-ডাক্তারদের খালিহাতে অবস্থায় যুদ্ধে পাঠানো হচ্ছে? রুগী মরা শুরু হয়েছে, মানে ডাক্তার-নার্স এখন আক্রান্ত হবে। ২-১৪ দিন পর দেখেন স্বাস্থ্যসৈনিকদের কী অবস্থা দাঁড়ায়। দেশের জন্য জীবন দেব, ধর্মের জন্য দেব। কোনো গোষ্ঠীর জন্য দিতে রাজি নই। ৩. একের পর এক প্রস্তুতি নিয়ে, পরিসংখ্যান নিয়ে যে মিথ্যা তথ্য দেয়া হচ্ছে, এটা সবাই বুঝছে। কিন্তু কেউ কিছু বলবে না। এর চেয়ে ভালো একা সেলফ কোয়ারেন্টাইনে থাকা। মনের উপর চাপ কম পড়ে।

গণমাধ্যমে ছড়িয়ে পড়া অভিযোগের জবাবে তিনি বলেন, ১. বৃহঃবার আমার কোনো ইমার্জেন্সি ডিউটি ছিল না। ইমার্জেন্সি ডিউটি ফেলে আসার মত অত দায়িত্বজ্ঞানহীন হইনি এখনও। আমার ইমার্জেন্সি শুধু মঙ্গল আর বুধ। আমার বস কেন এমন কথা বললেন, বুঝলাম না। ২. যে দুটা রুগী মরেছে, তাদের একটা রেজা ভাই দেখেছিলেন তিনদিন আগে জ্বর কাশি নিয়ে। তিনি কাউকে জানান নাই। কেন এটা করলেন, তিনিই জানেন। ৩. আর আমি পূর্বে দায়িত্বে অবহেলা করেছি এমন কোনো রেকর্ড নাই। হাসপাতাল এলাকার যেকোনো মানুষ, ভ্যানওয়ালা, দোকানদার, আমার কলিগ নার্স-স্যাকমো-ডাক্তার সবাই জানে। কাকে ফোন দিয়ে পাওয়া যায় না সেটা সবাই জানে।

চুপচাপ চলে এসেছিলাম। যাতে অন্য ডাক্তাররা কম জানে। জানলে প্যানিকড হবে। ভেবেছিলাম চুপচাপই থাকবো। কিন্তু জানিনা কার ইন্ধনে খবর চাউর হল। তাই আমিও আত্মপক্ষ সমর্থন করলাম।

গ্রামের বাড়িতে কোয়ারেন্টাইনে আছি। সবার থেকে দূরে, একা। থানা থেকে একজন এসআই এসে দেখে গেছেন। এখন পর্যন্ত ভালোই আছি। রিজিক নিয়ে পেরেশান নই। আল্লাহ উত্তম কোনো ব্যবস্থা করবেন।

ডাক্তার-নার্সদের উদ্দেশ্যে:

আপনারা সেবা দেন। জাতির এখন আপনাদের দরকার। আমার অত সাহস নেই। আপনারা আসলেই মহামানব। যে দেশে দুধ আর পানির দাম সমান, সে দেশের মানুষ আপনাদের দাম দেবে সে আশায় থাকবেন না। আপনাদের প্রতি আমার স্যালুট। নিজের প্রতি ধিক্কার।

সবার উদ্দেশ্যে:

ঘরে থাকেন। এই অসময়ে অজায়গায় আর কিছু করার নাই। দান চালা হয়ে গেছে।"

এদিকে নাম প্রকাশে অনিচ্ছুক গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের এক চিকিৎসক আজ প্রথম আলোকে বলেন, হাসপাতালে পরিচয় গোপন করে অনেক প্রবাসী রোগী চিকিৎসা নিতে আসছেন। তাঁদের চেনাও যায় না। আরেফিন ঝুঁকি নিয়েই কাজ করছিলেন। তিনি যখন জরুরি বিভাগে দায়িত্ব পালন করছিলেন, তখন হাসপাতাল কর্তৃপক্ষ পিপিই পোশাক সরবরাহ করেনি। হাসপাতাল কর্তৃপক্ষ এখন সব চিকিৎসককে চাপ প্রয়োগ করছে জরুরি বিভাগে রোগী দেখার জন্য।

সরকারি মহলের সহযোগিতায় করতোয়ার বালু চুরি

রংপুরের পীরগঞ্জে করতোয়া নদীঘেঁষা টুকুরিয়া, বড়আলমপুর, চতরা ও কাবিলপুর ইউনিয়নের ৩০ গ্রামের অর্ধশতাধিক স্থানে চলছে অবৈধভাবে বালু উত্তোলনের মহোৎসব।

গত কয়েকদিন ধরে করোনাভাইরাস আতঙ্কে লোকজন বাড়িতে অবস্থান করছে। এই সুযোগে সংঘবদ্ধ চক্রটি বালু উত্তোলন অব্যাহত রেখেছে। অপরিকল্পিতভাবে বালু উত্তোলনের ফলে

এলাকার রাস্তাঘাট, ঘরবাড়ি, ফসলি জমি, স্থাপনা নষ্ট হয়ে যাওয়া ছাড়াও নদীর গতিপথ পরিবর্তন হচ্ছে। যা ভবিষ্যত প্রজন্মকে ধ্বংসের মুখে ঠেলে দিচ্ছে। রিপোর্টঃ কালের কণ্ঠ

সংশ্লিষ্ট নীতিনির্ধারক মহল জরুরি ভিত্তিতে আইনি পদক্ষেপ নেবেন-এমনটিই আশা করছে এলাকার সাধারণ মানুষ।

এলাকাবাসীর অভিযোগ, প্রতিদিন করতোয়া নদী থেকে সংঘবদ্ধ একটি চক্র অবাধে বালু উত্তোলন করছে। নদীপারেই উত্তোলিত বালু শত শত ট্রলি ও ভারি যানবাহনে বিক্রি হলেও রহস্যজনক কারণে প্রশাসন জোরালো পদক্ষেপ গ্রহণ করেনি। বিরতিহীনভাবে ওই বালু পরিবহন করায় ভাঙছে জমি, পুকুরপাড়, রাস্তা-ঘাট। এ অবস্থা অব্যাহত থাকলে আসন্ন বর্ষা মৌসুমে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়বে অর্ধশতাধিক গ্রামের হাজারো মানুষ।

অপরদিকে, ধুলোবালিতে একাকার হওয়ায় দূষিত হচ্ছে পরিবেশ। সম্প্রতি উপজেলা প্রশাসন বালু উত্তোলন বন্ধে মাইকিং করেছে। তবে করোনাভাইরাস আতঙ্কে লোকজন বাড়িতে থাকার সুযোগ নিয়ে সক্রিয় হয়ে উঠেছে চক্রটি।

সরেজমিনে দেখা যায়, দিনাজপুর-রংপুর জেলাকে বিভক্ত করে পীরগঞ্জ, নবাবগঞ্জ ও ঘোড়াঘাট উপজেলার ধার ঘেঁষে প্রবাহিত করতোয়া নদী। এক সময়ের খরস্রোতা করতোয়া বর্তমানে শুকিয়ে গেছে। চতরা, বড়আলমপুর কাবিলপুর ও টুকুরিয়া ইউনিয়নের ৩০ গ্রামের অর্ধশতাধিক স্থান এবং নদীর ওপারে দিনাজপুর এলাকায় বেশ কয়েকটি স্থানে জোটবদ্ধ হয়ে বালু উত্তোলন করা হচ্ছে।

নিজেদের নাম প্রকাশ না করার শর্তে এলাকাবাসী জানায়, চতরা ইউনিয়নের কুয়েতপুর হামিদপুরের নেংড়ার ঘাটে পাঁচটি স্থানে শামিম, সুজন, আবু তাহের, বাবু, মজিদ, নজরুল, ছকমল, আব্দুল মজিদসহ ১৬ জন বালু সন্ত্রাসী জোটবদ্ধ হয়ে একাধিক বোমা মেশিন দিয়ে প্রতিদিন বালু উত্তোলন করে বিক্রি করছে। ওই স্থানে শামীমের নেতৃত্বে বালু সন্ত্রাসী বাহিনী গড়ে তোলা হয়েছে। বদনাপাড়ার টোংরারদহ এলাকায় সাবু মেম্বারের নেতৃত্বে বালু উত্তোলন করা হচ্ছে।

এছাড়া চক ভেকা, নুনদহ ঘাট, কুমারপুরে বালু উত্তোলনের সঙ্গে জড়িত তারা। টুকুরিয়া ইউনিয়নে জয়ন্তীপুর ঘাট, সুজারকুটি, মোনাইল, কাঁচদহঘাটে বালু উত্তোলন করে বিক্রি করছে সুলতান মাহামুদ, মাহমুদ, আব্দুস সবুর, গোলাম রব্বানী, সোহরাব ও রবিউল।

বড়আলমপুরের বাঁশপুকুরিয়ায় পৃথক ১০ স্থানে মিজানুর রহমান, সাইফুল ইসলাম ও গোলাম রব্বানীর নেতৃত্বে এবং কাবিলপুর ইউনিয়নের নিজ কাবিলপুর গ্রামের তিনটি স্থানে জুয়েল, হাসান আলী, আদিল ও বিপুর নেতৃত্বে চলছে বালু উত্তোলনের মহোৎসব।

অভিযোগ রয়েছে, সংশ্লিষ্ট এলাকায় তহশিলদারদের সঙ্গে বালু উত্তোলনকারীদের বিশেষ চুক্তি রয়েছে। প্রতিমাসে কর্মকর্তারা বালু উত্তোলনকারীদের কাছে চুক্তির টাকা নেন। এজন্য বালু উত্তোলন বন্ধে উপজেলা ভূমি অফিস থেকে কোনো ধরনের পদক্ষেপ নেওয়া হচ্ছে না।

কারখানা বন্ধ ও বেতনের দাবি, আশুলিয়ায় বিক্ষোভ

কারখানা বন্ধ ও বেতনের দাবিতে কাজ বন্ধ করে বিক্ষোভ চলছে ঢাকার অদূরে আশুলিয়ার দুই পোশাক কারখানার শ্রমিকদের।

আজ রবিবার (২৯ মার্চ) সকাল থেকে এ বিক্ষোভ করছে আশুলিয়ার গৌরিপুরে অবস্থিত মোরাদ অ্যাপারেলসের ৬০০ শ্রমিক ও খেঁজুরবাগান এলাকার লন্ড্রি ওয়াশিং লিমিটেডের প্রায় ৯০০ শ্রমিক। খবরঃ কালের কন্ঠের

শ্রমিকরা জানায়, কারখানায় আসা-যাওয়ার পথে তাদেরকে নানা প্রতিবন্ধকতার মুখে পড়তে হচ্ছে। কারখানায় যাওয়ার সময় পরিবহন পাওয়া যায় না। প্রশাসন সব শ্রমিকদের একত্রিত হতে দেয় না। এরইমধ্যে করোনাভাইরাসের আশঙ্কায় আশেপাশের প্রায় সব কারখানা বন্ধ হয়ে গেছে। এ অবস্থায় তারা ৪ এপ্রিল ২০২০ তারিখ পর্যন্ত ছুটির দাবিতে ফ্যাক্টরিতে কর্মবিরতি পালন করছেন।

গার্মেন্ট শ্রমিক ট্রেড ইউনিয়ন কেন্দ্রের সাধারণ সম্পাদক শ্রমিক নেতা খাইরুল ইসলাম মিন্টু বলেন, করোনাভাইরাসের কারণে বর্তমানে কারখানার তৈরি পণ্য রপ্তানি বন্ধ। এ অবস্থায় শ্রমিকদের জীবনের ঝুঁকি নিয়ে কারখানা খোলা রাখার কোনো যুক্তি নেই। সুতরাং তাদের জীবনের কথা চিন্তা করে এখনই সব কারখানা বন্ধ করা উচিত।

অসুস্থ ছেলেকে নিয়ে ৫ হাসপাতাল ঘুরেও চিকিৎসা করাতে পারলেন না বাবা, অবশেষে মৃত্যু

করোনাভাইরাসের উপসর্গ থাকায় নিজ বাড়িতে রাখতে পারেনি গ্রামবাসীদের বাধায়। হাসপাতালে নিলেও চিকিৎসা করালেন না চিকিৎসকরা। এক এক করে চারটি হাসপাতাল ঘুরেও চিকিৎসা পেলেন না। শেষ পর্যন্ত রাজশাহী মেডিকেল কলেজ (রামেক) হাসপাতালে নিলেও ছেলেকে চিকিৎসা করাতে পারেনি এক বাবা। খবরঃ নয়া দিগন্তের

শনিবার রাতে আল আমিন (২২) নামের ওই যুবক রামেক হাসপাতালে মারা যান। মৃত আল আমিন নওগাঁ জেলার রানীনগর উপজেলার অলংকার দিঘি গ্রামের মোখলেসুর রহমানের ছেলে।

ছেলেটির বাবা মোখলেসুর রহমান জানান, আল আমিন নারায়ণগঞ্জে একটি কাপড়ের দোকানে বিক্রয়কর্মীর কাজ করতেন। শনিবার সকালে প্রচণ্ড জ্বর, সর্দি, কাশি ও শ্বাসকষ্ট নিয়ে বাড়িতে ফেরে। পরে তাকে দ্রুত নওগাঁ জেলা সদর হাসপাতালে নেয়া হলে সেখানকার চিকিৎসকরা আল আমিনকে চিকিৎসা দিতে অস্বীকার করেন ও ফেরত পাঠান।

পরে অসুস্থ ছেলেকে নিয়ে পার্শ্ববর্তী বগুড়ার আদমদিঘি উপজেলা হাসপাতালে নিয়ে গেলে সেখানেও তাকে চিকিৎসা দিতে অস্বীকার করা হয়। পরে রানীনগর উপজেলা নির্বাহী অফিসার আল মামুনকে জানালে তার হস্তক্ষেপে আল আমিনকে প্রথমে রানীনগর উপজেলা হাসপাতালে ও পরে আবার নওগাঁ জেলা সদর হাসপাতালে পাঠানো হয়। সেখান থেকে বিকালে রামেক হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা আল আমিনকে মেডিসিন ওয়ার্ডে ভর্তি করেন এবং রাত সাড়ে ৮টার দিকে তার মৃত্যু হয়।

রামেক হাসপাতালের উপ-পরিচালক ডা. সাইফুল ফেরদৌস জানান, আল আমিনের লাশ রাতেই পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

তবে আল আমিন করোনায় নয়, মস্তিস্কের সংক্রমণ বা মেনিনজাইটিস নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছিলেন জানিয়ে তিনি আরও বলেন, 'ভর্তির সময় তার শরীরে জ্বরের মাত্রা তীব্র ছিল। মাথা ব্যাথা ও গলা ব্যথা ছিল।'

করোনায় যুক্তরাষ্ট্রে আক্রান্ত ১ লাখ ২৩ হাজার ৭৫০

যুক্তরাষ্ট্রে ঝড়ের গতিতে বাড়ছে করোনাভাইরাস আক্রান্ত রোগীর সংখ্যা। প্রতিদিনই এক একটি জীবন পরিণত হচ্ছে সংখ্যায়।

মার্কিন যুক্তরাষ্ট্রে করোনাভাইরাস সংক্রমণের কারণে মৃতের সংখ্যা দুই দিনে দ্বিগুণ হয়েছে। সর্বশেষ তথ্যমতে যুক্তরাষ্ট্রে ৩৫৪ জনের নতুন মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশটিতে মোট মৃত্যু হয়েছে ২ হাজার ২২৭ জনের বলে জানায় জন হপকিন্স বিশ্ববিদ্যালয়।

ইতালি, স্পেন, চীন, ইরান ও ফ্রান্সের পরে আমেরিকা এখন মৃত্যুর দিক দিয়ে ষষ্ঠ স্থানে রয়েছে।

যুক্তরাষ্ট্রের রোড আইল্যান্ড রাজ্যটি করোনাভাইরাসে প্রথম দুটি মৃত্যুর কথা ঘোষণা করেছে। আর বাকি থাকল হাওয়াই, পশ্চিম ভার্জিনিয়া ও ওয়াইমিং এই তিনটি রাজ্য। যেখানে এখনো মৃত্যুর খবর পাওয়া যায়নি।

যুক্তরাষ্ট্রে করোনাভাইরাসে মোট আক্রান্ত হয়েছেন ১ লাখ ২৩ হাজার ৭৫০ জন। করোনাভাইরাসে আক্রান্তের দিক দিয়ে যেটা সর্বাধিক। রিপোর্টঃ নয়া দিগন্তের

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, যুক্তরাষ্ট্রে করোনা ছড়িয়ে পড়ার কেন্দ্রস্থল নিউইয়র্কে সংক্রমণ হ্রাসের লক্ষে বৃহত্তর নিউইয়র্ককে একটি কোয়ারেন্টাইন হিসেবে বিবেচনা করছেন।

নিউইয়র্কে ৫২,০০০ এর বেশী লোক করোনা আক্রান্ত এবং এতে ৫১৭ জনের মৃত্যু হয়েছে।

মালাউন মোদি-যোগির রাজ্যে ক্ষুধার জ্বালায় ঘাস খাচ্ছে শিশুরা

ভারতে লকডাউন চলাকালীন খিদের জ্বালায় ঘাস খাচ্ছে শিশুরা। শুনে অদ্ভুত মনে হলেও এই ঘটনাটি ঘটেছে বাস্তবেই। আর সেটা খোদ দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির লোকসভা কেন্দ্র বারানসীতে।খবর-পুবের কলম।

আবার যোগী আদিত্যনাথের রাজ্যেও বটে, যিনি দেশের এই বিপদের সময়েও রামমন্দির নিয়ে সমানে রাজনীতি করে যাচ্ছেন। বারানসীর বড়াগাঁও এলাকার কৈরিপুর গ্রামের ছটি শিশুর নুন দিয়ে ঘাস খাওয়ার এই ছবি সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হলে স্থানীয় প্রশাসনের টনক নড়ে। মোদির লোকসভা এলাকায় এ হেন চিত্র ধরা পড়াতে তীব্র সমালোচনা শুরু হয়েছে দেশজুড়ে। অনেকে ব্যঙ্গ করে বলছেন, এটাই আমাদের প্রধানমন্ত্রীর 'সবকা সাথ, সবকা বিকাশ'।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মঙ্গলবার দেশজুড়ে ২১ দিনের লকডাউনের ঘোষণা করেন। দিন আনা দিন খাওয়া দরিদ্র মানুষরা চরম দুর্যোগের মধ্যে পড়েছে এই পরিকল্পনাহীন লকডাউনের ফলে। বুধবার ভিডিও কনফারেন্সে বারনাসীর মানুষদের সঙ্গে মনের কথাও বলেছেন মোদি।

কিন্তু গ্রামের মানুষদের খিদের কথা তিনি বোধহয় শোনার সময় পাননি। ভিডিও কনফারেন্স এবং করোনার প্রকোপে লকডাউনের সময়ে এহেন চিত্র সামনে আসায় বেজায় অস্বস্তিতে মোদি সরকার।

বুধবার ছয় শিশুকে মাটিতে বসে ঘাস ছিঁড়ে খেতে দেখা যায়। স্থানীয় ভাষায় একে 'আখড়ি' বলে। মুসাহার সম্প্রদায়ের ওই শিশুগুলির বয়স পাঁচ বছর। কৈরিপুরের মুসাহার বস্তিতে ওরা থাকে।

রানি, পুজা, নেরু, বিশাল, সোনি ও গোলু নামের ওই ৬ শিশু খিদে সহ্য করতে না পেরে ঘাস খাচ্ছিল, যা সাধারণত গবাদি পশুর খাদ্য। আরেকটি ভিডিওতে শিশুগুলিকে একটি প্লেট থেকে 'ফালিয়ান' নামক মটরদানা খেতে দেখা যায়। এটিও গবাদি পশুর খাবার।

এদের মধ্যে কয়েকটি বাচ্চার বাবা দিনমজুর। কয়েকজনের বাবা ভিক্ষাও করে।

ভিডিও আর ছবির মাধ্যমে ভাইরাল হওয়ার ফলে হয়তো ওই পরিবারগুলো কিছু খাবার পাবে। কিন্তু লকডাউনের এই দেশে এখন অনেক পরিবারেরই এই অবস্থা।

সরকারি 'মূর্খতা' জনগণকে আর কত দেখতে হবে

বাংলাদেশে যে করোনা আসতে পারে তা আগেই বুঝতে পেরেছিল আমজনতা।আর সরকারি কর্মকর্তাদের ব্যাপারে যেতেহু মনে করা হয় পরীক্ষায় অনেককে হারিয়ে ঐ চাকরি পেয়েছেন তাই আমজনতার চেয়ে তাঁরা বুদ্ধিমান, এটা ধরে নেয়া যায়। ফলে করোনার আগমনি ধ্বণি তাঁদের আরো বেশি শুনতে পাওয়ার কথা। কিন্তু তাঁদের কিছু কাজকর্ম দেখে মনে হচ্ছে, করোনার বার্তা পেয়েও তাঁরা কোন ধরণের প্রস্তুতি না নিয়ে বসেছিলেন। খবর-ডয়চে ভেলে

বেশি উদাহরণে না গিয়ে কিছু বিষয়ের কথা বলা যায়।

এক, সারাবিশ্বে যখন করোনাভাইরাস মহামারী আকারে ছড়িয়ে পড়ছিল, তখন তাঁরা কোন ধরণের প্রস্তুতি না নিয়ে মুজিববর্ষের নামে মুজিবপূজার নানা আয়োজনের শিডিউল তৈরিতে ব্যস্ত ছিল।

দুই, ঐসময় মহামারী আক্রান্ত বিভিন্ন দেশ থেকে আসা লোকদের কোনো প্রকার ট্রেসিং করা ছাড়াই দেশের আনাচে কানাচে ছড়িয়ে পড়ার সুযোগ দিয়েছে সরকার। কোনো ধরণের গাইডলাইনই দেওয়া হয়নি বিদেশফেরত এসকল প্রবাসীদের। এর মাধ্যমে বাংলাদেশে দাবানলের

মতো যে করোনা ছড়িয়ে পড়বে, অজস্র মানুষের জীবন হুমকির মুখে পড়বে সেসব নিয়ে কোনো চিন্তাই করেনি লুটেরা সরকার। তাগুত সরকারের এরূপ দায়িত্বজ্ঞানহীন আচরণের মূল্য দিতে হচ্ছে দেশবাসীকে।

তিন, স্কুল-কলেজ বন্ধ ঘোষণা করার সাথে সাথে গণপরিবহন বন্ধ না করে সরকারী ছুটি ঘোষণা করায় সিদ্ধান্তটি অদূরদর্শী ও আত্মঘাতী সিদ্ধান্তে পরিণত হয়। ফলে ঢাকা থেকে করোনার ভয় নয় ঈদ উৎসবের ন্যায় জনগণ বাদুড়ঝোলা হয়ে গণপরিবহন চেপে বাড়ি গিয়েছে। এতে গত কয়েকদিন যাবত বাস, লঞ্চ ও ট্রেনে ছিল উপচে পড়া ভিড়। বিশ্বের দেশে দেশে এই ভাইরাসটির সংক্রমণ দেখা মাত্রই সারাদেশ বা প্রদেশ লকডাউন করে ব্যাপকভাবে ছড়িয়ে পড়ার শংকায় প্রতিরোধ করেছে, তখন আমাদের দেশের জনগণ ঢাকা থেকে ঈদ উৎসবের ন্যায় লাখো লাখো ঘরমুখো যাত্রীর দেশব্যাপী যাতায়াতের কারণে এই ভাইরাসটি ব্যাপকভাবে ছড়িয়ে যায়।

চার, কোনো হাসপাতালেই করোনা প্রতিরোধের পর্যাপ্ত ব্যবস্থা নেই। কোয়ারেন্টাইনের জন্য নির্ধারিত অনেক হাসপাতালেরই একেবারে বেহাল দশা। বেড, লাইট, ফ্যান কিছুই ঠিকঠাক নেই, জানালার কাঁচ ভাঙ্গা। ১৭ কোটি মানুষের জন্য কেবল ২৯টা আইসিইউ। ঢাকা ছাড়া বাকি ৬৩ জেলার কোথাও নেই কৃত্রিম শ্বাস-প্রশ্বাসের যন্ত্র! ভাবা যায়! ডাক্তারদের পর্যাপ্ত সুরক্ষা উপকরণও সরবরাহ করছেনা সরকার, নিজের টাকায় কিনে নিতে বলছে। অল্পকিছু সুরক্ষা উপকরণ যা দিচ্ছে তা আবার ছাত্রলীগ বা আমলারা কেড়ে নিচ্ছে। চরম ঝুঁকির মধ্যে ফেলে দেওয়া হয়েছে ডাক্তারদের। নিজেদের দায়িত্ব পালনে ব্যর্থ সরকার ডাক্তারদের কড়াভাবে শাসিয়ে বলছে দায়িত্ব পালনে অবহেলা করলে কঠোর শাস্তি পেতে হবে। এমর্মে, স্থানীয় মন্ত্রণালয় সকালে একটি আদেশ জারির পর ঐ দিনই তা বাতিল করে। এছাড়া স্থানীয় অধিদপ্তরও একটি আদেশ স্থগিতের কথা জানায়।

আর স্বাস্থ্য মন্ত্রণালয়ের আদেশে কোনো নাগরিক চিকিৎসাসেবা না পেলে তাঁদের সেনাবাহিনীর তল্লাশি চৌকি বা থানার ওসিকে জানানোর পরামর্শ দেয়া হয়েছিল।

এ কেমন কথা! এই মহামারির সময়ে যে চিকিৎসকরা নিজেদের জীবনের ঝুঁকি নিয়ে কাজ করে যাচ্ছেন তাঁদেরকে সম্মান জানানোর পরিবর্তে তাঁদের বিরুদ্ধে অভিযোগ জানানোর পরামর্শ দিচ্ছে সরকারি কর্তৃপক্ষ, ভাবা যায়!

আর স্বাস্থ্য অধিদপ্তর তো আরেক কাঠি সরেস! তাদের চিঠিতে ব্যক্তিগত সুরক্ষা পোশাক (পিপিই) ছাড়াই করোনাভাইরাসের উপসর্গ আছে এমন রোগীকে প্রাথমিক চিকিৎসা দিতে চিকিৎসকদের নির্দেশ দেয়া হয়েছিল।

চার, বৃহস্পতিবার তথ্য মন্ত্রণালয়ের কর্মকর্তারা স্বাস্থ্য মন্ত্রণালয়ে তাঁদের সহকর্মীদের অনুসরণ করেন। তাঁরাও সকালে একটি পরিপত্র জারি করে সমালোচনার মুখে ঐ দিনই তা বাতিল করেন। ঐ পরিপত্রে করোনা ভাইরাস সংক্রমণের সংবাদ নিয়ে বেসরকারি টেলিভিশনগুলোতে কোনো গুজব ছড়ানো হচ্ছে কিনা জানতে ১৫ সরকারি কর্মকর্তাকে দায়িত্ব দেয়া হয়েছিল।

স্বাস্থ্য মন্ত্রণালয়ের আদেশে সই করেছিলেন স্বাস্থ্যসেবা বিভাগের উপসচিব রোকেয়া খাতুন। এমন আদেশকে 'মূর্খতা'র সঙ্গে তুলনা করেছেন তাঁর বিভাগেরই সচিব মো. আসাদুল ইসলাম। প্রথম আলোকে তিনি বলেছেন, "যা হয়েছে সেটা মূর্খতা। আদেশটি আমাকে না জানিয়ে করা হয়েছে। কীভাবে এই আদেশ এলো সে সম্পর্কে খোঁজখবর নেওয়া হচ্ছে। আমি জানার পরই আদেশটি বাতিল করে দিতে বলেছি।"

সচিব মহোদয়ের কাছে আমাদের প্রশ্ন, আপনাকে না জানিয়ে কীভাবে আপনার বিভাগ থেকে এ ধরনের একটি আদেশ জারি হলো? আমরা কি ধরে নিতে পারি যে, চিকিৎসকরা সমালোচনা করায় হয়ত আদেশটি আপনার চোখে পড়েছে এবং সমালোচনার কারণেই হয়ত আপনি তা বাতিল করতে তৎপর হয়েছেন? নাকি আপনাকে জানিয়েই আসলে আদেশটি জারি হয়েছিল, কিন্তু সমালোচনা হওয়ায় এখন অনেক বসদের মতোই তা অধঃস্তনদের ওপর চাপিয়ে দিলেন?

যা-ই হোক, আপনি আপনার মন্ত্রণালয়ের আদেশকে 'মূর্খতা' বলেছেন। আমরা আমজনতা আর ভবিষ্যতে এমন 'মূর্খতা' দেখতে চাই না। বিশেষ করে এমন মহাসংকটের সময় তো নয়ই।

সন্ত্রাসী দল আ.লীগের দু'পক্ষের সংঘর্ষে স্কুলছাত্রী নিহত

নরসিংদীর রায়পুরার দুর্গম চরাঞ্চল চাঁনপুর ইউনিয়নে আওয়ামী লীগের দু'পক্ষের সংঘর্ষে সোনিয়া (১৩) নামে এক স্কুলছাত্রী নিহত হয়েছে। আহত হয়েছেন আরও ১০ জন। তাদের স্থানীয় রায়পুরা, পাশের ব্রাহ্মণবাড়িয়া সদর ও কিশোরগঞ্জের ভৈরবের বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে। রায়পুরা থানার উপপরিদর্শক (অপারেশন) দেব দুলাল এসব তথ্য জানান। খবর-বাংলা ট্রিবিউন

নিহত সোনিয়া কালিকাপুর গ্রামের জালাল মিয়ার মেয়ে এবং সদাগরকান্দি উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্রী। শনিবার (২৮ মার্চ) রাত সাড়ে ৮টায় ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে তার মৃত্যু হয়। আহতরা হলেন—কালিকাপুর গ্রামের মৃত আব্দুল হাসিমের ছেলে শবুর মিয়া (৫০), সৈয়দ জামানের ছেলে জাকির মিয়া (৩৮), জিতু মোল্লার ছেলে ফরিদ মিয়া (৬০), জালাল মিয়া (৪০), মৃত তাহের মিয়ার স্ত্রী রুবিনা খাতুন (৬০), ছেলে হেলাল মিয়া (৩২), অন্তঃসত্ত্বা পুত্রবধূ মুক্ত আক্তার, শান্ত মিয়ার স্ত্রী আনু (৩৩), হযরত আলীর ছেলে মগল হোসেন (৩৮), ইনু মিয়ার ছেলে মাছুম (২৫) ও বাছেদ (৩২)।

স্থানীয়রা জানান, এলাকায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে চাঁনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বাবুল মিয়া এবং যুবলীগ নেতা নাসির খানের সমর্থকদের মধ্যে দীর্ঘ দিন ধরে বিরোধ চলে আসছে। এরই ধারাবাহিকতায় শনিবার সকালে হঠাৎ দু'পক্ষের লোকজন টেঁটা-বল্লমসহ দেশিয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। ঘণ্টাব্যাপী সংঘর্ষে এক স্কুলছাত্রীসহ দু'পক্ষের ১১ জন আহত হন। এ সময় ৬টি বাড়িঘরে ভাঙচুর চালানো হয়। পরে রাতে হাসপাতালে স্কুলছাত্রী মারা যায়।

কোয়ারেন্টাইনের ধার ধারছেন না কাণ্ডজ্ঞানহীন আ.লীগ নেতা ও প্রভাবশালীরা

খুলনার দিঘলিয়া উপজেলার কয়েকজন প্রভাবশালী আওয়ামী লীগ নেতার পরিবারের সদস্যরা কোয়ারেন্টাইনের ধার ধারছেন না। বিদেশ থেকে আসা এসব নেতা ও তাদের পরিবারের সদস্যরা প্রকাশ্যে ঘুরছেন।

যাচ্ছেন বিভিন্ন সামাজিক অনুষ্ঠানে, এমনকি উপাসনালয়েও তারা যাচ্ছেন। ফলে সাধারণ মানুষের মধ্যে চরম করোনা আতঙ্ক বিরাজ করছে। হোম কোয়ারেন্টাইন নিশ্চিতে নিয়োজিত পুলিশও তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিতে পারছে না।

বরিশাল টাইমসের সূত্রে জানা গেছে, গত ২২ মার্চ ভারতের ভ্যালোর থেকে চিকিৎসা নিয়ে ফিরেছেন দিঘলিয়ার মো. রফিকুল ইসলাম। তিনি হোম কোয়ারেন্টাইনের তোয়াক্কা না করেই ঘুরছেন প্রকাশ্যে। হাট-বাজারে ঘোরাফেরাসহ আজ শুক্রবার মসজিদে জুম্মার নামাজও আদায় করেছেন তিনি। অত্যন্ত প্রভাবশালী হওয়ায় তার বিরুদ্ধে ভয়ে মুখ খুলতে পারছেন না এলাকার কেউ। মো. রফিকুল ইসলাম প্রধানমন্ত্রীর এপিএস-২ এর ভগ্নিপতি বলে জানা যায়।

1997 সালে বিস্ফোরক দ্রব্য মামলায় ৫ বছরের সাজাপ্রাপ্ত আসামি রফিকুল ইসলামের কথা না শোনায় পুলিশ ও প্রশাসনের অনেককে বদলি ও হয়রানি হতে হয়েছে বলে অভিযোগ রয়েছে। শুক্রবার মসজিদে জুম্মার নামাজ আদায় করতে যাবার কথা স্বীকার করেন তিনি।

অপরদিকে এই উপজেলার সাবেক একজন প্রভাবশালী জনপ্রতিনিধি ও আওয়ামী লীগের নেতার মেয়ে ও জামাতা ৪/৫ দিন আগে করোনা আক্রান্ত ইতালি থেকে দেশে ফিরেছেন। তারাও প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছেন।

লকডাউন হয়ে যাওয়া ভারতে দুর্গতির শেষ নেই ভিনরাজ্যে যাওয়া শ্রমিকদের

অভুক্ত অবস্থায় মাইলের পর মাইল হেঁটে, মালাউন পুলিশের মার খেয়ে কোনওক্রমে গ্রামে পৌঁছবার পরেও বিপদ কাটছে না ভিন রাজ্য থেকে ফেরা শ্রমিকদের। গ্রামবাসীদের রোষের মুখে পড়তে হচ্ছে তাদের। খবর-ডয়চে ভেলে

কেউ ৮০ কিলোমিটার হেঁটে বাড়ি ফিরেছেন। কেউ হাঁটছেন ২০০ কিলোমিটার। এমনকী, পাঁচশো কিলোমিটার হেঁটে বাড়ি ফেরার চেষ্টা করেছেন কেউ কেউ। তাঁরা সবাই শ্রমিক। দৈনিক মজুরির ভিত্তিতে কাজ করেন। নিজের রাজ্য ছেড়ে, গ্রামের বাড়ি ছেড়ে ভিন রাজ্যে থাকেন। কেউ সপরিবার, কেউ বা একা। করোনার ফলে লকডাউন হয়ে যাওয়া ভারতে তাঁদের দুর্গতির শেষ নেই। একে তো খাবার নেই, থাকার জায়গা নেই, হেঁটে অভুক্ত অবস্থায় বাড়ি ফিরতে হচ্ছে। মাঝে মধ্যেই পুলিশের লাঠির বাড়ি খেতে হচ্ছে। বাড়ি ফিরেও নিস্তার নেই। গ্রামের লোক তাঁদের ঘরে যেতে দিচ্ছেন না। মারধর পর্যন্ত করছেন। হৃদয়হীন শহর তাঁদের পাশে দাঁড়ায়নি। নিজের গ্রামও আতঙ্কগ্রস্ত হয়ে তাঁদের ঠাঁই দিচ্ছে না। অবর্ণনীয় কষ্টের মধ্যে দিয়ে যাচ্ছেন তাঁরা।

করোনার ভয় বা আতঙ্কে লোক দিশেহারা। তাই প্রায় প্রতিটি রাজ্যেই এই ধরনের ঘটনা ঘটছে ঘরে ফেরা শ্রমিকদের সঙ্গে। ঝাড়খণ্ডে গ্রামে ফেরার পর এরকমই এক শ্রমিককে ধরে মারা হয়েছে। পশ্চিমবঙ্গের বীরভূমে একজন গ্রামবাসী ফেরার পর তাঁকে ঢুকতে না দিয়ে মেরেধরে গ্রাম থেকে বের করে দেওয়া হয়েছে। বর্ধমান জেলার কাটোয়ার অভিজ্ঞতা তো আরও খারাপ। তৃণমূল সাংসদ সুখেন্দু শেখর রায় ডয়চে ভেলেকে জানিয়েছেন, "পশ্চিমবঙ্গের অনেক কাগজেই খবর বেরিয়েছে, কাটোয়া পুরসভা উদ্যোগ নিয়ে বিহার থেকে আসা শ্রমিকদের তাদের রাজ্যে ফেরাতে যায়। তাঁদের বাসে করে নিয়ে যাওয়া হয়। কিন্তু বিহার পুলিশ ও প্রশাসন তাঁদের ঢুকতেই দেয়নি। তাঁরা আবার কাটোয়ায় ফিরে এসেছেন। পুরসভা এখন তাঁদের থাকা ও খাওয়ার

ব্যবস্থা করেছে। বিভিন্ন রাজ্যে হাজার হাজার শ্রমিক আটকে পড়েছেন। কেন্দ্রীয় সরকার বিদেশে আটকে থাকা ভারতীয়দের চার্টার্ড বিমানে করে নিয়ে আসতে পারেন, অথচ, এই শ্রমিকদের বাড়ি ফেরার ব্যবস্থা করতে পারেন না। আর দুই দিন ট্রেন চালালে কী ক্ষতি হত? অভিজ্ঞতা বলছে, বড়লোকরাই বিদেশ থেকে এই সংক্রমণ নিয়ে ফিরছেন। গরিবরাপরে তাঁদের সংস্পর্শে এসে আক্রান্ত হচ্ছেন।''

প্রকৃতপক্ষে, লকডাউনের সময় ভিন রাজ্যের শ্রমিকদের কথা মাথায় রাখা হয়নি বা রাখা যায়নি।অব্যাবস্থাপনার মাঝে তড়িঘড়ি কেন্দ্রকে ব্যবস্থা নিয়েছে। ফলে এই শ্রমিকরা অবর্ণনীয় কষ্টের মধ্যে পড়েছেন। কোনওক্রমে পায়ে হেঁটে যদি বা গ্রামে পৌঁছচ্ছেন, বাড়ি ঢুকতে পারছেন না। বাঁকুড়ায় একটি গ্রামের বাইরে 'প্রবেশ নিষেধ' নোটিশ সেঁটে দিয়েছেন গ্রামবাসীরা। তাঁরা গ্রামে আর কাউকে ঢুকতে দেবেন না। ভয়, যদি বাইরে থেকে আসা লোকেরা করোনার জীবাণু নিয়ে আসেন। আর যারা ভিন রাজ্যে থেকে যেতে বাধ্য হয়েছেন, তারাও করোনার বিপদ নিয়ে বাঁচছেন। খাবার পেতে গেলে তাঁদের পক্ষে সোস্যাল ডিসট্যান্সিং মানা সম্ভব হচ্ছে না।

তৃণমূলের সাংসদ মানস ভুঁইঞা ডয়চে ভেলেকে জানিয়েছেন, ''পশ্চিম মেদিনীপুরের সবংয়ে ভিন রাজ্য থেকে ১ হাজার ৯৩ জন এবং পিংলায় ৬৬২ জন ফিরেছেন। এখনও মুম্বই, চেন্নাই, হায়দরাবাদ, কেরালা, গোয়া, হরিদ্বারে মোট ৩৫০ জন সবংয়ের শ্রমিক আটকে পড়েছেন। চিকিৎসকদের সঙ্গে নিয়ে আমি গ্রামবাসীদের বুঝিয়েছি। যাঁরা ফিরেছেন, তাঁদেরও ঘরবন্দি হয়ে থাকতে বলেছি।'' এখানে না হয় মানসবাবু নিজে পেশায় চিকিৎসক ও দীর্ঘদিনের জনপ্রতিনিধি এবং তিনি সক্রিয় বলে অসুবিধা হচ্ছে না, কিন্তু অন্যত্র?

ভয়াবহ পরিস্থিতির মধ্য দিয়ে বাড়ি ফিরছেন এই শ্রমিকের দল। তেলেঙ্গানা থেকে রাজস্থান যাচ্ছিল দুটি বড় কনটেইনার ট্রাক। মহারাষ্ট্রের পুলিশ তাদের রুটিন পরীক্ষার জন্য থামায়। দেখা যায়, কনটেইনারে কোনও অত্যাবশ্যকীয় জিনিস নেই, গাদাগাদি করে আছেন ৩০০ শ্রমিক, এ ভাবেই তাঁরা রাজস্থানে নিজেদের বাড়ি ফিরছিলেন। ট্রাকের চালকদের পুলিশ গ্রেফতার করেছে। কিন্তু শ্রমিকদের নিয়ে কী করা হবে, তা এখনও স্থির করা যায়নি।

কতটা মরিয়া হলে তাঁরা এইভাবে ঘরে ফেরার চেষ্টা করেন তা সহজবোধ্য। নিজেদের পুঁজির টাকা সব ট্রাকচালককে দিয়ে ঝুঁকি নিয়েও ফিরছেন তাঁরা। যাঁরা মনে করছেন হাঁটতে পারবেন, তাঁরা হেঁটেই ফিরছেন। তাঁদেরও হেনস্থার শেষ নেই। গোয়ালিয়র থেকে উত্তরপ্রদেশের গ্রামে ফিরছিলেন কয়েকজন শ্রমিক। বদায়ুঁতে পুলিশের কনস্টেবল তাঁদের প্রথমে হামাগুড়ি দিতে বলে। তারপর ব্যাঙের মতো লাফাতে বলে। সামাজিক মাধ্যমের কল্যাণে সেই ভিডিও ভাইরাল হয়েছে।

আবার ব্যতিক্রমও যে নেই তা নয়। গাজিয়াবাদ থেকে উত্তরপ্রদেশেই গ্রামে ফিরছিলেন রাজেশ কুমার সহ কয়েকজন। কিন্তু রাস্তায় লোকে সাহায্য করেনি এই ভেবে যে, গাজিয়াবাদ থেকে তাঁরা নিশ্চয়ই করোনা ভাইরাস নিয়ে ফিরছেন। লখিমপুর খিরি পৌঁছলে পুলিশ তাঁদের স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা করে। তারপর খেতে দেয়। আবার মেদিনীপুরের একটি গ্রামে ভিন রাজ্য থেকে শ্রমিকরা বাড়ি ফেরার পর রীতিমতো মাইক বাজিয়ে নাচাগানা করে পার্টিও করেছেন গ্রামবাসীরা। করোনার সময়ে এটাও দায়িত্বজ্ঞানহীন আচরণ।

২৮শে মার্চ, ২০২০

এবার মিরপুরে গার্মেন্টস খোলা রাখায় শ্রমিকদের আন্দোলন

করোনা আতঙ্কের মধ্যেও রাজধানীর মিরপুরে একটি গার্মেন্টস খোলা রাখায় সড়কে নেমে আন্দোলন করেছে শ্রমিকরা।

আজ শনিবার দুপুরে মিরপুর দুই নম্বর এলাকার বড়বাগে সিরাজগঞ্জ ফ্যাশন নামে একটি গার্মেন্টসে এ ঘটনা ঘটেছে।

আমাদের সময় বরাতে জানা যায়, বিজিএমইয়ের আহ্বানের পরও ওই গার্মেন্টস বন্ধ করা হয়নি। তাই করোনা আতঙ্কে সিরাজগঞ্জ ফ্যাশন নামের ওই গার্মেন্টসের শ্রমিকেরা আন্দোলন করছে।

ছুটি পেয়ে আন্দোলনকারী গার্মেন্টস শ্রমিকেরা চলে গেছে বলেও জানা যায়।

করোনাভাইরাসে আক্রান্ত মার্কিন কংগ্রেসের ৫ সদস্য

যুক্তরাষ্ট্রে কংগ্রেসের আরও দুই সদস্যের শরীরে করোনাভাইরাস ধরা পড়েছে। এ নিয়ে মোট পাঁচজন কংগ্রেস সদস্য করোনাভাইরাসে আক্রান্ত হলেন।

গতকাল শুক্রবার করোনাভাইরাসে শনাক্ত চতুর্থ ও পঞ্চম কংগ্রেস সদস্য হলেন জো কানিংহাম ও মাইক কেলি।

খবরঃ আমাদের সময়

সাউথ ক্যারোলিনার ডেমোক্রেট নেতা জো কানিংহাম মার্চের ১৯ তারিখ থেকে কোয়ারেন্টিনে রয়েছেন। এরপর গতকাল শুক্রবার করোনা পজেটিভ আসে তার।

অন্যদিকে পেনসিলভানিয়ার রিপাবলিকান নেতা মাইক কেলি এক সপ্তাহ যাবত ফ্লুর মতো লক্ষণ ছিল তার শরীরে। পরীক্ষার পর করোনা ধরা পড়ে।

এর আগে, র‍্যান্ড পল, মারিও ডিয়াজ ও বেন ম্যাকএডামস নামে তিনজন কংগ্রেস সদস্য করোনাভাইরাসে আক্রান্ত হিসেবে শনাক্ত হয়েছিলেন। এ ছাড়াও আরও ২০ জনের বেশি কংগ্রেস সদস্য সেল্ফ কোয়ারেন্টিনে রয়েছেন।

এদিকে, গতকাল শুক্রবার হাউজ অব রিপ্রেজেন্টিভের জন্য অর্থনৈতিক ত্রাণ হিসেবে ২.২ ট্রিলিয়ন মার্কিন ডলারের একটি বিল পাস করেছে মার্কিন সিনেট।

ব্রিটিশ প্রধানমন্ত্রীর করোনার খবর শুনেই পালিয়ে গেলো উপদেষ্টা

ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। করোনা পরীক্ষার ফল পজিটিভ আসার খবর গতকাল শুক্রবার এক ভিডিও বার্তায় নিজেই জানিয়েছেন ৫৫ বছর বয়সী জনসন।

এদিকে, জনসনের করোনা আক্রান্তের খবর শুনে প্রধানমন্ত্রীর কার্যালয় ১০ নম্বর ডাউনিং স্ট্রিটের পেছনের দরজা দিয়ে পালিয়ে গেছেন তার সিনিয়র উপদেষ্টা ডমিনিক কামিংস।

স্থানীয় সময় শুক্রবার সকালে করোনাভাইরাস সংক্রান্ত কোভিড-১৯ রোগে আক্রান্ত হওয়ার খবর জানিয়ে বরিস জনসনের টুইট করার কিছুক্ষণ আগে অন্য কর্মকর্তাদের পাশাপাশি সিনিয়র উপদেষ্টা ডমিনিক কামিংসও তার কার্যালয়ে ছিলেন।

প্রধানমন্ত্রীর করোনায় আক্রান্ত হওয়ার খবর শুনেই তিনি হন্তদন্ত হয়ে কাউকে কিছু না বলে পেছনের দরজা দিয়ে বের হয়ে ছুটতে থাকেন। পালিয়ে যাওয়ার সময় তার কাঁধে ল্যাপটপ ব্যাগ ঝোলানো ছিল।

সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়া সিসিটিভির একটি ফুটেজে দেখা যায়, বা হাতে একটা ব্যাগ কোনোরকমে চেপে ধরে ডমিনিক কামিংস ছুটে পালিয়ে যাচ্ছেন।

ডমিনিক কামিংসের বরাত দিয়ে স্কাই নিউজের খবরে বলা হয়, করোনাভাইরাসের প্রাদুর্ভাব শুরু হওয়ার পর সাম্প্রতিক সপ্তাহগুলিতে লন্ডনের আন্ডারগ্রাউন্ড এড়ানোসহ বিশেষভাবে সতর্কতা অবলম্বন করছিলেন কামিংস। এই অবস্থায় প্রধানমন্ত্রী করোনায় আক্রান্ত হওয়ার খবর শুনেই দ্রুত ১০ নম্বর ডাউনিং স্ট্রিট ত্যাগ করেন। রিপোর্ট আমাদের সময়

এদিকে প্রধানমন্ত্রী বরিস জনসন করোনায় আক্রান্ত হওয়ার পর তার মন্ত্রিসভার আরেক সদস্য করোনায় আক্রান্ত হয়েছেন। ব্রিটিশ স্বাস্থ্যমন্ত্রী ম্যাট হ্যানকক শুক্রবার এক টুইট বার্তায় তার করোনা পজিটিভ হওয়ার খবর জানিয়েছেন।

এছাড়া যুক্তরাজ্যের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ক্রিস হুইটির শরীরেও করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার লক্ষণ দেখা দিয়েছে। প্রথম দু'জনের টেস্ট রেজাল্ট পজেটিভ এলেও হুইটির বিষয়টি এখনও নিশ্চিত নয়। তবে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে তিনি নিজেই সাত দিনের সেলফ-আইসোলেশনে গেছেন।

অব্যবস্থাপনার কারণে বিদেশফেরত অনেককেই খুঁজে পাচ্ছে না আওয়ামী দালাল পুলিশ

দেশের বাইরে থেকে আসা ব্যক্তিদের অনেকেরই খোঁজ পাচ্ছে না পুলিশ। পুলিশের কাছে ইমিগ্রেশন থেকে আসা তালিকায় ঝিনাইদহ জেলার কোটচাঁদপুর ও মহেশপুর উপজেলাতে এ পর্যন্ত ৭১৩ জন দেশের বাইরে থেকে এলাকাতে এসেছেন। অথচ পুলিশ এ দুটি থানাতে সর্ব মোট ৫৩৭ জনের সন্ধান পেয়েছেন বলে সংশ্লিষ্ট থানাগুলো থেকে কালের কণ্ঠকে জানানো হয়েছে। বাকিদের নাম-ঠিকানা সঠিক নয় বলে দাবি করেছে পুলিশ।

কোটচাঁদপুর থানার সেকেন্ড অফিসার মনির হোসেন বলেন, এ পর্যন্ত কোটচাঁদপুর উপজেলাতে ২০৫ জন দেশের বাইরে থেকে এসেছেন। এদের মধ্যে আমরা ১৬১ জনের হদিস পেয়েছি। অপরদিকে পার্শ্ববর্তী মহেশপুর থানার ওসি মোরশেদ হোসেন খান বলেন, এ উপজেলাতে ৫০৮ জন বাইরের দেশ থেকে এসেছেন বলে আমরা ইমিগ্রেশন থেকে লিস্ট পেয়েছি। তাদের মধ্যে ৩৭৬ জনের সন্ধান পেয়েছি। বাকিদের নাম-ঠিকানা সঠিক নয়।

আবারও জায়েজ বিয়ে ভেঙে দিল তাগুত বাহিনী, কনের পিতাকে সাজা

মাদারীপুরের তাগুত, রাজৈরে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও মহিলা বিষয়ক কর্মকর্তা শুক্রবার বন্ধ করে দিয়েছে শরীয়ার আলোকে একটি বিয়ের আয়োজন। দশম শ্রেণির ছাত্রীকে বিয়ে দিচ্ছিলেন পিতা ইউসুব মাতুবর। একজন মুসলিম হিসেবে জায়েজ বিয়ে দিয়েও তাকে ৪০ হাজার টাকা জরিমানা অনাদায়ে ৬মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছে তাগুত বাহিনীর ভ্রাম্যমান আদালত। উপজেলার টেকেরহাট আবাসিক এলাকার একটি ভাড়া বাসায় ছিল এ বিয়ের আয়োজন।

কালের কন্ঠের সূত্র জানায়, শুক্রবার টেকেরহাট শহীদ সরদার সাজাহান বালিকা উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেনীর এক স্কুল ছাত্রীর বিয়ের দিন ধার্য ছিল। এ বিষয়ে জানতে পেরব রাজৈর উপজেলা নির্বাহী কর্মকর্তা তাগুত সোহানা নাসরিন ও মহিলা বিষয়ক কর্মকর্তা মাহমুদা আক্তার কনা টেকেরহাট বন্দর আবাসিক এলাকার বাসাটিতে হাজির হয়। বিয়ের অনুষ্ঠান বন্ধ করার পাশাপাশি ছাত্রীর পিতাকে ৪০ হাজার টাকা জরিমানা অনাদায়ে ৬মাসের বিনাশ্রম কারাদণ্ড দেয়া হয়।

খোরাসান | ইমারতে ইসলামিয়ার হাতে ১০৪ আফগান সেনার আত্মসমর্পণ!

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের দাওয়াহ বিভাগের দায়িত্বরত তালেবান মুজাহিদিন আফগান বাহিনীর মাঝে জোরদার দাওয়াতী কার্যক্রম চালাচ্ছেন।

আলহামদুলিল্লাহ্, মহন আল্লাহ তা'আলার অনুগ্রহে দাওয়াহ বিভাগের তালেবান মুজাহিদদের জোরদার মেহনতের ফলে ২৮ মার্চ আফগানিস্তানের ঘৌর প্রদেশের "শাহরাক" জেলা কমান্ডার 'খান সাহেব' সহ ৭৫ আফগান সৈন্য তালেবান মুজাহিদদের নিকট আত্মসমর্পণ করে। এবং তালেবানদের বিরুদ্ধে কুফ্ফার বাহিনীকে সহায়তা না করার ওয়াদা করে।

একইভাবে দাওয়াহ বিভাগের মেহনতের বরকতে বলখ প্রদেশের ৩টি এলাকা হতে আরো ২৯ আফগান সৈন্য তালেবানদের নিকট আত্মসমর্পণ করে।

এবার কুষ্টিয়ায় ওয়ার্ডবয় দ্বারা প্রসূতির অপারেশন!

কুষ্টিয়ার খোকসায় একটি ক্লিনিকে ওয়ার্ডবয় ডাক্তার সেজে প্রসূতির সিজার অপারেশন করার সময় হাতেনাতে ধরা পড়েছে।

প্রসূতির পরিবার ও যায়যায়দিন সূত্রে জানা গেছে, সন্তান সম্ভবা শ্রাবন্তীর (২৫) প্রসব বেদনা দেখা দিলে বুধবার সকালে পরিবারের সদস্যরা তাকে খোকসা উপজেলা স্বাস্থ্য কমপেস্নক্সে ভর্তি করে। স্বাস্থ্য কমপেস্নক্সের এক সিনিয়র স্টাফ নার্স ও স্থানীয় এক দালালের খপ্পরের পরে বৃহস্পতিবার ভোরে শ্রাবন্তীকে স্থানীয় আইডিয়াল হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারে স্থানান্তর করা হয়। রাত ৯টায় প্রসূতির অবস্থা খারাপ হলে তাকে অপারেশন থিয়েটারে নিয়ে ক্লিনিকের ওয়ার্ডবয় নোমান (৩০) ও নার্স রেশমা (২২) অপারেশন শুরু করেন।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্ত ডা. কামরুজ্জামান জানান, তার স্বাস্থ্য কমপেস্নক্সের একজন সিনিয়র স্ট্যাফ নার্স এ চক্রের সঙ্গে জড়িত।

এক সপ্তাহে ৩৩ লাখ বেকার যুক্তরাষ্ট্রে

করোনাভাইরাসের প্রভাবে স্থবির হয়ে পড়েছে পুরো বিশ্ব। যার প্রভাব পড়েছে বিশ্ব অর্থনীতিতে। বিশ্বজুড়ে চাকরি হারাচ্ছে অসংখ্য মানুষ। করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যায় গত ২৪ ঘণ্টায় চীন ও ইতালিকে ছাড়িয়ে গেছে যুক্তরাষ্ট্র। দেশটিতে এখন মোট আক্রান্তের সংখ্যা ৮৩ হাজার ১১৩ জন, যা গোটা বিশ্বের মধ্যে সর্বোচ্চ। গত ২৪ ঘণ্টায় দেশটিতে নতুন রোগী শনাক্ত হয়েছেন প্রায় ১৫ হাজার এবং মারা গেছেন ১৭১ জন।

এর প্রভাব পড়েছে যুক্তরাষ্ট্রের চাকরির বাজারে। লাখো মানুষ বেকার হয়ে পড়ছেন। করোনাভাইরাসের প্রকোপ মোকাবিলা করতে 'লকডাউন' করায় চাকরি হারিয়েছে অসংখ্য মানুষ। দেশটির শ্রম বিভাগের তথ্য অনুযায়ী, ১৪ থেকে ২১ মার্চ পর্যন্ত এক সপ্তাহে ৩৩ লাখ মানুষ বেকারভাতার জন্য আবেদন করেছেন, যা অতীতের সব রেকর্ড ছাড়িয়ে গেছে।

এর আগে ১৯৮২ সালে এক সপ্তাহে ৬ লাখ ৯৫ হাজার মানুষ বেকারভাতার আবেদন করেছিল। এবার তার পাঁচগুণ বেশি মানুষ এ ভাতার জন্য আবেদন করেছেন।

বিশ্লেষকরা বলছেন, পরিস্থিতি এর চেয়েও খারাপ হতে পারে। কারণ যুক্তরাষ্ট্রে করোনাভাইরাস পরিস্থিতি এখনো নাজুক। বাণিজ্যিক কার্যক্রম স্তিমিত। গাড়ি নির্মাতারা কাজ বন্ধ রেখেছেন, বিমান ভ্রমণ কমেছে উলেস্নখযোগ্য হারে।

অর্থনীতিবিদরা বলছেন, মার্কিন জনগণের এক-পঞ্চমাংশ এখন লকডাউন পরিস্থিতিতে আছে। কয়েক সপ্তাহ আগেও যুক্তরাষ্ট্রে বেকারত্বের হার ছিল ৫০ বছরের মধ্যে সর্বনিম্ন। সামনের সময়ে দেশটির শ্রমবাজার আরও শক্তিশালী হবে এমনটাই আশা ছিল অর্থনীতিবিদদের।

তবে বৈশ্বিক মহামারি করোনাভাইরাসে দেশটির পরিস্থিতি সম্পূর্ণ ওলটপালট হয়ে গেছে। গত সপ্তাহে সর্বোচ্চ ৩৩ লাখ মানুষ বেকারভাতার আবেদন করেন। বিশেষজ্ঞরা মনে করছেন, দেশটিতে বেকারত্বের হার ১৩ শতাংশ ছাড়িয়ে যেতে পারে।

উন্নয়নের আসল চিত্র ফাঁস, নির্মাণের এক বছরেই সড়কে ধস

নোয়াখালী জেলার স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন চাটখিলের খিলপাড়া-ইট পুকুরিয়া সড়ক সংস্কারের পর এক বছর অতিবাহিত হতে না হতে এর বিভিন্ন স্থান ধসে পড়েছে। এতে করে এই সড়ক দিয়ে প্রতিনিয়ত চলাচলকারী বিভিন্ন যানবাহন, শিক্ষার্থী ও জনসাধারণ চরম দুর্ভোগ পোহাচ্ছে।

খোঁজ নিয়ে জানা গেছে, খিলপাড়া থেকে দেলিয়াই সড়কটি দীর্ঘ চার কিলোমিটার। এখানে গত বছর সংকরপুর গ্রামের হুমায়ুন কবির ম্যাজিস্ট্রেটের বাড়ির সামনে থেকে পশ্চিম দেলিয়াই পর্যন্ত ২ কিলোমিটার সড়ক সংস্কার করা হয়। সংস্কারের সময় অত্যন্ত নিম্নমানের সামগ্রী ব্যবহার এবং নিয়ম অনুযায়ী কাজ করা হয়নি, ব্যাপক দুর্নীতি ও অনিয়ম হয়েছে। এতে করে এক বছর অতিবাহিত না হতে সড়কটি মাঝে মধ্যে ধসে গেছে। সড়কের দুই পাশে ১০-১২ স্থান ধসে পড়ে পাশের জমি এবং খালের সঙ্গে মিশে গেছে। এ সড়ক দিয়ে প্রতিনিয়ত শতাধিক হালকা যানবাহন, স্কুল-কলেজ ও মাদ্রাসার ২ শতাধিক শিক্ষার্থী ও ৫ শতাধিক লোকজন চলাচল করে থাকে। সড়কের বিভিন্ন স্থান ধসে পড়ায় চলাচলে অনেক দুর্ভোগ পোহাতে হচ্ছে। খবরঃ যায়যায়দিন

উপজেলা এলজিইডি নির্বাহী প্রকৌশলী আব্দুর রহিম জানান, তিনি এখানে এসেছেন অল্প কয়েকদিন হয়েছে। তিনি এ ব্যাপারে কিছুই জানেন না।

দিল্লিতে লকডাউনে সব্জির গাড়ি উল্টে পুলিশের তাণ্ডব, ভিডিও ভাইরাল

করোনাকে ঠেকাতে গোটা ভারত জুড়ে ২১ দিনেরৎ লকডাউন শুরু হয়েছে। কিন্তু লকডাউনে সাধারণ মানুষের উপর একাধিক জায়গায় পুলিশি তাণ্ডবের ছবি প্রকাশ্যে এসেছে। কোথাও

কানধরে উঠবোস, কোথাও রাস্তায় গড়াগড়ি আবার কোথাও লাঠিচার্জ। পুলিশের এমন অমানবিক কর্মে দেশজুড়ে নিন্দার ঝড় বইছে। এমনকি বুধবার সন্ধ্যায় এরাজ্যের হাওড়ার সাঁকরাইলে পুলিশের মারে এক যুবকের মৃত্যু হয়েছে। খবর-টিডিএন বাংলা

https://twitter.com/mukeshmukeshs/status/1243083264807452674

লকডাউনের মধ্যে এরকমই আরেক ভিডিও সামনে এসেছে। দিল্লি পুলিশের এক কনস্টেবল অমানবিক আচরণ করেছেন সবজিওয়ালার সঙ্গে। ভিডিওতে দেখা গেছে, ইউনিফর্ম না পরা অবস্থাতেই সবজির থলি উল্টে দিচ্ছে। রাজবীর নামের সেই অভিযুক্তের এই কীর্তি ভাইরাল হয়েছে।

জানাগেছে, ঘটনাটি দিল্লির রঞ্জিত নগর অঞ্চলের। বুধবার রাজবীর লকডাউন সরেজমিন তদন্তে ইউনিফর্ম ছাড়াই পথে নামে। তারপরেই অত্যাচার চালায় দুই দরিদ্র সবজি বিক্রেতার ওপর। তাঁরা রুটি ঐর সবজি বিক্রি করছিলেন। তাঁদের গাড়ি উলটে দেয় সে। জোড়হাতে মিনতি করেও রেহাই পাননি তাঁরা। পুরো ঘটনা এক প্রত্যক্ষদর্শী মোবাইলে ভিডিও করে নেন।

পুলিশী তাণ্ডব থেকে রেহাই পাচ্ছে না জীবিকার প্রয়োজনে রাস্তায় বের হওয়া শ্রমজীবী মানুষও

করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য ২৪ তারিখ থেকেই দেশে সেনা মোতায়েন করা হয়েছে। পুলিশকেও দেওয়া হয়েছে করোনার বিস্তার রোধে জনসমাগম বানচাল করে দেওয়ার দায়িত্ব।

দেশের বিভিন্ন স্থানে মাস্ক না পরা বা বাইরে বের হওয়ার জন্য পুলিশের লাঠিপেটা,কান ধরে থাকার দৃশ্য স্থানীয় গণমাধ্যমে দেখা যাচ্ছে। খবর: বিবিসি বাংলা

সাধারণ মানুষের সাথে পুলিশের এ'ধরণের আচরণ নিয়ে বিভিন্ন মহলে ক্ষোভ সৃষ্টি হয়েছে।

কক্সবাজারের টেকনাফের একজন মুদি দোকানদার নাম প্রকাশ না করার শর্তে বলেছেন, গতকাল তিনি পুলিশের মার খেয়েছেন।

"আমি সকালে বাসা থেকে বের হয়ে দোকানের দিকে যাচ্ছিলাম। হঠাৎ করে টহলরত পুলিশ আমার দিকে তেড়ে আসে আমাকে বলে বাইরে বের হয়েছিস কেন? এই বলে আমাকে মারতে থাকে। তারা আমার উত্তরের অপেক্ষা না করেই মারে," তিনি বলেন।

"আমি দোকানে যাচ্ছি, দোকান খোলার জন্য সেটা তো অন্যায় না। এখন আমার কাছে জানতে চেয়ে উত্তর তাদের মন মত না হলে ব্যবস্থা নেবে। কিন্তু কিছু না শুনেই মারা শুরু করে। এ কেমন কথা," তিনি বলেন।

ফেরদৌস জাহান (ছদ্ম নাম) নামে একজন নারী একটি ব্যাংকে চাকরি করেন।

সব সরকারি বেসরকারি অফিস বন্ধের ঘোষণা হলেও ব্যাংকগুলোকে সীমিত আকারে তাদের কার্যক্রম চালিয়ে যেতে বলেছে।

এখন ফেরদৌস জাহান বলছেন, তাকে অফিস করতে হচ্ছে। কিন্তু তিনি ভয় পাচ্ছেন রাস্তায় যেভাবে পুলিশ পেটাচ্ছে তাতে করে তিনি বের হলে আইনশৃঙ্খলা বাহিনীর দ্বারা যদি হেনস্থার শিকার হন।

" যারা অফিস করতে বাধ্য, যেমন আমার মত তারা রাস্তাঘাটে পুলিশ পেটোয়া বাহিনী দিয়ে হেনস্থা হইলে তার দায়ভার নিবে কে?" তিনি প্রশ্ন করেন।

তিনি খুব ক্ষোভের সঙ্গে বলছিলেন "আর এই পেটুয়া বাহিনীর হাত থেকে নিস্তার পেতে কোন নম্বরে কল দিতে হবে সেটাও জানতে চাই"।

ভিড়, জটলা বানচাল করতে কোথাও কোথাও পুলিশকে বেশ আগ্রাসী দেখা গেছে। সামাজিকমাধ্যমে ছড়িয়ে পড়েছে পুলিশ এবং সেনাদের কিছু অমানবিক আচরণ। সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া বিভিন্ন ছবি এবং ভিডিওতে দেখা গেছে, মাস্ক না পরার কারণে মানুষকে পেটানো হচ্ছে। জীবিকার প্রয়োজনে রাস্তায় বের হওয়া শ্রমজীবী মানুষও রেহাই পায়নি পুলিশের তাণ্ডব হতে। পুলিশ-সেনার এই আগ্রাসী ভূমিকার জন্য দেশজুড়ে তাদের নিন্দাও হচ্ছে বেশ।

মানুষ পেটানোকে দেশে শুদ্ধ রাজনীতি এবং আইনের শাসনের অনুপস্থিতির খণ্ডচিত্র আখ্যা দিয়ে ইসলামি চিন্তাবিদ ড. আহমদ আবদুল কাদের বলেন, এটা চরম অমানবিক এবং বর্বর আচরণ। পুলিশ এবং সেনা মোতায়েন করা হয়েছে সঠিক পন্থায় পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য। কিন্তু দেখা যাচ্ছে অন্যায় কঠোরতা প্রয়োগ করে তারা পরিস্থিতি আরও উত্তেজিত করে তুলছেন।

করোনা ছড়িয়ে পড়ার তিনমাসেও দেশের মানুষের মাঝে সচেতনতা সৃষ্টি না হওয়ার দায় সরকারের মন্তব্য করে তিনি বলেন, সরকার যথেষ্ট সময় পাওয়ার পরও করোনা নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ নেয়নি। এখন দেশব্যাপী করোনা ছড়িয়ে পড়ার পর পুলিশ-সেনা উগ্র আচরণ করছে।

শ্রমজীবী মানুষ যারা নিতান্তই জীবীকার জন্য রাস্তায় বেরিয়েছিল তাদের পিটিয়ে কলঙ্কজনক দৃষ্টান্ত স্থাপন করেছে।

এদিকে এ ঘটনার তীব্র নিন্দা জানিয়ে অপর ইসলামি চিন্তাবিদ মারকাযুদ্দাওয়া আল ইসলামিয়া ঢাকার শিক্ষক মাওলানা যাকারিয়া আবদুল্লাহ বলেন, পুলিশ-সেনার উচিত ছিল কার্যকর পদক্ষেপ নেওয়া। কিন্তু তারা সীমা অতিক্রম করে জনগণকে লাঠিপেটা করেছে। এটা চরম হতাশাজনক ঘটনা।

শ্রমজীবী মানুষকে ঘরে অবস্থানের আহ্বান জানানোর আগে তাদের জীবীকা নিশ্চিত করতে হবে মন্তব্য করে মাওলানা যাকিরায়া আবদুল্লাহ বলেন, এ ব্যাপারে সরকারি উদ্যোগ প্রয়োজন। যেমন ভারতের বিভিন্ন রাজ্য, পাকিস্তান এবং কানাডা সহ ইউরোপের বিভিন্ন দেশে দেখা গেছে। বাংলাদেশ সরকারের এরকম জরুরী পদক্ষেপ গ্রহণ প্রয়োজন। তবে পাশাপাশি মানবিক এই সঙ্কটের মুহূূর্তে যেন দুর্নীতি না হয় সে ব্যাপারেও প্রশাসনের নজরদারি করা প্রয়োজন বলে মন্তব্য করে তিনি। খবর: ইসলাম টাইমস

মাওলানা যাকারিয়া আবদুল্লাহ বলেন, সরকারের পাশাপাশি আল্লাহ আমাদের যাদের সামর্থ দিয়েছেন তাদেরও উচিত এই সঙ্কটময় মুহূর্তে দরিদ্র প্রতিবেশীর সাহায্যে এগিয়ে যাওয়া। তবে অবশ্যই সমাগম এড়িয়ে সচেতনভাবে এ কার্যক্রম পরিচালনা করা উচিত বলে মনে করেন তিনি

বরগুনায় আওয়ামী দালাল ওসির কক্ষ থেকে যুবকের ঝুলন্ত লাশ উদ্ধার

বরগুনার আমতলী থানার পুলিশ পরিদর্শকের (তদন্ত) কক্ষ থেকে এক যুবকের ঝুলন্ত লাশ উদ্ধার করা হয়েছে। শানু হাওলাদার নামের ওই যুবককে হত্যা মামলার সন্দেহভাজন আসামি হিসেবে আটক করা হয়েছিল।

বৃহস্পতিবার সকালে থানার পরিদর্শক (তদন্ত) মনোরঞ্জন মিস্ত্রির কক্ষ থেকে তার লাশ উদ্ধার করা হয়। শানু হাওলাদার আমতলী উপজেলার পশ্চিম কলাগাছিয়া গ্রামের হযরত আলীর ছেলে।

শানুর পরিবারের অভিযোগ, বুধবার রাতে হত্যার পর তার লাশ ওই থানার পরিদর্শক (তদন্ত) মনোরঞ্জন মিস্ত্রি ও ডিউটি অফিসার এএসআই মো. আরিফুর রহমান ঝুলিয়ে রাখেন।

বরগুনার আমতলী থানা পুলিশের ওসির (তদন্ত) কক্ষ থেকে মোহাম্মদ শানু হাওলাদার নামের এক যুবকের ঝুলন্ত মরদেহ উদ্ধারের ঘটনায় মুখ খুলেছেন সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার সৈয়দ সায়েদুল হক সুমন।

শুক্রবার (২৭ মার্চ) ফেসবুক লাইভে এসে এ বিষয়ে তিনি বলেন, 'আমি সারাজীবন শুনে আসছি মৃত্যুর ভয় নাকি অমানুষকেও কিছু সময়ের জন্য মানুষ করে দেয়। কিন্তু আমার কাছে আজ মনে হয়েছে যে বরগুনার আমতলী থানার ঘটনা যেখানে শানু হাওলাদার নামের একজনকে পিটিয়ে মারার অভিযোগ উঠেছে। আমি তার ঝুলন্ত লাশ দেখলাম ফেসবুকে।

এই আইনজীবী বলেন, 'পুলিশের কিছু সদস্য আছে, তারা কি মৃত্যুর ভয়ের মুখোমুখি হয়েও কি মানুষ হবে না? এই যে বরগুনা থানার ওসির বিরুদ্ধে অভিযোগ, শানু হাওলাদারের ফ্যামিলির কাছে তিন লাখ টাকা চেয়েছিলেন। কিন্তু তার পরিবার টাকা দিতে পারেনি। মাত্র ১০ হাজার টাকা দিয়েছে এ জন্য আপনারা পিটিয়ে মেরে ফেলছেন। আমার কাছে লজ্জা লাগে। আমার কাছে মাঝেমধ্যে মনে হয়, এসব মানুষের কারণে করোনা আমাদের কাউকে মাফ করবে না। আবার এটাও মনে হয়, যারা এসব অপরাধ করে তাদের যদি করোনা নিয়েও যায় সঙ্গে যদি আমাকেও নেয় আমিও চলে যেতে চাই। তাও যদি বাংলাদেশটা মুক্তি পায়।'

তিনি বলেন, আমার মনে হয়, নেতাদের কন্ট্রিবিউশন ছাড়া একজন ওসি এত শক্তি পায় না। আমার বিশ্বাস বরগুনার নেতাদের যারা আপনাদেরও এখানে কন্ট্রিবিউশন আছে। আপনারা কোনো না কোনোভাবে এ ওসির কাছ থেকে সুবিধা পাচ্ছেন। আমি আমার এলাকাতেও গিয়ে দেখেছি, রাজনৈতিক নেতাদের যদি ছত্রচ্ছায়া না থাকে তাহলে একজন ওসি এতটা সাহস পায় না।

ব্যারিস্টার সুমন বলেন, 'আপনি হত্যা, নির্যাতন বাদ দেন একটা মানুষ ওসির রুমে আত্মহত্যা করার সুযোগ কেমনে পায়। আপনি ওসি সামান্য কয়টা টাকার জন্য এই কাজটা করলেন। পুরো বাংলাদেশকে বেচে দেয়ার জন্য আপনার এক মিনিটের ব্যাপারও না।'

দুই বৃদ্ধকে কান ধরে কেন এই ওঠবস, সদুত্তর নেই এসির

প্রশাসনের একজন সহকারী কমিশনার বয়স্ক দুই ব্যক্তিকে কান ধরে ওঠবস করাচ্ছেন। পেছনে দুই পুলিশ সদস্য ও আরও একাধিক ব্যক্তি। তিনি নিজেই আবার ওই ঘটনার ছবি তুলছেন। এমন এক ছবি গতকাল শুক্রবার সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়ে আলোড়ন তোলে। প্রশাসনের দায়িত্বশীল সূত্র বলেছে, এমন কাণ্ড ঘটানোর বিষয়ে কোনো সদুত্তর দিতে পারেননি ওই কর্মকর্তা।

যশোরের মনিরামপুর উপজেলার চিনেটোলা বাজারে এ ঘটনা ঘটে। যে সহকারী কমিশনার (ভূমি) এই ঘটনা ঘটিয়েছেন, তাঁর নাম সাইয়েমা হাসান। জানা গেছে, বিসিএস ৩৪তম ব্যাচের এই কর্মকর্তা ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজি বিভাগ থেকে পাস করেছেন। কিছুদিন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেছেন।

বিসিএস পরীক্ষায় চতুর্থ হয়েছিলেন সাইয়েমা। বাড়ি রাজশাহীতে। করোনাভাইরাস রোধে চলাচল সীমিত রাখার সরকারি আদেশ পালন করতে গিয়ে গতকাল বিকেলে তিনি দুই বৃদ্ধ ভ্যানচালককে কান ধরে ওঠবস করান। স্থিরচিত্র ছাড়াও তাঁর অভিযানের আরেকটি ভিডিও পাওয়া গেছে। ওই ভিডিওতেও তাঁকে কাঁচাবাজারে ঢুকে এক ব্যক্তিকে কান ধরে ওঠবস করাতে দেখা যায়।

যশোরের জেলা প্রশাসক মো. শফিউল আরিফ প্রথম আলোকে বলেন, প্রশাসনের কর্মকর্তাদের বলা হয়েছিল, মানুষ যেন ঘরে থাকে, সে ব্যাপারে তাঁরা যেন উদ্বুদ্ধ করেন। তাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার কোনো নির্দেশ দেওয়া হয়নি।

এ বিষয়ে খোঁজ নিতে সাইয়েমা হাসানের সঙ্গে যোগাযোগ করা হলে তাঁর ফোন বন্ধ পাওয়া যায়।

নাম না প্রকাশ করার শর্তে প্রথম আলোকে যশোর প্রশাসনের একজন দায়িত্বশীল কর্মকর্তা বলেন, সাইয়েমা হাসান কেন এই কাণ্ড ঘটিয়েছেন, ঊর্ধ্বতন কর্মকর্তারা রাতেই এ বিষয়ে তাঁর কাছে জানতে চান। জবাবে তিনি একেকবার একেক কথা বলেছেন। তিনি বলেন, তাঁকে দেখে ওই বৃদ্ধ দুই ব্যক্তি ভয়ে কান ধরে ফেলেন। আবার বলেন, করোনাভাইরাসের প্রাদুর্ভাবের মধ্যে এত মানুষকে বাজারে দেখে তিনি কিংকর্তব্যবিমূঢ় হয়ে পড়েছিলেন। তিনি ছবি তুলছিলেন কেন, এরও কোনো জবাব পাওয়া যায়নি।

চলতি মাসের মাঝামাঝি সময়ে কুড়িগ্রামের সাবেক জেলা প্রশাসক ও অধীনস্থ কর্মকর্তারা মধ্যরাতে একজন সাংবাদিকদের বেধড়ক পেটানো ও জেলে ভরে দেওয়ার অভিযোগ উঠেছিল। এ নিয়েও সামাজিক যোগাযোগমাধ্যমে তোলপাড় হয়।

করোনাভাইরাস রোধে চলাচল সীমিত রাখার সরকারি আদেশ বাস্তবায়ন করতে গিয়ে প্রশাসন ও আওয়ামী দালাল বাহিনীকে রাস্তায় কাউকে পেলে কান ধরে ওঠবস করানো, লাঠিপেটা করা, মাটিতে গড়াতে বাধ্য করার মতো বিভিন্ন শাস্তিমূলক ব্যবস্থা নিতে দেখা যাচ্ছে। এই ব্যবস্থা কতটা কার্যকর, তা নিয়েও প্রশ্ন উঠছে।

ঢাকার প্রায় সবগুলো বহুতল ভবনেই ত্রুটি, সারাতে 'নাই অগ্রগতি'

গত বছরের ২৮ মার্চ বনানীর ২৩তলা এফআর টাওয়ারে অগ্নিকাণ্ডে প্রাণ হারিয়েছিলেন ২৭ জন।

বনানীর এফআর টাওয়ারে অগ্নিকাণ্ডে ২৭ জনের মৃত্যুর পর ঢাকার বহুতল ভবনগুলোর কী অবস্থা দেখতে পরিদর্শন চালিয়ে প্রায় সবগুলোতেই ত্রুটি পায় রাজউক, তবে বছর পার হলেও সেই সব ত্রুটি মেরামতে অগ্রগতি জানা যায়নি।

ওই ভবনগুলোর বিষয়ে করণীয় ঠিক করতে রাজউকের পক্ষ থেকে বিশেষজ্ঞদের নিয়ে একটি কমিটিও করা হয়। সেই কমিটি কয়েকটি সুপারিশও করেছিল, যার বাস্তবায়ন না হওয়ায় অসন্তোষ জানিয়েছেন কমিটির সদস্য বুয়েটের অধ্যাপক মেহেদী আহমেদ আনসারী।

সুপারিশগুলোর কোনো 'ফলোআপ' নেই জানিয়ে তিনি বুধবার বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে বলেন, "অক্টোবরে কমিটি গঠনের পর শেষ গত বছরের ডিসেম্বরে বৈঠক হয়েছে। কমিটির বৈঠকও হয় না। আমরা যে রেজ্যুলেশন নিয়েছিলাম ভবনগুলোর রিঅ্যাসেস করে প্রতিটি ভবনকে আলাদা করে দেখতে হবে যে তার ভার বহন করার ক্ষমতা আছে কি না। ফায়ার ফাইটিং সিস্টেম ঠিক আছে না কি অপ্রতুল। সেটাতো করা হয়নি।"

ভবনগুলোর অগ্নিনিরাপত্তা বাড়াতে কী করণীয় সে বিষয়ে কিছু সুপারিশ করেছিলেন কমিটির আরেক সদস্য বুয়েটের যন্ত্রকৌশল বিভাগের অধ্যাপক ড. মাকসুদ হেলালী।

তিনি বলেন, "অগ্নিনিরাপত্তা নিশ্চিত করতে কী কী করতে হবে, কীভাবে করতে হবে সে বিষয়ে বেশ কিছু সুপারিশ করেছিলাম। সেটার কোনো আপডেট বা ফলোআপ কিছুই নাই। ভবনের অগ্নিনিরাপত্তা নিশ্চিত করতে বিষয়গুলোর বাস্তবায়ন জরুরি।"

এ বিষয়ে জানতে চাইলে রাজউক কর্মকর্তারা বলছেন, ব্যবস্থা নিতে ভবন মালিকদের তিন মাস সময় দিয়েছিলেন তারা। সেই সময় অনেক আগে পেরিয়ে গেলেও কাজগুলো হয়েছে কি না, তা

আর খতিয়ে দেখা হয়নি। এজন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সিদ্ধান্তের অপেক্ষায় আছেন তারা।

অপরদিকে মন্ত্রণালয়ের পক্ষ থেকে বলা হয়েছে, ভবনের নিরাপত্তা নিশ্চিতের ওই সুপারিশগুলো কীভাবে বাস্তবায়ন করা হবে, তা ঠিক করতে আরেকটি কমিটি করেছেন তারা। তাদের এখন চলছে সেই কমিটির প্রতিবেদন পাওয়ার অপেক্ষার পালা।

গত বছরের ২৮ মার্চ ২৩ তলা এফআর টাওয়ারে ভয়াবহ অগ্নিকাণ্ডে ২৭ জন নিহত হওয়ার পর এই ভবন নির্মাণে নানা অনিয়মের বিষয়গুলো বেরিয়ে আসতে থাকে। কামাল আতাতুর্ক এভিনিউয়ে ওই ভবনের জমির মূল মালিক ছিলেন প্রকৌশলী এসএমএইচআই ফারুক। অংশীদারিত্বের ভিত্তিতে ভবনটি নির্মাণ করে রূপায়ন হাউজিং এস্টেট লিমিটেড। সে কারণে সংক্ষেপে ভবনের নাম হয় এফআর টাওয়ার। নকশা জালিয়াতির মাধ্যমে ভবনটিতে কয়েকটি তলা বাড়ানোর অভিযোগে মামলা চলছে।

মর্মান্তিক এই অগ্নিকাণ্ডের পর রাজউকের কর্মকর্তারা ২৪টি দলে ভাগ হয়ে গত বছরের ১ এপ্রিল থেকে ১৫ এপ্রিল পর্যন্ত ঢাকার এক হাজার ৮১৮টি বহুতল ভবন পরিদর্শন করেন। ১১ তলা বা তার বেশি তলাবিশিষ্ট ভবনকে বহুতল ভবন হিসেবে গণ্য করে রাজউক।

এ সময় প্রায় দুই হাজার ভবন পরিদর্শন করে অগ্নিনিরাপত্তা ব্যবস্থা না থাকা, নকশার বাইরে গিয়ে ভবন নির্মাণসহ বেশ কিছু ত্রুটি চিহ্নিত করা হয়। পরিদর্শনে রাজধানীর বেশিরভাগ বহুতল ভবনেই কোনো না কোনো অনিয়ম পায় কমিটি।

কমিটির প্রতিবেদন অনুযায়ী, পরিদর্শন করা ভবনের মধ্যে ৫৩৯টিতে অগ্নিনির্বাপণ যন্ত্র-যেমন ফায়ার এক্সটিংগুইশার, ফায়ার অ্যালার্ম, হোজ পাইপ পর্যাপ্ত পাওয়া গেছে। তবে তার দ্বিগুণের বেশি ভবনে অর্থাৎ ১ হাজার ১৫৫টিতে অগ্নিনির্বাপণ যন্ত্র যেমন ফায়ার এক্সটিংগুইশার, ফায়ার অ্যালার্ম, হোজ পাইপ পর্যাপ্ত ছিল না।

৭৮৬টি ভবনে অগ্নিনির্বাপণ সিঁড়ি যথাযথ পাওয়া গেলেও ব্যত্যয় পাওয়া গেছে ৭২১টি ভবনে। ৫৬৬টি ভবনে অগ্নিনির্বাপণ সিঁড়িই ছিল না বলে প্রতিবেদনে বলা হয়েছে।

রাজউকের অনুমোদন আছে এমন ভবনগুলোর মধ্যে ২৭৭টিতে ঊর্ধ্বমুখী ব্যত্যয় আছে অর্থাৎ এসব ভবন নির্ধারিত উঁচ্চতার চেয়ে বেশি তলা নির্মাণ করা হয়েছে। সেটব্যাক ও অন্যান্য ব্যত্যয় পাওয়া গেছে ৬৭৪টিতে।

রাজউকের বাইরে অন্যান্য সংস্থার অনুমোদিত ভবনের মধ্যে ঊর্ধ্বমুখী ব্যত্যয় ছিল ৩২টি ভবনে। সেটব্যাক ও অন্যান্য ব্যত্যয় পাওয়া গেছে ৬৪টিতে। পরিদর্শনের সময় ৪৭৮টি ভবনের মালিক অনুমোদিত নকশাই দেখাতে পারেনি বলে প্রতিবেদনে বলা হয়।

এসব ভবনের বিষয় করণীয় ঠিক করতে গত বছরের অক্টোবরে বুয়েটের অধ্যাপক, আইইবির প্রতিনিধি এবং রাজউকের কর্মকর্তাদের নিয়ে একটি কমিটি গঠন করা হয়। সব কিছু যাচাই-বাছাই করে নিয়ম না মানা বা প্রয়োজনীয় সুবিধা না থাকা এসব ভবনগুলোর বিষয়ে চারটি সুপারিশ করে বিশেষজ্ঞ কমিটি।

এগুলো হচ্ছে- ভবনের কাঠামোগত বিস্তারিত কারিগরি মূল্যায়ন. ভবনের অগ্নি ও বৈদ্যুতিক সুরক্ষা ব্যবস্থা পরীক্ষা করা। এসব বিষয় ঠিক থাকলে আর্থিক জরিমানার পর ভবনগুলোর অনুমোদন দেওয়া। পরীক্ষায় ভবনের কাঠামো এবং সুরক্ষা ব্যবস্থার অপ্রতুলতা পাওয়া গেলে ভবন পুনর্নির্মাণ বা শক্তিশালীকরণ করতে হবে।

কমিটির সদস্য বুয়েটের অধ্যাপক মেহেদী আহমেদ আনসারী বলেন, যেসব ভবন পরিদর্শন করা হয়েছিল তার ৯০ ভাগেরই কিছু না কিছু ত্রুটি আছে।সেটা ফায়ার সেফটি হোক বা অন্য কিছুতে।

“যা যা ব্যত্যয় আছে সেগুলো ঠিক করলেই সেগুলোকে ছাড়পত্র দেওয়া যাবে। এতগুলো ভবন তো ভেঙে ফেলাও কঠিন। মেরামত করলে তা ব্যবহার করা যাবে। আমরা সেই সুপারিশই করেছিলাম।”

ওই সুপারিশগুলো বাস্তবায়নের অগ্রগতি জানতে চাইলে রাজউকের পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-১) মো. মোবারক হোসেন বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে বলেন, রাজধানীর বিভিন্ন ভবনের তথ্য উপাত্ত সংগ্রহ করা হয়েছে। প্রতিটি ভবনে কী কী সমস্যা আছে তাও প্রতিবেদন আকারে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে।

“সমস্যা চিহ্নিত হওয়া ভবনের মালিকদের নিজ দায়িত্বে সমস্যাগুলো সমাধান করতে বলা হয়েছে। এজন্য তিন মাসের সময় দেওয়া হয়েছিল, সেটাও অনেক আগে পেরিয়ে গেছে। রাজউকের নির্দেশনা বাস্তবায়ন না করলে পরবর্তী পদক্ষেপ কী হবে সেজন্য মন্ত্রণালয়ের সিদ্ধান্তের অপেক্ষায়

আছি। এসব ভবনের ব্যাপারে করণীয় কী সে সিদ্ধান্ত এখনও দেওয়া হয়নি। সিদ্ধান্ত জানালে আমরা সে অনুযায়ী কাজ করব।”

মার্কিনীদের মধ্যে অস্ত্র ক্রয়ের হিড়িক: বিক্রি বেড়েছে ৮০০ গুণ!

আমেরিকায় করোনা পরিস্থিতি অবনতি হওয়ার সঙ্গে পাল্লা দিয়ে গত দুই সপ্তাহে অস্ত্র বিক্রি বেড়েছে ৮০০ গুণ। করোনা মহামারিকে কেন্দ্র করে দেশটিতে সামাজিক অস্থিরতা, লুট-পাট এবং হাঙ্গামা বাড়তে পারে আশংকা করে মার্কিন নাগরিকদের মধ্যে অস্ত্র ক্রয়ের হিড়িক পড়ে গেছে। খবর- পার্সটুডে

ওকলাহোমার ডগস গানস এবং তুলসার অ্যামো এবং রিলোডিংয়ের মালিক ডেভিড স্টোন জানান, অস্ত্র বিক্রি আগের তুলনায় ৮০০ গুণ। এখন অস্ত্র ফুরিয়ে যায় নাই তবে এমন পরিস্থিতির মুখে দ্রুত পড়তে চলেছি।

যদিও বুধবার আইইডিসিআর পরিচালক অধ্যাপক ডা. মীরজাদী সেব্রিনা কমিউনিটি ট্রান্সমিশন প্রসঙ্গে বলেন, 'দুটো ক্ষেত্রে আমরা ইনভেস্টিগেশন করছিলাম, তবে এখন পর্যন্ত সেটার সোর্স অব ইনফেকশন জানা যায়নি। সেক্ষেত্রে এটা লিমিটেড স্কেলে কমিউনিটি ট্রান্সমিশন হয়ে থাকতে পারে বলে আমরা মনে করছি।'

মঙ্গলবার (২৪ মার্চ) কোভিড-১৯ নিয়ে আয়োজিত স্বাস্থ্য অধিদফতরের একটি বিশেষ বৈঠকে উপস্থিত একাধিক জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ও চিকিৎসক নাম গোপন রাখার শর্তে বাংলা ট্রিবিউনকে

বলেন, একটি মাত্র প্রতিষ্ঠানের হাতে নমুনা পরীক্ষা করার 'ক্ষমতা' থাকায় তারা বিব্রত। তাই সরকার এখন এই প্রতিষ্ঠানের বাইরেও পরীক্ষা করার ভেবেছে এবং সে ব্যবস্থা নেওয়া হচ্ছে। কিন্তু প্রথম থেকে যদি এটা করা হতো তাহলে আরও পরীক্ষা করা সম্ভব হতো এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যেতো বলে মনে করেন তারা।

তবে মঙ্গলবারের বৈঠকে আইসিডিডিআরবি'র কথা বলা হলেও আইইডিসিআর থেকে বুধবারের সংবাদ সম্মেলনে সেটা বলা হয়নি। আর এসব পরীক্ষাগুলো কে বা কারা সমন্বয় করবে সেটাও পরিষ্কার না।

বিশেষজ্ঞরা বলছেন, টেস্টের বিষয়ে বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) ডেফিনেশনের কথা বলে আইইডিসিআর। কিন্তু বিশ্ব স্বাস্থ্য সংস্থার ডেফিনেশন তো আরও রয়েছে, ওরা (আইইডিসিআর) যে ডেফিনেশন দিচ্ছে সেটা দিয়ে কমিউনিটি ট্রান্সমিশন বোঝা যাবে না।

জানতে চাইলে চিকিৎসা নৃবিজ্ঞানী আতিক আহসান বাংলা ট্রিবিউনকে বলেন, 'গতবছর ডেঙ্গুর সময় থেকেই আইইডিসিআরের ভূমিকা হতাশাজনক মনে হয়েছে, এবারেও তার ব্যতিক্রম হয়নি। আইইডিসিআরের দায়িত্ব ছিল সরকারকে বোঝানো, সেখানে তারাই বিষয়টি বুঝতে পেরেছে বলেও মনে করি না আমি। রাজনীতিবিদরা পাবলিক হেলথ বা আউটব্রেক বোঝেন না, তাদের বুঝবার কথাও নয়। তাদের বোঝানোর কথা আইইডিসিআরের, কিন্তু সেটা তারা করেনি, তারা ফেইল করেছে। এটা আইইডিসিআরের ব্যর্থতা।'

আইইডিসিআর বোঝেনি কী হতে যাচ্ছে এবং এ জন্য কী করা দরকার মন্তব্য করে তিনি বলেন, 'পরীক্ষা ব্যবস্থা এখন ছড়িয়ে দিতে হবে। নয়তো সঠিক রোগী পাওয়া যাবে না। শুরু থেকেই যে সবার সাহায্য নেওয়া দরকার ছিল সেটা তারা হয় বুঝতে পারেনি, নয়তো বুঝতে চায়নি। আর প্রতিষ্ঠানটি সেটি এখনও বুঝতে পারছে কিনা, সে নিয়েও আমি নিশ্চিত নই।'

'টেস্ট যদি করা হয়, সে অনুযায়ী ব্যবস্থা নেওয়া হয় তাহলে রোগীর সংখ্যা ওই জায়গায় পৌঁছাবে, কিন্তু টেস্টই যদি না করা হয় তাহলে সে রোগীর সংখ্যা দশ গুণ বাড়বে। আর এটা যত দিন যাবে ততই দ্বিগুণ হারে বাড়বে', বলেন আতিক।

করোনার টেস্ট ঠিকমতো না করতে পারলে করোনা নিয়ে কারো কথা বলাই উচিত নয় বলে মন্তব্য করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) সাবেক উপাচার্য অধ্যাপক ডা. নজরুল ইসলাম। বাংলা ট্রিবিউনকে তিনি বলেন, 'টেস্ট না করে তারা (আইইডিসিআর) কী করে বলেন রোগী সংখ্যার কথা? আইইডিসিআরে যেসব ফোন কল যায়,

তার মধ্যে থেকে নমুনা শুনে বিশ্লেষণ করে টেস্ট করে, কিন্তু যারা কল করেন না তাদের কী করবে না?'

তিনি বলেন, 'কোয়ারেন্টিন অ্যাভয়েড করে যারা ছড়িয়ে পড়েছে তাদের নিয়ে কী করা হচ্ছে, সেটাও বুঝতে পারছি না। তাই কেবলমাত্র একটি প্রতিষ্ঠানের হাতে টেস্টের ব্যবস্থা না রেখে যারা বিদেশ থেকে এসেছে এবং তাদের সংস্পর্শে সাসপেক্টেড যারা রয়েছে, তাদের টেস্ট করতে হবে।'

শহীদ সোহরাওয়ার্দী মেডিক্যাল কলেজের ভাইরোলজি বিভাগের সহকারী অধ্যাপক ডা. জাহিদুর রহমান বলেন, 'কোভিড-১৯-এর প্রাদুর্ভাব শুরু হওয়া থেকে বৈশ্বিক মহামারিতে রূপ নেওয়া পর্যন্ত আইইডিসিআর একটানা মিথ্যাচার করে আসছে। কর্তৃত্ব ধরে রাখতে গিয়ে অন্যান্য প্রতিষ্ঠানে কোভিড-১৯-এর পরীক্ষা করার ব্যবস্থা থাকার পরও সেসব জায়গায় পিসিআর করতে দিচ্ছে না।'

কোভিড-১৯ প্যানডেমিকের এই পর্যায়ে (লেভেল-৩) সবচেয়ে জরুরি কাজ টেস্টিং মন্তব্য করে তিনি বলেন, 'রাষ্ট্র সাসপেক্টেড সবার টেস্ট করতে বাধ্য, আর আইডিসিআর ব্যর্থ হবে সেটাই স্বাভাবিক। তাই যত দ্রুত সম্ভব সারাদেশে কমপক্ষে ১৫-২০টি ল্যাবে পিসিআর মেশিন বসিয়ে প্রতিটি সাসপেক্টেড কেইস টেস্ট করতে হবে।'

আফ্রিকাতে করোনা থেকে বাঁচতে পাদ্রীর উপদেশে 'ডেটল' খেয়ে ৫৯ জনের মৃত্যু!

প্রাণঘাতী করোনাভাইরাসের সংক্রমণণ থেকে বাঁচা যাবে খ্রিস্টান পাদ্রীর এমন উপদেশে তরল জীবাণুনাশক 'ডেটল' পান করে ৫৯ জন প্রাণ হারিয়েছেন।

দক্ষিণ আফ্রিকার ম্যাকগোউড়ু এলাকার লিম্পোপোমেড খ্রিস্টান চার্চের ফাদার রুফুস ফালা সম্প্রতি করোনাভাইরাস থেকে মুক্তি পাওয়ার জন্য তার ভক্তদের ডেটল খাওয়ান। গির্জার মধ্যে তিনি নিজহাতে ভক্তদের এই ডেটল পান করান। কেনিয়া টুডের বরাতে ভারতীয় গণমাধ্যম ওপিইন্ডিয়া এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে।

ডেটল পান করে ৫৯ জনের মৃত্যু হয়েছে এবং আরও চারজন মারাত্মক অসুস্থ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন আছেন। পুলিশ জানিয়েছে, ওই ফাদারের অনুসারীরা মনে করেছিল ডেটল পান করলে তারা করোনাভাইরাসে আক্রান্ত হবেন না।

এ সম্পর্কে ফাদার রুফুস ফালা দাবি করেছেন, তিনি জানতেন ডেটল খাওয়া মারাত্মক ক্ষতির কারণ। কিন্তু সৃষ্টিকর্তা (গড) তাকে এটি খাওয়ার পরামর্শ দিয়েছেন। তিনি নিজে সবার আগে ডেটল খেয়েছেন বলেও দাবি করে ফাদার রুফুস ফালা। তবে তিনি কি পরিমাণ খেয়ে বেঁচে আছেন এবং তার ভক্তরা কতখানি খাওয়ার কারণে মারা গেছেন তা জানা যায়নি।

তবে ডেটল খাবার উপদেশ এবারই প্রথম দেননি ফাদার রুফুস ফালা। এর আগে তিনি তার ভক্তদেরকে রোগ থেকে মুক্তি পেতে শরীরকে সংক্রমণ মুক্ত করতে ডেটল খাবার পরামর্শ দিয়েছেন বলে ডেইলি সান সাউথ আফ্রিকা জানিয়েছে।

আফ্রিকার ৫৪টি দেশের মধ্যে এরইমধ্যে ৪০টি দেশে করোনাভাইরাস ছড়িয়ে পড়েছে।

হাত ধোয়া গুরুত্বপূর্ণ কেন

যে কোনো জীবাণুর সংক্রমণ থেকে বাঁচতে প্রথমেই প্রয়োজন পরিচ্ছন্নতা। আর হাত থেকে জীবাণু সবচেয়ে বেশি ছড়ায় তাই সবার আগে হাত জীবাণুমুক্ত রাখতে হবে। হাত পরিষ্কার রাখা একটি গুরুত্বপূর্ণ অভ্যাস, যার মাধ্যমে সহজেই অনেক ধরনের অসুস্থতা থেকে রেহাই পাওয়া যায়। টয়লেট ব্যবহারের পর ভালোভাবে হাত না ধোয়ার কারণে জীবাণু সবচেয়ে বেশি ছড়ায়। সূত্রঃ আমাদের সময়

ডায়রিয়া বা পেটের যে কোনো সমস্যা হতে পারে টয়লেট থেকে বা বাচ্চার ডায়াপার বদলানোর পর ভালোভাবে হাত পরিষ্কার না করলে। এ ছাড়া হাঁচি-কাশি থেকে জীবাণুর সংক্রমণ হয়। দূষিত কোনো কিছুর সংস্পর্শে এলেও মানুষের হাতে জীবাণু আসতে পারে। হাঁচি-কাশির সময় মুখে হাত দিলে লেগে থাকা এই জীবাণু যদি ধুয়ে না ফেলা হয় তা হলে শুধু যিনি বাহক তিনিই নন, তার সংস্পর্শে যারাই আসবেন সবাই-ই সংক্রমিত হতে পারেন। শিশুরা যেন দিনে অন্তত ১০/১২ বার হাত ধোয়ার অভ্যেস করে সেদিকে খেয়াল রাখুন।

প্রভাবশালী হওয়ায় গ্রেফতার হয়নি তরুণীর চুল কেটে দেওয়া সেই বখাটে

নারায়ণগঞ্জের আড়াইহাজারে বিয়েতে রাজী না হওয়ায় এক তরুণীর চুল কেটে দেওয়া সেই বখাটে আল আমিন (২৫) ঘটনার তিন দিন অতিবাহিত হলেও গ্রেফতার হয়নি। উল্টো মামলা তুলে নেওয়ার জন্য ভয়ভীতি দেখাচ্ছে আসামী পক্ষ। কালের কণ্ঠের রিপোর্ট

জানা গেছে, আড়াইহাজার পৌর সভার চামুরকান্দী গ্রামের ফয়েজ খন্দকারের বখাটে ছেলে আল আমিন ৬ মাস ধরে কামরানীরচর গ্রামের বিল্লালের মেয়েকে বিয়ের প্রস্তাব দিয়ে আসছিল। কিন্তু ওই তরুণী তাতে রাজী হয়নি। এতে তরুণীর ওপর ক্ষিপ্ত ছিল আল আমিন। শনিবার সন্ধ্যায় তরুণী বরপা থেকে বাড়ী ফেরার পথে কৃষ্ণপুরা গ্রামের কাছে এলে তাকে ৪-৫ জন যুবক রাস্তা থেকে তুলে আল আমিন এর বাড়ীতে নিয়ে যায় ।

সেখানে নিয়ে তাকে বিয়ে করার জন্য তাকে চাপাচাপি করে। এতে রাজী না হওয়ায় আল আমিন ও তার লোকজন তার চুল কেটে দেয় এবং হাতে, গালে সিগারেটের আগুন দিয়ে ছ্যাঁকা দেয়। সেই সঙ্গে তাকে মারপিও করে। এর পর তাকে মেরে ফেলোর জন্য বাড়ীর পাশে চকে নিয়ে যায়।

এ ব্যাপারে তরুণীর মা মোমেলা বেগম বাদী হয়ে রোববার আড়াইহাজার থানায় আলআমিন, সহযোগি কামালের নাম উল্লেখ করে অজ্ঞাত আরো ২ জনকে আসামী একটি মামলা দায়ের করেন। মামলা দায়েরের ৩দিন অতিবাহিত হলে ও মঙ্গলবার বিকাল পর্যন্ত আসামী গ্রেফতার হয়নি।

নির্যাতিত তরুণী অভিযোগ করে বলেন, আলআমিন আমাকে প্রতিনিয়ত মামলা তুলে নেওয়ার জন্য ভয়ভীতি দেখাচ্ছে।

মামলার বাদী তরুণীর মা জানান, আমরা গরীব মানুষ হওয়ায় মামলা তুলে নেওয়ার জন্য চাপ দিচ্ছে স্থানীয় প্রভাবশালী মহল।

বকেয়া বেতনের দাবিতে শ্রমিকদের বিক্ষোভে আওয়ামী দালাল পুলিশের গুলিতে নিহত ১

দিনাজপুরের বিরলে রুপালি জুট মিলে বকেয়া বেতনের দাবিতে শ্রমিকদের বিক্ষোভে পুলিশের গুলিতে সুরত আলী (৩৬) নামে একজন নিহত হয়েছেন। বুধবার (২৫ মার্চ) রাত সাড়ে ১০টার দিকে এই ঘটনা ঘটে। বিরল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ নাসিম হাবিব বিষয়টি নিশ্চিত করেছেন। খবর: বাংলা ট্রিবিউন

নিহত সুরত আলী বিরল পৌরসভা এলাকার হোসনা গ্রামের মোহাম্মদ আলীর ছেলে। ওই মিলটি বিরল উপজেলা আওয়ামী লীগের সাবেক ভারপ্রাপ্ত সভাপতি আব্দুল লতিফের বলে জানা গেছে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, তিন সপ্তাহের বকেয়া বেতনের দাবিতে বুধবার সন্ধ্যা থেকে শ্রমিকরা বিক্ষোভ শুরু করেন। এ সময় পুলিশ কয়েক রাউন্ড গুলি ছুড়লে সুরত আলী নিহত হন। এই সংঘর্ষের ঘটনায় প্রায় ১০ জন আহত হয়েছেন বলে জানিয়েছে স্থানীয়রা।

লকডাউন: ভারতীয় মালাউন পুলিশের বাড়াবাড়িতে ১৫০০০ লিটার দুধ, ১০০০০ কেজি সবজি নষ্ট

করোনাভাইরাসের বিস্তার রোধে লকডাউন ঘোষণা করা হয়েছে গোটা ভারতজুড়ে। অতিজরুরি প্রয়োজন ছাড়া বাইরে বের হওয়ায় দেয়া হয়েছে কড়া নিষেধাজ্ঞা। এ আদেশ অমান্য করলেই রীতিমতো পিটিয়ে মানুষজনকে ঘরে ফেরাচ্ছে পুলিশ। তবে সেক্ষেত্রে মালাউন পুলিশের বাড়াবাড়িতে সৃষ্টি হয়েছে নতুন বিপত্তি। *সূত্র: এনডিটিভি*

অবরুদ্ধ পরিস্থিতিতে নিত্যপ্রয়োজনীয় পণ্য সরবরাহেও বাধা দেয়া হচ্ছে বলে অভিযোগ করেছে দেশটির বেশ কিছু ই-কমার্স প্রতিষ্ঠান। তাদের অভিযোগ, বাড়ি বাড়ি গিয়ে ওষুধ বা মুদি সামগ্রী পৌঁছে দিতে নিয়োজিত কর্মীদের নানাভাবে হেনস্থা করা হচ্ছে। অনেক সময় মারধর, এমনকি গ্রেফতারও করা হয়েছে।

এর ফলে এমন অভুতপূর্ব পরিস্থিতির মধ্যেই তৈরি হয়েছে নতুন সংকট। বিপুল পরিমাণ পণ্য ফেলে দিতে হচ্ছে। এপর্যন্ত অন্তত ১৫ হাজার লিটার তরল দুধ ও ১০ হাজার কেজি সবজি নষ্ট হয়ে গেছে বলে জানিয়েছেন ভারতীয় ব্যবসায়ীরা।

বিগ বাস্কেট, ফ্রেশ মেনু ও পর্টিয়া মেডিকেলের মতো অনলাইন প্ল্যাটফর্মের প্রমোটার কে গণেশ বলেন, গত কয়েকদিনে পুলিশ বহু ডেলিভারি এজেন্টকে হেনস্থা করেছে, মারধর করেছে, একজনকে গ্রেফতারও করেছে।

তিনি বলেন,সরকার করোনাভাইরাস মোকাবিলায় সঠিক পদক্ষেপ নিয়েছে। সরকারিভাবে স্পষ্ট করে বলে দেয়া হয়েছে খাবার, মুদির দোকানের জিনিসপত্র, ওষুধ ও চিকিৎসা সরঞ্জাম ডেলিভারিতে বাধা দেয়া যাবে না। কিন্তু অনেক নিরাপত্তাকর্মী মনে হয় সেই নির্দেশের অর্থ বুঝতে পারেননি।

ভারতীয় পুলিশের সমালোচনা করে গণেশ বলেন, তারা জানে না অত্যাবশ্যকীয় পণ্য পরিবহনে বাধা দেয়া যায় না। অনেকের সঙ্গেই তারা খারাপ ব্যবহার করছে। মারধর করছে। কেরালায় আমাদের এক স্বাস্থ্যকর্মী এক রোগীর বাড়িতে যাচ্ছিলেন। তাকে গ্রেফতার করা হয়েছে।

একারণে লকডাউন নিয়ন্ত্রণে নিয়োজিত নিরাপত্তাকর্মীদের প্রতি তার অনুরোধ, এমন ভয়াবহ পরিস্থিতিতে যারা জীবনের ঝুঁকি নিয়ে কাজ করছেন, তাদের মারবেন না।

২৫শে মার্চ, ২০২০

অবরুদ্ধ অবস্থায় বিপাকে নিম্ন আয়ের মানুষ

প্রাণঘাতী নভেল করোনাভাইরাসের কারণে সাধারণ মানুষের মধ্যে কিছু সচেতনতা সৃষ্টি হয়েছে। এর ভয়াবহতা আঁচ করে ব্যক্তি ও সামাজিক জীবনে পরিবর্তনও নিয়ে আসছে অনেক মানুষ। পথের চা-পানের টঙ দোকানে বসে-দাড়িয়ে অযথা আড্ডায় রাজা উজির মারার দৃশ্য দেখা যায় না।

আগের মতো আয়েশ করে চা পান বা সিগারেটে সুখটানের দৃশ্য চোখে পড়ে না। তবে এই সচেতনতার মধ্যেও স্বল্প ও ক্ষুদ্র আয়ের কিছু মানুষ পড়েছেন বিপাকে। তারা চোখে অন্ধকার দেখছেন। এই অবস্থায় নিত্যপণ্যের মূল্যবৃদ্ধিও তাদের হতাশ করেছে। এখন নিত্যপণ্য ও ওষুধের দোকান বন্ধের নির্দেশনায় তারা আরো ভেঙ্গে পড়েছেন। এই অবরুদ্ধ অবস্থায় এসব মানুষ সহযোগিতা দাবি করেছেন। কালের কণ্ঠের রিপোর্ট

সোমবার (২৪ মার্চ) দুপুরে সরেজমিন সুনামগঞ্জ জেলা শহরের স্বল্প ও ক্ষুদ্র আয়ের বেশ কিছু মানুষের সঙ্গে কথা হয়। দেখা গেছে রিকশা, অটোরিকশায় যাত্রী কম। সেলুনেও ভিড় নেই। ভিড় কমেছে ছোট বড় কাপড়ের দোকান, প্রসাধনী, হোটেল রেস্টুরেন্টসহ স্বল্প ও ক্ষুদ্র আয়ের মানুষের জীবন চালানোর নানা মাধ্যমে। তাছাড়া ছোট প্রতিষ্ঠান গুলিতে মালিকদের আয় কমে যাওয়ায় শ্রমিকদের নিয়ে টেনশনে আছেন ব্যবসায়ীরা।

মঙ্গলবার দুপুর ১২টা। পৌর মার্কেটে সিড়ির নিচে দীর্ঘ একযুগ ধরে চায়ের দোকান দিয়ে সংসার নির্বাহ করেন ক্ষুদ্র ব্যবসায়ী সুজন মিয়া। এই আয়েই তার সংসার চলে। তার দোকানে আরো দুইজন কর্মচারী আছে দিনমজুর হিসেবে।

সুজন মিয়া জানান, গত এক সপ্তাহে তার বিক্রি কমে এসেছে। এখন দোকানে ভিড় নেই। সিঁড়ির নিচে আড্ডাও জমছে না। চা, পানের চাহিদাও কমেছে। এই অবস্থায় চলা মুশকিল। এখন দোকান বন্ধের সরকারি নির্দেশনায় চোখে অন্ধকার দেখছেন সুজন। তাছাড়া চালডাল ও নিত্যপণ্যের মূল্যবৃদ্ধির কারণেও জীবন নিয়ে নাভিশ্বাস উঠেছে তাদের।

সুজন মিয়া বলেন, আমার চলার পথ বন্ধ হয়ে গেছে। আমার দোকানের দুই দিন মজুরের অবস্থাও আরো খারাপ। তারা দিনমজুর হিসেবে শ্রমমূল্য পেতো। এখন দোকান বন্ধ থাকায়

তারাও বেকার। আমাদের কারই আয় রোজগার নেই। নিত্যপণ্যের দোকানেও জিনিষের দাম বেশি। তিনি ও তার দোকান শ্রমিকদের সহায়তা প্রয়োজন বলে জানান সুজন মিয়া।

পৌর মার্কেটেরই ক্ষুদ্র ব্যবসায়ী মানবেন্দ্র কর। তার ছোট্ট দোকানে কাপড় ও বইয়ের যৌথ ব্যবসা। কর্মচারী তিনজন। এখন বিক্রি একেবারে কমে গেছে তার দোকানে। ক্রেতা আসছেন না আগের মতো। সবাই এক রুদ্ধশ্বাস সময় অতিবাহিত করছেন। মানবেন্দ্রকর বলেন, করোনাভাইরাসের কারণে শহরে আগের তুলনায় মানুষের উপস্থিতি কমেছে। জীবন বাঁচানো নিয়ে সবাই যেখানে শঙ্কিত সেখানে নতুন কাপড় চোপরের প্রতি স্বাভাবিকভাবেই আগ্রহ কমেছে। আমাদের বিক্রি বাট্টা কমে যাওয়ায় এবং দোকান বন্ধের নির্দেশনায় এখন চোখে অন্ধকার দেখছি। কিভাবে যে দিনগুলো অতিবাহিত করবো সেটা নিয়ে চিন্তিত।

বাজারের ক্ষুদ্র ব্যবসায়ী জ্যোতিষ বৈদ্য বলেন, বাজারে মানুষের উপস্থিতি কম। আগের তুলনায় বিক্রিও কম। এভাবে চলছে দোকানভাড়া ও বিদ্যুৎ বিল পরিশোধ করাই কঠিন হবে। সহযোগিতা আমাদের প্রয়োজন। তিনি বলেন, একেবারে ক্ষুদ্র ব্যবসায়ী আমি। যে পণ্য বিক্রি করি তা এখন বেশি দামে কিনতে হচ্ছে।

রিকশাচালক আমিরুল ইসলাম শহিদ মুক্তিযোদ্ধা জগৎজ্যোতি পাবলিক লাইব্রেরির সামনে রিকশা থামিয়ে সিটে বসে ঝিমুচ্ছিলেন। তার মুখে মাস্ক লাগানো। তিনি জানালেন, একটি সংগঠন তাকে একটি মাস্ক ও সাবান উপহার দিয়েছে। এই মাস্ক লাগিয়েই তিনি এখন রিক্সা নিয়ে বের হন।

আমিরুল বলেন, রিকশা নিয়ে বের হলে কি হবে আগের মতো প্যাসেঞ্জার মিলে না। তাই রিকশাভাড়া ৬০ টাকা পরিশোধ করে যা আয় হয় তা দিয়ে পরিবারের ভরণ পোষণ চলে না। তাছাড়া পরিবহন বন্ধের নির্দেশনা ও মানুষকে ঘর থেকে বের হওয়ার সরকারি নির্দেশনার কারণে তিনি করবেন ভেবে ওঠতে পারছেননা। আমিরুল এই অবস্থায় সহযোগিতা দাবি করলেন।

শহরের কার্লস হেয়ার একটি ব্যস্ত সেলুন। তিনজন কারিগরের সবাই সকাল থেকে রাত পর্যন্ত ব্যস্ত থাকেন। কিন্তু গত এক সপ্তাহ ধরে ৩-৪টি করে কাজ করতে পারেন একেকজন। দৈনিক আয়ের ওপর নির্ভরশীল ক্ষৌরকাররা এখন বিপাকে পড়েছেন।

এই সেলুনের কারিগর রাজু বলেন, আমি প্রতিদিন সকাল থেকে রাত পর্যন্ত কাজ নিয়ে ব্যস্ত থাকি। কিন্তু গত এক সপ্তাহ ধরে ৩-৪টি কাজ করছি। মানুষ সেলুনে আসছে না।

তিনি বলেন, এই আয়েই আমার ৫ সদস্যের সংসার চলছে। এখন দোকান বন্ধের নির্দেশনায় মনটা খারাপ হয়ে গেছে। তিনি বলেন, আমরা যারা নিম্ন ও স্বল্প আয়ের মানুষ তাদেরকে সহায়তা দেওয়া উচিত।

বাঘাবাড়ি নৌবন্দর অচল হওয়ায় শ্রমিকের ঘরে কান্না

করোনাভাইরাস সংক্রমনের কারণে গত এক সপ্তাহ ধরে সারবাহী কোন জাহাজ সিরাজগঞ্জের শাহজাদপুর উপজেলায় অবস্থিত বাঘাবাড়ি নৌবন্দরে যাচ্ছেনা। এ অবস্থায় বন্দরে অচলাবস্থার সৃষ্টি হয়েছে। আর তারই প্রভাবে কর্মহীন হয়ে পড়া প্রায় সাত শ' শ্রমিকের পরিবার পরিজন পড়েছেন অর্থকষ্টে। অনাহারে থাকতে হচ্ছে অনেককে। রিপোর্টঃ কালের কণ্ঠের

বাঘাবাড়ি নৌবন্দরের শ্রমিক আজিবর খান বলেন, 'প্রায় সাত শ শ্রমিক বেকার হয়ে পড়েছেন। পরিবার পরিজন নিয়ে তারা মানবেতর জীবন যাপন করছেন।'

নৌবন্দরের লেবার এজেন্ট আব্দুস সালাম ব্যাপারী বলেন, 'করোনার প্রভাবে প্রায় এক মাস বাঘাবাড়ি নৌবন্দরে জাহাজ চলাচল কমে গেছে। সর্বশেষ এক সপ্তাহে সারবাহী কার্গো-জাহাজ আসা একেবারে বন্ধ। এ অবস্থায় শ্রমিকরা কর্মহীন, উপার্জনহীন। এ পরিস্থিতি চললে সার সরবরাহ বন্ধ হয়ে চলতি সেচ মৌসুমে উত্তরাঞ্চলের ১৬ জেলায় সারের সংকট তৈরী হতে পারে।'

এবার বি.বাড়িয়ায় জায়েজ বিবাহ বন্ধ করলো তাগুত ইউএনও

ব্রাহ্মণবাড়িয়ায় সদর উপজেলার সুলতানপুর ইউনিয়নের বিরামপুর গ্রামের দশম শ্রেণির এক ছাত্রীর সঙ্গে সোমবার রাতে পৌর এলাকার ভাদুঘর গ্রামের মালয়েশিয়া প্রবাসী এক যুবকের বিয়ের কথা ছিল। আর সারাদেশে জায়েজ বিয়ে বন্ধের পায়তারার অংশ হিসেবে তাগুত বাহিনীর সদস্যরা বিরামপুর গ্রামে এই বিবাহ বন্ধ করে দেয়। রিপোর্টঃ যায়যায়দিন

তাগুত বাহিনীর কথিত ব্রাহ্মণবাড়িয়ায় ভ্রাম্যমাণ আদালত কথিত বাল্যবিবাহ থেকে রক্ষা করার নামে এই বিয়ে বাতিল করে দেয়। শরীয়ার অনুমোদিত বিয়ে ভেঙে দিয়ে বারবার স্পর্ধা দেখিয়ে যাচ্ছে এই তাগুত সরকারের বাহিনী। সোমবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তাগুত পঙ্কজ বড়ুয়া উপজেলার সুলতানপুর ইউনিয়নের বিরামপুর গ্রামে এ বিয়ে ভেঙে দেয়।

দু'মুঠো খাবার নিয়ে চিন্তিত কোটি কোটি ভারতবাসী

পৃথিবীর সবচেয়ে বেশি দরিদ্র জনগোষ্ঠীর বসবাস ভারতে । দেশটির দুই তৃতীয়াংশ মানুষ দারিদ্র্যসীমার নিচে অবস্থান করছে । ৬৮.৮ শতাংশ মানুষের দৈনিক আয় ২ ডলারের কম । আর ৩০ শতাংশ মানুষের দৈনিক আয় ১.২৫ ডলারের কম । দেশের ব্যাপক জনগোষ্ঠী দিনমজুর, জীবন যুদ্ধ করে কোন রকম বেঁচে আছে । এরূপ বাস্তবতায় করোনা ভাইরাস প্রাদুর্ভাবের বিস্তার রোধে গতমঙ্গলবার সমগ্র ভারত লকডাউন ঘোষণা করা হয়েছে । এবং জনসাধারণকে ঘরে অবস্থান করতে বলা হয় । লকডাউন ঘোষণার পর এই দিনমজুরেরা কীভাবে জীবন যাপন করছেন, তা আজ বুধবার বিবিসির প্রতিবেদনে তুলে ধরা হয়েছে।

দিল্লির নয়ডায় লেবার চকে নির্মাণশ্রমিকেরা লাইন ধরে বসে থাকেন। ভবন নির্মাণ প্রতিষ্ঠানগুলো সেই শ্রমিকদের ভাড়া করে।

"গত রোববার প্রাথমিক লকডাউনের সময় প্রতিবেদক সেই এলাকা ঘুরে দেখেন, তা সুনসান পড়ে রয়েছে। ওই রকম একটি ব্যস্ত এলাকায় কেউ যা কোনো দিন কল্পনাও করতে পারেননি, তা–ই শোনা গেছে, পাখির কিচিরমিচির ডাক। পাখির ডাক শুনে প্রতিবেদক নিজের কানকেও যেন বিশ্বাস করতে পারছিলেন না। এক কোণে বসে আছেন কিছু লোক।

নিরাপদ দূরত্ব রেখে প্রতিবেদক তাঁদের সঙ্গে কথা বললেন, যাঁদের একজন উত্তর প্রদেশের বান্ডা জেলার রমেশ কুমার।

রমেশ বললেন, 'আমি দিনে ৬০০ রুপি আয় করি। এ দিয়ে চলে পাঁচজনের সংসার। অল্প দিনের মধ্যেই ঘরে খাবার ফুরিয়ে যাবে। আমি করোনাভাইরাস ভয় করি। কিন্তু আমি আমার ছেলেমেয়েকে অভুক্ত দেখতে পারি না।'

ভারতে কোটি কোটি দিনমজুরের অবস্থা রমেশের মতো। গতকাল মঙ্গলবার সন্ধ্যায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি লকডাউন ঘোষণার পর আগামী তিন সপ্তাহের জন্য তাঁরা আয়ের আর পথ দেখছেন না।

ভারতে ৫০০ জনের করোনাভাইরাস শনাক্ত হয়েছে। মারা গেছে ১০ জন। উত্তরের উত্তর প্রদেশ, দক্ষিণের কেরালা, রাজধানী দিল্লিসহ বেশ কয়েকটি রাজ্য সরকার রমেশের মতো দরিদ্র মানুষকে সরাসরি অর্থ সহায়তা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে।

মোদি সরকারও লকডাউনে ক্ষতিগ্রস্ত দিনমজুরদের সহায়তা দেওয়ার আশ্বাস দিয়েছে। এ ক্ষেত্রে বেশ কিছু চ্যালেঞ্জও রয়েছে। আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) তথ্য অনুসারে, ভারতে কমপক্ষে ৯০ শতাংশ কর্মশক্তি অনানুষ্ঠানিক খাতে কাজ করে। তারা নিরাপত্তাকর্মী, পরিচ্ছন্নতাকর্মী, রিকশাওয়ালা, হকার, ময়লা সংগ্রহকারী এবং গৃহকর্মী।

বেশির ভাগের পেনশন, অসুস্থতাজনিত ছুটি, বেতনসহ ছুটি বা কোনো ধরনের বিমা–সুবিধা নেই। অনেকের ব্যাংক হিসাব নেই। নিত্যদিনের চাহিদা মেটাতে তাঁদের নগদ অর্থের ওপর নির্ভর করতে হয়।

বিপুলসংখ্যক অভিবাসী শ্রমিক। এর মানে হচ্ছে, তাঁরা নিজের রাজ্য ছেড়ে অন্য রাজ্যে এসেছে কাজের প্রয়োজনে।

উত্তর প্রদেশের সাবেক মুখ্যমন্ত্রী অখিলেশ যাদব বলেছেন, এখানে বড় ধরনের চ্যালেঞ্জের মুখে পড়তে হবে। তিনি স্বীকার করেন, কোনো সরকার এর আগে এ ধরনের পরিস্থিতির মুখে পড়েনি। তিনি বলেন, সব সরকারকে বিদ্যুতের গতিতে কাজ করতে হবে। কারণ, পরিস্থিতি প্রতিদিন পাল্টাচ্ছে। এলাকাভিত্তিক বড় রান্নাঘর করতে হবে। রান্না করা খাবার লোকজনকে সরবরাহ করতে হবে। হাতে নগদ অর্থ বা চাল, আটা তুলে দিতে হবে। কে কোন রাজ্য থেকে এসেছে, সেসব বাছবিচার করা যাবে না।

অখিলেশ যাদব নিজের রাজ্য নিয়ে বেশি উদ্বেগ প্রকাশ করেন। উত্তর প্রদেশ ভারতের সবচেয়ে জনবহুল রাজ্য। সেখানে ২২ কোটি লোকের বাস।

উত্তর প্রদেশের বর্তমান মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ বলেন, তাঁর কর্মীদের একটি দল অন্য রাজ্য থেকে আসা লোকজনকে শনাক্ত করছে। যাদের সাহায্য প্রয়োজন, তাদের সবাইকে সাহায্য করবে সরকার।

কৃষ্ণ লাল নামে রিকশাচালক জানান, চার দিন ধরে তাঁর কোনো আয় নেই। তিনি বলেন, ‘পরিবারের সদস্যদের খাওয়ানোর জন্য আমার অর্থ দরকার। শুনেছি, সরকার আমাদের অর্থ দেবে। কিন্তু সেই অর্থ কখন, কীভাবে নিতে হবে, তা জানা নেই আমার।’

কৃষ্ণ লালের বন্ধু একটি দোকানে পরিচ্ছন্নতাকর্মী হিসেবে কাজ করেন। তিনি জানালেন, খাবার কেনার মতো অর্থ নেই তাঁর কাছে। তিনি বলেন, ‘দুদিন ধরে দোকান বন্ধ। আমাকে কোনো অর্থও দেওয়া হয়নি। আমি জানি না দোকান কবে খুলবে। আমি খুব ভয় পাচ্ছি। আমার পরিবার আছে। কীভাবে আমি তাদের খাওয়াব?’

খেটে খাওয়া মানুষদের অনেকেই জানেন না করোনাভাইরাস কী, কেন পুরো দেশ অবরুদ্ধ, কেন মানুষের যাতায়াত বন্ধ।

নাম প্রকাশ না করার শর্তে এক ব্যক্তি বলেন, তিনি কয়েক বছর ধরে এলাহাবাদ স্টেশনে জুতা পলিশ করেন। কিন্তু এখন স্টেশনে কোনো মানুষ দেখা যাচ্ছে না। কেন লোকজন স্টেশনে আসছে না, তা তিনি বুঝতে পারছেন না। তিনি বলেন, 'আমি বুঝতে পারছি না কী হচ্ছে। কিছুদিন ধরে লোকজন স্টেশনে আসছে না। শুনেছি, কারফিউয়ের মতো কিছু চলছে। কিন্তু কেন?'

কথোপকথনের সময় বিনোদ প্রজাপতি নামের এক ব্যক্তি যেচে এসে কথা বলা শুরু করেন। তিনি জানান, স্টেশন এলাকায় তিনি পানির বোতল বিক্রি করেন। বললেন, 'আমি করোনাভাইরাসের ব্যাপারে সব জানি। পুরো বিশ্ব লড়ছে। যাদের থাকার জায়গা রয়েছে এবং সামর্থ্য রয়েছে, তারা বাড়ি থেকে বের হচ্ছে না। কিন্তু আমাদের মতো মানুষের জন্য নিরাপত্তা ও ক্ষুধার মধ্যে যেকোনো একটিকে বেছে নিতে হবে। আমাদের কোনটা বেছে নেওয়া উচিত?' "

উগ্র হিন্দুত্ববাদী ভারত সরকারের সুষ্ঠু ব্যবস্থা বিহীন লকডাউন সাধারণ শ্রমজীবী মানুষের উৎকণ্ঠা বাড়িয়ে দিচ্ছে । হু হু করে বাড়ছে খাদ্যাভাব । দুনীতিবাজ সরকার ও পুঁজিপতি মহাজনরা স্বাচ্ছন্দ্যে থাকলেও কোটি কোটি দারিদ্র্য জনগোষ্ঠী নিজেদের জীবন নিয়ে শংকিত ।

বেহাল সড়কে ভোগান্তি ময়মনসিংহ সিটি করপোরেশনের সাধারণ মানুষের

ময়মনসিংহ সিটি করপোরেশনের ৩২ নম্বর ওয়ার্ডের ময়লা মোড় থেকে বগার মোড় হয়ে নদীর পাড় পর্যন্ত রাস্তাটি দীর্ঘদিন ধরে সংস্কার না হওয়ায় ভোগান্তি বেড়েছে হাজার হাজার মানুষের। ব্যাহত হচ্ছে এলাকার অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন।

সরেজমিনে গিয়ে কথা হয় চরকালিবাড়ি এলাকার জালাল উদ্দিন, মোজাম্মেল হোসেন, মুনসুর আলীর সঙ্গে। তারা বলেন, ৩২ নম্বর ওয়ার্ডে ঘনবসতিপূর্ণ এলাকা চরকালিবাড়ি। ময়লা মোড় থেকে বগার মোড় হয়ে নদীর পাড় পর্যন্ত সাড়ে ৩ কিলোমিটার রাস্তাটি হচ্ছে এখানকার মানুষের যাতায়াতের একমাত্র ভরসা। দীর্ঘ ৩০ বছর ধরে রাস্তায় কোনো সংস্কারকাজ না হওয়ায় প্রতিনিয়ত ভাঙছে সেটি, হয়ে গেছে সরু। শুকনো মৌসুমে ধুলাবালু আর বর্ষাকালে কাদায় থাকে পরিপূর্ণ। যায়যায়দিনের রিপোর্ট

স্থানীয় ধান ব্যবসায়ী আবু বকর সিদ্দিক বলেন, 'আমরা সিটি করপোরেশনের মধ্যে পড়েছি তাতে খুবই আনন্দিত ছিলাম। কয়েকদিন আগেও ৪০ টাকা শতাংশ হিসেবে জমির ট্যাক্স দিয়েছি। কিন্তু কই আমরা তো কোনো সিটির সুবিধা ভোগ করতে পারছি না। রাস্তাটার কারণে আমাদের এলাকায় কেউ আত্মীয় করতে চায় না। এভাবে আর কতদিন চলবে।'

মক্কা-মদিনায় আন্তঃপ্রদেশীয় যাতায়াত অনির্দিষ্ট কালের জন্যে বন্ধ ঘোষণা

করোনাভাইরাসের বিস্তার প্রতিরোধে সৌদি আরবে আন্তঃপ্রদেশীয় যাতায়াত অনির্দিষ্ট কালের জন্যে বন্ধ ঘোষণা করা হয়েছে। আর বৃহস্পতিবার (২৭ মার্চ) মক্কা, মদিনা ও রিয়াদে বিকাল ৩ টা থেকে সকাল ছয়টা পর্যন্ত কারফিউ জারি করা হয়েছে। খবর- কালের কণ্ঠ

সৌদিতে গত রবিবার সন্ধ্যা ৭টা থেকে চলছে রাত্রিকালীন ২১ দিনের কারফিউ। এ আইন অমান্যকারীদের করা হচ্ছে ১০ হাজার সৌদি রিয়াল জরিমানা ও গ্রেপ্তার।

এখন পর্যন্ত সাড়ে সাতশ'র বেশি করোনা রোগী শনাক্ত হয়েছে সৌদিতে। সেই সঙ্গে প্রথম একজন মারা গেছেন বলে নিশ্চিত করেছেন দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয়।

'এই দেশে জন্মাইসেন, এখনও বেঁচে আছেন এইটা বোনাস'

করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার লক্ষণ থাকা এক রোগী সেবা না পেয়ে সরকারের রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর) এবং এর পরিচালক মীরজাদী সেব্রিনা ফ্লোরার ওপর ক্ষোভ প্রকাশ করেছেন।

আতিকা রমা নামের ওই নারী সোমবার দুপুরে সামাজিক মাধ্যম ফেসবুকে নিজের আইডিতে অসুস্থ হওয়া, করোনার লক্ষণ, আইইডিসিআরের সঙ্গে যোগাযোগ করাসহ বিস্তারিত অভিজ্ঞতা তুলে ধরেন। সেখানে তিনি মীরজাদী সেব্রিনা ফ্লোরাকে তুলোধুনা করেন। মাত্র ১ ঘণ্টার মধ্যে তার স্ট্যাটাসটি প্রায় দুই হাজার শেয়ার হয়। খবর-কালের কণ্ঠ

আতিকা রমার স্ট্যাটাসটি পাঠকদের জন্য হুবহু তুলে ধরা হলো;

“এই দেশ এই দেশের সিস্টেম একজন নাগরিক হিসেবে কি আমার???? গত ১২ দিন ধরে আমি জ্বর, প্রচন্ড গলা ব্যথা, শুকনা কাশি, কফ, প্রচন্ড শ্বাসকষ্ট এবং ফাইনালি তীব্র পেট ব্যথায়

ভুগছি। করোনা ভাইরাসে আক্রান্ত হওয়ার সকল লক্ষণ নিয়ে যখন অপেক্ষা করছিলাম তখন বন্ধুরা জোর করে যোগাযোগ করে IEDCR এর হেল্প লাইনে। তার মধ্যে ইন্ডিয়া থেকে গেস্ট এসেছিল। তাদেরকে এয়ারপোর্টে পৌঁছে দিতে গিয়ে তারা বৃদ্ধ মানুষ হওয়ায় তাদের লাগেজের ট্রলিটা খালি হাতে ধরে বোর্ডিং পাসের জন্য ট্রলি ঠেলে নিয়ে গেছিলাম। এরপর ইমিগ্রেশনের গেট পর্যন্ত পৌঁছে দিয়ে ফিরে এসেছি।

তখন প্রতিদিন চায়নায় মানুষ মরছে করোনা ভাইরাসের প্রকোপে। কিন্তু আমার তা মাথায় ছিল না। এয়ারপোর্টের ট্রলি জীবন কেড়ে নেয়ার ক্ষমতা রাখতে পারে ভাবিনি। এরপর যা হওয়ার হয়েছে।

এটা ছিল ১০ মার্চের ঘটনা। ১২ তারিখে একটা আইসক্রিম খেয়েছিলাম শখ করে, প্রায় সাথে সাথেই গলা ব্যথা শুরু হয়েছিল। এরপর ১৪ তারিখে তীব্র গলা ব্যথা আর শরীর কাঁপিয়ে জ্বর। জ্বরে তেমন কিছু মনে হয়নি, কিন্তু এরকম গলা ব্যথা আমার জীবনে আগে কখনও হয়নি। মনে হয়েছিল কেউ গলা চেপে ধরেছে এবং নিশ্বাস বন্ধ হয়ে আসছে। অথচ আমার চেস্ট পরিষ্কার। দীর্ঘদিন এজমা থাকায় আমি জানি কোনটা এজমার এট্যাক। কিন্তু এটা ঠিক সেরকম ছিল না। তীব্র গলাব্যথার জন্য ছিল এই শ্বাসকষ্ট। আমার খালাতো বোন বারডেমের মেডিসিনের ডাক্তার। আমার ডায়াবেটিসের চিকিৎসাও উনি করেন। ওনাকে জানানো মাত্র এন্টিবায়োটিক দেন। খেতে শুরু করি।

কিন্তু শ্বাসকষ্ট থামে না, থামে না তীব্র গলা ব্যথাও। এভাবে ৯ দিন যাবার পর অবস্থা দিনকে দিন খারাপ হতে শুরু করে। যুক্ত হল নেবুলাইজার। দিনে ৬ বার ইনহেলারের সাথে যুক্ত হয় ৬ বার নেবুলাইজার। কিন্তু এগুলো সবই সাময়িক। একটা নির্দিষ্ট সময় পর্যন্ত ভাল থাকা যায় তারপর যে কে সেই। তীব্র গলা ব্যথা, শ্বাসকষ্ট, পেট ব্যথা, কাশি মাঝে মাঝে জ্বর।

ভাইয়া তার এক বন্ধুর কাছে নিয়ে গেল। সেই ডাক্তার খুবই ইয়ার্কির মুডে জানাল এটা সিম্পল ঠান্ডা জ্বর, করোনা টরোনা নয়। আমার বন্ধু রানু আমার অবস্থা দেখে রেগে টেগে সমস্ত শক্তি দিয়ে IEDCR. এর হেল্পলাইনে যোগাযোগ করে পুরো ইতিহাস বলল। IEDCR কুর্মিটোলা হাসপাতালের এক প্রতিনিধি নাম ফারহা চৈতি উদ্বিগ্ন হয়ে ফোন করলেন। সব শুনে জানালেন ঐদিন রাতেই তারা আমাকে কুর্মিটোলা জেনারেল হাসপাতালে নিয়ে যাবে কারন আমি করোনা ভাইরাস সাসপেক্টেটেড। আমি রাত টুকু সময় নিলাম সব কিছু গোছানোর জন্য। ঠিক হল সকাল ৮টায় ওনাদের এম্বুলেন্সে করে নিয়ে যাবে একটা টিম এসে। সারা রাত ঘুমাতে পারলাম না নানান চিন্তায়। সকাল ৮ টার আগে নিজেকে পুরোপুরি প্রস্তুত করলাম। নাহ তাদের কোন খবর

নেই। নেই তো নেই। নিজেই সকাল ৯টার দিকে চলে গেলাম কুর্মিটোলা হাসপাতালে। গিয়ে ডাক্তার ফারহা চৈতিকে ফোনের পর ফোন করলাম। উনি ধরলেন না। কি করবো কিচ্ছু জানিনা। এখান থেকে সেখান ছুটে বেড়ালাম সেই অসুস্থ শরীরে। ডাক্তার চৈতি ফোন করলেন বেলা ১১:৩০ এ। উনি যে আনতে যাননি বা যাবার কথা ছিল তার ধারপাশ দিয়েও গেলেন না। এদিকে হাসপাতালে প্রচন্ড ভীড়। লোকে লোকারণ্য। গায়ে গায়ে মানুষ বসে আছে এমারজেন্সির সামনে। কোন ডাক্তার নাই। এমার্জেন্সির টিকিট কেটে আমি দূরে দাঁড়িয়ে থাকলাম। আমার প্রচন্ড শ্বাস কষ্ট আর তীব্র শীতের অনুভূতি হল। আমি উইন্ডব্রেকার পরে যাবার পরও ঠান্ডায় ঠকঠক করে কাঁপছিলাম। কিন্তু এমার্জেন্সি সার্ভিস বলে সেখানে কিছু নেই। নেই একজনও ডাক্তার। এদিকে অপেক্ষা করছে শত শত নারী পুরুষ শিশু। আর তাদের যা তা ভাষায় ধমক দিয়ে যাচ্ছে আনসার সদস্যরা। আমি দূর থেকে সব দেখছি এবং মনে মনে সিদ্ধান্ত নিচ্ছি কোন ভাবেই এখানে থাকা যাবে না। লোকে উন্মুক্ত ভাবে হাঁচি কাশি দিচ্ছে, থক থক করে থুতু ফেলে ভরিয়ে দিচ্ছে।

আমার খালাতো ভাই ফোন করলেন এবং অবস্থা জানতে চাইলেন। IEDCR এর চিফ মীরজাদি সেবরিনা ফ্লোরা ওনার পরিচিত। ওনার সাথে যোগাযোগ করলেন। ফ্লোরা ম্যাডাম সাথে সাথে কুর্মিটোলা থেকে বেরিয়ে কুয়েত মৈত্রী হাসপাতালে যেতে বললেন আমাকে। ততোক্ষণে আমি ভীষণ ক্লান্ত, পরিশ্রান্ত, ক্ষুধার্ত এবং হতাশ। সময় চেয়ে নিলাম। বাসায় ফিরে আমাকে গোসল করতেই হবে এবং খেতে হবে। তারপর যেতে হবে কুয়েত মৈত্রী হাসপাতালে। সেখানে ফ্লোরা ম্যাডাম আমার জন্য সকল ব্যবস্থা করে রেখেছেন।

বাসায় ফিরে ঘন্টাখানিক গোসল করলাম এমন ঘিনঘিনে অনুভূতি হয়েছে কুর্মিটোলা হাসপাতালে। সুস্থ মানুষ সেখানে অসুস্থ হতে বাধ্য। এরপর তৈরি হচ্ছি কুয়েত মৈত্রী হাসপাতালে যাবার জন্য, কিন্তু মন কোন ভাবেই সায় দিচ্ছে না। কারন IEDCR এর প্রস্তুতি নিয়ে আমি ভীষণ সন্দিহান। এরা ঠিক ভাংগা কলসির মত। এরপর মীরজাদি সেবরিনা ফ্লোরা আমার খালাতো ভাইকে জানালেন আমাকে করোনা ভাইরাস সম্ভবত এটাক করেনি। বাইরে বা হাসপাতালে থাকলে আমাকে ভাইরাস এটাক করবে। তাই হাসপাতালে থাকার দরকার নাই। আগে ব্লাড টেস্ট হোক। আমি হাসপাতালে থাকার ব্যাপারে একটুও আগ্রহী ছিলাম না নোংরা পরিবেশ এবং তাদের সার্ভিস কোয়ালিটি দেখে। মনে হয়েছিল ওখানে থাকলে আমি মারা যাব। আমি বাসায় থাকতে চাইলে ফ্লোরা ম্যাডাম রাজি হলেন। সিদ্ধান্ত হল বাসা থেকে আগে টেস্টের জন্য স্যাম্পল কালেক্ট করা হবে এবং আমাকে বাসার ভেতরে ১০০% isolation এ থাকতে হবে। পরের দিন অর্থাত গতকাল বাসা থেকে IEDCR এর লোকজন এসে ব্লাডের স্যাম্পল নিয়ে যাবে। সারাদিন অপেক্ষা।

এই আসছি সেই আসছি বলে এখন পর্যন্ত কোন খবর নাই। গতকাল এবং পরশুদিন একাধিক বার তাদেরকে একই তথ্য বার বার দিয়েছি। আসছি আসবো বলে তাদের কোন খবর নাই।

গতকাল সারাদিন রাত তীব্র শ্বাস কষ্টে ভুগেছি। ৮/১০ বার নেবুলাইজ করেছি, ইনহেলার দিয়েছি আর অপেক্ষা করেছি একটা সঠিক ডায়াগনোসিস হোক। জানি কেন এমন সমস্যা হচ্ছে। গলার ব্যথা, শ্বাসকষ্ট পেট ব্যথা কিছুই ঠিক হচ্ছে না।

সর্বোচ্চ পর্যায়ে যোগাযোগের ফলাফল যদি এই হয়, তবে ধরেই নিচ্ছি বাংলাদেশে করোনা ভাইরাসে আক্রান্ত কেউ নেই। IEDCR একটা স্টুপিড প্রতিষ্ঠান এবং তাদের চিফ মীরজাদি সেবরিনা ফ্লোরা হলেন সেই স্টুপিড নেতা। আপনারা হেল্প লাইনে ফোন করে দেখেন কি ধরণের ব্যবহার করে এরা। স্যাম্পল কালেকশনের জন্য এই নম্বরে কল করেন 01550064901 দেখবেন একই তথ্য আপনাকে কতবার দিতে হচ্ছে। প্রতিটা হেল্পলাইনে কি ভাবে কথা বলছে এক একজন। ফোন করেন কুয়েত মৈত্রী হাসপাতালে এই নম্বরে Control room Kuwait Bangladesh hospital-01830 769803 দেখেন কেমন ব্যবহার করবে আপনার সাথে।

গতকাল থেকে তীব্র শ্বাস কষ্টে ভীষণ কষ্ট পাচ্ছি। নিজে নিজে নেবুলাইজ করছি। হ্যাঁ আমি আর কারো কাছে যাব না। আমার কোন চিকিতসার দরকার নেই। IEDCR এবং মীরজাদি সেবরিনা ফ্লোরার উপর ওহি নাজিল হইসে আমি সুস্থ আছি। তারা এখন বিভিন্ন জায়গার চাপে পরে ব্লাড নিতে আসলে আমি দেব না বলে সিদ্ধান্ত নিয়েছি। কারন টেস্টের রিপোর্ট কি হবে আমি জানি। এবং এও বিশ্বাস করি এই ব্লাড ড্রেনে ফেলে দেয়া হবে এবং বলা হবে আল্লামা মীরজাদি সেবরিনা ফ্লোরাতো আগেই টেস্টের রিপোর্ট জানতেন।

হ্যাঁ আমার কিছুই হয়নি। আমি একদম সুস্থ আছি। এই কয়দিন অসুস্থ হওয়ার নাটক করলাম। নাটকের অংশ হিসেবে দিনে রাতে নিজে নিজে নেবুলাইজ করলাম, ইনহেলারের পর ইনহেলার দিলাম। নাটকের অংশ হিসেবে এখনও ভুগছি, শ্বাসকষ্ট, গলা ব্যথা পেট ব্যথা নিয়ে। IEDCR একটা আল্লাহ প্রদত্ত প্রতিষ্ঠান। ওনাদের ওপর নিয়মিত ওহি নাজিল হচ্ছে। আর করোনা ভাইরাস তেমন কোন ঘটনা না। এই দেশে জন্মাইসেন এইতো বেশী। এখনও বেঁচে আছেন এইটা বোনাস।

আমি ভীষণ ভাবে বিপর্যস্থ। এরকম দীর্ঘ শ্বাসকষ্ট এবং মানসিক যন্ত্রণায় অনেক দিন ভুগিনি। আমি যদি কোন কারনে মরে যাই সেই দায় আমার, তা রাষ্ট্রের না, IEDCR এর না এবং মীরজাদি সেবরিনা ফ্লোরার মত একজন সুপার ওহিপ্রাপ্ত নারীরও না। মীরজাদি সেবরিনা ফ্লোরা সিম্পিলি একটা সরকারের পা চাটা গোলাম, এটুকু মনে রাখবেন।

বল্টু ভাইরাই আমার জীবনের সবচেয়ে বড় কনসার্ন। তাদের ব্যবস্থা করে রেখেছি। পৃথিবীর আর কোন কিছুর প্রতি আমার কোন দায় নেই। আমি এতটা মানসিক ভাবে এবং শারীরিক ভাবে বিপর্যস্থ যে ঠিক জানিনা কি কি ভুল করতে পারি কারন সঠিক ভাবে ভাব্বার মত মানসিক অবস্থায় আমি নেই।

উইশ ইউ হ্যাপি করোনা লাইফ। এই মিথ্যাবাদী, ইতর মানুষের দেশে জন্মে আমি ভীষণ লজ্জিত। এই দলকানা ধর্ম কানা মানুষের দেশে জন্মে আমি লজ্জিত। আমাকে সবাই ক্ষমা করবেন।

পুনশ্চ: লেবু চা গরম চায়ের বয়ান কেউ দিতে আইসেন না। এগুলাই করতেসি। আমি বলতে চেয়েছি একজন নাগরিক হিসেবে আমার সঠিক চিকিতসা পাওয়ার অধিকারের কথা। আজাইরা জ্ঞান দিবেন না। মাথা ভয়াবহ গরম আছে। যা কিছু ঘটায় ফেলতে পারি। কারন এখন আর আমি কিচ্ছু মানবো না। সেই সব ডাক্তারদের জন্যও করুণা যারা ডায়াগনোসিস ছাড়া রোগ নির্ধারণ করে। ঘেন্না ঘেন্না ঘেন্না।”

ভারতে ২১ দিনের ‘লকডাউন’ : ‘দিন এনে দিন খাওয়া’ মানুষেরা পড়েছেন মহা বিপদে

টানা ২১ দিন ‘লকডাউন’ ঘোষণা করায় ভারতের ‘দিন এনে দিন খাওয়া’ মানুষেরা পড়েছেন মহা বিপদে।

দিনভিত্তিক মজুরির শর্তে ভারতের বিশাল একটা জনগোষ্ঠী কাজ করে থাকে। বিভিন্ন কলকারখানাই তাদের আয়ের প্রধান উৎস। সারা দেশ অচল হয়ে যাওয়ায় আয়ের এই উৎস বন্ধ হয়ে গেছে।

উত্তর প্রদেশের এক দিনমজুর, যিনি প্রতিদিন ৬০০ রুপি আয় করে ঘরে ফেরার সময় চালডাল কেনেন। বিবিসিকে তিনি বলছিলেন, ‘প্রতিদিন আমার পাঁচজনকে খাওয়াতে হয়। করোনাভাইরাসের ঝুঁকি আমি জানি। কিন্তু ছেলেমেয়েকে তো খাবার দিতে হবে।’

চীনের হুবেই প্রদেশের রাজধানী উহান থেকে ছড়িয়ে পড়ার পর নভেল করোনাভাইরাসে ভারতে ৫০০ জন আক্রান্ত হয়েছেন। মারা গেছেন ১০ জন।

এই অবস্থায় সংক্রমণ থামাতে লকডাউন ঘোষণা করার সময় ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নিম্ন আয়ের মানুষদের অর্থ সরবরাহের কথা বলেছে।

কিন্তু সেই প্রতিশ্রুতি কতটা রাখা হবে তা নিয়ে চিন্তায় আছেন খেটে খাওয়া মানুষ। রাজপাল সিং নামের একজন যেমন বলছিলেন, 'বলা হচ্ছে অর্থ দেয়া হবে। কিন্তু সেটি কীভাবে তা এখনো আমরা জানি না। আর দিলেও কতদিন, কত করে দেয়া হবে, তাও বলা হয়নি। এই অবস্থায় আমরা শঙ্কিত।'

করোনায় আক্রান্ত হবে ১০ লাখ ইসরাইলি ইহুদি

বিশ্বজুড়ে আধিপত্য এখন কেবল করোনারভাইরাসের। বাকি সবই ফিকে এ অদৃশ্য মারণাস্ত্রের কাছে। ইতিমধ্যে গোটা বিশ্বকে গ্রাস করেছে করোনা। চীনের উহান শহরে উৎপত্তির পর করোনা পৌঁছে গেছে ইসরাইলে।

মঙ্গলবার পর্যন্ত দেশটিতে করোনা রোগীর সংখ্যা ১৬৫৬ জন। এ সংখ্যা প্রতিনিয়তই বাড়ছে।

দেশটিতে করোনা রোগীর সংখ্যা বৃদ্ধির হার দেখে ধারণা করা হচ্ছে দ্রুতই ১০ লাখ ইসরাইলি করোনাভাইরাসে আক্রান্ত হতে পারে। যাদের মধ্যে মারা যেতে পারেন ১০ হাজার মানুষ। খবর: যুগান্তর

দ্য জেরুজালেম পোস্ট জানিয়েছে, গত ১৮ মার্চ ১১ হাজার ইসরাইলির ওপর করোনাভাইরাস শনাক্তের পরীক্ষা চালায় ইসরাইলের স্বাস্থ্য বিভাগ। সেখানে, ৪৩৩ জনের ফলাফল কভিড-১৯ পজিটিভ আসে। যা মোট নমুনার ৪ শতাংশ।

এরপর গত মঙ্গলবার, ২৭ হাজার ৫৪ জনের ওপর পরীক্ষা চালিয়ে সব মিলিয়ে ১৬৫৬ জন করোনা আক্রান্ত রোগী শনাক্ত হয়, যা ৬.১ শতাংশ।

এমন ফলাফলের পর স্যামসন আজুটা আশদুদ ইউনিভার্সিটির সংক্রমণ নিয়ন্ত্রণ পরিষেবার প্রধান ড্যানিয়েল গ্রুপেল বলেন, এমন হারে বৃদ্ধি পেতে থাকলে ইসরাইলের এক-তৃতীয়াংশ বাসিন্দা করোনাভাইরাসে আক্রান্ত হবে।

গ্রুপেলের এমন বক্তব্যের আগেই সোমবার মন্ত্রিসভার সাত ঘণ্টাব্যাপী বৈঠক করেন ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানইয়াহু।

তিনি স্বাস্থ্য বিভাগসহ সংশ্লিষ্টদের হুঁশিয়ারি দেন, 'মারাত্মক এ করোনার লাগাম টেনে না ধরতে পারলে আগামী এক মাসে ১০ লাখ ইসরাইলি কভিড-১৯ এ আক্রান্ত হতে পারে। এতে মারা যেতে পারে ১০ হাজার ইসরাইলি।'

প্রধানমন্ত্রীর এমন হুঁশিয়ারির পর দেশটির ম্যাগান দাউদ-আদম মেডিকেলের পরিচালক রাফায়েল স্টুরগো বলেন, আমরা যতটুকু পরীক্ষা করতে পেরেছি তার ৪ শতাংশ রোগী পেয়েছি। হতে পারে আরও অনেক ইসরাইলি ভাইরাসটি বহন করছেন যাদের পরীক্ষা করা হয়নি। তবে এই আক্রান্তের হার ১০ থেকে ১২ শতাংশে পৌঁছুলে আমি মনে করি ইসরাইল হবে চীন-ইতালির মতো সবচেয়ে বেশি করোনায় বিধ্বস্ত দেশ।

এদিকে এন১২ চ্যানেলকে দেশটির এক সরকারি কর্মকর্তাদের অভিযোগ, এমন মহামারী পরিস্থিতিতেও সাধারণ ইসরাইলিরা এমনকি বেশ কয়েকজন মন্ত্রী করোনাভাইরাসের দ্রুত সংক্রমণের বিষয়টি গুরুত্ব দিয়ে দেখছেন না।

এদিকে করোনাভাইরাসের প্রাদুর্ভাব রুখতে সব করোনা রোগীর মোবাইল ফোন ট্র্যাক করার কার্যক্রম চালু করেছে নেতানিয়াহু সরকার।

এর মাধ্যমে সব করোনা রোগীদের গতিবিধি অনুসন্ধান করে ব্যবস্থা নেয়া হচ্ছে। ইতিমধ্যে অনেক তথ্য তাদের কাছে এসেছে। করোনা পরীক্ষা করার আগে ওই ব্যক্তি কোথায় গেছেন, কার সংস্পর্শে এসেছেন সব খবরই জানা যাচ্ছে এই পদ্ধতিতে।

উল্লেখ্য, ইসরাইলের স্বাস্থ্য বিভাগ জানাচ্ছে, দেশটিতে সব মিলিয়ে এক লাখ পঁয়ত্রিশ হাজার কোয়ারেন্টিনে আছেন। একাত্তর হাজার ঊনত্রিশ জনকে আইসোলেশনে রাখা হয়েছে। মঙ্গলবার নতুন করে আক্রান্ত হয়েছেন ২১৪ জন। এ নিয়ে দেশটিতে করোনা আক্রান্তের সংখ্যা এক হাজার ৬৫৬ জনে পৌঁছল। এদের মধ্যে ৩১ জনের অবস্থা গুরুতর। আর ভাইরাস আক্রান্ত হয়ে মৃত্যুর সংখ্যা দুই জন।

কঠিন মুহূর্তেও এনজিওগুলোর কিস্তি আদায় অব্যাহত, বিপাকে নিম্ন আয়ের মানুষ

করোনাভাইরাস সংক্রমণ এড়াতে দেশের বিভিন্ন স্থানে দোকান-পাট বন্ধ করে দেয়া হয়েছে। লোকজন চলাচলও সীমিত করে দেয়া হয়েছে। ফলে নিম্ন আয়ের মানুষদের কর্মসংস্থান কমে গেছে।

এতে দিনমজুর-ক্ষুদ্র ব্যবসায়ীদের আয় নেই বললেই চলে। এমন পরিস্থিতিতেও বিভিন্ন স্থানে চলছে এনজিওর ঋণ আদায় কার্যক্রম। এতে এনজিওর ঋণ গ্রহণকারী দরিদ্র মানুষ এখন বিপাকে। তাদের দাবি পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত ঋণ আদায় স্থগিত করার। সূত্র:যুগান্তর

মহামারি আকারে ছড়িয়ে পড়া করোনাভাইরাসের কারণে সব ধরনের ক্ষুদ্র ঋণ আদায় বন্ধ ঘোষণা করলেও তা মানছে না এনজিও সংস্থাগুলো।

ভূঞাপুর (টাঙ্গাইল): ভূঞাপুরে এনজিওর কিস্তি দিতে হিমশিম খাচ্ছে নিম্ন আয়ের মানুষ। করোনাভাইরাস আতঙ্কে হাট-বাজারে মানুষ নেই। এতে নিম্ন আয়ের মানুষের আয় নেই। খেটে খাওয়া মানুষেরা হয়ে পড়ছেন বেকার। এমতাবস্থায় এনজিওর সাপ্তাহিক ও মাসিক কিস্তির টাকা জোগাড় দূরের কথা খাবার কেনার টাকা জোগাড়ে হিমশিম খেতে হচ্ছে তাদের।

উপজেলায় শতাধিক এনজিও নিয়মিত ঋণ কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এসব এনজিও থেকে কয়েক হাজার মানুষ ঋণ সংগ্রহ করেছেন। এতে ঋণগ্রহীতারা মানবেতর জীবনযাপন করছেন।

ভুক্তভোগীরা জানায়, কিস্তির টাকা না দিলে কর্মীরা জন্য রাত অবধি বসে থাকেন, গালমন্দ করেন, হুমকি দেন। গোবিন্দাসী এলাকার ভ্যানচালক আমিনুর জানান, করোনাভাইরাসের কারণে এলাকাজুড়ে আতঙ্ক বিরাজ করায় মানুষ ঘর থেকে কম বের হন। সারা দিনে ভ্যান চালিয়ে যে উপার্জন হয় তাতে সংসারই হয় না আবার কিস্তি দেব কোথায় থেকে।

ফলদা বাজার হাটের মুদি দোকানদার হাসান জানান, হাটে লোকজন প্রয়োজন ছাড়া আসছে না। বেচাকেনা খুবই কম। ইভাবে চললে সংসার চালান খুবই কঠিন।

ইউএনও নাসরীন পারভীন বলেন, এনজিওগুলোর কিস্তি আদায়ের বিষয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে।

গাইবান্ধা: করোনাভাইরাস দুর্যোগে কিস্তি মওকুফে সংশ্লিষ্টদের বাধ্য করাসহ ৭ দফা দাবিতে মঙ্গলবার বাসদ (মার্কসবাদী) শহর শাখার উদ্যোগে গাইবান্ধা পৌর মেয়র শাহ মাসুদ জাহাঙ্গীর কবীর মিলনের হাতে একটি স্মারকলিপি প্রদান করা হয়।

এর আগে পৌরসভা চত্বরে বাসদ (মার্কসবাদী) শহর শাখার সংগঠক আবু রাহেন শফিউল্যাহ খোকনের সভাপতিত্বে এক সমাবেশে বক্তব্য রাখেন বাসদ (মার্কসবাদী) জেলা সদস্য নিলুফার ইয়াসমিন শিল্পী, লীজা উল্যাহ, মাসুদা আকতার প্রমুখ।

গুরুদাসপুর (নাটোর): নাটোর জেলা প্রশাসক মো. শাহরিয়াজ হতদরিদ্রদের আয় কমায় সব এনজিওর ঋণ আদায় বন্ধের অনুরোধ জানিয়েছেন। তবে এনজিও কর্মকর্তারা সে আদেশ অমান্য করে ঋণের কিস্তি আদায় করছেন বলে জানা গেছে।

উপজেলার বিভিন্ন এলাকায় এনজিও থেকে ঋণগ্রহীতা জাহানার বেগম, আসমা খাতুন, রোকেয় বেগমসহ অন্তত ২০ জনের সঙ্গে কথা বললে তারা জানান, বিভিন্ন এনজিও প্রতিষ্ঠান থেকে তারা ঋণ নিয়েছেন। প্রায় সবাই ওই ঋণের টাকা নিয়ে অটো ভ্যান ক্রয় করেছেন। তাদের স্বামীরা অটো ভ্যান চালিয়ে সংসার চালান। খাবার কেনার পর সেখান থেকে বাঁচিয়ে ঋণের কিস্তি দেন।

তারা জানান, দুই সপ্তাহ হল করোনার কারণে মানুষজনের চলাফেরা কমে গেছে। আগে ৩ থেকে ৫শ' টাকা রোজগার হতো। বর্তমানে ১০০ টাকা কামাই হয় না। তা দিয়ে স্বামী-সন্তান নিয়ে সংসারই চলে না, কিস্তি দেবে কোথায় থেকে। কিন্তু এনজিওর স্যারেরা এসে জবরদস্তি করছে। এমনকি গালমন্দও করছে।

ইউএনও মো. তমাল হোসেন বলেন, জেলা প্রশাসক স্যার নির্দেশ দিয়েছেন জুন পর্যন্ত কোনো এনজিওর ঋণের কিস্তি নেয়া যাবে না। কোনো এনজিও নিলে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

রায়পুর (লক্ষ্মীপুর): ইউএনও করোনাভাইরাস প্রতিরোধে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের কিস্তি জুন পর্যন্ত না নেয়ার নির্দেশ দিলেও তা উপেক্ষা করে রায়পুরের ২৩ এনজিও তাদের কার্যক্রম অব্যাহত রেখেছেন। মঙ্গলবার সকালে সরেজমিনে কয়েকটি এনজিওর মাঠকর্মীদের কিস্তি উত্তোলন করতে দেখা গেছে।

উপকূলীয় অঞ্চল চরআবাবিল ও চরবংশী ইউনিয়নের কয়েকটি জেলে পরিবার গ্রামে এনজিও কর্মীরা কিস্তি আদায়ের জন্য বাড়িতে বাড়িতে অবস্থান করছে। দিনমজুর ও জেলে পরিবারকে কিস্তি পরিশোধে চাপ সৃষ্টি করতে দেখা যায়।

কুয়াকাটা (পটুয়াখালী): করোনাভাইরাস আতঙ্কে সবকিছু বন্ধ ঘোষণা করলেও এখনও বন্ধ হয়নি কুয়াকাটায় এনজিও কর্মীদের ঋণের কিস্তি আদায়। মঙ্গলবার সকালে বেসরকারি সংস্থা আশার মাঠকর্মীরা কুয়াকাটা পৌরসভার ইসলামপুর মহল্লার বিভিন্ন বাড়িতে ঘুরে কিস্তি টাকা আদায় করেছেন। এ ঘটনায় স্থানীয় অনেকেই ক্ষোভ প্রকাশ করেছেন।

২৩ মার্চ পটুয়াখালীর জেলা প্রশাসক এনজিওর কিস্তি আদায় বন্ধ ঘোষণা করছেন। কিন্তু এনজিও কর্মকর্তারা তা মানছেন না। কিস্তির টাকা পরিশোধে অনেকে অনীহা প্রকাশ করলে এনজিও কর্মীরা তাদের সঙ্গে খারাপ ব্যবহার করেন। নতুন করে ঋণ নিতে অসুবিধা হবে বলেও সতর্ক করা হচ্ছে ওই সব এনজিওর পক্ষ থেকে।

জাহিদ হোসেন নামে এক এনজিও মাঠকর্মী বলেন, কিস্তি আদায়ে আমাদের ওপরের কোনো নির্দেশ পাইনি। তাই আদায় করছি।

সরেজমিনে, মঙ্গলবার (২৪ মার্চ) সকালে বেসরকারি এনজিও গ্রামীণ ব্যাংকের ম্যানেজার ও কর্মী রহিমপুর ইউনিয়নের ধর্মপুর গ্রামে বিভিন্ন বাড়িতে ঘুরে কিস্তির টাকা আদায় করেন। এঘটনায় স্থানীয় অনেকেই ক্ষোভ প্রকাশ করলেও নতুন করে লোন নিতে ঝামেলা হবে বলে এবিষয়ে নাম প্রকাশ করতে অনিহা প্রকাশ করেছেন অনেকে।

দিল্লির সাড়া জাগানো শাহীনবাগের প্রতিবাদ মঞ্চ তুলে দিল মালাউন পুলিশ

করোনাভাইরাসের কারণে লকডাউনের অংশ হিসেবে দিল্লি শাহীনবাগের ধরনা মঞ্চ তুলে দিয়েছে পুলিশ। দিল্লির যে শাহীনবাগ ভারতের বিতর্কিত ও মুসলিম বিদ্বেষী নতুন নাগরিকত্ব আইনের বিরুদ্ধে প্রতিবাদের মূর্ত প্রতীক হয়ে উঠেছিল, মঙ্গলবার সকালে দিল্লি পুলিশ সেই ধরনা মঞ্চ জোর করে তুলে দিয়েছে। খবর বিবিসির।

গতকাল মঙ্গলবার সকাল সাতটা নাগাদ দিল্লি পুলিশের একটি দল শাহীনবাগে গিয়ে ধরনা মঞ্চ খালি করে দেওয়ার দাবি জানায়। কিন্তু সেখানে অবস্থানরত যে প্রতিবাদকারী ছিলেন, তারা তাতে বাধা দিলে আধঘণ্টার মধ্যেই পুলিশ জোর করে তাদের তুলে দেয়।

ঘটনাস্থল থেকে ছয় জন মহিলা ও তিন জন পুরুষ-সহ মোট নয়জনকে আটক করা হয়।

এর ফলে সেই গত ১৫ই ডিসেম্বর বিকেল থেকে নাগরিকত্ব আইন ও প্রস্তাবিত এনআরসি-র বিরুদ্ধে শাহীনবাগে লাগাতার যে আন্দোলন চলছিল, ঠিক ১০১ দিনের মাথায় এসে পুলিশি হস্তক্ষেপে তার অবসান হল।

শাহীনবাগে অবশ্য গত দু-তিন দিন ধরেই একটা সময়ে মাত্র পাঁচজন করে প্রতিবাদকারী ধরনা মঞ্চে থাকছিলেন – যাতে ১৪৪ ধারার শর্ত লঙ্ঘিত না হয়। বাকিরা ধরনা মঞ্চে তাদের চটি বা চপ্পল রেখে আন্দোলনের প্রতি তাদের উপস্থিতি ও সংহতি প্রকাশ করছিলেন।

গত সাড়ে তিন মাসে শাহীনবাগ দেশের নানা প্রান্ত থেকে প্রভূত সমর্থন পেয়েছে এবং ভারতের বহু শহরে শাহীনবাগের ধাঁচে প্রতিবাদ শুরু হয়েছিল। ভারতের সীমানা পেরিয়ে গোটা পৃথিবীতে এ আন্দোলন সাড়া জাগিয়েছে।

এদিকে কলকাতা থেকে জানানো হয়েছে, শহরের পার্ক সার্কাসে শাহীনবাগের ধাঁচে যে লাগাতার ধরনা চলছে তার আয়োজকরাও সেটি এখন সীমিত আকারে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছেন।

গত রাতে তারা জানান, এখন থেকে পার্ক সার্কাসের মঞ্চে মাত্র সাতজন করে নারী-পুরুষ প্রতিবাদকারী থাকবেন। বাকিরা নিজেদের চটি রেখে দিয়ে আন্দোলনে একাত্মতা প্রকাশ করবেন।

এই বছর হজ্ব ও উমরাহ বন্ধ ঘোষণা হতে পারে : সৌদি রাষ্ট্রদূত

এই বছর ২০২০ সালে হজ্ব ও উমরাহ বাতিল হতে পারে।এই জন্য সকল হজ সংস্থাকে হোটেল, প্রশিক্ষক বা এয়ারলাইনের টিকিটের সাথে কোন প্রকারের চুক্তি না করার জন্য নির্দেশ জারি করা হয়েছে।

সৌদি রাষ্ট্রদূত আবদুল্লাহ আহমদ আল আবদান গতকাল ২৪ মার্চ এক সংবাদ সম্মেলনে এ তথ্য নিশ্চিত করেছেন। তবে হজ্ব বন্ধ করতে এখনও কোন পদক্ষেপ নেওয়া হয়নি বলে তিনি মন্তব্য করেন। তিনি বলেন,করোনাভাইরাস অব্যাহতভাবে ছড়িয়ে পড়ার আশংকা রয়েছে, ফলে এ বছরের জন্য হজ্ব স্থগিত হতে পারে।

প্রতি বছর সাধারণত হজ্ব জুলাইয়ের শেষ সপ্তাহে শুরু হয়। সরকারীভাবে এ সিদ্ধান্ত নেওয়ার পরে হোটেল বা বিমান সংস্থাগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে যাতে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত কোন রকম কার্যক্রম পরিচালনা না করে।

এর আগে দেশটি ভাইরাসের বিস্তার রোধে উমরাহ হজ্ব এর জন্য ভিসা প্রদান স্থগিত এবং মক্কা ও মদিনার দুটি পবিত্র মসজিদ মসজিদ আল হারাম এবং মসজিদ আল নববিতে জামাতে নামাজ স্থগিত করেছে।
প্রসঙ্গত, সৌদি আরবে এ খবর লেখা পর্যন্ত করোনভাইরাস আক্রান্ত হয়ে ১জন মৃত্যুবরণ ও ৭৬৭ আক্রান্ত হয়েছে বলে জানা যায়।

বাংলাদেশে প্রকৃতপক্ষে করোনা পরীক্ষাই হচ্ছে না

যত দিন যাচ্ছে করোনা পরিস্থিতি ভয়াবহ রূপ নিচ্ছে। দেশে আক্রান্তের সংখ্যা কত এর সঠিক কোনো পরিসংখ্যান নেই। বিশ্ব স্বাস্থ্য সংস্থা প্রধান টেড্রোস অ্যাধনম ঘেব্রেইয়েসাস যেখানে বারবার

বলছেন, নির্বিচারে পরীক্ষা করতে হবে। আক্রান্তদের আলাদা করে ফেলতে হবে। কিন্তু গত দুই মাসে বিদেশফেরত প্রায় ৭ লাখ মানুষ কোথায় আছে, প্রশাসন জানে না। এদের মধ্যে কতজন আক্রান্ত তারও কোনো হিসাব নেই। বিশেষজ্ঞরা ধারণা করছেন, দেশের মধ্যে এটা ব্যাপকভাবে ছড়িয়ে পড়েছে। মফস্সল শহরগুলোতে পরীক্ষাই হচ্ছে না। ফলে কেউ আক্রান্ত হলে সে অবস্থায়ই ঘুরে বেড়াচ্ছে। অন্যদের মধ্যে ছড়িয়ে দিচ্ছে। *খবর:দৈনিক ইত্তেফাক*

গতকাল বিকালে নিয়মিত প্রেসব্রিফিংয়ে আইইডিসিআরের পরিচালক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা জানান, নতুন করে মঙ্গলবার এক জনের মৃত্যু হয়েছে। আরো ছয় জন আক্রান্ত হয়েছেন। এ নিয়ে মৃত্যুর সংখ্যা দাঁড়াল ৪ এবং আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৩৯ জনে।

এদিকে মফস্সল শহরে করোনা পরীক্ষার কোনো সুযোগই নেই। হাসপাতালগুলোতে চিকিৎসক, নার্সসহ সহকারীরা চরম আতঙ্কে চিকিৎসা সেবা দিচ্ছেন। অধিকাংশ হাসপাতালে জ্বর নিয়ে গেলে দেখছেনই না চিকিৎসকরা। তারা সরাসরি আইইডিসিআরের সঙ্গে যোগাযোগের পরামর্শ দিচ্ছেন। অথচ আইইডিসিআরের হটলাইটে বারবার চেষ্টা করেও ফোনে ঢোকা যাচ্ছে না। কেউ সরাসরি সেখানে গেলেও ঢুকতে দিচ্ছে না। ফলে মানুষ কীভাবে পরীক্ষা করবে, তারা করোনায় আক্রান্ত কি না, সে উপায় খুঁজে পাচ্ছে না।

এই পরিস্থিতিতে স্কুল-কলেজ, অফিস-আদালত ছুটি দেওয়া হলেও স্রোতের মতো মানুষ গ্রামে চলে যাচ্ছেন। এর মধ্যে কার করোনা আছে, আর কার নেই, তা-ও বোঝার সুযোগ নেই। ট্রেনের ওপরে-নিচে শুধু মানুষ আর মানুষ। অন্যদিকে রাজধানীর কাওরান বাজারে রাতেরবেলায় সবজি বিক্রির সময় শত শত ক্রেতা-বিক্রেতা ধাক্কাধাক্কি করে চলাফেরা করছেন। এদের মধ্যে যদি এক জনও আক্রান্ত থাকেন তাহলে শত শত মানুষের আক্রান্ত হওয়ার আশঙ্কা থেকে যাচ্ছে। সবমিলিয়ে করোনা মোকাবেলায় চরম সমন্বয়হীনতা দেখা যাচ্ছে।

পরীক্ষা করানোই দুঃসাধ্য : আইইডিসিআর এখন পর্যন্ত ৫ শতাধিক মানুষের পরীক্ষা করেছে। তার মধ্যে আক্রান্ত ধরা পড়েছে ৩৯ জন। আর মারা গেছে ৪ জন। এর বাইরে প্রচন্ড শ্বাসকষ্ট, জ্বর ও গলা ব্যথা নিয়ে খুলনায় মারা গেছেন দুই জন, সিলেটে এক জন ও কিশোরগঞ্জের ভৈরবে এক জন। তারা করোনায় আক্রান্ত ছিলেন কি না, সে বিষয়ে নিশ্চিত হওয়া যায়নি। বিশেষজ্ঞরা হুঁশিয়ার করে বলেছেন, এখনই যদি নির্বিচারে হাজার হাজার মানুষের পরীক্ষা করে আক্রান্তদের পৃথক না করা যায় তাহলে আমাদের পরিস্থিতি ইতালির চেয়েও ভয়াবহ হতে পারে।

নোয়াখালীর এক কিশোরকে গতকাল মঙ্গলবার দেখা গেল আইইডিসিআরের সামনে ঘোরাফেরা করতে। জানতে চাইলে ওই কিশোর বললেন, কয়েক দিন আগে সৌদি আরব থেকে তার এক আত্মীয় দেশে এসেছেন। তার সঙ্গে তিনি মেলামেশাও করেছেন। গত দুই দিন হলো তিনি জ্বর, কাশি আর শ্বাসকষ্টে ভুগছেন। স্থানীয় হাসপাতালে গেলে চিকিৎসকরা আইইডিসিআরের সঙ্গে যোগাযোগের পরামর্শ দিয়েছেন। নিজে এখানে এসেও ভেতরে ঢুকতে পারছেন না। কীভাবে পরীক্ষা করাবেন, তা-ও বুঝতে পারছেন না এই যুবক।

মিরপুরের টোলারবাগের এক বাসিন্দা টেলিফোনে ইত্তেফাককে বলেন, 'আমার পরিবারের এক জন জ্বর ও শ্বাসকষ্টে ভুগছেন। আমি টানা কয়েক ঘণ্টা চেষ্টা করেও আইইডিসিআরের হটলাইনে ঢুকতে পারিনি। একদিন পর টেলিফোন সংযোগ পাওয়ার পর সেখান থেকে এক জন সবকিছু শোনার পর বললেন, যেহেতু পরিবারের কেউ বিদেশ থেকে আসেনি, তাই তাদের এই পরীক্ষার প্রয়োজন নেই। অথচ হাসপাতালে গেলে ভর্তি করছে না। এই পরিস্থিতিতে আমরা কী করব? সরকারি হাসপাতালেও সাধারণ রোগের চিকিৎসা সেবা মিলছে না।'

সংসদীয় কমিটিতে ক্ষোভ:স্বাস্থ্য মন্ত্রণালয়সম্পর্কিত স্থায়ী কমিটির গতকালের বৈঠকে কমিটির সভাপতি শেখ ফজলুর করিম সেলিম স্বাস্থ্য সচিব ও স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালকের উদ্দেশ্যে বলেন, গত চার মাসে আপনারা চিকিৎসকদের সরঞ্জাম ও কিট আনতে পারেননি। তাহলে আপনারা এতদিন করেছেন কী? অযথাই কথা বলে সরকারকে বেকায়দায় ফেলেছেন। বৈঠকে উপস্থিত অধিকাংশ সংসদ সদস্যই করোনা মোকাবিলায় প্রস্তুতি নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন।

কক্সবাজারে বৃদ্ধা আক্রান্ত :কক্সবাজার প্রতিনিধি জানান, কক্সবাজারে ওমরাফেরত এক বৃদ্ধার শরীরে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে। ঢাকায় পাঠানো নমুনার পরীক্ষার রিপোর্টে এ ভাইরাসের উপস্থিতির তথ্য এসেছে বলে জানিয়েছেন কক্সবাজার সদর হাসপাতালের তত্ত্বাবধায়ক (সুপার) ডা. মোহাম্মদ মহিউদ্দিন। আক্রান্ত বৃদ্ধা ভর্তির পর থেকে কক্সবাজার সদর হাসপাতালের বিশেষ কেবিনে রয়েছেন। আক্রান্ত এই নারী (৭৫) গত ১৩ মার্চ ওমরা হজ শেষে সৌদি আরব থেকে ফিরেছেন। তার পরিবারের প্রায় সবাই হোম কোয়ারেন্টাইনে আছেন। হাসপাতালের একাধিক চিকিৎসক-নার্স ও ক্লিনারকে হোম কোয়ারেন্টাইনে পাঠানো হয়েছে।

আখাউড়ায় চিকিৎসককে ঢাকায় প্রেরণ :আখাউড়া (ব্রাহ্মণবাড়িয়া) সংবাদদাতা জানান, আখাউড়া আন্তর্জাতিক ইমিগ্রেশন চেকপোস্টে যাত্রীদের স্বাস্থ্য পরীক্ষায় নিয়োজিত থাকা এক চিকিৎসককে

করোনা ভাইরাসে আক্রান্ত সন্দেহে ঢাকায় পাঠানো হয়েছে। দুই দিন ধরে জ্বর-সর্দি ও গলা ব্যথায় ভোগার পর গতকাল সকালে তাকে ঢাকায় পাঠানো হয়।

সৈয়দপুরে করোনা সন্দেহে একজন হাসপাতালে : স্টাফ রিপোর্টার, রংপুর জানান, রংপুর মেডিক্যাল কলেজ হাসপাতালের আইসোলেশন বিভাগের করোনা ইউনিটে এক যুবককে আক্রান্ত সন্দেহে ভর্তি করা হয়েছে। তার বাড়ি সৈয়দপুরের বাশবাড়ি গ্রামে।

পিরোজপুরে প্রয়োজনীয় পিপিই নেই :পিরোজপুর অফিস জানায়, করোনা ভাইরাস আক্রান্ত রোগীর সংক্রমণ থেকে নিজেদের মুক্ত রেখে চিকিৎসা দেওয়ার কাজে নিয়োজিতদের জন্য পিরোজপুরে পর্যাপ্ত পিপিই নেই। জেলা স্বাস্থ্য বিভাগে ২০০ পিপিই প্রয়োজন হলেও রয়েছে ৯৯টি। জেলার সিভিল সার্জন ড. হাসনাত ইউসুফ জাকি জানান, যারা স্পর্শকাতর যেমন-কম্পাউন্ডার, ওয়ার্ডবয়, সুইপারের কাজে নিয়োজিত থাকেন, করোনা পরিস্থিতি ভয়াবহ রূপ নিলে মহামারি ঠেকাতে তাদেরও নিয়োজিত করার প্রয়োজন হতে পারে। সেক্ষেত্রে সবারই পিপিই থাকা জরুরি।

মানিকগঞ্জে স্বাস্থ্য ঝুঁকিতে নার্সরা : মানিকগঞ্জ প্রতিনিধি জানান, ডাক্তাররা তাদের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় সব উপকরণই ইতিমধ্যে হাতে পেয়েছেন বলে দাবি করলেন মানিকগঞ্জ জেলার সিভিল সার্জন ডা. আনোয়ারুল আমিন আকন্দ। তিনি জানান, বর্তমানে পিপিই এসেছে ৩০০টি, গ্লাভস ৯০০ পিস ও ফেস মাস্ক ২০০টি। ইনডোরে কর্মরত নার্সরাও স্বাস্থ্য ঝুঁকিতে রয়েছেন। সদর হাসপাতালের কর্মরত শিশু বিভাগের নার্স দিলরুবা সুলতানা বলেন, 'এখানে আমাদের সরকারিভাবে কোনো নিরাপত্তা উপকরণ দেওয়া হয়নি।'

কুমিল্লায় চিকিৎসকদের মাঝে শঙ্কা :কুমিল্লা প্রতিনিধি জানান, কুমিল্লায় পিপিই সংকটের কারণে চিকিৎসক ও সংশ্লিষ্ট চিকিৎসা সহকারীদের মাঝে তাদের স্বাস্থ্য নিরাপত্তার বিষয়ে শঙ্কা দেখা দিয়েছে। পিপিই চাহিদা অনুযায়ী পর্যাপ্ত সরবরাহ এখনো পাওয়া যায়নি বলে জানিয়েছেন কুমিল্লার সিভিল সার্জন ডা. মো. নিয়াতুজ্জামান।

যশোরে নার্স-ব্রাদারদের মনোবল ভেঙে পড়েছে :যশোর অফিস জানায়, করোনা ভাইরাস আতঙ্কে যশোরের চিকিৎসক-নার্স-ব্রাদারসহ স্বাস্থ্যকর্মীদের মনোবল ভেঙে পড়েছে। আবার প্রয়োজনীয় প্রতিরোধকের অভাবে ইন্টার্ন চিকিৎসকদের মধ্যে অসন্তোষ বিরাজ করছে। যশোর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. দিলীপ কুমার রায় জানান, মঙ্গলবার রাতের পালা থেকে তাদের

গাউনসহ স্বাস্থ্য সুরক্ষাসামগ্রী দেওয়া হবে। এখনো পর্যন্ত জেলা থেকে কোনো স্যাম্পল আইইডিসিআরে পাঠানো হয়নি।

নোয়াখালীতে চাহিদার তুলনায় পিপিই এক ভাগও মেলেনি :নোয়াখালী প্রতিনিধি জানান, নোয়াখালী জেনারেল হাসপাতাল ও জেলার ৯টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত চিকিৎসক, নার্স ও স্টাফদের সুরক্ষায় পিপিই সরবরাহ অত্যন্ত নগণ্য। জেনারেল হাসপাতাল ও জেলা সিভিল সার্জন দপ্তর থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে পিপিই যে চাহিদা পাঠানো হয়েছে তার একভাগও এখনো পাওয়া যায়নি।

ভারতে ঢুকতে দেওয়া হয়নি শতাধিক কাশ্মীরি মেডিকেল শিক্ষার্থীদের

বেনাপোল স্থলবন্দরে আটকা পড়েছেন শতাধিক কাশ্মীরি মেডিকেল শিক্ষার্থী। গতকাল মঙ্গলবার সকালে তারা ভারতে ঢুকতে চেয়েও পারেননি।

বাংলাদেশ ইমিগ্রেশন ওই শিক্ষার্থীদের পাসপোর্ট ও ভিসা যাচাই করে তাদের ছেড়ে দেয়ার পর স্থলবন্দরের ভারত অংশে অর্থাৎ পেট্রাপোল থেকে তাদের ফিরিয়ে দেয়া হয়। খবর বিবিসির।

বেনাপোল স্থলবন্দরের উপপরিচালক মোহাম্মদ মামুন কবির তরফদার সাংবাদিকদের বলেন, ভারতের নাগরিকরা বাংলাদেশে ঢুকেছে, বেরও হচ্ছে; কিন্তু বাংলাদেশি নাগরিক এবং বিশ্বের অন্য যে কোনো দেশের নাগরিকদের ভারতে ঢোকা বন্ধ ১৩ মার্চ থেকে।

তিনি আরো বলেন, করোনা পরিস্থিতিতে সোমবার পশ্চিমবঙ্গ ঘোষণা করেছে লকডাউন। এ ঘোষণার সঙ্গে সঙ্গে ভারতীয় পাসপোর্টধারীদের বেনাপোলে ভিড় বেড়েছে। প্রচুর ভারতীয় নাগরিক সোমবার তাদের নিজ দেশে ঢুকেছে। কিন্তু বিপত্তি হয়েছে মঙ্গলবার সকালে যখন কাশ্মীরের ছাত্রছাত্রীরা ভারত ঢুকতে যায়।

কাশ্মীরের এসব শিক্ষার্থী বাংলাদেশের বিভিন্ন মেডিকেল কলেজে পড়ালেখা করেন।

বেনাপোল বন্দর কর্তৃপক্ষ বলছে, আটকেপড়া শিক্ষার্থীদের অর্ধেকই নারী, তারা সবাই এখন বন্দরের বাইরে বারান্দায় অপেক্ষা করছেন।

কাশ্মীরের ওই শিক্ষার্থীরা হয় জানত না, নতুবা দেরি করে ফেলেছে। এখন আমরা ভারতের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করছি।ভারতের ইমিগ্রেশন বলছে, ভারতের সিদ্ধান্ত পেট্রাপোল এখন কাউকে নিতে পারবে না। আর কেউ বের হলেও তাকেও নেবে না। একেবারে লকডাউন।

কাশ্মীরের শিক্ষার্থীরা বেনাপোলের স্থলবন্দর কর্তৃপক্ষকে বলছেন, তারা কাল জানতে পেরেছে এবং তারা দূতাবাসের সঙ্গে কথা বলে এসেছে। সবার কাছে ভারতীয় পাসপোর্ট, লিগ্যাল ভিসা; আমরা এখন কী করব জানি না।

একমাত্র সমাধান আকাশের কাছে মন্তব্য ইতালির প্রধানমন্ত্রী জুসেপ্পের

ইতালির বাতাসে শুধু লাশের গন্ধ। প্রতিদিন লাশের সারি এতোই দীর্ঘ হচ্ছে যে লাশ সমাহিত করার লোক পাওয়া যাচ্ছে না।

সরকারের আদেশ মেনে সবাই নিজ ঘরে কোয়ারেন্টাইনে অবস্থান করছেন। কঠোর প্রচেষ্টা চালিয়েও এখনো পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পারেনি ইতালি।

সেখানে এ পর্যন্ত আক্রান্ত হয়েছেন ৬০ হাজারের বেশি। মারা গেছে ছয় হাজারের বেশি মানুষ। রাইজিংবিডির রিপোর্ট

এ অবস্থায় ইতালির প্রধানমন্ত্রী জুসেপ্পে কন্তের কণ্ঠে হতাশা।

টুইটারে তিনি লিখেছেন, ‘আমরা সমস্ত নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেছি। আমরা শারীরিক ও মানসিকভাবে মারা গেছি। আর কী করতে হবে তা আমরা জানি না। পৃথিবীর সমস্ত সমাধান শেষ হয়ে গেছে। এখন একমাত্র সমাধান আকাশের কাছে।’

তার এ বক্তব্য বিশ্ববাসীকে নাড়া দিয়েছে।

করোনা ভাইরাসে ইতালির মধ্যে সবচেয়ে বেশি আক্রান্ত হয়েছে লোম্বারদিয়া অঞ্চল। পরিস্থিতি নিয়ন্ত্রণে সামরিক বাহিনী নামানো হয়েছে। লকডাউন কার্যকর করতে সেখানে কাজ করছে সামরিক বাহিনী।

করোনা আক্রান্তদের ফেলে পালিয়েছে স্পেনের বহু বৃদ্ধাশ্রম কর্তৃপক্ষ

করোনাভাইরাস মহামারি মোকাবিলায় সহায়তা দিচ্ছে স্পেনের সেনাবাহিনী। দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, তল্লাশি অভিযানের সময় পরিত্যক্ত বৃদ্ধাশ্রমে অসুস্থ রোগী এবং কোনও কোনও ক্ষেত্রে শয্যায় পড়ে থাকা মৃতদেহও খুঁজে পেয়েছে সেনা সদস্যরা। মঙ্গলবার ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি জানিয়েছে, স্প্যানিশ প্রসিকিউটররা এই ঘটনায় তদন্ত শুরু করেছে। যথাযথ সরঞ্জামের অভাবে করোনা আক্রান্ত মৃতদেহ সৎকার না করার ঘোষণা দিয়েছে স্পেনের কর্তৃপক্ষ

মহামারির রুপ নেওয়া করোনাভাইরাসে ইউরোপে সবচেয়ে বেশি আক্রান্ত দেশগুলোর একটি স্পেন। সোমবার একদিনেই দেশটিতে রেকর্ড ৪৬২ জনের মৃত্যু হয়েছে। এনিয়ে দেশটিতে মৃতের সংখ্যা দুই হাজার ১৮২ জনে পৌঁছেছে। দেশটির কর্মকর্তারা জানিয়েছেন, এই ভাইরাসে মৃতদের মরদেহ সংরক্ষণের জন্য মাদ্রিদের একটি স্কেটিং মাঠকে সাময়িক মর্গ হিসেবে ব্যবহারের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বৃদ্ধাশ্রমগুলোতে সংক্রমণ ঠেকানোয় সহায়তা দিতে সেনাবাহিনীকে তলব করেছে স্পেন। স্প্যানিশ প্রতিরক্ষামন্ত্রী মার্গারিটা রোবেলস বেসরকারি টেলিভিশন চ্যানেল টেলেসিনোকে বলেন, 'বয়স্ক মানুষদের সঙ্গে বৃদ্ধাশ্রমে করা আচরণের বিষয়ে কঠোর হতে যাচ্ছে সরকার'। তিনি বলেন, 'নির্দিষ্ট কয়েকটি পরিদর্শনের সময় বেশ কয়েক জন বৃদ্ধকে সম্পূর্ণ পরিত্যক্ত অবস্থায় পেয়েছে সেনাবাহিনী, কোনও কোনও ক্ষেত্রে শয্যায় পড়ে থাকা মৃতদেহও পাওয়া গেছে'। করোনাভাইরাস শনাক্ত হওয়ার পর কর্মীরা এসব আশ্রম ছেড়ে গেছে বলে জানিয়েছে দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয়। বাংলা ট্রিবিউনের রিপোর্ট

স্পেনের স্বাস্থ্যমন্ত্রী সালভাদর ইলা এক সংবাদ সম্মেলনে বলেছেন, বৃদ্ধাশ্রমগুলোকে সরকার সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে। তিনি বলেন, এসব আশ্রমগুলোতে সর্বোচ্চ নজরদারি চালানো হবে।

এবার ব্যবসায়ীকে পিটিয়ে রক্তাক্ত করল সন্ত্রাসী ছাত্রলীগ

সন্ত্রাসী ছাত্রলীগ ক্যাডারদের হামলায় সোনামসজিদ স্থলবন্দর সিঅ্যান্ডএফ এজেন্ট অ্যাসোসিয়েশনের সহ-সভাপতি ইসমাইল হোসেন (৩০) গুরুতর আহত হয়েছেন। রোববার দুপুরে শিবগঞ্জ নির্বাহী অফিসার কার্যালয়ের তৃতীয় তলায় হামলার ঘটনা ঘটে। ক্যাডাররা সশস্ত্র থাকায় ইসমাইলকে রক্ষায় কেউ এগিয়ে যেতে সাহস পায়নি। রিপোর্টঃ যুগান্তরের

এ সময় উপজেলা পরিষদের একটি সভা চলছিল। সভায় উপস্থিত ছিলেন চাঁপাইনবাবগঞ্জ-১ (শিবগঞ্জ) আসনের সংসদ সদস্য ডা. সামিল উদ্দিন আহম্মেদ শিমুল। চিৎকার শুনে সভা থেকে বের হয়ে তিনিসহ অনেকেই ব্যবসায়ীকে রক্ষায় এগিয়ে যান কিন্তু তাদেরকেও ধাওয়া করে সন্ত্রাসী ছাত্রলীগ ক্যাডাররা। এমপি শিমুল বলেন, উপজেলা পরিষদের মতো সরকারি দফতরে একজন ব্যবসায়ীর ওপর এ ধরনের হামলা নিন্দনীয়।

হামলাকারীরা শিবগঞ্জ উপজেলা চেয়ারম্যানের অনুসারী বলে জানা গেছে। এদিকে আহত ইসমাইল ফের হামলার ভয়ে রাজশাহী নগরীর একটি প্রাইভেট ক্লিনিকে চিকিৎসা নিচ্ছেন।

স্থানীয় সূত্র জানিয়েছে, হামলার আগে সন্ত্রাসী ছাত্রলীগ ক্যাডাররা এমপি শিমুলের প্রতিপক্ষ গ্রুপের নেতা শিবগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান সৈয়দ নজরুল ইসলামের সঙ্গে তার চেম্বারে সাক্ষাৎ করেন। উপজেলা চেয়ারম্যানও ঘটনার সময় পরিষদের সভায় উপস্থিত ছিলেন।

বন্দরের ব্যবসায়ীদের অভিযোগ সোনামসজিদ স্থলবন্দরে চাঁদাবাজির নিয়ন্ত্রণ নিতেই এই হামলা চালানো হয়েছে। তারা সোমবার দুপুরে সোনামসজিদ স্থলবন্দর এলাকায় মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ করে ইসমাইলের ওপর হামলাকারীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেছেন। এই পরিস্থিতি সৃষ্টির জন্য বন্দরের কাস্টমস এসি সাইফুর রহমানেরও অপসারণ দাবি করেছেন তারা।

হামলার ঘটনায় ইসমাইল বাদী হয়ে রোববার রাতে শিবগঞ্জ পৌর ছাত্রলীগের সভাপতি মেহেদী হাসান হিমেল (২৫), সাধারণ সম্পাদক আলী রাজ, সাংগঠনিক সম্পাদক জিয়াদ খানসহ ১৫ জনকে আসামি করে শিবগঞ্জ থানায় একটি মামলা করেছেন। হামলাকারীদের অন্যতম পৌর ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক জিয়াদ খান উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আতিকুল ইসলাম খান টুটুলের আপন ভাগ্নে বলে জানা গেছে।

মামলার অভিযোগে বলা হয়, সোনামসজিদ স্থলবন্দর সিঅ্যান্ডএফ এজেন্ট অ্যাসোসিয়েশনের বিষয়ে সৃষ্ট জটিলতা নিয়ে রোববার দুপুরে শিবগঞ্জ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের তিনতলায় এমপি শিমুলের উপস্থিতিতে একটি সমঝোতা সভা চলছিল। এ সময় সন্ত্রাসী ছাত্রলীগের ক্যাডাররা লোহার রড, চেইন, চাইনিজ কুড়াল, চাপাতি, রামদা, বোমার ব্যাগ নিয়ে জয় বাংলা স্লোগান দিতে দিতে ভবনের তৃতীয় তলায় ওঠে।

সেখানে অ্যাসোসিয়েশনের সহ-সভাপতি ইসমাইলকে পেয়ে এলোপাতাড়ি পেটাতে শুরু করে। পেটাকে পেটাতে রক্তাক্ত করে তাকে ভবনের নিচে নামিয়ে আনার চেষ্টা করে। এ সময় এমপি

শিমুলসহ উপস্থিত সরকারি কর্মকর্তা-কর্মচারীরা মিটিং ছেড়ে ইসমাইলকে উদ্ধারে এগিয়ে গেলে সন্ত্রাসীরা তাদেরকেও ধাওয়া করে।

২৪শে মার্চ, ২০২০

করোনা বিষয়ে সচেতন করতে নির্বোধ ওসির অদ্ভুত কান্ড

প্রাণঘাতী করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে দেশজুড়ে সব ধরনের জনসমাগম নিষিদ্ধ করা হয়েছে। এমন পরিস্থিতিতে অদ্ভুত এক কাণ্ড ঘটিয়েছেন রাজশাহীর চারঘাট মডেল থানার ওসি সমিত কুমার কুণ্ডু।

দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে রাখতে সোমবার বিকেলে উপজেলা সদরে চারঘাট বণিক সমিতির সদস্যদের নিয়ে সমাবেশ করেছেন ওসি। পরে ওই সমাবেশের ছবি ওসি তার ফেসবুক আইডিতে পোস্ট করেন। ছবিতে ওই সমাবেশে প্রায় অর্ধশতাধিক ব্যক্তিকে দেখা যাচ্ছে।

জাগোনিউজ২৪ থেকে জানা যায়, জনসমাগম নিষিদ্ধ সত্ত্বেও ওসির এমন কাণ্ডে অনেকেই বিরূপ মন্তব্য করেছেন। অনেকেই একে 'অসচেতন কাণ্ড' বলেও মন্তব্য করেছেন।

এ বিষয়ে কথা বলতে ওসি সমিত কুমার কুণ্ডুর সরকারি মুঠোফোনে একাধিকবার ফোন করা হলেও তিনি ধরেননি।

দেশের বিভিন্ন জায়গার মতো ঘাটাইলেও বেহাল সড়ক, দুর্ভোগ

ঘাটাইলের বুক চিড়ে বয়ে যাওয়া প্রধান সড়কটির নির্মাণ কাজের ধীরগতির কারণে দুর্ভোগে উপজেলাবাসী। শহরজুড়ে স্থায়ী জলাবদ্ধতা, রাস্তার (বিটুমিন) ইট, বালু, সিমেন্ট ও পিচের ঢালাই তুলে ফেলায় ব্যাপক ধুলোর ঝড় এবং নিয়মিত সড়ক দুর্ঘটনাসহ ত্রিভুজ সংকটের মধ্যে দিনাতিপাত করছেন ঘাটাইলবাসী। লোক সংখ্যা ও আয়তনের দিক থেকে অত্র উপজেলাটি ঘনবসতি হওয়ার কারণে প্রতিদিন হাজার হাজার মানুষের কর্মসংস্থান ও জীবিকার সন্ধানে শহরে আসতে হয়। ধুলোর ঝড় মাথায় নিয়ে শহরে প্রবেশ করলে পড়তে হয় নতুন এক বিড়ম্বনায়।

শহরের রাস্তাটা বর্তমানে এতই নাজেহাল যে, হাঁটু পর্যন্ত পানি মাড়িয়ে রাস্তা পারাপার হতে হচ্ছে। রাস্তার দুই ধারে জলাবদ্ধতার কারণে দোকান পাট বন্ধ রয়েছে। বিশেষ করে ফুটপাতের দোকানিরা ও টং দোকানের স্বল্প আয়ের মানুষরা না খেয়ে মরার উপক্রম হয়েছে। এতে একদিকে যেমন ঠাণ্ডা কাশি ও শ্বাস কষ্ট রোগ দেখা দিচ্ছে অপরদিকে করোনা সন্দেহে হাসপাতাল ও ওষুধের দোকানে গিয়েও চিকিৎসা নিতে পারছে না।

মানবজমিন বরাতে জানা যায় এখানে তার উপর নিত্যদিনের সড়ক দুর্ঘটনা লেগেই আছে। আর এ সবের জন্য বহুল প্রত্যাশিত এলেঙ্গা-জামালপুর মহাসড়ক নির্মাণ কাজের ধীরগতিকেই দায়ি করছেন ভুক্তভোগী এসব মানুষ। নির্মাণ কাজের ধীরগতির কারণে ঘাটাইল হয়ে বৃহত্তর ময়মনসিংহের চার জেলায় সড়কপথে যাতায়াত ও পণ্য পরিবহনে চরম ভোগান্তি হচ্ছে। জানা যায়, টাঙ্গাইলের এলেঙ্গা থেকে ঘাটাইল মধুপুর হয়ে জামালপুর পর্যন্ত ৭৭ কি.মি. সড়ক উন্নয়নে কাজ চলছে। এজন্য বরাদ্দ প্রায় ৫শ' কোটি টাকা। ৫টি প্যাকেজে আগামী ২০২০ সালের জুনে কাজ শেষ হওয়ার কথা। সড়কের ১ থেকে ৩নং প্যাকেজে কাজ করছেন ঢাকার ওয়াহিদ কনস্ট্রাকশন। আর ৪ ও ৫নং প্যাকেজে কাজ পেয়েছেন জামিল অ্যান্ড কোম্পানি। কাজের গতি খুবই হতাশাজনক। বিশেষ করে ঘাটাইল পৌর শহরে ১ কিলোমিটার এবং মধুপুর পৌরশহরের মালাউড়ি থেকে মধুপুর বাসস্ট্যান্ড পর্যন্ত ১ কিলোমিটার সড়কে দেড় ফিট উঁচু রিজিট পেভমেন্ট ঢালাই হওয়ার কথা। এক বছরে ঠিকাদার এসব স্থানে সড়কের দুইপাশ খোঁড়াখুঁড়ির পর মাত্র ১৫০ গজ ঢালাইয়ের কাজ শেষ করেছে। পেভমেন্টে নিয়মিত পানি না দেয়ার কারণে তা ফেটে চৌচির হচ্ছে। সরজমিনে দেখা যায়, সড়কের এক পাশ যানবাহন চালু রেখে অপরপাশে পেভমেন্ট ঢালাইয়ের কাজ করায় ভাঙ্গাচোরা সরু অংশ দিয়ে টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর ও শেরপুর জেলার হাজার হাজার যানবাহন চলাচল করছে। ব্যাপক যানবাহনের চাপে সড়কের অনেক অংশ দেবে গেছে। সামান্য বৃষ্টি হলেই হাঁটু পানি জমে যান চলাচল বন্ধ হয়ে যায়। কখনো কখনো যানবাহন কাদায় আটকে ফেঁসে যায়। তখন দুদিকে দীর্ঘ যানজট দেখা দেয়। প্রশস্তকরণের জন্য আবার সড়কের কোথাও কোথাও দুপাশের মাটি খুঁড়ে ৫/৬ ফুট গর্ত করে রাখা হয়েছে। খোঁড়াখুঁড়িতে সরু সড়কে দুটি বড় যানবাহন ক্রস করতে পারে না। এ কারণে ঘাটাইল পৌরবাসী রোদে, ধুলা, বৃষ্টিতে কাদা ও প্রাত্যহিক যানজটে নাকাল হতে হচ্ছে। এর ফলে শিক্ষার্থী, ব্যবসায়ী ও সাধারণ জনগণকে চরম ভোগান্তি পোহাতে হচ্ছে। অথচ এ ব্যাপারে ঠিকাদারি প্রতিষ্ঠান ও স্থানীয় প্রশাসনের কোনো দৃশ্যমান পদক্ষেপ নেই। সড়কের উন্নয়নকাজের মধ্যে ঘাটাইল উপজেলা সদরের পৌর এলাকার হাসপাতাল মোড় থেকে বীরঘাটাইল পর্যন্ত অংশের এক কিলোমিটার সড়কের নির্মাণকাজ চলছে ঢালাইয়ের মাধ্যমে। এ কাজের ধীরগতির কারণে

প্রতিদিন যানজটের সৃষ্টি হচ্ছে। ফলে মাত্র এক কিলোমিটার রাস্তা পার হতে দেড় থেকে দুই ঘণ্টা সময় লাগছে। পাশাপাশি রোদে ও ধুলার কারণে চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে যাত্রী, পথচারী, স্কুল-কলেজ পড়ুয়া শিক্ষার্থীদের। অন্যদিকে সামান্য বৃষ্টিতে কাদার সৃষ্টি হয়ে যান চলাচলের অযোগ্য হয়ে পড়ে সড়কটি। সড়কের এক পাশ যান চলাচলের উপযোগী না করে অপরিকল্পিতভাবে অন্য অংশের কাজ শুরু করায় এ অবস্থার সৃষ্টি হয়েছে বলে অভিযোগ ভুক্তভোগীদের। সড়ক প্রশস্তকরণ কাজে খোঁড়াখুঁড়ির কারণে পৌর এলাকায় বন্ধ হয়ে গেছে পানি নিষ্কাশনের প্রায় সব ড্রেনের মুখ। ফলে সামান্য বৃষ্টিতেই দেখা দিচ্ছে স্থায়ী জলাবদ্ধতা। এ ছাড়া পানি জমে থাকায় সড়কে বড় বড় গর্তের সৃষ্টি হয়েছে। এসব গর্তে যানবাহন আটকে যানজটের সৃষ্টি হচ্ছে। হাঁটু পানি ভেঙে সড়ক পারাপার হচ্ছে সাধারণ মানুষ। যানবাহনের চাকার মাধ্যমে পথচারীদের গায়ে লাগছে ময়লা পানি। বিষয়টি নিয়ে একের পর এক গণমাধ্যমে ধারাবাহিক প্রতিবেদন প্রকাশিত হলেও কর্তৃপক্ষের কোন দায়িত্ব বা টনক নড়েনি। এ বিষয়ে জানতে চাইলে ঘাটাইল ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক বেলায়েত হোসেন বলেন, সড়কের কাজের ধীরগতির কারণে ব্যবসায়ীরা চরম বেকায়দায় রয়েছে। ধুলা-কাদার মধ্যে ঠিকমতো তারা ব্যবসা করতে পারছে না, অধিকাংশ দোকান বন্ধ রাখতে হয়েছে।

দেশের কঠিন মুহূর্তেও সন্ত্রাসী আ'লীগের দুই গ্রুপে সংঘর্ষ, পুলিশসহ আহত ২৫

মাদারীপুর সদর উপজেলার পেয়ারপুর ইউনিয়নে এলাকার বরাইলবাড়ী গ্রামে এলাকার আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে সদর উপজেলা সন্ত্রাসী আওয়ামী লীগের সহসভাপতি ও পেয়ারপুর ইউনিয়নের চেয়ারম্যান মজিবুর রহমান খানের সঙ্গে সদর উপজেলা সন্ত্রাসী আওয়ামী লীগ দপ্তর সম্পাদক লাভলু তালুকদার গ্রম্নপের মধ্যে সোমবার সকালে রক্তক্ষয়ী সংঘর্ষে ৫ পুলিশসহ আহত হয়েছে অন্তত ২৫ জন। গুরুতর আহতরা মাদারীপুর সদর হাসপাতালে চিকিৎসাধীন।

যায়যায়দিন সূত্রে জানা গেছে, দীর্ঘদিন ধরে এলাকার আধিপত্য নিয়ে সদর উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পেয়ারপুর ইউনিয়নের চেয়ারম্যান মজিবুর রহমানের সঙ্গে সদর উপজেলা আওয়ামী লীগ দপ্তর সম্পাদক লাভলু তালুকদারের বিরোধ চলে আসছিল। এরই সূত্রে ধরে ও গরুতে ধান খাওয়াকে কেন্দ্র করে সোমবার সকালে দুই গ্রুপের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষ বাধে। এ সময় বেশ কয়েকটি ঘরবাড়ি ভাঙচুরের ঘটনা ঘটে। এ সময় ৫ পুলিশ সদস্য এবং দুই গ্রুপের

আরও ২০ জন আহত হয়।সংঘর্ষে আহতরা মাদারীপুর সদর হাসপাতালসহ আশপাশের হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

সদর উপজেলা সন্ত্রাসী আওয়ামী লীগের সহসভাপতি ও পেয়ারপুর ইউনিয়নের চেয়ারম্যান মজিবুর রহমান খানের সঙ্গে একাধিকবার যোগাযোগে চেষ্টা করে তাকে পাওয়া যায়নি।

সদর উপজেলা আওয়ামী লীগ দপ্তর সম্পাদক লাভলু তালুকদার বলেন, মজিবর খান ও তার ভাইরা এলাকায় সন্ত্রাসী কার্যক্রমে লিপ্ত থাকে। সামান্য বিষয় নিয়ে এ সংঘর্ষে লিপ্ত হয় সে এবং তার লোকজন। সংঘর্ষে প্রায় ১০ জন আহত হয়েছে।

সরকারের উদাসীনতায় সাগর-রুনি হত্যা মামলা প্রতিবেদন দাখিলের সময় ৭২ বার পেছাল

সাংবাদিক দম্পতি সাগর সরওয়ার ও মেহেরুন রুনি হত্যা মামলার তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার তারিখ ফের পিছিয়েছে। সোমবার এ মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের দিন ধার্য ছিল।

তবে নির্ধারিত দিনে প্রতিবেদন দাখিল করতে পারেননি তদন্ত কর্মকর্তা র‍্যাবের অতিরিক্ত পুলিশ সুপার খন্দকার শফিকুল আলম। তাই ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট শাহিনুর রহমান আগামী ৩০ এপ্রিল প্রতিবেদন দাখিলের নতুন দিন ধার্য করেন। এ নিয়ে প্রতিবেদন দাখিলের তারিখ ৭২ বারের মতো পেছাল।

সর্বশেষ গত ৩ মার্চ মামলার তদন্ত কর্মকর্তা হাইকোর্টে দাখিল করা অগ্রগতির প্রতিবেদনে বলেন, সাগর-রুনি হত্যাকান্ডের ঘটনায় দুইজন অপরিচিত ব্যক্তি জড়িত ছিল। সাগরের হাতে বাঁধা চাদর ও রুনির টি-শার্টে ওই দুই ব্যক্তির ডিএনএ'র প্রমাণ মিলেছে।

২০১২ সালের ১১ ফেব্রুয়ারি রাতে ঢাকার পশ্চিম রাজাবাজারে সাংবাদিক দম্পতি মাছরাঙা টেলিভিশনের বার্তা সম্পাদক সাগর সরওয়ার ও এটিএন বাংলার জ্যেষ্ঠ প্রতিবেদক মেহেরুন রুনি তাদের ভাড়া বাসায় নির্মমভাবে খুন হন। পরদিন ভোরে তাদের ক্ষত-বিক্ষত মরদেহ উদ্ধার করা হয়। খবরঃ যায়যায়দিন

ওই বছরের ১২ ফেব্রুয়ারি রুনির ভাই নওশের আলী রোমান বাদী হয়ে শেরেবাংলা নগর থানায় মামলা দায়ের করেন। প্রথমে মামলাটির তদন্ত করেন শেরেবাংলা নগর থানার একজন কর্মকর্তা। ১৬ ফেব্রুয়ারি মামলার তদন্তভার পড়ে গোয়েন্দা পুলিশের (ডিবি) উত্তরের পুলিশ পরিদর্শক মো. রবিউল আলমের ওপর।

দুই মাস পর হাইকোর্টের আদেশে মামলাটির তদন্তের দায়িত্ব দেওয়া হয় র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নকে (র‍্যাব)। সেই থেকে সাত বছরের বেশি সময় পেরিয়ে গেলেও এখনো তদন্ত প্রতিবেদন দাখিল করতে পারেনি সংস্থাটি।

সাপ্তাহিক ইনফোগ্রাফি | পূর্ব আফ্রিকায় মুজাহিদদের হামলায় কুফ্ফার বাহিনীর ক্ষয়ক্ষতির পরিসংখ্যান!

আল-কায়েদা পূর্ব আফ্রিকা শাখা হারাকাতুশ শাবাব আল-মুজাহিদিন গত ১৪ মার্চ হতে ২০ মার্চ পর্যন্ত সোমালিয়া ও কেনিয়াতে কুফ্ফার বাহিনীর বিরুদ্ধে প্রায় ২৮টি অভিযান পরিচালনা করেছেন। এতে শতাধিক কুফ্ফার সৈন্য হতাহত হয়।

বিস্তারিত দেখুন ইনফোগ্রাফিতে

https://alfirdaws.org/2020/03/24/34943/

ক্রুসেডার যুক্তরাষ্ট্রের পরিস্থিতি ভয়ানক, লাফিয়ে বাড়ছে মৃত্যু

বিশ্বজুড়ে চলছে করোনা তাণ্ডব। প্রতিদিনই লাফিয়ে বাড়ছে করোনায় মৃতের সংখ্যা। এরই মধ্যে গেল ২৪ ঘন্টায় যুক্তরাষ্ট্রে করোনায় আক্রান্ত হয়ে নতুন ১৩১ জনের মৃত্যু রেকর্ড করা হয়েছে। প্রাণঘাতী করোনায় নতুন করে আক্রান্ত হয়েছে ১১ হাজার মানুষ। রিপোর্টঃ কালের কণ্ঠের

ধীরে ধীরে ভীতিকর হচ্ছে যুক্তরাষ্ট্রের পরিস্থিতি। ইতালি ও যুক্তরাজ্যের পর যুক্তরাষ্ট্রও সেই ভয়াবহতার দিকে যাচ্ছে বলে ধারণা করা হচ্ছে। একদিনে যুক্তরাষ্ট্রে ১৩১ জন মানুষ মারা গেছে যা সোমাবারে বিশ্বে চতুর্থ সর্বোচ্চ। একই সাথে নতুন করে ১১ হাজার মানুষের করোনায় আক্রান্তের সংখ্যা সোমবারে পৃথিবীর সর্বোচ্চ যা ইতালির দ্বিগুণ।

আন্তর্জার্তিক গণমাধ্যম সিএনএন ও ওয়াল্ড ও মিটারের দেওয়া তথ্য মতে, করোনায় মৃতের সংখ্যার দিক দিয়ে পৃথিবীতে ষষ্ঠ অবস্থানে রয়েছে যুক্তরাষ্ট্র। এর মধ্যে শুধুমাত্র নিউ ইয়র্কে মৃতের সংখ্যা ১৫৭।

ওয়াল্ড ও মিটারের দেওয়া তথ্য অনুযায়ী রোববার পর্যন্ত যুক্তরাষ্ট্রে করোনায় আক্রান্তের সংখ্যা ছিল ৩২ হাজার ৩৫৬ জন। মৃতের সংখ্যা ৪১৪ জন। ২৪ ঘন্টার ব্যবধানে সোমবার মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৫৪৫ জন, আর করোনায় আক্রান্তের সংখ্যা ৪৩ হাজার ৪৪৯।

এদিকে করোনার ওষুধ ক্লোরোকুইন খেয়ে মৃত্যু হয়েছে অ্যারিজোনা অঙ্গরাজ্যের এক ব্যক্তির। তবে একই ওষুধ খেয়ে বেঁচে আছেন তার স্ত্রী।

লক ডাউনে দিন মজুরদের খুঁজে খুঁজে দান করার আহ্বান জানিয়েছেন আল্লামা তাকি উসমানি

লক ডাউনে দিন মজুরদের খুঁজে খুঁজে দান করার আহ্বান জানিয়েছেন পাকিস্তানের বিশিষ্ট ইসলামি চিন্তাবিদ আল্লামা তাকি উসমানি। গতকাল এক টুইটে তিনি লক ডাউনে বেকার হয়ে পড়া লোকদের সহায়তায় স্থানীয় বিত্তশালীদের এগিয়ে আসার আহ্বান জানান।

আল্লামা তাকি উসামানি লেখেন, দয়া করে আপনার আশপাশের সে সব লোকদেরকে খুঁজে বের করুন যারা দিন আনে দিনে খায়। যারা দিন মজুর। তাদের উপর দয়া করুন। তাদের নগদ টাকা দান করুন। এটি সময়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ চাহিদা পূরণ করবে। এটি উত্তম সদাকাও হবে, যা এই মহামারি দূর করার জন্যে অনেক বড় মাধ্যম।

https://twitter.com/muftitaqiusmani

সাপ্তাহিক ইনফোগ্রাফি | বিগত সপ্তাহে মুজাহিদদের হামলায় মুরতাদ বাহিনীর ক্ষয়ক্ষতির পরিসংখ্যান!

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের জানবায তালেবান মুজাহিদিন গত ১৪ মার্চ হতে ২০ মার্চ পর্যন্ত আফগান মুরতাদ বাহিনীর বিরুদ্ধে প্রায় ২১৬টি সফল অভিযান পরিচালনা করেছেন। এতে হতাহত হয়েছে ১১৬৮ এরও অধিক মুরতাদ সৈন্য।

বিস্তারিত জানতে দেখুন ইনফোগ্রাফি:

https://alfirdaws.org/2020/03/24/34937/

পবিত্র কুরআনকে করোনা ভাইরাসের সঙ্গে তুলনা করে পোস্ট দিয়েছে বিজেপি সন্ত্রাসী

করোনা ভাইরাস নিয়ে সোশ্যাল মিডিয়ায় বিতর্কিত পোস্ট দিয়েছে ভারতের আলিপুরদুয়ারের বিজেপির সন্ত্রাসী রতন তরফদার। রতন তরফদার আলিপুরদুয়ার জেলা বিজেপির সাধারণ সম্পাদক।

পুলিশ জানায়, আলিপুরদুয়ার শহরের বাবুপাড়ার বাসিন্দা রতন তরফদার গত সোমবার সকালে ফেসবুকে একটি পোস্ট করেন।

'করোনা ভাইরাস' ও 'কোরান' এ দুটি শব্দকে সম্পর্কিত করে তার এ পোস্ট সোশ্যাল মিডিয়ায় ব্যাপক বিতর্ক তৈরি করে।

আটকের দিন বিকেলে সন্ধ্যায় ঘটনাটি নিয়ে সাংবাদিক সম্মেলন করেন জেলার পুলিশ সুপার অমিতাভ মাইতি। তিনি বলেন, করোনা ও কোরানকে এক জায়গায় এনে ভয়ংকর পোস্ট করেন রতন তরফদার। ধর্ম নিয়ে সে কটূক্তি করেছে।

এই ঘটনায় জেলাজুড়ে ব্যাপক চাঞ্চল্য তৈরি হয়েছে। তাই পরিস্থিতি স্বাভাবিক রাখতে তাকে আটক করা হয়েছে।

বঙ্গ রিপোর্টে জানা গেছে, মালাউন রতন তরফদার সন্ত্রাসী দল আরএসএসের নেতা। সে আলিপুরদুয়ার জেলা বিজেপির সাধারণ সম্পাদক। এ মালাউনের আটকের ঘটনায় সন্ত্রাসীদের বিভিন্ন মহলে শোরগোল পড়ে গেছে। আলিপুরদুয়ার জেলা বিজেপির সভাপতি মালাউন গঙ্গাপ্রসাদ শর্মা তাকে শুধু আটকের ঘটনারকেও পুলিশের অতি সক্রিয় ভূমিকা হিসেবে তুলে ধরেছে।

করোনা প্রতিরোধে লকডাউন নিয়ে আলোচনা-প্রস্তুতি-পরিকল্পনা কিছুই নেই

'লকডাউন' যে সংস্থাগুলো প্রয়োগ করবে, তাদের মধ্যে না আছে আলোচনা, না কোনো প্রস্তুতি, না পরিকল্পনা। তারা তাকিয়ে আছে স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনার দিকে। অধিদপ্তর যেভাবে বলবে, সেভাবে কাজ করবে, এমনই ইচ্ছা তাদের। গতকাল সোমবার সকালে সংস্থাগুলোর কর্তাব্যক্তিদের সঙ্গে কথা বলে এসব তথ্য জানিয়েছে প্রথম আলো।

করোনাভাইরাসের সংক্রমণ এড়াতে রোগটির উৎপত্তিস্থল চীনের হুবেই প্রদেশের উহানে প্রথম কঠোরভাবে 'লকডাউন' ব্যবস্থা জারি করে কর্তৃপক্ষ। সরকার আনুষ্ঠানিকভাবে উহানে লকডাউন ঘোষণার পর শহর ঢোকা ও বেরোনো বন্ধ হয়ে যায়, অনুমতি ছাড়া ব্যক্তিগত গাড়ি রাস্তায় বের করাও নিষিদ্ধ হয়ে যায়। খোলা রাখা হয় শুধু খাবার ও ওষুধের দোকান। শুরুর দিকে বাড়ি

থেকে বের হওয়ার ওপর নিয়ন্ত্রণ আরোপ করা না হলেও পরে এক পরিবারের একজনকে বের হওয়ার অনুমতি দেওয়া হয়। শিক্ষাপ্রতিষ্ঠানগুলো আগেই ছুটিতে ছিল, সেই ছুটি বাড়িয়ে দেয় কর্তৃপক্ষ। এরপর স্বাস্থ্যকর্মীরা বাড়ি বাড়ি গিয়ে স্বাস্থ্য পরীক্ষা শুরু করে। দিন চারেক আগে, যুক্তরাজ্যের ঐতিহ্যবাহী দৈনিক দ্য গার্ডিয়ান এক প্রতিবেদনে লিখেছে, লকডাউনের প্রভাব কতটা কী হবে, তা নিয়ে সংশয় থাকলেও এর সুফল পায় চীন। একই পদ্ধতি অনুসরণ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে রেখেছে তাইওয়ান ও সিঙ্গাপুর।

বাংলাদেশ কী করছে? রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের (আইইডিসিআর) উপদেষ্টা ও এপিডেমিওলোজিস্ট মুশতাক হোসেন প্রথম আলোকে বলেন, নির্দেশনা জারি করবে স্বাস্থ্য অধিদপ্তর।

আজ সোমবার ঢাকার উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তাদের সঙ্গে কথা বলে জানা গেছে, লকডাউন–সম্পর্কিত কোনো নির্দেশনা এখনো পাননি। ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা আবদুল হাই প্রথম আলোকে বলেন, কোথাও লকডাউন করা হবে কি না, সে সিদ্ধান্ত আসবে স্বাস্থ্য অধিদপ্তর থেকে। অধিদপ্তর এখনো কিছু জানায়নি। সিদ্ধান্ত এলে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইনে যেভাবে বলা আছে, সেভাবে কাজ করবেন তাঁরা। দক্ষিণ সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা শাহ মোহাম্মদ ইমদাদুল হক বলেন, এখনো কোনো সিদ্ধান্ত হয়নি।

লকডাউন বাস্তবায়নের কাজে স্বাস্থ্য অধিদপ্তর ও সিটি করপোরেশনকে প্রশাসনের সহযোগিতা করার কথা। লকডাউন হলে এর আওতায় থাকা মানুষের দৈনন্দিন চাহিদা পূরণের কাজগুলো কীভাবে হবে, তা জানতে চাইলে গতকাল দুপুরের দিকে প্রথম আলোকে বলেন, এখন পর্যন্ত লকডাউনের নির্দেশনা এলে কী করতে হবে, সে ব্যাপারে কোনো চিঠিপত্র আসেনি। কোনো সমন্বয় সভা হয়েছে কি না, তা জানতে চাইলে তিনি বলেন, তাঁর জানা নেই। তাঁর টেবিলে কোনো চিঠিপত্র আসেনি। ঢাকার জেলা প্রশাসক আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খানও বলেছেন, একই কথা। নির্দেশনা পেলে তবেই ব্যবস্থা।

কোন লক্ষণ লাগে না করোনায় : চীনের গোপন নথি ফাঁস

কোনো লক্ষণ ছাড়াই করোনাভাইরাসের নীরব বাহকের সংখ্যা মোট আক্রান্তের তিন ভাগের এক বলে খবর প্রকাশ হয়েছে। চীন সরকারের গোপন নথির বরাত দিয়ে এই এ খবর জানিয়েছে সাউথ চায়না মর্নিং পোস্ট।

পত্রিকাটির খবরে বলা হয়েছে, চীনে যারা করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন তাদের প্রতি তিনজনের একজনের শরীরে করোনায় আক্রান্তের লক্ষণ ছিল না কিংবা অনেক দেরিতে প্রকাশ পেয়েছিল।

এখন পর্যন্ত করোনাভাইরাসে আক্রান্ত হয়েছে দুই লাখ ৮০ হাজার মানুষ, মারা গেছে ১৩ হাজারের বেশি।

ফেব্রুয়ারির শেষভাবে চীনে ৪৩ হাজার মানুষ কোভিড-১৯ এ আক্রান্ত হয়। তাদের কারও মধ্যে করোনা ভাইরাসে আক্রান্তের কোনো লক্ষণ শুরুতে ছিল না। ডাটা বলছে, এ পরিস্থিতিকে বলা হচ্ছে অ্যাসিম্পটোমেটিক। তাদের কোয়ারেন্টিনে রাখা হয়েছিল, তাদের পরিস্থিতি পর্যবেক্ষণ করা হচ্ছিল। কিন্তু নিশ্চিত আক্রান্ত বলে তাদের নাম অন্তর্ভুক্ত হয়নি। ওই সময়ে আক্রান্তের সংখ্যা ছিল ৮০ হাজার।

লক্ষণ ছাড়া করোনা ভাইরাস কতটা সংক্রামক তা নিয়ে বিজ্ঞানীরা একমত হতে পারেননি। একজন রোগীর শরীরে করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার লক্ষণগুলো প্রকাশ পায় সাধারণত পাঁচ দিনের মাথায়। যদিও এই লক্ষণ তিন সপ্তাহ পর্যন্ত সুপ্ত থাকে।

সবচেয়ে বড় বাধাটা হলো, একেক দেশ একেকভাবে করোনায় আক্রান্ত মানুষের সংখ্যার হিসাব করে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা পরীক্ষা করে দেখার পর যাদের ফল পজিটিভ আসছে তাদেরই আক্রান্ত বলে ধরে নিচ্ছে। তাদের শরীরে করোনার লক্ষণ প্রকাশ পাক বা না পাক। দক্ষিণ কোরিয়াও তাই করেছে। কিন্তু চীনা সরকার ফেব্রুয়ারির ৭ তারিখ করোনাভাইরাস নিয়ে দেশটির যে নির্দেশনা তাতে কিছু পরিবর্তন এনেছে। যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য এবং ইতালিও যাদের শরীরে কোনো লক্ষণ নেই তাদের পরীক্ষা করছে না। তবে যারা দীর্ঘ সময় রোগীদের চিকিৎসা সেবায় যুক্ত ছিলেন তাদের ক্ষেত্রে লক্ষণ না থাকলেও পরীক্ষা করা হয়েছে।

চীনে গত ফেব্রুয়ারিতে ৪৩ হাজার জনের মধ্যে কতজন নীরব বাহক ছিলেন এবং তাদের কতজনের মধ্যে পরে রোগের লক্ষণ প্রকাশ পায় তা এখনো পরিষ্কার নয়। সরকার গত শনিবার পর্যন্ত যে ৮১ হাজার ৫৪ জনের ব্যাপারে নিশ্চিত হয়েছিল, এই ৪৩ হাজার তাদের বাইরে। কিন্তু

মার্চের প্রথম সপ্তাহে রোগীর সংখ্যা কমে যায় অনেক। এর অর্থ ওই ৪৩ হাজারের শরীরে আর রোগ লক্ষণ প্রকাশই পায়নি। অর্থাৎ তারা ভাইরাসটি বহন করলেও অসুস্থতার কোনো লক্ষণ ছিল না।

চীন ও দক্ষিণ কোরিয়া যারাই আক্রান্তের সংস্পর্শে এসেছে তাদের পরীক্ষা-নিরীক্ষার যে পদ্ধতি অনুসরণ করেছিল, তাই তাদের ভাইরাসটির সংক্রমণ নিয়ন্ত্রণে সাহায্য করেছে। হংকং এমনকি বিমানবন্দরেও পরীক্ষা-নিরীক্ষার ব্যবস্থা করে, যাত্রীদের শরীরে রোগের লক্ষণ থাকুক বা নাই থাকুক। এদিকে ইউরোপের বেশির ভাগ দেশ এবং যুক্তরাষ্ট্র শুধুমাত্র যাদের শরীরে লক্ষণ দেখা দিয়েছে তাদের পরীক্ষা করেছে। এই দেশগুলোয় রোগ বেড়েছে লাফিয়ে লাফিয়ে।

'কোরিয়ায় এই মুহূর্তে লক্ষণ ছাড়া করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা সবচেয়ে বেশি । হয়তো ব্যাপকভিত্তিক পরীক্ষা নিরীক্ষার কারণেই এমনটা ঘটেছে,' দক্ষিণ কোরিয়ার সিডিসির পরিচালক জিয়ং ইউন কাইওং এক সংবাদ সম্মেলনে এ গত ১৬ মার্চ এ কথা জানান। ডায়মন্ড প্রিন্সেস জাহাজ আরেকটি গুরুত্বপূর্ণ উদাহরণ হতে পারে। ইয়োকোহামা জাপানে এই জাহাজটি কয়েক সপ্তাহ কোয়ারেন্টিনে ছিল এটি। এই জাহাজের সব আরোহী এবং ক্রুদের পরীক্ষা করা হয়। ওই জাহাজের ৭১২ জনের শরীরে করোনাভাইরাসের উপস্থিতি পাওয়া যায়, যদিও ৩৩৪ জনের কোনো লক্ষণ ছিল না। এই তথ্য জাপান আনুষ্ঠানিকভাবে প্রকাশ করেছে।

ইউরোপীয় ইউনিয়নের প্রতিবেদন বলছে, ইতালিতে লক্ষণ প্রকাশ পায়নি এমন রোগীর সংখ্যা মোট আক্রান্তের ৪৪ শতাংশ।

চীন, মার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও হংকং নিউমোনিয়ার যে কেসগুলো এসেছিল জানুয়ারি ২৩ এ উহান লকডাউন হওয়ার আগে এই কেসগুলোই ছিল সংক্রমণের উৎস। এর হার ছিল ৭৯ শতাংশ। এই রোগীদের মধ্যে করোনাভাইরাসের খুবই মৃদু বা কোনো লক্ষণই ছিল না।

অস্টিনে ইউনিভার্সিটি অফ টেক্সাসের গবেষণা বলছে, 'যাদের শরীরে কখনো কোনো লক্ষণই দেখা যায়নি তারা চীনের ৯৩ টি শহরের সাড়ে ৪শ কেসের ১০ শতাংশের জন্য দায়ী। ইমার্জিং ইনফেকশাস ডিজিজেস নামে জার্নালে এই গবেষণা প্রতিবেদনটি ছাপা হওয়ার অপেক্ষায় আছে। লক্ষণ নেই এমন রোগীদের মধ্যে বড়দের চেয়ে শিশুদের সংখ্যাই বেশি,' গবেষক নিশিউরা লিখেছেন ইন্টারন্যাশনাল জার্নাল অফ ইনফেকশাস ডিজিজ প্রকাশনায়।

২৩শে মার্চ, ২০২০

সরকারি বাহিনীর দখলে, দূষণে মরছে পঞ্চগড়ের ৩৩ নদী

সরকারি তথ্যমতে, পঞ্চগড় জেলার ওপর দিয়ে বয়ে গেছে ছোট-বড় ৩৩টি নদী। অবশ্য নদী গবেষকরা বলছেন, এ জেলার ওপর দিয়ে ৪৬টি নদী প্রবহমান। তাদের মতে, এত নদী অন্য কোনো জেলায় নেই। তাই পঞ্চগড়কে নদীর জেলাও বলছেন তারা।

বর্তমানে প্রায় অধিকাংশ নদীই অর্ধমৃত। দখল আর দূষণের কবলে পড়ে স্বাভাবিক গতি হারিয়ে ফেলেছে এসব নদী। নদীর বুকজুড়ে এখন ফসলের মাঠ। রিপোর্ট বিডি প্রতিদিনের

অপরিকল্পিতভাবে নদীতে ফেলা হচ্ছে ময়লা-আবর্জনা। নদীর বুকে বিভিন্ন আবাদ করছেন চাষিরা। ব্যবহার করছেন সার ও কীটনাশক। ফলে হারিয়ে যাচ্ছে নদীর মাছ ও নানা জাতের প্রাণী। ফলে জেলার পরিবেশ প্রকৃতি বিপন্ন। পঞ্চগড়ের করতোয়া, ডাহুক, পাম, ছেতনাই, তালমা, গোবরা- এ ৬টি নদীর ১৩৩ জন দখলদার প্রায় ৪০ একর জমি দখল করে রেখেছে বলে নদী রক্ষা কমিশনের তালিকায় প্রকাশ করা হয়েছে। তবে এ তালিকা মানতে নারাজ স্থানীয় পরিবেশবাদীরা। তাদের দাবি, প্রায় সব নদীতেই দখলদার রয়েছে। অভিযোগ রয়েছে পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তাদের যোগসাজশে শক্ত শিকড় গেড়েছেন এসব দখলদার। এদিকে নদী পাড়ে গড়ে ওঠা শহর, হাট-বাজারের ময়লা-আবর্জনা নদীতে ফেলা হচ্ছে

প্রশাসনের কোনো উদ্যোগ নেই। অভিযোগ উঠেছে, পানি উন্নয়ন বোর্ড নদী দখলমুক্ত করার নামে শুধু দরিদ্রদের উচ্ছেদ করছে। প্রভাবশালীরা পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তা ও প্রশাসনের যোগসাজশে নদী দখল করে তুলেছেন স্থায়ী স্থাপনা, গড়েছেন বাগান, নির্মাণ করেছেন বিনোদন পার্ক। জেলা শহরের তালমা এলাকায় প্রশাসনের নাকের ডগায় তালমা নদীর প্রায় সাড়ে ৮ একর জমি দখল করে হিমালয় বিনোদন পার্ক গড়ে তুলেছেন শাহীন নামের এক ব্যবসায়ী। বাংলো, সুইমিং পুল, শিশুদের বিভিন্ন রাইডিং, জীবজন্তুর প্রতিকৃতিসহ নদীর ওপর স্থায়ী স্থাপনা নির্মাণ করা হয়েছে। তার পাশেই প্রায় সাড়ে ৭ একর জমি দখল করে স্থাপনা তুলেছে সৌদি বাংলা এনভায়রনমেন্ট অ্যান্ড ইকো ফ্রেন্ড লিমিটেড। নদীর কিছু অংশ দখল করে সীমানাপ্রাচীর তুলেছেন জেলা কৃষক লীগ নেতা আপেল মাহমুদও। বোদা উপজেলায় করতোয়া ও পাম নদীর

তিন একরেরও বেশি জমি দখল করে ইউক্যালিপটাসসহ বিভিন্ন গাছের বাগান গড়ে তুলেছেন নাবিলা অরচার্ড অ্যান্ড লিমিটেডের দাউদ খালিদ সারোয়ার। অথচ এসব দখলদারদের বিরুদ্ধে কোনো ব্যবস্থাই নিতে দেখা যায়নি। এ ছাড়া নদী রক্ষা কমিশনের তালিকায় কাজী অ্যান্ড কাজী টি এস্টেট লিমিটেড, জেমকন টি এস্টেট লিমিটেড, পঞ্চগড় টি কোম্পানি লিমিটেড, কাঞ্চনজঙ্ঘা টি কোম্পানি লিমিটেডসহ বড় বড় প্রতিষ্ঠান ও প্রভাবশালীদের নামও রয়েছে। এদিকে শহর হাট-বাজারের আশপাশে প্রবহমান প্রায় সব নদীতেই ফেলা হচ্ছে ময়লা-আবর্জনা। জেলা শহরের করতোয়া নদীতে রাতের অন্ধকারে ময়লা-আবর্জনা ফেলছে হোটেল মালিকরা। তেঁতুলিয়া উপজেলা শহরে গোবরা, বোদায় পাম ও দেবীগঞ্জ উপজেলা শহরের ময়লা-আবর্জনা করতোয়া নদীতে ফেলা হচ্ছে। ফলে এসব নদী সংকুচিত হয়ে প্রায় মৃত নদীতে পরিণত হয়েছে। অবৈধভাবে পাথর উত্তোলনের ফলে মরে গেছে ডাহুক নদী। ভারত থেকে বয়ে আসা নদীটি এখন মরা খালে পরিণত হয়েছে। জাতীয় নদী রক্ষা কমিশনের করা নদী দখলদারদের তালিকা ধরে সারা দেশের মতো পঞ্চগড়েও ২৩ ডিসেম্বর উচ্ছেদ অভিযান শুরু করে পানি উন্নয়ন বোর্ড ও স্থানীয় প্রশাসন। ওই দিনই জেলা শহরের করতোয়া নদীর তুলারডাঙ্গা বাঁধ ঘেঁষে গড়ে তোলা ৯৬টি দরিদ্র পরিবারের ঘরবাড়ি উচ্ছেদ করেই অভিযানের ইতি টানেন সংশ্লিষ্টরা। অথচ নদী রক্ষা কমিশনের প্রকাশিত নদী দখলদারদের তালিকায় থাকা পঞ্চগড়ের প্রভাবশালীদের স্থাপনা উচ্ছেদে কোনো উদ্যোগ নেয়নি। বাংলাদেশ পরিবেশ আন্দোলন পঞ্চগড়ের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট জিল্লুর রহমান সিদ্দিকী বলেন, নদী রক্ষা কমিশন পঞ্চগড়ের নদী দখলদারদের যে তালিকা প্রকাশ করেছে তা সম্পূর্ণ নয় বলে আমরা মনে করি। প্রত্যেকটি নদীতেই দখলদার রয়েছে। এ ছাড়া পানি উন্নয়ন বোর্ড ও প্রশাসন যে অভিযান পরিচালনা করছে সেটিকে নামমাত্র বলাই ভালো। নদীতে চাষাবাদের ফলে নদীর মাছসহ অন্যান্য জলজপ্রাণী বিলুপ্তির দিকে। আমাদের দাবি নদী বাঁচানোর স্বার্থে প্রত্যেক নদী থেকেই দখলদারদের উচ্ছেদ করে নদীর স্বাভাবিক গতিধারা ও প্রকৃতি ফিরিয়ে দিতে হবে। অভিযোগ অস্বীকার করে পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মো. মিজানুর রহমান বলেন, শীতের কারণে উচ্ছেদ অভিযান স্থগিত রেখেছিলাম। ক্রমান্বয়ে প্রত্যেক নদীর দখলদারদের উচ্ছেদ করা হবে। সে যতই প্রভাবশালী হোক।

রাজনীতিবিদদের তোরণই এখন মরনফাঁদ

ঢাকা-আরিচা মহাসড়কের বিভিন্ন স্থানে নির্মাণ করা হয়েছে রাজনৈতিক দলের তোরণ। এ তোরণগুলো প্রায় দুই মাস আগে নির্মাণ করা হয়েছে। এতে নির্মিত তোরণের রশি ও বাঁশ পুরাতন হয়ে বিপজ্জনক অবস্থায় রয়েছে । ফলে যেকোন মুহূর্তে বড় ধরনের বিপদের আশঙ্কা রয়ে গেছে।

শনিবার রাতে ধামরাইয়ের ওপর দিয়ে বয়ে যাওয়া ঝড়ো হাওয়ায় ঢাকা-আরিচা মহাসড়কের ধামরাইয়ের থানা বাসস্ট্যান্ডে একটি তোরণ দুমড়ে-মুচড়ে পড়ে মহাসড়কের ওপর। এতে প্রায় পৌনে এক ঘণ্টা যানচলাচল বন্ধ হয়ে যায়। আর অল্পের জন্য প্রাণে বেঁচে যান পথচারীসহ মহাসড়কের চলাচলরত যানবাহনের যাত্রীরা। এ তোরণগুলো অপসারণ করা না হলে যেকোনো মুহূর্তে বড়ধরনের দুর্ঘটনা আশঙ্কা করছে পথচারীসহ যানবাহনের চালকরা।

সরেজমিনে দেখা যায়, ধামরাইয়ের ইসলামপুর থেকে বারবাড়িয়া পর্যন্ত ঢাকা-আরিচা মহাসড়কের ওপর সন্ত্রাসী আওয়ামী লীগ,যুবলীগ ও ছাত্রলীগের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা শুভেচ্ছা ও স্বাগতম লেখা ব্যানার সম্বলিত ইসলামপুর,বাটা গেট,থানাবাসষ্ট্যান্ড, ঢুলিভিটা, জয়পুরা, কালামপুর, বাথুলি,বারবাড়িয়া,শ্রীরামপুর এলাকায় প্রায় ১৫টি বাঁশের তোরণ দন্ডায়মান রয়েছে। এ তোরণ নির্মাণ করা হয়েছে প্রায় দেড়-দুই মাস আগে। রোদে পুড়ে ও বৃষ্টিতে ভিজে তোরণের বাঁশ ও বাঁধা রশি পুরাতন হয়ে নড়বড়ে হয়ে গেছে। এসব ঝুঁকিপূর্ণ তোরণের নীচ দিয়ে প্রতিদিন চলাচল করছে যাত্রীবাহী বাসসহ বিভিন্ন ধরনের যানবাহন। এসব তোরণ অপসারণ করা না হলে যেকোন মুহূর্তে তোরণগুলো প্রাণনাশের কারণ হতে পারে বলে আশঙ্কা করছেন পথচারী ও যানবাহনের চালকসহ যাত্রীরা। রিপোর্ট কালের কণ্ঠের

বাসচালক হায়াত আলী, ট্রাক চালক তোফাজ্জল হোসেনসহ একাধিক চালকরা বলেন, জীবনের ঝুঁকি নিয়ে নড়বড়ে তোরণের নিচ দিয়ে প্রতিদিন যেতে হচ্ছে রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে। তাদের দাবি জরুরী ভিত্তিতে তোরণগুলো অসপারণ করা দরকার।

দি একমি ল্যাবরেটরিজ ওষধ কারখানার শ্রমিক শিউলি বেগম ও রাহিমা বেগম বলেন, পায়ে হেঁটে কর্মস্থলে যাতায়াতের সময় তোরণের নিচ দিয়ে যেতে ভয় লাগে কখন যেন মাথার ওপর নড়বড়ে তোরণটি পড়ে যায়।

এ বিষয়ে ধামরাই উপজেলার নির্বাহী কর্মকর্তা সামিউল হক বলেন, মহাসড়কের নিরাপত্তা হাইওয়ে পুলিশের। তাঁরা ইচ্ছে করলে এগুলো অপসারণের ব্যবস্থা করতে পারেন।

প্রসঙ্গ চলতি মাসের ৯ মার্চ কালামপুর-বালিয়া-মির্জাপুর আঞ্চলিক মহাসড়কের মাদারপুর মিলগেট এলাকায় একটি গাছ একটি চলন্ত ইজিবাইকের ওপর আছড়ে পড়লে ঘটনাস্থলেই ইজিবাইকের পাঁচ যাত্রী নিহত এবং চারজন আহত হন।

চিকিৎসা সামগ্রী না থাকায় চিকিৎসা দেওয়া ডাক্তারও করোনায় আক্রান্ত, ধিক্কার আওয়ামী সরকারকে

মিরপুরের টোলারবাগে প্রাণঘাতী করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মারা যাওয়া রোগীর চিকিৎসা দেওয়া ডাক্তারও এবার কোভিড-১৯ রোগে আক্রান্ত হয়েছেন। ডা. পলাশ নামে ওই চিকিৎসক রাজধানীর ডেল্টা মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসক। খবরঃ আমাদের সময়

জানা গেছে, গতকাল রোববার শ্বাসকষ্ট শুরু হয় এই চিকিৎসকের। শারীরিক অবস্থার অবনতি হতে শুরু করলে তার নমুনা সংগ্রহ করে জাতীয় রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর)। পরে সেই পরীক্ষায় ডা. পলাশের শরীরে কোভিড-১৯ এর উপস্থিতি পাওয়া যায়।

আজ সোমবার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সহকারী সার্জন প্রেমাংশু বিশ্বাস সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া এক পোস্টে বিষয়টি নিশ্চিত করেছেন।

পোস্টে তিনি লিখেছেন, ‘ডা. পলাশ ই এম ও, ডেল্টা হাসপাতাল

টোলারবাগের মারা যাওয়া প্রথম কোভিড পেশেন্টকে তিনিই রিসিভ করেছিলেন সেদিন ডেল্টা হাসপাতালে। তার ছিল না কোনো প্রোটেকশন, যেভাবে আমরা এখনো রোগী দেখছি। তখনো সেই মুমূর্ষু ব্যক্তির কোভিড শনাক্ত হয়নি। ভর্তি করার পর, তিনি কোভিড শনাক্ত হন এবং আইসিইউতে মারা যান।

ডা. পলাশেরও আজ কোভিড পজিটিভ এসেছে। শ্বাসকষ্ট বেড়ে যাওয়ায় এখন ডা. পলাশও আইসিইউতে। রোগী দেখার জন্য একটা পারসোনাল প্রোটেক্টিভ ইকুইপমেন্ট তাকে দিতে পারেনি এই রাষ্ট্র!

ধিক্কার.....’

ডা. পলাশ টোলারবাগের যে রোগীর চিকিৎসা করেছিলেন তিনি গত শনিবার মারা যান। হাসপাতালের ইমার্জেন্সি মেডিকেল অফিসার হিসেবে কাজ করছেন ৩০ বছর বয়সী এই চিকিৎসক।

এদিকে, ডেল্টা মেডিকেল কলেজ হাসপাতালের চারজন চিকিৎসক, ১২ জন নার্স এবং তিনজন স্টাফকে করোনা আক্রান্তের শঙ্কায় হোম কোয়ারেন্টিনে পাঠানো হয়েছে। তারা গত ২০ মার্চ করোনায় আক্রান্ত হয়ে মারা যাওয়া রোগীর চিকিৎসায় নিয়োজিত ছিলেন।

সারা বিশ্বে কোভিড-১৯, সিরিয়ায় কোভিভ-১৮!

নোবেল করোনা ভাইরাস বা কোভিড-১৯ এ পুরো বিশ্বে চলছে মহাআতংক। প্রতিদিন মারা যাচ্ছেন হাজার-হাজারো মানুষ। প্রতিটি রাষ্ট্রই বাধ্য হচ্ছে লকডাউন জারি করতে। ভাইরাসের কারণে বাধ্য হয়ে বন্ধ করতে হয়েছে স্কুল-কলেজ,অফিস-আদালত, কল-কারখানা,ব্যবসা-বাণিজ্য ইত্যাদি। স্বয়ংক্রিয়ভাবে ভেঙে পড়ছে প্রতিটি ধনী রাষ্ট্রের অর্থনৈতিক কাঠামো। ভাইরাসের থেকে বাঁচতে মানুষ আতঙ্কিত ও পঙ্গপালের মত দিশেহারা। অন্যভাবে বললে ঠিক যেন সিরিয়া ও ফিলিস্তিনের নির্যাতিত মুসলিমদের মত অবস্তা। গোটা বিশ্ব যেমন আজ বাধ্য হয়ে লকডাউন অবস্তা , টিক সেভাবেই বছরের পর বছর সিরিয়ায় ছিল ক্রুসেডার সৃষ্ট লকডাউন অবস্থা। কারন,দেশটিতে ক্রুসেডার ইরান-রাশিয়া জোট ও কসাই বাশার আল-আসাদ সরকারের উপর্যুপরি বোমা হামলায় সারা বছরই হাজার হাজার মানুষ নিহত ও আহত হয়েছেন।পিতা-মাতা হারিয়ে অনাথ ও এতিম হয়েছেন হাজার হাজার শিশু।গৃহহীন হয়ে পালিয়ে বাঁচতে হয়েছে লক্ষ লক্ষ সিরিয়ান মুসলিমদের। প্রতিটি দেশের ধারে ধারে ঘুরতে হয়েছে শরনার্থী হিসেবে। দীর্ঘ ৯বছর ধরে বাড়ি-ঘর, স্কুল-কলেজ, রাস্তা-ঘাট,ক্লিনিক ও হাসপাতালগুলোতে বিমান হামলার ঘটনাগুলো ঠিক যেন কোভিড-১৮।

এদিকে সারাবিশ্ব যখন করোনা ভাইরাসের আক্রান্ত এবং এ থেকে বাঁচতে মরিয়া এ অবস্থায়ও ক্রুসেডার জোট সিরিয়ায় হামলা বন্ধ করেনি। "হোয়াইট হেলমেট সিভিল ডিফেন্স" খবর অনুযায়ী,গত শুক্রবার সন্ত্রাসী বাহিনী সন্ধায় উত্তর আলেপ্পোর আযায শহরে বোমা হামলা চালিয়েছে, ফলে ২জন নিহত ও ১৭ জন মারাত্মকভাবে আহত হয়েছে। এক দিকে করোনা ভাইরাস অন্য দিকে ক্রুসেডার জোটের বোমা হামলা।উপর্যুপরি একটার পর একটা হামলায় লক্ষ লক্ষ মাজলুম মুসলিম গৃহহীন হয়ে আশ্রয় নিয়েছে আশ্রয়

শিবিরগুলোয়। কিন্তু একসাথে এত মানুষ একত্রে থাকার কারনে ভাইরাসের ঝুঁকি বাড়ার আশঙ্কা সত্ত্বেও নিরুপায় হয়ে থাকতে হচ্ছে একত্রে।এমনকি ভাইরাসের প্রকোপ থেকে সতর্কতা অবলম্বন করতে হাত ধৌত করার মত সাবান ও অন্যান্য প্রয়োজনীয় চিকিৎসা সামগ্রীও নেই।শীতপ্রধান দেশে এই ভাইরাসের সংক্রমণের প্রাদুর্ভাব বেশি হওয়ায় মারাত্মক ঝুঁকিতে রয়েছে এইসব মানুষ।

এদিকে সন্ত্রাসী বাশার আল-আসাদ সরকারের জেলে বন্দী রয়েছে কমপক্ষে ২,০০,০০০লক্ষ সিরিয়ান মুসলিম। জেলে বন্দী এইসব মানুষের মুক্তির কোন ব্যবস্থা না থাকায় ভাইরাসে সংক্রমণের উচ্চ ঝুঁকিতে রয়েছে তারা। বরাবরের মতো এবারও নিরব ও মুখে কুলুপ এঁটেছে বিশ্ব মিডিয়া।

সোমালিয়া | হারাকাতুশ শাবাব মুজাহিদদের হামলায় 17 এরও অধিক মুরতাদ সৈন্য হতাহত!

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ায় দেশটির মুরতাদ ও দখলদার বাহিনীর বিরুদ্ধে প্রতিনিয়ত অভিযান পরিচালানা করে আসছেন দেশটিতে অবস্থানরত সবচাইতে জনপ্রিয় জিহাদী তানযিম "হারাকাতুশ শাবাব"।

এরি ধারাবাহিকতায় ২৩ মার্চেও দখলদার ও মুরতাদ বাহিনীর বিরুদ্ধে বেশ কিছু সফল অভিযান পরিচালনা করেছেন হারাকাতুশ শাবাব (আল-কায়েদা শাখা) আল-মুজাহিদিন।

শাহাদাহ নিউজ এজেন্সীর রিপোর্ট অনুযায়ী শুধু রাজধানী মোগাদিশুতেই হারাকাতুশ শাবাব যোদ্ধাদের পরিচালিত ৪টি হামলায় এক পুলিশ অফিসারসহ ৮ এরও অধিক মুরতাদ সৈন্য নিহত এবং ৯ এরও অধিক মুরতাদ সৈন্য আহত হয়।

সোমালিয়া | মুজাহিদদের হামলায় জুমল্যান্ডের ১ অফিসারসহ ৪ সৈন্য হতাহত!

আল-কায়েদা পূর্ব আফ্রিকা ভিত্তিক শাখা হারাকাতুশ শাবাব আল-মুজাহিদিন গত ২২ মার্চ সোমালিয়ার জুবা রাজ্যের "কুকানী" শহরে কুফফার জুমল্যান্ড প্রশাসনের বিরুদ্ধে একটি সফল অভিযান পরিচালনা করেছেন

ওয়াকালাতুশ শাহাদাহ এর বরাতে জানা যায় যে, হারাকাতুশ শাবাব মুজাহিদদের উক্ত সফল হামলায় জুমল্যান্ড প্রশাসনের উচ্চপদস্থ ১ অফিসার ও ১ কমান্ডার নিহত হয়। আহত হয় আরো

৩ এরও অধিক কুফফার সৈন্য। এছাড়াও মুজাহিদদের হামলায় জুমল্যান্ড প্রশাসনের একটি সামরিকযান ধ্বংস হয়ে যায়।

যথা সময়ে অনুষ্ঠিত হবে দেওবন্দের বাৎসরিক পরীক্ষা

যথা সময়েই অনুষ্ঠিত হবে দারুল উলূম দেওবন্দের বাৎসরিক পরীক্ষা। খবর দেওবন্দ মিডিয়ার।

দেওবন্দ মিডিয়া জানিয়েছে আজ ইউপির এসডিএম পান্ডে দারুল উলুম দেওবন্দের মুহতামিম আবুল কাসেম নোমানীর সাথে সৌজন্য সাক্ষাত করেন। এসময় তিনি দারুল উলুমের পরীক্ষা হল পরিদর্শন করেন। হল রুমের শৃঙ্খলা ও পরিচ্ছন্নতা পরিদর্শন শেষে দারুল উলুম কর্তৃপক্ষকে দ্রুত পরীক্ষা নেওয়ার নির্দেশ দেন তিনি।

পরীক্ষা শেষে শিক্ষার্থীরা কিভাবে ঘরে ফিরবে দেওবন্দ মুহতামিমের এমন প্রশ্নের জবাবে এসডিএম পান্ডে বলেন, যাদের ঘর-বাড়ি কাছাকাছি তাদের জন্য আমরা বাসের ব্যবস্থা করব। আর যারা দিল্লি বা দূরের শিক্ষার্থী তাদের জন্য ট্রেনের ব্যবস্থা করা হবে।

এছাড়াও করোনা ভাইরাসের সংক্রমণ থেকে আত্মরক্ষা পেতে দ্রুত পরীক্ষা নিয়ে শিক্ষার্থীদের ছুটি দেওয়ার অনুরোধ জানান এসডিএম পান্ডে।

এসডিএম আরো বলেন, করোনা পরিস্থিতির কারণে দেওবন্দ ও আশপাশ এলাকায় বেশ কয়েকদিন লাগাতার কারফিউ জারি থাকবে। দিনে মাত্র দুই ঘন্টা দোকান খোলা থাকবে। এই সময়ের ভিতরেই সবাইকে প্রয়োজনীয় কাজ সারার নির্দেশ দিয়েছেন এসডিএম পান্ডে।

করোনা ডামাডোলের আড়ালে বাড়ছে এডিস মশার প্রকোপ!

করোনা ভাইরাসের প্রাদুর্ভাবকে বৈশ্বিক মহামারি হিসেবে ঘোষণা করা হয়েছে। দেশেও এখন পর্যন্ত প্রাণঘাতী এই ভাইরাসে আক্রান্ত হয়ে দুজনের মৃত্যু হয়েছে। সম্ভাব্য খারাপ পরিস্থিতির আশঙ্কায় নেওয়া হচ্ছে নানাবিধ প্রতিরোধী পদক্ষেপ। অথচ গত বছরের প্রথম তিন মাসের তুলনায় এ বছরের তিন মাসে ডেঙ্গু রোগীর সংখ্যা কয়েকগুণ বেশি, ডেঙ্গুর বাহক এডিস মশার ঘনত্বও বেশি। সংশ্লিষ্টরা বলছেন, এখনই আগাম পদক্ষেপ না নেওয়া না হলে এবারও ডেঙ্গু

পরিস্থিতি খারাপ হতে পারে। করোনারকারণে সব 'ফোকাস' সেদিকে চলে গেছে। তাই ডেঙ্গু প্রতিরোধের দিকটা দুর্বল হওয়ার শঙ্কা তাদের।

সরকারের রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর) জানায় ২২ মার্চ পর্যন্ত করোনায় মোট সংক্রমণের সংখ্যা ২৭। দেশে এ পর্যন্ত করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে দুই জন মারা গেছেন। এছাড়া, বিভিন্ন হাসপাতালে আইসোলেশনে আছেন ৪০ জন।

জানতে চাইলে স্বাস্থ্য অধিদফতের রোগ নিয়ন্ত্রণ শাখার পরিচালক ডা. শাহনীলা ফেরদৌসি বাংলা ট্রিবিউনকে বলেন, 'গতবারের তুলনায় চলতি বছর রোগী ভর্তির সংখ্যা বেশি ঠিকই, তবে গতবার কিছুটা ইনফরমেশন গ্যাপ ছিল, তথ্যগুলো সেভাবে শুরুর দিকে আসেনি। আবার গত মাসে প্রকাশিত পোস্ট মনসুন সার্ভে অনুযায়ী এবারে আবাসিক এলাকায় এডিস মশার ঘনত্ব কম, কিউলেক্স মশার ঘনত্ব বেশি।'

৫ মার্চ শুরু হয়ে ১৫ মার্চ পর্যন্ত'প্রি মনসুন সার্ভে' হয়েছে। তখন কিছুটা বৃষ্টি ছিল, যা এডিস মশা বাড়ার উপযোগী।

'করোনা ভাইরাস মোকাবিলার পাশাপাশি ডেঙ্গু নিয়েও সমানভাবে কাজ চালাতে হবে এবং পুরো সজাগ থাকতে হবে', বলেন ডা. শাহনীলা ফেরদৌসী।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কীটতত্ত্ববিদ ড. কবিরুল বাশার বাংলা ট্রিবিউনকে বলেন, 'চলতি বছরের প্রথম এই তিনমাসে এডিস মশার যে ঘনত্ব পেয়েছি সেটা অনেক বেশি। এবারে ডেঙ্গু রোগীর সংখ্যাও বেশি। অর্থাৎ ডেঙ্গুর সিজনে রোগীর সংখ্যা বাড়বে যদি আগাম পদক্ষেপ না নেওয়া হয়।'

তিনি বলেন, "করোনা ভাইরাসের কারণে সব 'ফোকাস' চলে গেছে সেদিকে, তাই শঙ্কা হচ্ছে ডেঙ্গুর দিকটা দুর্বল না হয়।' তিনি আগাম পদক্ষেপ হিসেবে এডিস মশা নিধনে এবং এডিস মশার প্রজননস্থল কমানোর ওপর জোর দেন।

'এডিসের ব্রিডিং প্লেস ম্যানেজমেন্টের জন্য মার্চ থেকে মে—এই তিনমাস কাজ করতে হবে এবং মে জুন থেকে স্প্রের কাজ করতে হবে,' বলেন কবিরুল বাশার।

জানতে চাইলেস্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশনস সেন্টার ও কন্ট্রোল রুমের সহকারী পরিচালক ডা. আয়শা আক্তার বাংলা ট্রিবিউনকে বলেন,'কেবল গত বছরের তুলনায় নয়, বলতে গেলে গত ১৮ বছরের তুলনাতেই চলতি বছরের শুরুতে রোগীর সংখ্যা বেশি। কিন্তু

গতবছর যখন রোগী সংখ্যা ১ লাখের বেশি হয়ে গেলো, একদিনেই যখন ২ হাজার ৪০০-এর বেশি রোগী ভর্তি হলো, তাহলে সে হিসাবে একটা মিনিমাম সংখ্যায় নামতেতো সময় লাগবে।'

করোনাভাইরাস প্রতিরোধে খাবার তালিকা

করোনাভাইরাস মোকাবিলার প্রস্তুতি চলছে পুরো পৃথিবীতে। আমরাও চেষ্টা করছি। এর প্রাথমিক প্রস্তুতি হিসেবে আমরা প্রচুর খাবারদাবার কিনে রাখছি ঘরে। কিন্তু একবারও কি ভেবে দেখেছি, ঘরে জমা করে রাখার ফলে খাবারগুলোর গুণগত মান আদৌ বজায় থাকবে কি না? যে খাবার আমরা কিনে ঘরে জমা করেছি, সেগুলো আমাদের শরীরের রোগ প্রতিরোধব্যবস্থা শক্তিশালী করার পক্ষে যথেষ্ট কি না? কারণ, করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধের জন্য প্রয়োজন শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানো। পাশাপাশি যথাযথ কর্তৃপক্ষের দেওয়া স্বাস্থ্যসংক্রান্ত নির্দেশাবলি সঠিকভাবে পালন করা।

করোনাভাইরাস প্রতিরোধের প্রথম ধাপ হলো ব্যক্তিগত সচেতনতা গড়ে তোলা এবং প্রত্যেকের শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা অর্থাৎ ইমিউন সিস্টেম বাড়িয়ে তোলা। এর ফলে করোনাভাইরাস সংক্রমণের যে মারাত্মক লক্ষণ অর্থাৎ শ্বাসযন্ত্র এবং পরিপাকতন্ত্রের সংক্রমণ, সেগুলো সহজে প্রতিরোধ করা সম্ভব। সহজভাবে বললে, যেকোনো ভাইরাস হলো প্রোটিন যুক্ত অণুজীব, যার কারণে মানুষ জ্বর, কাশি, শ্বাসকষ্ট এমনকি মারাত্মক নিউমোনিয়া (নতুনভাবে) হতে পারে। তা ছাড়া এই ভাইরাস ভয়ংকর প্রাণঘাতী রোগ তৈরি করতে পারে খুব সহজে। তাই শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানোর জন্য বেশি পরিমাণে অ্যান্টি-অক্সিডেন্টসমৃদ্ধ খাবার খেতে হবে প্রতিদিন।

অ্যান্টি-অক্সিডেন্ট হলো কিছু ভিটামিন, মিনারেল ও এনজাইম, যা শরীরের ক্ষতিকর ফ্রি র‍্যাডিক্যালের (দেহের কোষ, প্রোটিন ও DNA ক্ষতি করে এমন কিছু) বিরুদ্ধে লড়াই করে, শরীরের কোষগুলোকে ক্ষতির হাত থেকে বাঁচিয়ে শরীরে জীবাণু সংক্রমণের ঝুঁকি প্রতিরোধ করতে সহায়তা করে। প্রধান অ্যান্টি-অক্সিডেন্টগুলো হলো বিটা ক্যারোটিন, ভিটামিন এ, সি, ই, লাইকোপেন, লুটেইন সেলেনিয়াম ইত্যাদি।

করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে অ্যান্টি-অক্সিডেন্টসমৃদ্ধ যে খাবারগুলো বেশি করে খেতে হবে, সেগুলো হলো:

বিটা ক্যারোটিন: উজ্জ্বল রংয়ের ফল, সবজি। যেমন গাজর, পালংশাক, আম, ডাল ইত্যাদি।
ভিটামিন এ: গাজর, পালংশাক, মিষ্টি আলু, মিষ্টিকুমড়া, জাম্বুরা, ডিম, কলিজা, দুধজাতীয় খাবার।
ভিটামিন ই: কাঠবাদাম, চিনাবাদাম, পেস্তাবাদাম, বাদাম তেল, বিচিজাতীয় ও ভেজিটেবল অয়েল, জলপাইয়ের আচার, সবুজ শাকসবজি ইত্যাদি।
ভিটামিন সি: আমলকী, লেবু, কমলা, সবুজ মরিচ, করলা ইত্যাদি।

এছাড়া যে খাবার শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে, সেগুলোর একটি তালিকা দেওয়া হলো। এ খাবারগুলো আপনার শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতাকে তো বাড়িয়ে তুলবেই, সেই সঙ্গে আরও বিভিন্নভাবে আপনার শরীরকে সুস্থ থাকতে সহায়তা করবে।

সামগ্রিকভাবে উদ্ভিজ্জ খাবারই হলো অ্যান্টি–অক্সিডেন্টের সবচেয়ে ভালো উৎস, বিশেষ করে বেগুনি, নীল, কমলা ও হলুদ রংয়ের শাকসবজি ও ফল। এ ছাড়া যে ধরনের খাবারগুলো আপনার প্রয়োজন, সেগুলোর একটি তালিকা দেওয়া হলো।

১. সবজি: করলা (বিটা ক্যারোটিনসমৃদ্ধ), পারপেল/লাল পাতা কপি, বিট, ব্রোকলি, গাজর, টমেটো, মিষ্টি আলু, ক্যাপসিকাম, ফুলকপি।

২. শাক: যেকোনো ধরনের ও রঙের শাক।

৩. ফল: কমলালেবু, পেঁপে, আঙুর, আম, কিউই, আনার, তরমুজ, বেরি, জলপাই, আনারস ইত্যাদি।
৪. মসলা: আদা, রসুন, হলুদ, দারুচিনি, গোলমরিচ।

৫. অন্যান্য: শিম বিচি, মটরশুঁটি, বিচিজাতীয় খাবার, বার্লি, ওটস, লাল চাল ও আটা, বাদাম।
৬. টক দই: এটি প্রোবায়োটিকস, যা শ্বাসযন্ত্র ও পরিপাকতন্ত্র সংক্রমণের ঝুঁকি প্রতিরোধ করে।

অন্যদিকে শাকসবজি, ফল, বাদামজাতীয় খাবার শরীরে নিউটোভ্যাক্স ভ্যাকসিনের অ্যান্টিবডি প্রক্রিয়াকে উন্নত করে, যা স্টেপটোকোক্কাস নিউমোনিয়া প্রতিরোধে সক্রিয় ভূমিকা রাখে।

৭. চা: গ্রিন টি, লাল চায়ে এল-থেনিন এবং ইজিসিজি নামক অ্যান্টি–অক্সিডেন্ট থাকে, যা আমাদের শরীরে জীবাণুর বিরুদ্ধে লড়াইয়ের অনেক যৌগ তৈরি করে শরীরে রোগ প্রতিরোধব্যবস্থাকে শক্তিশালী করে।

৮. এ ছাড়া ভিটামিন বি-৬, জিংক–জাতীয় খাবার (বিচিজাতীয়, বাদাম, সামুদ্রিক খাবার, দুধ ইত্যাদি) শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা তৈরির কোষ বৃদ্ধি করে। তাই এ ধরনের খাবার বেশি খেতে হবে।

৯. উচ্চ মানের আমিষজাতীয় খাবার (ডিম, মুরগির মাংস ইত্যাদি) বেশি করে খেতে হবে। ১০. অ্যান্টি–অক্সিডেন্টের খুব ভালো কাজ পেতে হলে খাবার রান্নার সময় অতিরিক্ত তাপে বা দীর্ঘ সময় রান্না না করে প্রয়োজনীয় তাপমাত্রায় রান্না করতে হবে।

ওপরের খাবারগুলো ছাড়াও নিউমোনিয়া প্রতিরোধে উচ্চ আমিষযুক্ত খাবার বেশি করে খেতে হবে। এতে ক্ষতিগ্রস্ত কোষ ও টিস্যু দ্রুত সুস্থ হয়ে উঠবে এবং পাশাপাশি নতুন টিস্যু তৈরি হবে। এর সঙ্গে দরকার পর্যাপ্ত ঘুম। অপর্যাপ্ত পরিমাণ ঘুম শরীরে কর্টিসল হরমোনের চাপ বাড়িয়ে রোগ প্রতিরোধ ক্ষমতা কমিয়ে দেয়, তাই পর্যাপ্ত ঘুমাতে হবে।

যে খাবার বাদ দিতে হবে

সব ধরনের কার্বনেটেড ড্রিংকস, বিড়ি, সিগারেট, জর্দা, তামাক, সাদাপাতা, খয়ের ইত্যাদি। এগুলো রোগ প্রতিরোধ ক্ষমতায় বাধা দিয়ে ফুসফুসে সংক্রমণের ঝুঁকি বাড়ায়, ঠান্ডা খাবার, আইসক্রিম, চিনি ও চিনির তৈরি খাবার (যা ভাইরাসের সংক্রমণে সহায়তা করে)।

এ লেখার উদ্দেশ্য সঠিক পুষ্টির চাহিদা পূরণ করে প্রত্যেকের শরীরে রোগ প্রতিরোধব্যবস্থা উন্নত করতে সহায়তা করা, যাতে শুধু করোনাভাইরাস নয়, সব ধরনের ভাইরাসের সংক্রমণ মোকাবিলায় আপনি শারীরিকভাবে সক্ষম থাকতে পারেন।

লেখক: প্রধান পুষ্টিবিদ ও বিভাগীয় প্রধান, পুষ্টি বিভাগ

ভারতে ট্রেন চলাচল বন্ধ!

প্রাণঘাতী করোনাভাইরাসের প্রাদুর্ভাব দমনে ভারতে সব ধরনের যাত্রীবাহী ট্রেন চলাচল বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে দেশটির কেন্দ্রীয় সরকার।

আগামী ৩১ মার্চ পর্যন্ত দেশটিতে এক্সপ্রেস, মেইল, লোকাল ও প্যাসেঞ্জারসহ সব ট্রেন চলাচল বন্ধ থাকবে। সেইসঙ্গে কলকাতা মেট্রো পরিষেবাও বন্ধ হতে যাচ্ছে।

গতকাল রোববার ভারতের রেল মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এ সিদ্ধান্ত জানানো হয়। খবর আনন্দবাজার।

জানা যায়, রোববার দিবাগত রাত থেকে ভারতের সব যাত্রীবাহী ট্রেন চলাচল বন্ধ হয়ে যাবে। আগামী ৩১ মার্চ পর্যন্ত আর কোনো যাত্রীবাহী ট্রেন চলাচল করবে না। মালামালবাহী রেলগাড়ির ক্ষেত্রে এ সিদ্ধান্ত কার্যকর হবে না বলে জানিয়েছে রেল মন্ত্রণালয়।

দেশটিতে গত ২৪ ঘণ্টায় নতুন করে ৮৩ জনের শরীরে করোনাভাইরাস শনাক্ত হয়েছে। এ নিয়ে ৩৩২ জনের শরীরে ভাইরাসের অস্তিত্ব পাওয়া গেলো। ভাইরাসটির কারণে মৃত্যু হয়েছে ৭ জনের।

ভারতীয় বিশেষজ্ঞরা বলছেন, ভাইরাস সংক্রমণের প্রাথমিক পর্যায়ে রয়েছে ভারত। যদি এ পর্যায়ে ভাইরাসের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণ করা সম্ভব না হয়, তাহলে পরিস্থিতি ভায়াবহ হয়ে উঠবে বলে আশঙ্কা করেছেন তারা।

করোনা প্রতিরোধে নিরাপদ নন বাংলাদেশের চিকিৎসক-নার্সরাই

করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে রাজধানীর টোলারবাগে প্রাণ হারানো বৃদ্ধকে প্রাথমিক চিকিৎসা দিয়েছেন যে চিকিৎসক, তিনিও আক্রান্ত হয়েছেন (করোনা পজিটিভ)। রবিবার রাতে চিকিৎসকের পারিবারিক বন্ধু ডা. শরীফ বাংলা ট্রিবিউনকে বলেন, 'যে বৃদ্ধ মারা গেছেন তার চিকিৎসা দিয়েছেন আক্রান্ত ডাক্তার। গতকাল (শনিবার) সকাল থেকেই তার সমস্যা শুরু হয়েছিল। আজ (রবিবার) দুপুর নাগাদ শ্বাসকষ্ট শুরু হয়।

উল্লেখ্য, তিনি ডেল্টা হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক হিসেবে টোলারবাগের ওই বৃদ্ধকে চিকিৎসা দিয়েছিলেন। তার পরিবারের সদস্যরা এখনও হোম কোয়ারেন্টিনে আছেন। এর আগে বৃদ্ধের মৃত্যুর পর তার চিকিৎসায় নিয়োজিত ওই হাসপাতালের চার চিকিৎসক, ১২ জন নার্স ও তিনজন স্টাফকে হোম কোয়ারেন্টিনে পাঠানো হয়েছে। তাদেরই একজন চিকিৎসক করোনা পজিটিভ হিসেবে শনাক্ত হন। জানা যায়, রবিবার (২২ মার্চ) তার স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন পাওয়া গেছে। তাতে এই তথ্য পাওয়া যায়।

কারণ কোনো রকম পার্সোনাল প্রোটেকশন ইক্যুইপমেন্ট (পিপিই) ছাড়াই চিকিৎসা কার্যক্রম চালাতে হচ্ছে বিভিন্ন হাসপাতালে কর্মরত চিকিৎসকদের। নার্সসহ অন্যান্য স্টাফদেরও নেই

নিরাপত্তামূলক কোনো ব্যবস্থা। এ অবস্থায় চরম ঝুঁকির মধ্যে পড়তে যাচ্ছেন তারাসহ সাধারণ রোগীরাও।

চিকিৎসকরা বলছেন, শুধু নিজেদের সুরক্ষার জন্য নয়, রোগীসহ অন্যদের সুরক্ষার জন্য পিপিই লাগবে। সবাই আতঙ্কের মধ্যে আছে, সবার পরিবার আছে। কেউ আক্রান্ত হলে পরিবারও আক্রান্ত হবে। তাই চিকিৎসকরা কোয়ারেন্টাইনে চলে গেলে জনবল সংকট দেখা দেবে।

বাংলাদেশের স্বাস্থ্য অধিদপ্তরের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের (আইইডিসিআর) রোববারে দেয়া তথ্য অনুযায়ী, এ পর্যন্ত দেশে করোনা আক্রান্ত হয়েছেন ২৭ জন। সঠিক আল্লাহ তায়ালাই ভাল জানেন। তাদের মধ্যে মৃত্যু হয়েছে তিনজন। এছাড়া করোনাআক্রান্ত সন্দেহে কোয়ারেন্টাইনে আছেন ১৭ হাজার মানুষ। যদিও গত ১৫ দিনে বিদেশ থেকে দেশে ফিরেছে প্রায় ১ লাখ ৭০ হাজার বাংলাদেশি।

উল্লেখ্য, কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে গত শনিবার মারা যাওয়া মিরপুরের টোলারবাগের ওই বৃদ্ধ ছিলেন দেশে করোনায় আক্রান্ত দ্বিতীয় রোগী। তবে তিনি বা তার পরিবারের কেউ বিদেশ থেকে না আসায় এই ঘটনায় কমিউনিটি ট্রান্সমিশন স্বীকার করে নিয়ে জরুরি অবস্থা ঘোষণার দাবি ওঠে। তবে বিষয়টি নিঃসন্দেহ হতে আরও সময় চেয়েছে আইডিসিআর। যদিও ওই ব্যক্তির মৃত্যুর পর তার এক প্রতিবেশী পরদিন রবিবার (২২ মার্চ) রাতে মারা যান।

২২শে মার্চ, ২০২০

সন্ত্রাসী ছাত্রলীগ কর্তৃক নাগরপুরে শিক্ষিকা লাঞ্ছিতের ঘটনায় শিক্ষক পরিষদের প্রতিবাদ সভা

টাঙ্গাইলের নাগরপুরে সরকারি কলেজের সন্ত্রাসী ছাত্রলীগের কয়েকজনের হাতে রসায়ন বিভাগের শিক্ষিকা শামীমা ইয়াসমীনকে লাঞ্ছিতের ঘটনায় প্রতিবাদ সভা করেছে নাগরপুর সরকারি কলেজ শিক্ষক পরিষদ। শনিবার সকালে কলেজ শিক্ষক মিলনায়তনে এ প্রতিবাদ সভার আয়োজন করা হয়। সভায় দোষীদের শাস্তির দাবিতে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়।

নাগরপুর সরকারি কলেজ শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক মো. মুক্তা মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিবাদ সভায় শিক্ষকরা কলেজের রসায়ন বিভাগের শিক্ষিকা শামীমা ইয়াসমীনকে লাঞ্ছিতের ঘটনায় তীব্র নিন্দা, ও দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন। খবরঃ বিডি প্রতিদিন

কলেজ ছাত্র সংসদের ছাত্রলীগ মনোনীত সাবেক ভিপি আল-মামুনসহ ঘটনায় জড়িত সকলের শাস্তির দাবিতে কর্মবিরতিসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত নেন।

এ সময় মো. মুক্তা মিয়া বলেন, দোষীদের শাস্তির দাবিতে আগামী ২৩ মার্চ কর্মবিরতি, ২৪ মার্চ স্থানীয় এমপি, জেলা প্রশাসক ও পুলিশ সুপারের কাছে স্মারক লিপি প্রদান, শিক্ষাবোর্ড ও জাতীয় বিশ্ববিদ্যালয়ে বখাটেদের সনদ বাতিলের জন্য আবেদন, শিক্ষা মন্ত্রণালয়কে ঘটনার সার্বিক বিষয় অবহিতকরণ, স্থানীয় ও কেন্দ্রীয় সরকারদলীয় নেতৃবৃন্দকে অবহিতকরণসহ আমরা নানা কর্মসূচি গ্রহণ করেছি।

এবার বকেয়া বেতনের দাবিতে মালিবাগে শ্রমিকদের বিক্ষোভ

বকেয়া বেতনের দাবিতে রাজধানীর মালিবাগে আজ রবিবার বিক্ষোভ করেছেন শ্রমিকরা। তারা সড়কে অবস্থান নিয়ে নানা ধরনের স্লোগান দেন।

এসময় শ্রমিকরা জানান, কেউ ৫ মাস, কেউ ৬ মাস বেতন পাইনি। আমাদের একটাই দাবি, বেতন পরিশোধ করতে হবে। বিডি প্রতিদিনের রিপোর্ট

মালিকের কাছে বেতন চাইলে বেতন ছাড়াই বের করে দেয়। মারধর করে। মামলা, পুলিশের ভয় দেখায়।

খোরাসান | তালেবানদের নিকট কমান্ডারসহ ৪৬ আফগান সৈন্যের আত্মসমর্পণ!

ইমারতে ইসলামিয়ার সম্মানিত উমারাগণ ত্বাগুতের বাহিনীর বিরুদ্ধে জিহাদের পাশাপাশি "দাওয়াতী কমিশন" এর মাধ্যমে আফগান বাহিনীর মাছে দাওয়াতী কার্যক্রমও চালিয়ে যাচ্ছেন।

এরি ধারাবাকিতায় ২২ মার্চ "দাওয়াতী কমিশন" ও হাক্কানি উলামায়ে কেরামের মেহনতের ফলে মহান আল্লাহ তা'আলার অনুগ্রহে ৪৩ আফগান সৈন্য নিজেদের ভুল বুঝতে পেরে ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের জানবায তালেবান মুজাহিদদের কাছে আত্মসমর্পণ করে।

আত্মসমর্পণকারী এসকল সৈন্যরা আফগানিস্তানের বাগলান, লাগমান ও বদাখশান শহর হতে তালেবানদের নিকট আত্মসমর্পণ করে। এর মধ্যে শুধু বাগলাম প্রদেশ হতেই তালেবান মুজাহিদদের নিকট আত্মসমর্পণ করে ২৮ আফগান সৈন্য।

মালি | মুরতাদ বাহিনীর ঘাঁটিতে JNIM এর হামলা, নিহত ৩০ এরও অধিক!

আল-কায়েদা পশ্চিম আফ্রিকা শাখা জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিন (JNIM) এর জানবায মুজাহিদিন গত ২১ মার্চ মালির ঘাউ প্রদেশের "তারকানাত" শহরে অবস্থিত দেশটির মুরতাদ বাহিনীর একটি ঘাঁটিতে সফল অভিযান পরিচালনা করেছেন।

JNIM এর অফিসিয়াল "আয-যাল্লাকা" মিডিয়া কর্তৃক প্রকাশিত সংবাদ হতে জানা যায় যে, মুজাহিদগণ মুরতাদ বাহিনীর সামরিক ঘাঁটিতে অভিযানটি সফলভাবে সম্পূর্ণ করেন এবং ঘাঁটি বিজয় করেনেন। এসময় মুজাহিদদের তীব্র হামলায় ৩০ এরও অধিক মুরতাদ সৈন্য নিহত হয়। আহত হয় আরো অনেক সৈন্য। বাকি সৈন্যরা ঘাঁটি ছেড়ে পলায়ন করে।

ঘাঁটিটি বিজয়ের পর মুজাহিদগণ মুরতাদ বাহিনী হতে ৯টি অত্যাধুনিক ভারী "দাশকা", ৩০টি ক্লাশিনকোভ, ৫টি বিকা, spg9 & rpg7 ২টি মিসাইল, ১টি 60+কামান, কয়েকটি সামরিকযান ও গাড়িসহ বিপুল পরিমান হালকা যুদ্ধাস্ত্র ও গোলাবারুদ গনিমত লাভ করেন।

মিরপুরে করোনায় মৃত ব্যক্তির মতোই অবস্থা পুরো বাংলাদেশের

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মিরপুরের এক বাসিন্দা গতকাল শনিবার মারা গেছেন। এরপর তিনি যে বাসাটিতে থাকতেন, সেটি লকডাউন করা হয়েছে। করোনাভাইরাসে বাবার মৃত্যু নিয়ে তাঁর ছেলে নিজের ফেসবুকে একটি পোস্ট দিয়েছেন।

একটি বেসরকারি ব্যাংকের কর্মকর্তা এই ছেলে প্রথম আলোকে বলেন, তাঁর বাবার মৃত্যু নিয়ে নানা ধরনের ভুল তথ্য ও বিভ্রান্তিমূলক সংবাদ দেওয়া হচ্ছে। এটি পরিষ্কার করতে তিনি ফেসবুকে স্ট্যাটাসটি দিয়েছেন। তাঁর পরিবার এখন বাসায় কোয়ারেন্টিনে আছেন।

পোস্টটি হুবহু তুলে দেওয়া হলো:

'পিতার মৃত্যু এবং সন্তানের ব্যর্থতা আমি কখনো ভাবিনি যে আমার পিতার মৃত্যুর ঘটনা আমাকে এই ভাবে লিখতে হবে। কিন্তু কিছু মিডিয়ার মিথ্যা রিপোর্ট দেখে আমি বাধ্য হলাম ফেসবুকে কিছু সত্য প্রকাশ করতে।

গত ১৬ তারিখে আব্বা অসুস্থ বোধ করলে আমাদের ড্রাইভার ওই দিন বিকেলে তাঁকে কল্যাণপুরের একটি বেসরকারি হাসপাতালে নিয়ে আসে। ওই সময় আমরা ভাইয়েরা সবাই অফিসে। আমি অফিস থেকে বাসায় এসে শুনলাম ডাক্তার ধারণা করছে উনি করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন এবং কোভিড–১৯ টেস্ট এর জন্য প্রস্তাব করেছে। অতঃপর ওই রাত্রেই আমরা টেস্ট এর জন্য IEDCR (আইইডিসিআর) এর হান্টিং নম্বরে ফোন দেওয়া শুরু করি। প্রায় দেড় ঘণ্টা পর তাদের সঙ্গে আমরা কমিউনিকেশন করতে সমর্থ হই, তারা আমাদের জানায় যেহেতু অসুস্থ ব্যক্তি বিদেশ ফেরত না এবং বিদেশফেরত কোনো ব্যক্তির সংস্পর্শে উনি আসেন নাই, সেহেতু এই টেস্ট ওনার জন্য প্রযোজ্য নয়, আমি তাদের বলেছিলাম উনি মসজিদে যান এবং ওখান থেকে এই ভাইরাস আসতে পারে কি না। তারা আমাদের বলেছেন যে এই ভাইরাস বাংলাদেশে কমিউনিটিতে মাস লেভেলে এখনো সংক্রমিত হয়নি সুতরাং আপনারা চিন্তা করেন না, এটা সাধারণ শ্বাস কষ্টের প্রবলেম।

ওই রাত্রেই আনুমানিক সাড়ে ১০টায় আমি তাঁকে শ্যামলীর একটি বড় হাসপাতালে নিয়ে যাই এবং আমাদের পরিচিত একজন স্পেশালিস্ট ডক্টরকে দেখাই। উনি আমাকে বলেন, রোগীর নিউমোনিয়া হয়েছে। তাঁকে নিউমোনিয়ার ট্রিটমেন্ট দিতে হবে। তবে বাংলাদেশের কোনো হসপিটাল এই রোগীর ভর্তি নেবে না, আপনারা বাসায় ট্রিটমেন্ট করেন। আমি ওই রাতে বাসায় চলে আসি এবং আব্বাকে নেবুলাইজার দেওয়া এবং মুখে খাওয়া অ্যান্টিবায়োটিক দিতে থাকি। পরের দিন ১৭ তারিখে দুপুরে আমি আব্বাকে নিয়ে যাই শ্যামলীর ওই হাসপাতালের ইমার্জেন্সিতে। তারা রোগী দেখে বলে যে রোগীর অবস্থা ভালো না, তাঁকে আইসিইউ সাপোর্ট দিতে হবে। এবং তাদের আইসিইউ তারা দিতে পারবে না। এরপর আমি অন্য একটি হাসপাতালে কথা বলি। ওরা বলে ওদের আইসিইউ খালি আছে। আমরা দ্রুত আব্বাকে নিয়ে কেয়ার হাসপাতালে যাই এবং আইসিইউতে ভর্তি করি। ১৫ মিনিট পর হাসপাতাল কর্তৃপক্ষ আমাদের বললেন এই রোগী তারা রাখতে পারবে না।

অতঃপর আমরা রোগী নিয়ে কল্যাণপুর একটি হসপিটালে যাই। তারা আমাকে কেবিন দিয়ে সাহায্য করে কিন্তু তাদের আইসিইউ খালি নেই। রাত আনুমানিক সাড়ে ১২টায় হাসপাতালের ডাক্তার আমাকে বলেন, এই রোগীর আইসিইউ লাগবে, আপনারা দ্রুত আইসিইউর ব্যবস্থা

করেন। আমি বিভিন্ন হাসপাতালে কথা বলতে থাকি, কোথাও আইসিইউ খালি নেই। অতঃপর মিরপুরের ওই হাসপাতাল তাদের আইসিইউ দিতে রাজি হয়। আমি এবং আমার ছোট ভাই রাত্রে ৪টার সময় আব্বাকে নিয়ে সেখানে আসি এবং দুপুর ১২টার পর থেকে আব্বা লাইফ সাপোর্টে চলে যান। ১৮ তারিখ দুপুর থেকে আমরা এবং হাসপাতাল কর্তৃপক্ষ IEDCR–এর সঙ্গে যোগাযোগের চেষ্টা করি কিন্তু ব্যর্থ হই। অতঃপর ১৯ তারিখ বিকেলে IEDCR রাজি হয় এবং রাত্রে টেস্ট করে এবং পরের দিন ২০ তারিখ দুপুরে IEDCR আমাদের জানায় যে রিপোর্ট পজিটিভ। আমাদের হোম কোয়ারেন্টাইনে থাকতে বলে ১৫ দিন।

রিপোর্ট পজিটিভ আসার পর থেকে ওই হাসপাতাল আমাদের প্রেশার দিতে থাকে লাইফ সাপোর্ট খুলে দেওয়ার অনুমোদন দেওয়ার জন্য। কিন্তু আমরা অনুমতি না দিয়ে তাদের বলতে থাকি ট্রিটমেন্ট দিয়ে যাওয়ার জন্য। কিন্তু তারা আর রোগীর কাছেও যায়নি এবং আমাদের আইসিইউর ভেতর ঢুকতেও দেয়নি। যাহোক আমার আব্বু অবশেষে ২১ তারিখ ভোর তিনটার সময় ইন্তেকাল করেন।

আমরা সন্তানরা ব্যর্থ, পিতার সঠিক ট্রিটমেন্টের ব্যবস্থা করতে এবং এমনকি তাঁর জানাজাতে আমরা উপস্থিত থাকতে পারিনি। সন্তান হিসেবে, একজন পুত্র হিসেবে এর চেয়ে কঠিন কষ্ট আর কিছুই হতে পারে না। আমার বুকে পাথর বেঁধে বাসায় অবস্থান করছি সরকারের আইন মেনে ১৫ দিন। কিন্তু কিছু পেজ এবং ফ্রন্ট লাইনের মিডিয়া আমাদের নিয়ে বিভ্রান্তি ছড়াচ্ছে যে আমার ভগ্নিপতি বিদেশ থেকে আমাদের বাসায় এসেছে, যেটা সম্পূর্ণ মিথ্যা কথা। আমার দুই ভগ্নিপতি, বড় বোন এবং তার স্বামী চিটাগংয়ের দুটি সরকারি কলেজের অধ্যাপক। অন্য ভগ্নিপতি জাপানে থাকে। সে গত এক বছরের মধ্যে আসেনি, আমার বাবা যেদিন আইসিইউতে লাইফ সাপোর্টে চলে যায়, সেদিন মানে ১৯ তারিখে আমার বড় বোন এবং বড় দুলাভাই চিটাগং থেকে আমাদের বাসায় আসে এবং তারাও হোম কোয়ারেন্টিন পালন করছে।

আমাদের এই বিপদের সময় দয়া করে আমার পরিবার সম্পর্কে মিথ্যা রিপোর্ট করবেন না। এখন পর্যন্ত আমাদের পরিবারের বাকি সদস্যরা সুস্থ আছে। কারও মধ্যে করোনার লক্ষণ দেখা দেয়নি, আমার ছোট ভাই এবং আমার ড্রাইভারের কোভিড–১৯ টেস্ট করা হয়েছে, যেটা নেগেটিভ এসেছে। আপনারা আমাদের জন্য দোয়া করবেন যেন আল্লাহ আমাদের হেফাজত করেন, বাংলাদেশের সবাইকে যেন আল্লাহ হেফাজত করেন। আমিন।

'লক ডাউন' ভারতের রাজস্থান

ভারতের হিন্দুত্ববাদী সন্ত্রাসী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি রোববার, এক দিনের জন্য সারা ভারতে 'জনতার কারফিউ'-এর আড়ালে, আদতে 'লক ডাউন' ঘোষণা করেছে। আরো এক ধাপ এগিয়ে দেশটির রাজস্থান রাজ্যের মুখ্যমন্ত্রী অশোক গেহলট এই লক ডাউন বাড়িয়ে ৩১ মার্চ পর্যন্ত করেছেন। অর্থাৎ, আগামী ১০ দিন একরকম বন্ধই চলবে রাজস্থানে। লক ডাউন চলাকালীন রাজ্যের প্রতিটি সীমান্ত সিল করার নির্দেশ দিয়েছেন অশোক গেহলট। তবে, সবজি বাজার খোলা রাখতে বলেছেন। খোলা থাকবে ওষুধের দোকানও। পাওয়া যাবে দুধ-সহ ডেয়ারি পণ্যও। তবে, অন্যান্য দোকানপাট, মল-মার্কেট-সহ বাকিসব লক ডাউন থাকবে। দেশে রাজস্থান ভারতের প্রথম রাজ্য হিসেবে টানা ১০ দিন লকডাউন ঘোষণা করেছে। নয়া দিগন্তের রিপোর্ট

এর আগে করোনাভাইরাস সংক্রমণকে 'মহামারী' ঘোষণা করে রাজস্থানে ১৪৪ ধারা জারি করেন মুখ্যমন্ত্রী। গত বুধবার তিনি এই নির্দেশিকা জারি করেন। যার জেরে রাজ্যের কোনো এলাকায় ৪ জনের বেশি ব্যক্তির জমায়েত নিষিদ্ধ হয়। লক ডাউনের সঙ্গে ৩১ মার্চ পর্যন্ত ১৪৪ ধারাও বলবৎ থাকবে।

গত বুধবার রাজস্থানের ঝুনঝুনুতে একই পরিবারের তিনজনের শরীরে করোনাভাইরাসের জীবাণু ধরা পড়ে। ইতালি থেকে গত ৮ মার্চ ওই পরিবারের সদস্যরা ভারতে ফিরেন। বিদেশ ফেরত ওই পরিবারের সদস্যদের রক্তের নমুনা পরীক্ষার জন্য জয়পুরের এমএমএস হাসপাতালে পাঠানো হয়েছিল। রিপোর্ট পজিটিভ আসার পরেই আক্রান্ত পরিবারের বাসভবন থেকে ১ কিলোমিটার এলাকার মধ্যে কারফিউ জারি করা হয়।

করোনা আক্রান্ত সন্দেহে রাজস্থানে এখন পর্যন্ত মোট ৪৬৭ জনের রক্তের নমুনা সংগ্রহ করা হয়েছে। তার মধ্যে ৪৪৫ জনের রিপোর্ট নেগেটিভ এসেছে। ১৮ জনের রিপোর্ট এখনো আসেনি।

এদিকে, শনিবার রাত পর্যন্ত গোটা ভারতে করোনায় আক্রান্তের সংখ্যা বেড়ে হয়েছে ৩১৫ জন। এর মধ্যে শুধু শনিবারই ৭৯ জনের করোনা ধরা পড়ে। কেরালায় আক্রান্তের সংখ্যা শনিবার ৫০ ছাড়িয়েছে।

মসজিদে ঢুকে মুসল্লীকে পেটালো সন্ত্রাসী যুবলীগ নেত্রী

চট্টগ্রামের মিরসরাইয়ে নুরুচ্ছাবাহ্ পূর্নিমা নামে এক সন্ত্রাসী যুব মহিলা লীগ নেত্রী মসজিদে প্রবেশ করে মুসল্লীকে জুতা দিয়ে পিটিয়েছে। শনিবার দুপুরে উপজেলার ৫ নং ওচমানপুর ইউনিয়নের বাঁশখালী এলাকার মাজহার উল্লাহ মুহুরী বাড়ি জামে মসজিদে এই ঘটনা ঘটেছে। এতে এলাকার মানুষের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে।

আমেরিকা প্রবাসী নুরুচ্ছাবাহ্ পূর্নিমা সন্ত্রাসী যুব মহিলা লীগ কেন্দ্রীয় কমিটির সদস্য ও বঙ্গবন্ধু ফাউন্ডেশন কেন্দ্রীয় কমিটির মহিলা বিষয়ক সম্পাদেকর দায়িত্ব পালন করছেন। নয়া দিগন্তের রিপোর্ট

ভুক্তভোগী মুসল্লী এস এম শহীদ জানান, শনিবার জোহরের নামাজের জন্য আমি মসজিদে প্রবেশ করার পথে পূর্ণিমা নামের এই মহিলা দাঁড়িয়ে থাকে। আমি তাকে নামাজের জামাত শুরু হচ্ছে বলে সরে দাঁড়াতে বলে মসজিদের ভেতরে প্রবেশ করার সময় সে মসজিদের সামনে থাকা জুতা নিয়ে আমাকে মারলে জুতা মসজিদের ভেতরে ঢুকে যায়। এরপর সে ভেতরে ঢুকে জুতা দিয়ে আমাকে মারধর করেন। তখন সকল মুসল্লী এগিয়ে তাকে নিভৃত করেন। কি কারণে আমাকে জুতা দিয়ে মারলো? আমার অপরাধ কি? আমি তার বিচার চাই।

মসজিদ পরিচালনা কমিটির সদস্য ও নিয়মিত মুসল্লী মো. খোরশেদ আলম বলেন, এমন ন্যাক্কারজনক ঘটনা আমার জীবনে দেখিনি। মহিলা মসজিদে ঢুকে শহীদ নামে এক মুসল্লীকে জুতা দিয়ে মারধর করে। এরপর আমরা এসে তাকে নিভৃত করি। মহিলা হওয়ার কারণে সকল মুসল্লীকে সংঘযত থাকতে হয়েছে। ওই মহিলার উপযুক্ত বিচার হওয়া প্রয়োজন।

এলাকাবাসী জানান, নুরুচ্ছাবাহ্ পূর্নিমার সাথে তার চাচা আবু ছালেকের জায়গা সংক্রান্ত বিরোধ চলে আসছে। ওইদিন বিরোধপূর্ণ জায়গায় ঘর নির্মাণ নিয়ে চাচার সাথে ঝামেলা হয়। তার চাচা জোহরের নামাজ আদায় করতে মসজিদের ভেতরে প্রবেশ করে। নামাজ শেষ করে বের হওয়ার সময় তাকে ধরবে এজন্য সে (পূর্নিমা) মসজিদের সামনে অপেক্ষা করতে থাকে। এসময় মুসল্লী শহীদের সাথে ঝামেলা হয়।

এই বিষয়ে শনিবার সন্ধ্যা ৭ টা ৫৪ মিনিটে মোবাইলফোনে নুরুচ্ছাবাহ্ পূর্নিমা বলেন, আমি মসজিদে প্রবেশ করে জুতা দিয়ে কাউকে মারধর করিনি। বরং শহীদ নামে ওই ছেলেটি আমাকে ধাক্কা দেয়। মুসল্লীরা আমার বিরুদ্ধে মিথ্যাচার করছে। তারা সবাই দলবল নিয়ে সংঘবদ্ধ হয়ে আমার বাবার বাড়ি দখল করে রাখছে। পরে কথা বলবে বলে ব্যস্ততা দেখিয়ে সংযোগ বিচ্ছিন্ন করে দেন।

বেশিরভাগ করোনা রোগী এই ছয়টি লক্ষণের কথা বলছেন

করোনার আতঙ্কে কাঁপছে বিশ্ব। প্রতিদিনিই হাজার হাজার নতুন মানুষ করোনায় আক্রান্ত হচ্ছে। একজন করোনা আক্রান্ত রোগীর কি কি লক্ষণ দেখা দিতে পারে তা জানা একজন মানুষের জন্য আবশ্যক। ঠান্ডা, জ্বর, কাশি ছাড়াও আরো বেশ কিছু লক্ষণ দেখা দিতে পারে একজন করোনা রোগীর। কালের কণ্ঠের রিপোর্ট

করোনা থেকে সুস্থ হয়ে ওঠা কয়েকজন বলেছেন করোনার ছয়টি প্রধান লক্ষণ সম্পর্কে।

প্রথম: পুরো শরীর জুড়ে অসহনীয় ব্যাথা থাকবে। মনে হতে পারে আপনার মাথায় প্রচন্ড ব্যাথা হচ্ছে, সেই সাথে চোখ জ্বালা, গলা ব্যাথা। এগুলো করোনা রোগীর প্রথম লক্ষণ।

দ্বিতীয়ত: কানের ভেতরে মাঝামাঝি এবং ভেতরের অংশের মাঝখানে ইউচটাচিয়ান টিউব থাকে। মাঝে মধ্যে ইউচটাচিয়ান টিউবে চাপ দিয়ে দেখতে হবে ব্যাথা আছে কিনা।

তৃতীয়: প্রচন্ড মাথা ব্যাথা থাকবে। মনে হতে পারে কেউ মাথায় সজোরে আঘাত করছে।

চতুর্থ: চোখ জ্বালা, চুলকানি থাকতে পারে। সেই সাথে শরীরে জ্বর থাকবে।

পঞ্চম: প্রচন্ড গলা ব্যাথা থাকবে। শ্বাস প্রশ্বাসে কষ্ট হবে, খাবার খাওয়ার সময়ও অনেক ব্যাথা হবে গলায়।

ষষ্ঠ: পুরো শরীরে ব্যাথা থাকবে। কেবল কান বা বুকে নয়। সেই সাথে হাত এবং পায়েও ব্যাথা থাকবে।

করোনার প্রকোপ সত্ত্বেও ইরানের ওপর নিষেধাজ্ঞা বহাল রাখবে: সন্ত্রাসী ট্রাম্প

গোটা বিশ্বের মতো ইরান যখন প্রাণঘাতী করোনাভাইরাস মোকাবিলায় হিমশিম খাচ্ছে তখন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের ওপর আরোপিত নিষেধাজ্ঞা বহাল থাকবে বলে জানিয়েছেন। আমেরিকায় করোনাভাইরাস মোকাবিলায় সরকারের গৃহিত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে শুক্রবার হোয়াইট হাউজে এক সংবাদ সম্মেলনে একথা জানান।ইরানসহ গোটা মধ্যপ্রাচ্যে ছড়িয়ে পড়া করোনাভাইরাসের কথা তুলে ধরে একজন সাংবাদিক ট্রাম্পের কাছে জানতে চান, তিনি ইরানের ওপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহার করবেন কিনা? এর উত্তরে ট্রাম্প নেতিবাচক

উত্তর দেন। এদিকে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও বিশ্ব জনমতকে ধোকা দেয়ার উদ্দেশ্যে বলেছেন, ইরানের জন্য মানবিক ত্রাণ বা ওষুধসামগ্রী পাঠানো হলে তা নিষেধাজ্ঞার আওতায় পড়বে না। তিনি এমন সময় এ দাবি করলেন যখন মার্কিন নিষেধাজ্ঞার কারণে খাদ্য, ওষুধ ও চিকিৎসা সামগ্রীর মতো জরুরি পণ্য আমদানি করতে পারছে না ইরান।

২১শে মার্চ, ২০২০

করোনাভাইরাস: পরীক্ষার সময়সূচীতে পরিবর্তন আনলো দেওবন্দ

এবার করোনার কারণে পরীক্ষার সময়সূচীতে পরিবর্তণের ঘোষণা দিয়েছে ঐতিহ্যবাহী দীনি বিদ্যাপীঠ দারুল উলুম দেওবন্দ। মাদরসাটির সমপানী পরীক্ষা আগামী সোমবার ২৩ মার্চ অনুষ্ঠিত হবে।

আজ শনিবার দেওবন্দের মুহতামিম আল্লামা আবুল কাসেম নোমানী স্বাক্ষরিত এক জরুরি বিজ্ঞপ্তিতে এ ঘোষণা দেয়া হয়।

জরুরি এ বিজ্ঞপ্তিতে লেখা হয়, বিশ্বব্যাপী করোনার কারণে দারুল উলুম দেওবন্দ সমাপনী পরীক্ষার সময়সূচীতে পরিবর্তন এনেছে। মাদরাসার বার্ষিক পরীক্ষা আগামী ২৩ মার্চ শুরু হয়ে শেষ হবে ৩ এপ্রিল। ৩ এপ্রিল মাদরাসা বন্ধ ঘোষণা করা হবে। মাদরাসার হিফজ নাজেরা নূরানী বিভাগের পরীক্ষা ২৭,২৮,২৯ মার্চ অনুষ্ঠিত হবে।

বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, প্রত্যেক কিতাবের ৫টি প্রশ্ন থেকে ২টি প্রশ্নের উত্তর দিতে হবে। যে দু'কিতাব এক সঙ্গে পরীক্ষা, ৬টি প্রশ্ন থেকে ১টি ১টি উত্তর দিতে হবে।

প্রতিদিন ২ বেলা পরীক্ষা অনুষ্ঠিত হবে। সকাল সাড়ে ৭ থেকে সাড়ে ১০টা, দুপুর ২.৩০ থেকে ৫.৩০ পর্যন্ত। পরীক্ষার হলে করোনার সংক্রমণ ঠেকাতে প্রত্যেক পরীক্ষার্থীর মাঝে এক মিটার করে ফাঁকা রাখতে হবে।

জনগণের নিরাপত্তা বিঘ্নিত করে ইভিএমে কথিত নির্বাচন অনুষ্ঠিত

করোনাভাইরাস সংক্রমণের আশঙ্কার মাঝেই শনিবার তিন সংসদীয় আসন ঢাকা-১০, গাইবান্ধা-৩ ও বাগেরহাট-৪-এ কথিত উপনির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে।

করোনাভাইরাস বা কোভিড-১৯ নিয়ে শুক্রবার রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের (আইইডিসিআর) নিয়মিত সংবাদ সম্মেলনে স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক ডা. নাসিমা সুলতানা বলেন, ইভিএমে ভোটগ্রহণের ক্ষেত্রে করোনাভাইরাস সংক্রমণের ঝুঁকি রয়েছে। নয়া দিগন্তের খবর

তিন আসনে ভোটার রয়েছেন ১০ লাখের বেশি। ভোটগ্রহণ সকাল ৯টায় শুরু হয়ে টানা বিকাল ৫টা পর্যন্ত চলবে।

ঢাকা-১০ আসনে ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) এবং গাইবান্ধা-৩ ও বাগেরহাট-৪ আসনে প্রচলিত ব্যালট পেপার ব্যবহার করা হবে।

এবার হোয়াইট হাউজে করোনা ভাইরাসের হানা

এবার যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সরকারি কার্যালয় ও বাসভবনেও হানা দিয়েছে করোনা ভাইরাস। প্রথমবারের মতো সেখানেও খোঁজ মিলেছে করোনা আক্রান্ত রোগীর। এর মধ্য দিয়ে হোয়াইট হাউজও অনিরাপদ হয়ে উঠল। ওই ব্যক্তি ভাইস-প্রেসিডেন্ট মাইক পেন্সের এক কর্মী।

শুক্রবার হোয়াইট হাউজের এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়। খবর সিএনএন'র।

পেন্সের মুখপাত্র কেটি মিলার ওই বিবৃতিতে জানান, শুক্রবার সন্ধ্যায় আমরা জানতে পারি যে, ভাইস প্রেসিডেন্টের অফিসের এক কর্মী করোনায় আক্রান্ত।

এর আগে করোনায় আক্রান্ত হতে পারেন ভেবে ট্রাম্পের পরীক্ষা করা হয়, কিন্তু তার নেগেটিভ আসে। তবে এখন পর্যন্ত ভাইস প্রেসিডেন্টের করোনা টেস্ট করা হয়নি।

আমেরিকায় দিন দিন করোনার প্রকোপ বাড়ছে। এ পরিস্থিতিতে লোকজনকে ঘরে থাকতে অনুরোধ করা হচ্ছে। এখন পর্যন্ত দেশটিতে অন্তত ২৬৪ জন করোনায় মারা গেছেন। আক্রান্ত হয়েছেন ১৯ হাজার ৬৫৮ মানুষ।

করোনা ভাইরাস নিয়ন্ত্রণের নামে তথ্য গোপনের হিড়িক

দক্ষিণ এশিয়ায় এখনো করোনাভাইরাসের (কোভিড-১৯) বিস্তার হার কম। তবে অনেকে বলছেন যে এর কারণ হলো অপ্রতুল পরীক্ষা ও সত্য আড়াল করা। বলা হচ্ছে, ভারতসহ সব দেশই ‘তথ্য গোপনকারী’ এবং এসব দেশের মহামারীটি মোকাবিলা করার সামর্থ্য নেই। সত্য আড়াল করা প্রয়োজনীয় বিষয় নয়। কারণ পাশ্চাত্যে যে ধরনের মানসম্পন্ন তথ্য সহজলভ্য, এখানকার ব্যবস্থায় তা নেই। অনেকে বলছেন, চীনই পরিকল্পিতভাবে গোপন করার কাজটি করছে। বর্তমানে দেশটি বিপদমুক্ত।

বিষয়টি কেবল স্বাস্থ্যগত নয়। পাশ্চাত্যের বিশেষজ্ঞরা ইতোমধ্যেই ইঙ্গিত দিয়েছেন যে রাষ্ট্রীয় ব্যবস্থার কারণেই চীন যেভাবে পরিস্থিতি সামাল দিয়েছে, তারা তেমনভাবে করতে সক্ষম নয়। সমাজকে প্রস্তুত ও সঙ্ঘবদ্ধ করার সক্ষমতা চরমভাবে সংকল্পবদ্ধ করে এবং চীনা নিয়ন্ত্রণের জন্য এটি ছিল গুরুত্বপূর্ণ। বলা হয়ে থাকে যে এমন কাজ করা কেবল চীনের পক্ষেই সম্ভব এবং ইউরোপের পরিস্থিতি প্রমাণ করেছে যে এই দেশগুলো মহামারী ভালোভাবে মোকাবিলা করতে পারে না।

মূল কথা হলো, ভাইরাস নিয়ন্ত্রণ সক্ষমতা সহজাতভাবে সবার মধ্যে থাকে না, তা তারা যত উন্নতই হোক না কেন। এই সক্ষমতা চীনের আছে, পাশ্চাত্যের নেই। বৈশ্বিক দৃষ্টিভঙ্গি বিবেচনা করলে প্রশ্ন জাগবে, মহামারীর পর পরবর্তী সঙ্কট তথা অর্থনৈতিক, সামরিক বা ভাইরাস-সংশ্লিষ্ট সমস্যা মোকাবিলা করার জন্য দক্ষিণ এশিয়ার দেশগুলো কোন মডেলের দিকে নজর দেবে?

প্রথম বিশ্বযুদ্ধ, স্প্যানিশ ফ্লুর (এতে বিশ্বের মোট জনসংখ্যার এক তৃতীয়াংশ আক্রান্ত হয়েছিল বলে জানা যায়) পর এমন ধরনের আর কিছুই আসেনি। মৃত্যু হার প্রায় ২.৫ ভাগ, গড় ফ্লু প্রাদুর্ভাব হার ১ ভাগ। বর্তমানে করোনাভাইরাসের হার প্রায় ১.৫ ভাগ। খবরঃ সাউথ এশিয়ান মনিটর

বিশ্বায়ন ও দক্ষিণ এশিয়া

বিশ্বায়ন বলতে বৈশ্বিক উদ্বেগ ও সহযোগিতা উভয়টিই বোঝায়। প্রতিষ্ঠার পর থেকেই এটা অনেকটাই ছিল ইতিবাচক। কিন্তু ভাইরাসের প্রাদুর্ভাব দেখিয়েছে যে এর অপর দিকটিও প্রাণঘাতী হতে পারে। একসময় যুদ্ধ ছিল মামুলি বৈশ্বিক ঘটনা। প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় মহামারী ও দুর্ভিক্ষও হানা দিয়েছিল। বর্তমানে লোকজন ও পরিষেবার চলাচলের ফলে অরক্ষণীয় পরিবেশের সৃষ্টি করেছ, কারণ কোনো দেশই আর নিঃসঙ্গ নয় বা অর্থনৈতিকভাবে কেউ স্বাধীন

নয়। চিকিৎসা আবিষ্কার গুরুত্বপূর্ণ বিষয়, কিন্তু সরকারি গণস্বাস্থ্য কিভাবে সামাল দেয়া হবে, সেটাও বিবেচনা করতে হবে।

দক্ষিণ এশিয়ার মধ্যে ও বাইরের লোকজন এখনো সর্বোচ্চ অবস্থাটি দেখেনি। ফলে পরিস্থিতি অস্পষ্ট। তবে ব্যবস্থাপনার প্রাথমিক অবস্থা দুর্বল নিয়ন্ত্রণের ইঙ্গিত দিচ্ছে। পাকিস্তান ভালো করছে না। এর কারণ প্রতিবেশী ইরানের অবস্থা খুবই খারাপ, আর চীনের সাথে রয়েছে তার সীমান্ত। সমালোচকেরা বলছেন, মহামারী ব্যবস্থাপনার চেয়ে রাজনৈতিক অগ্রাধিকারই অনেক নীতিতে প্রাধান্য বিস্তার করছে। তবে পাকিস্তানের মধ্যে সিন্ধুর দক্ষতা প্রশংসনীয়। তারা প্রমাণ করেছে যে শান্তভাবে পরিস্থিতি সামাল দেয়ার চেষ্টা করলে ক্ষতি কমানো যায়।

স্বাস্থ্য কাঠামো ও নজরদারি ব্যবস্থায় স্বল্প বিনিয়োগ-সংবলিত প্রবাসী আয়ের ওপর নির্ভরশীল দেশের জন্য ভয়াবহভাবে আক্রান্ত দেশগুলো, বিশেষ করে ইউরোপ থেকে আগত অভিবাসী শ্রমিকদের নিয়ন্ত্রণ করতে ব্যর্থ হয়েছে আওয়ামী সরকার। কোয়ারেন্টাইন নিয়ে প্রতিবাদ হয়েছে, ফিরে আসা অনেকে প্রকাশ্যেই হোম কোয়ারেন্টাইনের প্রতি তাচ্ছিল্য প্রদর্শন করেছে। এর ফলে সামাজিক পর্যায়ে ভাইরাসটি ছড়িয়ে পড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

করোনা+ডেঙ্গু

এখন পর্যন্ত সংক্রমণ শনাক্তের হার বেশ কম। কিন্তু অনেকে মনে করছে, শনাক্তহীন ঘটনা অনেক বেশি। বিধিনিষেধ আরোপ করার আগেই চীনসহ আক্রান্ত দেশ থেকে অনেক অভিবাসী এসে পড়েছিল। এ ধরনের গণস্বাস্থ্যগত ইস্যু ব্যবস্থাপনায় দুর্বল রেকর্ডের অধিকারী একটি দেশের জন্য ডেঙ্গু মওসুম বোঝার ওপর শাকের আটি হিসেবে দেখা দেবে। ইতোমধ্যেই ডেঙ্গুর উচ্চ হার দেখা গেছে, একই সময়ে গত বছরের তুলনায় এবারের হারটি অনেক বেশি। এটি ইতোমধ্যেই নাজুক হয়ে ওঠা স্বাস্থ্য কাঠামোকে গুঁড়িয়ে দিতে পারে।

ফলে সামনের পথটি ভালো মনে হচ্ছে না, ভরসা স্থাপন করা যেতে পারে আবহাওয়ার ওপর। গরম ও আর্দ্র আবহাওয়া ভাইরাসটির জন্য অনুকূল নয় বলে বলা হলেও বিজ্ঞান কিন্তু এ ব্যাপারে নাজুক। গড়ে প্রত্যাবর্তন হার বেশ ভালো হলেও অনেকেই এর পরিণাম বুঝতে পারছে না। উদাহরণ হিসেবে বলা যায়, কোয়ারেন্টাইনে থাকা সত্ত্বেও এক বিদেশফেরত শ্রমিক বিয়ে করেছেন। কর্তৃপক্ষ বউভাত অনুষ্ঠান বাতিল করলেও মূল সমস্যাটি এতে প্রকট হয়ে পড়েছে। বড় ধরনের ক্ষতি ছাড়াই মহামারীটি কার্যকরভাবে সামাল দেয়ার মতো ব্যবস্থা নেই।

বেশির ভাগ লোকই অর্থনৈতিক প্রভাব নিয়ে ইতোমধ্যে উদ্বেগ প্রকাশ করেছে। সঙ্কট মোকাবিলায় বিশ্বব্যাংকের ১০০ মিলিয়ন ডলারের তহবিলটির সাথে আরো অনেক মিলিয়ন ডলার যোগ হবে মহামারীটির প্রকোপ কমা মাত্র অর্থনীতি পুনর্গঠনে।

এখন সবাই দম বন্ধ করে আছেন এই আশায় যে কোনো না কোনো কারণে, কেউ অবশ্যই নিশ্চিত নয়, প্রত্যেকে যেমনটা আশঙ্কা করছে, পরিস্থিতি তেমন নাও হতে পারে।

জবাবদিহি নেই অসম্পন্ন উন্নয়ন প্রকল্পে

কাজ শেষ না করেই ২০১৮-১৯ অর্থবছরের ১৫৭ উন্নয়ন প্রকল্পের সমাপ্তি ঘোষণার বিষয়টি অগ্রহণযোগ্য। আশ্চর্যজনক হল, এসব প্রকল্পের কোনোটিরই শতভাগ কাজ সম্পন্ন হয়নি; এমনকি এর মধ্যে শূন্য থেকে দুই শতাংশ অগ্রগতির প্রকল্পও রয়েছে।

বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের (আইএমইডি) এডিপি অগ্রগতি পর্যালোচনা প্রতিবেদনে এমন চিত্রই উঠে এসেছে। বলার অপেক্ষা রাখে না, অসম্পন্ন কোনো প্রকল্প, বিশেষ করে ভৌত অবকাঠামো সংক্রান্ত কোনো প্রকল্প যদি ৮০ ভাগ সম্পন্নের পর সমাপ্ত ঘোষণা করা হয় তাহলে সেটি পুরোপুরি কাজে লাগে না।

ফলে অর্থের অপচয় হয়। অন্যদিকে বাকি ২০ ভাগ কাজ শেষ করতে পুনরায় নতুন প্রকল্প গ্রহণ করতে হয়। নতুন প্রকল্পের কাজ শেষ হতে-না-হতেই দেখা যায়- আগে যেসব কাজ করা হয়েছিল, তা নষ্ট হওয়ার উপক্রম হয়েছে। এ প্রক্রিয়ায় দ্বিতীয়বার অপচয়ের ঘটনা ঘটে। বস্তুত অপচয়ের দুষ্টচক্রে পড়ে যায় এসব প্রকল্প। রিপোর্টঃ যুগান্তর

বিভিন্ন মন্ত্রণালয়ের চাহিদা এবং সরকারের সক্ষমতার মধ্যে সমন্বয় করে প্রকল্পের অনুমোদন দেয়ার কথা বলা হলেও প্রতিবছরই মাত্রাতিরিক্ত প্রকল্প গ্রহণ করা হচ্ছে। এটি নিঃসন্দেহে একটি খারাপ প্রবণতা। জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ বিবেচনায় কোনো প্রকল্প অনুমোদনের পর তা নির্দিষ্ট মেয়াদকালে শেষ করা না গেলে কিংবা অসম্পূর্ণ অবস্থায় থেকে গেলে রাষ্ট্র আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়; পাশাপাশি জনদুর্ভোগ ও হয়রানির মাত্রাও বাড়ে।

১৫৭ উন্নয়ন প্রকল্প শতভাগ বাস্তবায়িত না হওয়ায় নির্দিষ্ট অর্থবছরে গৃহীত উন্নয়নের কাঙ্ক্ষিত লক্ষ্য থেকে পিছিয়ে আসতে হয়েছে আমাদের। উদ্বেগের বিষয় হল, প্রতিবছর প্রকল্পের লক্ষ্যমাত্রা ভুল প্রমাণিত হচ্ছে এবং এর ফলে এডিপির বিশ্বাসযোগ্যতা নষ্ট হচ্ছে। কাজেই বিভিন্ন উন্নয়ন

প্রকল্পের লক্ষ্যমাত্রা এমনভাবে নির্ধারণ করা উচিত, যাতে সেগুলো পুরোপুরিভাবে বাস্তবায়ন করা সম্ভব হয়।

সাধারণত কর্মপরিকল্পনা ছাড়াই প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু করা, জমি অধিগ্রহণের জটিলতা, অর্থ ছাড়ে বিলম্ব, দরপত্র মূল্যায়নে দীর্ঘসূত্রতা, সমীক্ষা ছাড়াই প্রকল্প গ্রহণ, দক্ষ ও কারিগরি জ্ঞানসম্পন্ন জনবলের অভাব, ঠিকাদারদের পেশাদারিত্বের অভাব ইত্যাদি সমস্যার কারণে প্রকল্প বাস্তবায়নে বিলম্ব ঘটে কিংবা অসমাপ্ত অবস্থায় রয়ে যায়।

করোনা আতংকেও স্থগিত হচ্ছে না কথিত সিটি নির্বাচন

চট্টগ্রাম নগরের পাড়া-মহল্লা, এমনকি ঘরে ঘরেও যাচ্ছেন প্রার্থীরা। সঙ্গে বিরাট কর্মী-সমর্থক বাহিনী। একজন মেয়র প্রার্থী এলেন তো কিছুক্ষণ পরই হয়তো কাউন্সিলর প্রার্থী। এক–একটি এলাকায় চার-পাঁচজন পর্যন্ত কাউন্সিলর পদপ্রার্থী আছেন। সুতরাং নগরের প্রতিটি ঘরে দিনে অন্তত একজন প্রার্থী যে সদলবলে জনসংযোগ করতে আসবেন, এটা প্রায় নিশ্চিত। এ ছাড়া প্রার্থীদের সবারই ন্যূনপক্ষে একটি কার্যালয় আছে (মেয়র প্রার্থীর ক্ষেত্রে আরও বেশি), সেখানে আড্ডা বা জটলা হচ্ছে, মিছিল-সমাবেশে লোকজন জড়ো হচ্ছে। চট্টগ্রাম সিটি করপোরেশন নির্বাচনের এই জোর প্রস্তুতি দেখে কে বলবে বিশ্বের আরও দেড় শতাধিক দেশের মতো এ দেশেও করোনাভাইরাসের সংক্রমণ ঘটেছে! কে বলবে সরকারের নানা মহল থেকে জনসমাগম, সভা-সমাবেশ বন্ধের নির্দেশনা দেওয়া হচ্ছে!

সরকার প্রথম থেকেই প্রয়োজনীয় সব প্রস্তুতি রয়েছে বলে আশ্বস্ত করে আসছে জনগণকে। আমাদের দেশ ইউরোপের চেয়েও কার্যকর উদ্যোগ নিয়েছে বলে প্রচার করতে দ্বিধা করছেন না কোনো কোনো জনপ্রতিনিধি। কিন্তু যাঁরা কিছুমাত্র খোঁজখবর রাখেন, তাঁরা জানেন এসব বক্তৃতা কতটা অসার ও বাস্তবতাবর্জিত। সত্যটা হচ্ছে, রোগের নমুনা পরীক্ষার জন্য আছে নগণ্যসংখ্যক কিট। বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতালে চিকিৎসকেরা কতটুকু সুরক্ষিত, তা নিয়েও প্রশ্ন আছে। আক্রান্ত বিভিন্ন দেশের ভয়াবহ অভিজ্ঞতা থেকে শিক্ষা নিলে বোঝা যায়, শুরুতে এর গুরুত্ব অনুধাবনে ব্যর্থ হলে চরম বিপর্যয়ের মুখোমুখি হতে হয়।

সরকারের পক্ষ থেকে জনসমাগম এড়িয়ে চলার কথা বলা হচ্ছে। ইতিমধ্যে স্কুল-কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে। কিন্তু জনসাধারণের মধ্যে এ নিয়ে খুব একটা সচেতনতা তৈরি হয়েছে বলে মনে হয় না।‘অতিসতর্ক’ অন্য একদল ভবিষ্যতে বাজারে জরুরি পণ্যের ঘাটতি হতে পারে ভেবে

বেশি বেশি পণ্যসামগ্রী কিনে বাজারকে অস্থিতিশীল করে তুলছেন। এর সবকিছুই যে প্রকৃত সচেতনতা ও নাগরিক বোধের অভাব, এতে কোনো সন্দেহ নেই। সুতরাং এ দেশে করোনাভাইরাসের সংক্রমণ বড় আকার ধারণ করলে কী হতে পারে, তা সহজেই অনুমেয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) কঠোর পদক্ষেপ না নিলে বাংলাদেশসহ দক্ষিণ-পূর্ব এশিয়ায় পরিস্থিতি মারাত্মক হবে বলে আশঙ্কা প্রকাশ করেছে। এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) ৬৫০ কোটি ডলার (বাংলাদেশি মুদ্রায় প্রায় ৫৫ হাজার ৯০০ কোটি টাকা) সহজ শর্তে ঋণ ঘোষণা করেছে। সব মিলিয়ে করোনাভাইরাসের সংক্রমণকে যে হালকাভাবে নেওয়ার সুযোগ নেই, সেই বার্তা আমরা পেয়েছি। এমনকি আমাদের হাইকোর্টও গত বুধবার (১৮ মার্চ) করোনাকে মহামারি ঘোষণা করে গেজেট প্রকাশ করার নির্দেশ দিয়েছেন। করোনাভাইরাস প্রতিরোধে সরকারের পদক্ষেপসমূহও জানাতে বলেছেন এক দিনের মধ্যে।

এ রকম একটি অবস্থার মধ্যেও চট্টগ্রাম নগরের মানুষ সিটি করপোরেশন (চসিক) নির্বাচনের প্রচারণায় অতিষ্ঠ। করমর্দন বা কোলাকুলি থেকে বিরত থাকার জন্য যতই নির্দেশনা প্রচার হোক, খোদ মেয়র বা কাউন্সিলর প্রার্থীরা যদি নিজের ঝুঁকি অগ্রাহ্য করে হাটে-মাঠে-বাজারে সাধারণ নাগরিকদের উদ্দেশে হাসিমুখে হাত বাড়িয়ে দেন, তাহলে নাগরিকের পক্ষে নিজের দুটি হাত লুকিয়ে রাখার উপায় কী? অর্থাৎ উভয় পক্ষ এ ক্ষেত্রে অসহায়। প্রার্থীরা সবাই যে খুব আনন্দ ও উৎসাহের সঙ্গে এ প্রক্রিয়ায় জড়িত আছেন তা নয়। চসিক নির্বাচনে বিএনপির মেয়র পদপ্রার্থী শাহাদাত হোসেন এক নির্বাচনী সভায় করোনাভাইরাসের কারণে মানুষের মধ্যে দ্বিধাদ্বন্দ্ব ও ভীতির কথা উল্লেখ করেছেন। নির্বাচন পেছানোর পক্ষে মত দিয়েছেন। রাজনীতিক পরিচয়ের বাইরে শাহাদাত একজন চিকিৎসক। সুতরাং ঝুঁকির কথাটা তাঁর মাথায় থাকা স্বাভাবিক। অবশ্য নির্বাচনী প্রচারণার শুরু থেকেই আওয়ামী লীগ প্রার্থী রেজাউল করিম চৌধুরীও এই ভাইরাস নিয়ে সতর্ক থাকার কথা বলে আসছেন জনসাধারণকে। রিপোর্টঃ প্রথম আলোর

কিন্তু নির্বাচন কমিশনার অনড়। তারা সিটি করপোরেশন নির্বাচন প্রস্তুতি নিয়ে এগোচ্ছে। উপরন্তু করোনা পরিস্থিতিতে নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে একটি নির্দেশনা দিয়েছে। এই নির্দেশনার শিরোনাম 'জনস্বাস্থ্য নিরাপদ রেখে নির্বাচনী প্রচারণা পরিচালন।' এতে বলা হয়েছে, প্রার্থীরা যেন স্বাস্থ্য মন্ত্রণালয়ের পরামর্শ অনুযায়ী নির্বাচনী প্রচারণার ক্ষেত্রে সভা-সমাবেশ, গণজমায়েত ইত্যাদি যতদূর সম্ভব পরিহার করে চলেন। এখানে প্রশ্ন ওঠে, 'যতদূর সম্ভব' মানে কতদূর? জমায়েত এড়িয়ে কথিত নির্বাচনী প্রচারের পরামর্শ অনেকটা শরীর না ভিজিয়ে জলে নামার প্ররোচনার মতো। আমার প্রতিদ্বন্দ্বী প্রার্থী যদি ভোটারের ঘরে ঢুকে মুরব্বির পায়ে ধরে সালাম করে তাঁর

সঙ্গে কোলাকুলি করে ভোট প্রার্থনা করেন, সে ক্ষেত্রে আমি দূর থেকে সালাম জানালে চলবে? এখানে আচরণবিধির সমমাত্রা পর্যবেক্ষণ করবে কে?

চসিক নির্বাচন স্থগিত করা না–করা নিয়ে মতভিন্নতা আছে কাউন্সিলর পদপ্রার্থীদের মধ্যে। তাঁদের অধিকাংশই কথিত নির্বাচন না পেছানোর পক্ষে। তাঁদের এ অবস্থানের কারণ বোধগম্য। ইতিমধ্যে শ্রম-সময় ও অর্থ ব্যয় হয়েছে তাঁদের।

কঠিন পরিস্থির শিকার ইরান: একদিকে মার্কিন নিষেধাজ্ঞা অন্যদিকে করোনা ভাইরাস

আমেরিকা নতুন করে ইরানের বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করেছে। করোনা ভাইরাস মোকাবেলায় ইরানসহ সারা বিশ্ব যখন হিমশিম খাচ্ছে তখন মার্কিন নিষেধাজ্ঞার কারণে চিকিৎসা পরিসেবা মারাত্মকভাবে ব্যহত হচ্ছে। পরিস্থিতিকে ইরানের ওপর সর্বোচ্চ চাপ সৃষ্টির সুযোগ হিসেবে নিয়েছে আমেরিকা।

সর্বশেষ পদক্ষেপ হিসেবে তেহরানের পরমাণু কর্মসূচি এবং দেশটির জাতীয় তেল কোম্পানিতে সহযোগিতার দায়ে ইরানের পাঁচ পরমাণু বিজ্ঞানী ও কয়েকটি প্রতিষ্ঠানের ওপর নিষেধাজ্ঞা আরোপের কথা জানিয়েছে মার্কিন বাণিজ্য-কর্তৃপক্ষ। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও জানিয়েছেন, ইরানের পেট্রোক্যামিকেল খাতে উল্লেখযোগ্য পরিমাণ লেনদেনে জড়িত থাকায় দেশটির তিনটি প্রতিষ্ঠানকে ওয়াশিংটন কালো-তালিকাভুক্ত করেছে। ইরানের সশস্ত্র বাহিনীর একটি সামাজিক বিনিয়োগ প্রতিষ্ঠান ও এর পরিচালকরাও কালো-তালিকার মধ্যে পড়েছে বলে পম্পেও জানান। খবর- পার্সটুডে

পর্যবেক্ষকরা বলছেন, ইরানের ওপর সর্বোচ্চ চাপ সৃষ্টির অংশ হিসেবে ট্রাম্প প্রশাসন নতুন করে এ নিষেধাজ্ঞা দিল। পরমাণু সমঝোতা থেকে বেরিয়ে যাওয়ার পর থেকে আমেরিকা একের পর এক নিষেধাজ্ঞা দিয়েই চলেছে। গুরুত্বপূর্ণ বিষয়টি হচ্ছে, ওষুধ ও অন্যান্য চিকিৎসা সামগ্রীসহ মানবিক অতি গুরুত্বপূর্ণ বহু পণ্য এসব নিষেধাজ্ঞার তালিকায় রয়েছে। ফলে করোনা ভাইরাসে আক্রান্ত বহু মানুষ চিকিৎসা সংকটে ভুগছে এবং এ পর্যন্ত বহু মানুষ প্রাণ হারিয়েছে।

একদিকে করোনা ভাইরাসের আক্রমণ অন্যদিকে মার্কিন নিষেধাজ্ঞা ইরানকে কঠিন পরিস্থিতির সম্মুখীন করেছে।

স্পেনে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত হাসান কাশকাভি বলেছেন, 'ইরান একমাত্র দেশ যাকে এ ধরনের কঠিন পরিস্থিতিতে করোনা ভাইরাস মোকাবেলা করতে হচ্ছে।' তিনি বলেন, 'ব্যাংক ও অর্থলেনদেনের ওপর নিষেধাজ্ঞার কারণে চিকিৎসা খাতে জরুরী পণ্য আনতে পারছে না ইরান।' তবে আন্তর্জাতিক ব্যাপক চাপের মুখে মার্কিন কর্মকর্তারা সম্প্রতি এ ক্ষেত্রে নিষেধাজ্ঞা শিথিল করার কথা বলছেন। বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রধান করোনা ভাইরাস মোকাবেলার বিষয়টিকে রাজনৈতিকীকরণের বিরোধিতা করেছেন।

এদিকে, আন্তর্জাতিক সমালোচনা সত্বেও সব দিক থেকে ইরানকে পঙ্গু করে ফেলার মার্কিন ষড়যন্ত্র থেমে নেই বরং তাদের নিষেধাজ্ঞার তালিকা ক্রমেই বাড়ছে। করোনা মোকাবেলাসহ চিকিৎসা খাতে ইরান যাতে কোনো সুবিধা করতে না পারে সেজন্য বিদেশ থেকে যে কোনো ওষুধ আমদানির পথে বাধা সৃষ্টি করছে আমেরিকা। তবে ইরানকে নতজানু করতে ব্যর্থ হওয়ায় ট্রাম্প প্রশাসন ব্যাপক সমালোচনার সম্মুখীন হচ্ছে। মার্কিন রাজনৈতিক বিশেষজ্ঞ পল পিলার ইরানের ওপর সর্বোচ্চ চাপ সৃষ্টির মার্কিন নীতির ব্যর্থতার কথা উল্লেখ করে বলেছেন, যারা ইরানের ওপর প্রচণ্ড চাপ সৃষ্টির পক্ষপাতী তারাও এ ক্ষেত্রে মার্কিন ব্যর্থতার কথা স্বীকার করেছেন।

ইসরাইলী ইহুদিদের সঙ্গে ভারতীয় মালাউনদের ৮৮০ কোটি রুপির এলএমজি চুক্তি সই

ভারতের প্রতিরক্ষা মন্ত্রণালয় ১৬,৪৭৯টি লাইট মেশিন গান (এলএমজি) সংগ্রহের জন্য বৃহস্পতিবার ইসরাইল ইউপন্স ইন্ডাস্ট্রিজের সঙ্গে ৮৮০ কোটি রুপির চুক্তি সই করেছে। প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং চুক্তিটি অনুমোদন করেছেন।

চুক্তি করা নেগেভ ৭.৬২ ইনটু ৫১ মিলিমিটার এলএমজি হলো একটি কমব্যাট-প্রুভেন উইপন। বিভিন্ন দেশে অস্ত্রটি ব্যবহার করা হচ্ছে বলে সরকারের এক বিবৃতিতে উল্লেখ করা হয়। এই এলএমজি ভারতীয় মালাউন বাহিনীকে আরো ভয়ংকর করে তুলবে।

১৯৯২ সালের অযোধ্যা থেকে ২০২০ সালের দিল্লি: সন্ত্রাসী দল বিজেপি'র মূল টার্গেট মসজিদ

ফেব্রুয়ারির শেষ তিন দিন। নয়া দিল্লির উত্তর পূর্বাঞ্চলে মুসলিম বাসিন্দাদের উপর ঝাপিয়ে পড়েছিলো ক্ষমতাসীন ভারতীয় জনতা পার্টি (বিজেপি) ও হিন্দু সংখ্যাগুরু আদর্শের সমর্থকরা। ৫৩ জন নিহত হয়, যাদের বেশিরভাগ মুসলমান, আহত হয় তিনশ'র ওপরে। এই গণহত্যা নিয়ে

শত শত প্রতিবেদন প্রকাশিত হয় সংবাদ মাধ্যমে। এগুলোতে দেখা যায় মহাসড়ক থেকে শুরু করে ঘিঞ্জি গলি পর্যন্ত শত শত মুসলিম বাড়িঘর ও ব্যবসা প্রতিষ্ঠান বাছাই করে নিয়মতান্ত্রিকভাবে অগ্নিসংযোগ, লুটপাট ও ভাঙচুর করা হয়েছে।

১০ বর্গ কিলোমিটার এলাকাজুড়ে ধ্বংসযজ্ঞের একটি সুস্পষ্ট রূপ ফুটে উঠেছে। সেসব এলাকায় মুসলিম বাড়িঘর ও ব্যবস্থা প্রতিষ্ঠান তুলনামূলক কম, সেখানে হামলা হয়েছে সবচেয়ে নারকীয়। স্থানীয় রাজনৈতিক দলের কর্মী যারা নির্বাচনের সময় ভোট চাইতে আসে তারাই বিশ্বাসঘাতকতা করে মুসলিমদের সহায়-সম্পত্তির হদিস হামলাকারীদের কাছে সরবরাহ করেছে, এটা স্পষ্ট।

তবে এই ঘটনায় আরেকটি বিষয় পরিষ্কার হয়ে গেছে, যেসব মহল্লা সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে সেখানকার মসজিদগুলো ছিলো হামলাকারীদের বিশেষ টার্গেট। ৪৮ ঘন্টার সহিংসতায় অন্তত ১৪টি মসজিদ ও একটি সুফি দরগাহ আংশিক বা পুরোপুরি তছনছ বা পুড়িয়ে দেয়া হয়েছে। কিছু মসজিদ মুসলিম বসতির এতটাই গভীরে অবস্থিত যে স্থানীয় কেউ দেখিয়ে না দিলে সেগুলো সহজে খুঁজে বের করা যেতো না। বড়-ছোট কোন মসজিদই রেহাই পায়নি। অথচ পুরো এলাকায় একটি হিন্দু মন্দিরের গায়ে আঁচড়ও লাগেনি।

যেন ভূমিকম্প

হামলার শিকার সবচেয়ে বড় মসজিদটি হলো গোকালপুরির জান্নাতি মসজিদ। এলাকাটি প্রতিষ্ঠিত বাণিজ্যিক এলাকা। তিন তলা মসজিদটি ১৯৭০'র দশকে তৈরি এবং দৃষ্টিনন্দন আরবী ক্যালিগ্রাফির কারুকার্য খচিত। মসজিদের আশেপাশে হিন্দুদের বসতি বেশি। তারা বলেছেন মধ্যরাতে মসজিদের উপর যখন হামলা শুরু হয় তাদের মনে হয়েছিলো যে ভূমিকম্প শুরু হয়েছে। তারা মসজিদ থেকে ঘন ধোঁয়ার কুণ্ডলি উড়তে দেখেন। জেলার দরিদ্রতম এলাকা মিলান গার্ডেনের মদিনা মসজিদে প্রকাশ্য দিনের বেলা হামলা করে ২০ জনের মতো গেরুয়া সন্ত্রাসীদের একটি দল।

মসজিদ ও মুসল্লিরা একেবারে শুরু থেকেই সন্ত্রাসী দল বিজেপি ও তাদের আদর্শিক মিত্র রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ (আরএসএস)-এর টার্গেট।

মধ্যযুগে নির্মিত ঐতিহাসিক বাবরি মসজিদ ধ্বংস করে বিজেপি দেশব্যাপী যে রাজনৈতিক প্রচারণা চালায় সেটাই তাদেরকে ক্ষমতার শীর্ষে যেতে সহায়তা করে। বিজেপির দাবি তীর্থ নগরী অযোধ্যার এই মসজিদ হিন্দু দেবতা রামের জন্মস্থানের উপর নির্মাণ করা হয়েছে। মসজিদ ভেঙ্গে সেখানে মন্দির নির্মাণের দাবি করে তারা। তার জের ধরে পরিকল্পিতভাবে হামলা চালিয়ে ১৯৯২

সালের ডিসেম্বরে তারা মসজিদটি গুড়িয়ে দেয়। ওই ঘটনা ছিলো জাতি হিসেবে ভারতীয়দের জীবনের উপর একটি কালো ছায়াপাত। ওই ঘটনার জেরে শত শত মানুষ মারা যায়। ১৯৯৬ সালের নির্বাচনে বিজেপি তার আসন সংখ্যা প্রায় দ্বিগুণ করতে সক্ষম হয়, ৮৫ থেকে ১৬১।

২০০২ সালে কসাই নরেন্দ্র মোদি মুখ্যমন্ত্রী থাকাকালে গুজরাটে মুসলিম গণহত্যা বাঁধায় মসজিদের জায়গায় হিন্দু মন্দির নির্মাণকে কেন্দ্র করে। সেখানেও হাজার হাজার মুসলমানকে হত্যা করা হয়। সেখানেও দিল্লির মতো বেছে বেছে মুসলিম বাড়িঘর ও ব্যবসা প্রতিষ্ঠান ধ্বংস করা হয়। সেখানে প্রায় ৫০০ মসজিদ ও দরগাহ ধ্বংস করা হয়। আহমেদাবাদে মধ্যযুগে নির্মিত সবেচেয়ে বিশিষ্ট জায়গায় অবস্থিত অত্যন্ত সম্মানিত হিসেবে গণ্য একটি দরগাহ মাটির সঙ্গে মিশিয়ে দেয়া হয়। দরগাহ ধ্বংসের পর মাত্র ৩৬ ঘন্টার মধ্যে তার উপর দিয়ে রাস্তা তৈরি করা হয়। ২০০২ সালের শেষ দিকে রাজ্যের নির্বাচনে মোদি বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে আবার ক্ষমতা ফিরেন এবং বিজেপি প্রমাণ করে মুসলিম-বিরোধী রাজনৈতিক সহিংসতা তাদেরকে সুবিধা করে দেয়।

২০১৪ সালে মোদি প্রধানমন্ত্রী হওয়ার পর ভিজিল্যান্ট আর্মিতে পরিণত হয় আরএসএস। এই সংগঠনের সঙ্গে মোদি সরকারের অনেকে সরাসরি জড়িত। আরএসএস জাতীয় রাজধানীর বিভিন্ন অংশের মসজিদ ও জুমার নামাজকে টার্গেট করে। তারা মসজিদের মাইকে আযান দেয়া নিষিদ্ধ করার জন্য আদালতে মামলা করে। জুমার নামাজে বার বার বাধা দেয়। অসংখ্যবার মসজিদের বাইরে হিন্দুত্ববাদী স্লোগান দিয়ে, পটকা ফাটিয়ে নানা ধরনের উষ্কানীমূলক কর্মকাণ্ড চালায়।

গত বছর সুপ্রিম কোর্ট রায়ে, বাবরি মসজিদ গুড়িয়ে দেয়া অবৈধ ঘোষণা করা হলেও সেখানে মন্দির নির্মাণের অনুমতি দেয়া হয়। আদালতের রায় বিজেপির গোড়া সমর্থকদের আরো চাঙ্গা করে তুলেছে। মসজিদ ভেঙ্গে সেই জায়গায় মন্দির নির্মাণকে যারা সমর্থন করেন তাদের খুশি করে এই রায়।

এরপরও ভারতের মুসলিমরা আদালতের রায় মেনে নিয়ে এগিয়ে যেতে নিজেদের প্রস্তুত করে নিচ্ছিল।

মনোভাব বুঝতে ভুল

আদালতের রায়ের পর মুসলমানদের মনোভাব বুঝতে বিজেপি ভুল করে বলে মনে হচ্ছে। এর এক মাস পর পার্লামেন্টে সংখ্যাগরিষ্ঠতার জোরে নাগরিকত্ব সংশোধিনী আইন (সিএএ) পাস করে, যা মুসলমানদের প্রতি চরম বৈষম্যমূলক। এই নতুন আইনের বিরুদ্ধে নজিরবিহীন প্রতিবাদ শুরু হয়। নয়া দিল্লিতে ছাত্র বিক্ষোভ দমনের চেষ্টা করা হয় বর্বর হস্তে। এর জের ধরে সারা

দেশে প্রতিবাদ বিক্ষোভ শুরু হয়, প্রতিবাদের নতুন আইকনিক ধরন শাহিন বাগের অবস্থান কর্মসূচি শুরু হয়। ৯০ দিনের বেশি সময় ধরে সেখানে সব বয়সী মুসলিম নারী ভারতীয় সংবিধান নিয়ে বসে আছে। তারা সংবিধানের সব নাগরিকের সমান অধিকারের দাবি করছে। দাবি করছে চিন্তার স্বাধীনতা ও ধর্ম পালনের স্বাধীনতার।

বিজেপি ও মোদি সরকার এই শান্তিপূর্ণ বিক্ষোভকে 'দেশদ্রোহী' হিসেবে আখ্যা দেয়। বিক্ষোভকারীদের সন্ত্রাসী ও নৈরাজ্য সৃষ্টিকারী হিসেবে উল্লেখ করে। দিল্লির রাজ্য নির্বাচনে বিজেপি'র প্রচারণা মূল লক্ষ্য হয় বিক্ষোভকারীদের প্রতি বিষোদগার। জুনিয়র ইউনিয়ন মন্ত্রী 'গুলি মারো গাদ্দারো কো' বলে বিক্ষোভকারীদের গুলি করে মারার হুমকি দেন। মোদির ডান হাত স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দিল্লির ভোটারদের প্রতি শাহিন বাগের বিক্ষোভকারীদের তাড়াতে তার দলকে ভোট দিতে বলেন।

কিন্তু নির্বাচনে বিজেপির ভরাডুবি ঘটে।

দিল্লিতে হামলার ঘটনার কয়েক ঘন্টা আগে নির্বাচনে হেরে যাওয়া বিজেপি প্রার্থী কপিল মিশ্র পুলিশকে অবিলম্বে বিক্ষোভকারীদের সরিয়ে দিতে বলেন। তা নাহলে তার সমর্থকরা হামলা করে তাদের সরিয়ে দেবে বলে হুঁশিয়ার করে দেন। তখন মন্দির ও মূর্তি ভাঙ্গার মিথ্যা গুজব ছড়ানো হয়। মুসলমানদের উপর যখন নৃশংস হামলা চলে তখন পুলিশ চুপচাপ দাঁড়িয়ে দেখে, কোথাও কোথাও হামলাকারীদের সহায়তা করে। দিল্লি পুলিশ অমিত শাহের নিয়ন্ত্রণে।

নয়া দিল্লির মোস্তফাবাদে একটি মসজিদের মিনারে হিন্দুত্ববাদিদের পতাকা ওড়ানো হয়েছে

শান্তিপূর্ণ বিক্ষোভকারী ও ক্ষুব্ধ তরুণদের মধ্যে উত্তপ্ত বাক্য বিনিময়ের সুযোগে হিন্দুত্ববাদী শক্তি পুরো মুসলিম সম্প্রদায়ের বিরুদ্ধে ভয়ংকর সহিংসতা চালায়। পুড়িয়ে দেয়া মসজিদ থেকে যখন ধুঁয়া উড়ছিলো তখনো হিন্দুত্ববাদী তরুণদের সেখানে গিয়ে মন্দির ও হনুমানের পতাকা ওড়াতে দেখা গেছে।

১৯৯২ সালের ৬ ডিসেম্বর অযোধ্যার বাবরি মসজিদ ভাঙ্গার আগে এর গম্বুজে উঠে হিন্দুত্ববাদী সন্ত্রাসীদের উল্লাস

উত্তর দিল্লির মসজিদগুলো আধুনিক সুশোভিত ভবন। মধ্যযুগের মসজিদের মতো এগুলোর গম্বুজ নেই। ফলে বাবরি মসজিদের উপর উঠে হাঁতুড়ি-শাবল নিয়ে গম্বুজ ভাঙ্গার দৃশ্য এখনকার দিল্লিবাসী হয়তো দেখেননি। কিন্তু তারা যা দেখেছেন সেটা শুধু মসজিদেরই ধ্বংস ছিলো না, পুরো ভারতের ধ্বংস তারা দেখেছেন। তারা এমন এক ভারতকে গুড়িয়ে যেতে দেখেছেন যেখানে সবার চিন্তার স্বাধীনতা রয়েছে।

২০শে মার্চ, ২০২০

জনসমাগমের নির্দেশনা নিজেই ভাঙল ইসি

করোনার কারণে জনসমাগম এড়িয়ে চার পাঁচজন নিয়ে কথিত নির্বাচনী প্রচারণা চালাতে লিখিত নির্দেশনা দিয়েছিল নির্বাচন কমিশন (ইসি)। কিন্তু আজ শুক্রবার ভোট গ্রহণকারী কর্মকর্তাদের প্রশিক্ষণের নামে নিজেরাই জনসমাগম করে সেই নির্দেশনার বরখেলাপ করল ইসি।

২৯ মার্চের চট্টগ্রাম সিটি করপোরেশনের নির্বাচনকে সামনে রেখে আজ নগরের চারটি স্কুল ও কলেজে প্রায় পাঁচ হাজার কর্মকর্তার প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এতে স্কুল–কলেজের শিক্ষক, ব্যাংকার, কর কর্মকর্তা, হিসাব কর্মকর্তাসহ বিভিন্ন পেশার লোকজন অংশ নেন। তাঁদের সকলের চোখেমুখে ছিল আতঙ্ক এবং ক্ষোভ। কোনো স্যানিটাইজারও দেওয়া হয়নি তাঁদের।

আবদুল মোরশেদ নামের এক ব্যাংক কর্মকর্তা ক্ষোভ প্রকাশ করে বলেন, এই ধরনের জনসমাগম নিষিদ্ধ করা হয়েছে। অথচ প্রশিক্ষণ অনুষ্ঠিত হচ্ছে। এখানে একজন যদি ভাইরাস বহন করেন, তাহলে সবার মধ্যে তা ছড়িয়ে পড়বে। এটা আত্মঘাতী।

নগরের মোগলটুলী আজমিরি উচ্চবিদ্যালয় এবং গ্রামার স্কুলে মোরশেদসহ অন্তত দেড় হাজার ভোট গ্রহণকারী কর্মকর্তা প্রশিক্ষণ নেন। প্রতিটি কক্ষে ২৫ থেকে ৩০ জনকে ইভিএমে কীভাবে ভোট নিতে হবে, তা হাতেকলমে বুঝিয়ে দিচ্ছিলেন ইসির কারিগরি প্রশিক্ষকেরা। কারও কারও মুখে মাস্ক থাকলেও বেশির ভাগই ছিল সুরক্ষাবিহীন। এক বেঞ্চে গাদাগাদি করে চারজনকে বসিয়ে এই প্রশিক্ষণ দেওয়া হয়। খবরঃ প্রথম আলো

মরিয়ম আকতার নামের এক স্কুলশিক্ষক বলেন, ‘কোনোভাবেই এই নির্বাচন এখন হওয়া উচিত নয়। সরকারি চাকরি করি বলে আমরা আসতে বাধ্য হয়েছি। কিন্তু এটা করোনা–ঝুঁকির মধ্যে ফেলবে সবাইকে।’

জানতে চাইল নির্বাচনের সহকারী রিটার্নিং কর্মকর্তা শাহাদাত হোসেন বলেন, ‘পরবর্তী নির্দেশনা না আসা পর্যন্ত আমাদের নির্বাচনের প্রস্তুতি চালিয়ে নিতে হবে। তার অংশ হিসেবে এই প্রশিক্ষণ।’

আলিশান বাড়ি নির্মাণ ডিসি অফিসের কেরানির

গ্রামের সহজ-সরল মানুষদের ভুল বুঝিয়ে জমি ক্রয়। এরপর সেই জমি সরকারি প্রকল্পে বিক্রি করে মাত্র এক বছরের ব্যবধানে ঠাকুরগাঁও জেলা প্রশাসক কার্যালয়ের শিক্ষা শাখায় কর্মরত অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক শহিদুল ইসলাম এখন কয়েক কোটি টাকার মালিক। শহিদুল হঠাৎ করেই এত সম্পদের মালিক হওয়ায় শহরজুড়ে বইছে নানা আলোচনা-সমালোচনার ঝড়।

ডিসি অফিসে ১৫ হাজার টাকা বেতনের তৃতীয় শ্রেণির কর্মচারী শহিদুল শহরের বড় মাঠের পাশে নির্মাণ করছেন ছয়তলা ফাউন্ডেশনের আলিশান বাড়ি।

এরই মধ্যে সম্পন্ন হতে চলেছে তিনতলা। বাড়িটিতে রয়েছে লিফটের ব্যবস্থা। এ ছাড়া শহরের গোয়ালপাড়ায় নিজের আট শতক জমির ওপর বসতভিটা, সদরের শিংপাড়া এলাকায় ৬০ শতক জমি ও আবাদি এক একর জমি রয়েছে বলে জানান শহিদুল। খবরঃ বিডি প্রতিদিন

জেলা প্রশাসক কার্যালয় সূত্রে জানা গেছে, ২০০৪ সালে ঠাকুরগাঁও জেলা প্রশাসকের কার্যালয়ে অফিস সহায়ক পদে যোগ দেন শহিদুল ইসলাম। ২০১১ সালে পদোন্নতি পেয়ে তিনি সেখানেই অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে নিয়োজিত আছেন। হঠাৎ করেই এত টাকার মালিক কীভাবে- এমন প্রশ্নের জবাবে শহিদুল জানান, ২০১৮ সালে জেলার পীরগঞ্জ উপজেলার গোয়াগাঁও গ্রামের চিহারু মোহাম্মদের ছেলে ইমাম উদ্দীনের কাছে ৬৫ শতক জমি কিনেছিলেন ৯ লাখ টাকায়। সেই জমি সরকারি একটি প্রকল্পে ব্যবহৃত হওয়ার কারণে ২০১৯ সালে সরকারের কাছে তিনি দেড় কোটি টাকায় বিক্রি করেন। সেই টাকা দিয়ে শহরের জেলা স্কুল বড় মাঠের দক্ষিণ পাশে ৬.১৪ শতক জমি কিনে ওই জমিতে ছয়তলাবিশিষ্ট বাড়ি নির্মাণকাজ শুরু করেছেন সাত মাস হলো। বাড়িটির আয়তন সাড়ে তিন হাজার বর্গ ফুট। নির্মাণে ব্যয় হবে কোটি টাকার বেশি। সব টাকাই তিনি বৈধভাবে আয় করেছেন বলে দাবি শহিদুলের।

তবে জমির মালিক ইমাম উদ্দীন জানালেন উল্টো কথা। তিনি বলেন, "শহিদুল আমাকে বলেছেন, 'একটি প্রকল্পের কাজে সরকার জমিগুলো কিনবে আপনারা সরকারের কাছে জমি বিক্রি করলে টাকা পেতে দেরি হবে, ঘুরে ঘুরে টাকা তুলবেন, অনেক ঝামেলা হবে। এ ছাড়া হয়রানিসহ নানা বাধা-বিপত্তির সৃষ্টি হবে। ' এমন ভুলভাল বুঝিয়ে আমারসহ স্থানীয় আরও কয়েকজনের কাছ থেকে শহিদুলসহ কয়েকজন জমিগুলো অল্প দামে কিনে নেন। এর মধ্যে শহিদুলের কাছে আমি ৬৫ শতক জমি বিক্রি করি। তিনি প্রতি শতকে দাম দিয়েছেন আমাকে ৪৫ হাজার টাকা করে। অথচ সেই জমি বিক্রি করে শহিদুল এখন কোটিপতি!'

ওই এলাকার জমিবিক্রেতা ইমাম উদ্দীন, সিরাজ উদ্দীন, এনামুল হক, কাশিমসহ অন্যরা অভিযোগ করে বলেন, 'সরকারি প্রকল্পের মাধ্যমে পাওয়ার গ্রিড নির্মাণের জন্য আমাদের জমিগুলো অধিগ্রহণ করবে সরকার। এমন সিদ্ধান্তের বিষয় আগে থেকেই জানতেন ডিসি অফিসে কর্মরত শহিদুল। আমাদের ভুল বুঝিয়ে দ্রুততম সময়ে জমিগুলো কিনে নেন তিনি। পরে কয়েকগুণ দামে সরকারের কাছে জমি বিক্রি করে তিনি এখন কোটিপতি। ৯ লাখ টাকার জমি ক্রয় করে সরকারের কাছ থেকে দেড় কোটি টাকার বেশি পেয়েছেন তিনি। সে সময় কয়েকজন জমি বিক্রি করেননি শহিদুলদের কাছে। তারা পরে সরকারের কাছে জমির দাম প্রতি শতকে দুই লাখ

টাকার বেশি পেয়েছেন। কিন্তু আমরা জমি বিক্রি করেও দিয়েছিলাম, রেজিস্ট্রিও করে দিয়েছিলাম। পরে আর কিছুই করার ছিল না। আমাদের সঙ্গে প্রতারণা করা হয়েছে। ’ স্থানীয় বাসিন্দারা জানান, সরকারি অফিসের তথ্য সাধারণ মানুষের জানার বাইরে। সরকার কোন সময় কোন স্থানে বড় বড় স্থাপনা নির্মাণ করবে, কখন কোন স্থানের জমি অধিগ্রহণ করবে, সে খবর তাদের দফতরের কর্মকর্তা-কর্মচারী ছাড়া বাইরের লোকজনের জানার ক্ষমতা নেই। অথচ শহিদুলের মতো কর্মচারীরা ডিসি অফিসে চাকরি করেন বলেই এমন খবর আগে থেকে জেনে তা কাজে লাগিয়ে নিরীহ মানুষকে ঠকিয়ে, ভুল বুঝিয়ে জমি কিনছেন। পরে সেই জমি বেশি দামে বিক্রি করছেন। এতে ন্যায্য মূল্য ও অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন সাধারণ মানুষ। শহিদুলের কাছে জমি বিক্রি করে এখন আফসোস করছেন উল্লেখ করে ইমাম উদ্দীন জানান, সরকারি অফিসের লোকদের ফাঁদে যেন আর কেউ পা না দেয়। বিষয়টি তদন্ত করে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার পাশাপাশি ন্যায্য পাওনা ফেরত দেওয়ার দাবিও জানান তিনি।

দেশেই ৫ কোটি টাকার সন্ধান পাপিয়ার

বহুল আলোচিত সন্ত্রাসী যুব মহিলা লীগ নেত্রী শামীমা নূর পাপিয়ার ৫ কোটি ১০ লাখ টাকার অবৈধ সম্পদের সন্ধান পাওয়া গেছে। অটো গ্যারেজের মালিকের মেয়ে। এক সময় তাদের তেমন কিছুই ছিল না। কিন্তু গত ৫ বছরে অর্থ বিত্ত অর্জন করে আঙুল ফুলে কলা গাছ হয়ে গেছেন।

গাড়ি, বাড়ি, ফ্ল্যাট কিনে বনেছেন শত কোটি টাকার মালিক। দেশে গাড়ির ব্যবসার পাশাপাশি বিদেশে দিয়েছেন বার। আর সবই করেছেন অন্যায় ও অপকর্মের উপর ভর করে।

ধনাঢ্য ব্যবসায়ীদের ব্ল্যাকমেইল, চাঁদাবাজি, মাদক ব্যবসা ও দেহ ব্যবসাই তাদের মূল পেশা।

বিডি প্রতিদিন সূত্র জানায়, মামলার এজাহার প্রায় প্রস্তুত। এজাহারে ৫ কোটি ৯ লাখ ৭৭ হাজার ৭৬১ টাকা লন্ডারিংয়ের কথা উল্লেখ করা হয়েছে। এতে বলা হয়েছে, পাপিয়া রাজধানীর একটি অভিজাত হোটেলে ৪ মাস ১০ দিন অবস্থান করেন। গত বছর ১২ অক্টোবর থেকে ২২ ফেব্রুয়ারি পর্যন্ত ওই অভিজাত হোটেলে তার নামে বরাদ্দ কক্ষের সংখ্যা ছিল ২৬টি। তিনি হোটেল বিলই দেন ৩ কোটি ২৩ লাখ ২৪ হাজার ৭৬১ টাকা। এছাড়া ঢাকায় কার এক্সচেঞ্জ শোরুমে তার বিনিয়োগের পরিমাণ এক কোটি টাকা, কেএমসি এন্টারপ্রাইজ ও কেএমসি কার ওয়াশ অ্যান্ড সলিউশন নামের একটি প্রতিষ্ঠানে বিনিয়োগ করেছেন ২০ লাখ টাকা। এছাড়া রাজধানীর ইন্দিরা

রোডের একটি ফ্ল্যাটে বছরে ৬ লাখ টাকা ভাড়া পরিশোধ করেছেন এবং পাপিয়ার কাছে নগদ ৬০ লাখ টাকাও পাওয়া যায়।

এর বাইরে এজাহারে পাপিয়ার দুটি সঞ্চয়ী, দুটি চলতি হিসাব এবং তিনটি স্থায়ী আমানতের কথা উল্লেখ করা হচ্ছে। এতে অর্থের পরিমাণ কয়েক লাখ টাকা। এসবই এজাহারে উল্লেখ করা হচ্ছে। পাপিয়া দম্পতির বৈধ কোনো আয় না থাকলেও তারা বিপুল পরিমাণ অর্থ অর্জন করেছেন।

তবে তাদের অবৈধ আয়ের একটি বড় অংশ বিদেশে পাচার করেছেন। তবে ঠিক কি পরিমাণ অর্থ তারা দেশের বাইরে পাচার করেছেন তা তদন্তে বেরিয়ে আসবে। এজাহারে তাদের যেসব স্থাবর-অস্থাবর সম্পদের খোঁজ পাওয়া গেছে তাও উল্লেখ করা হচ্ছে বলে জানা গেছে।

তার কাছে থেকে ১টি বিদেশি পিস্তল, ২টি পিস্তলের ম্যাগজিন, ২০টি পিস্তলের গুলি, ৫ বোতল দামি বিদেশি মদ, ৫৮ লাখ ৪১ হাজার টাকা, ৫টি পাসপোর্ট, ৩টি চেকবই, বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা, বিভিন্ন ব্যাংকের ১০টি ভিসা ও এটিএম কার্ড পাওয়া যায়।

ভারতে ত্রিশ কোটি মানুষ করোনা ভাইরাসে আক্রান্তের আশংকা !

কাশ্মীর অবরোধ , বাবরি মসজিদ, নাগরিকত্ব সংশোধন আইন, দিল্লি পগরম সহ নানা ইস্যুতে উগ্র আচরণের কারণে বর্তমান বিশ্বে আলোচনার শীর্ষে রয়েছে ভারত । এরই মধ্যে জনস্বাস্থ্য বিষয়ক শীর্ষ একটি আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠান ভারতে করোনাভাইরাসের হুমকি নিয়ে ভয়াবহ চিত্র তুলে ধরেছে।

ওয়াশিংটন এবং দিল্লি-ভিত্তিক সেন্টার ফর ডিজিজ, ডিনামিক্স, ইকোনমিক্স অ্যান্ড পলিসির পরিচালক ড. রামানান লাক্সমিনারায়ানান বিবিসিকে বলেছেন, ভারত হবে করোনাভাইরাস মহামারির পরবর্তী 'হট-স্পট' এবং দেশটিকে অতি জরুরী ভিত্তিতে 'করোনাভাইরাসে আক্রান্ত মানুষের সুনামির' জন্য প্রস্তুত হতে হবে।

তিনি বলছেন, যুক্তরাষ্ট্র এবং যুক্তরাজ্যে আক্রান্তের সংখ্যা অনুমান করতে যে গাণিতিক সূত্র অনুসরণ করা হয়েছে, তা ভারতের ক্ষেত্রে প্রয়োগ করা হলেও কমপক্ষে ৩০ কোটি লোক এই ভাইরাসে আক্রান্ত হওয়ার আশংকা রয়েছে।

তিনি বলেন, এই ৩০ কোটি মানুষের মধ্যে ৪০ থেকে ৮০ লাখ মানুষের শারীরিক অবস্থা জটিল আকার ধারণ করতে পারে, যাদেরকে হাসপাতালে নিতে হবে।

ড. নারায়ানান ভয়াবহ এই চিত্র এমন দিনে দিলেন যেদিন সরকারি হিসাবে ভারতে করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা মাত্র ১৪৯। তবে এই বিশেষজ্ঞ মনে করেন, পরীক্ষা কম হচ্ছে বলে সংখ্যা এত কম।

"এখন যেসব দেশে মহামারি চলছে, সেসব দেশের পরিস্থিতি থেকে ভারত সম্ভবত দুই সপ্তাহ পেছনে রয়েছে। ইটালি বা স্পেনে এখন আমরা যেটা দেখছি বা চীনে আমরা সম্প্রতি যেমন দেখেছি, আগামী ক সপ্তাহের মধ্যে ভারতকেও তেমন সুনামির মত রোগীর স্রোতের মুখোমুখি হতে হবে।"

ড. নারায়ানান বলেন, জনসংখ্যার ঘনত্বের কারণে ভারত বিশেষ হুমকির মুখোমুখি।

ভারত কতটা প্রস্তুত?

ড. নারায়ানান মনে করেন, ইউরোপের আক্রান্ত দেশগুলোর তুলনায় ভারতের চিকিৎসার অবকাঠামো অনেক দুর্বল।

ভারতে বর্তমানে ৭০হাজার থেকে ১ লাখের মত আইসিইউ বেড রয়েছে, যেটা ৪০ থেকে ৮০ লাখ রোগী সামলানোর জন্য নিতান্তই অপ্রতুল বলে মনে করছেন ড. নারায়ানান।

তিনি বলেন, "সুনামি ধেয়ে আসছে ভারতের দিকে। আপনি যদি বসে বসে দেখেন, তাহলে ধ্বংস হয়ে যাবেন। বাঁচার জন্য আপনাকে জান-প্রাণ দিয়ে ছুটতে হবে।"

কলেজ শিক্ষিকাকে গালাগাল ও শারীরিক হেনস্থা সন্ত্রাসী ছাত্রলীগ নেতার

টাঙ্গাইলের নাগরপুর সরকারি কলেজের সাবেক ভিপিসহ কয়েকজন সন্ত্রাসী ছাত্রলীগ নেতাকর্মী ওই কলেজের এক নারী প্রভাষককে শারীরিকভাবে লাঞ্চিত করেছে। গতকাল বৃহস্পতিবার রাত ৮টায় উপজেলা শহরের বাজারে কেনাকাটা করাকালে ওই প্রভাষক এ ঘটনার শিকার হন।

খোঁজ নিয়ে জানা যায়, সন্ত্রাসী বাহিনীর ওই সদস্যরা হলো নাগরপুর সরকারি কলেজ ছাত্র সংসদের সাবেক ভিপি ও কলেজ ছাত্রলীগ শাখার সাবেক সাধারণ সম্পাদক আল-মামুন, উপজেলা সন্ত্রাসী আওয়ামী লীগের উপ-প্রচার ও প্রকাশনা সম্পাদক সাদিকুর রহমান বিপ্লব।

ভুক্তভোগী ওই শিক্ষক সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ঘটনাটি বর্ণনা তুলে ধরেন। এক স্ট্যাটাসে তিনি লেখেন, ‘আমরা কি ছাত্রলীগ নামধারী সন্ত্রাসীদের কাছে জিম্মি। নিজে আজ শত

শত মানুষের সামনে নাগরপুরের বাজারে মাত্র ৩-৪ জন ছাত্রলীগ নামধারী সন্ত্রাসীদের কাছে চরমভাবে নিগৃহীত ও শ্লীলতাহানীর শিকার হলাম, তখন একটি মানুষও আমাকে বাঁচাতে এগিয়ে এলো না। নাগরপুর সরকারি কলেজ, টাঙ্গাইলের একজন শিক্ষক হিসেবে নিজের কলেজের সাবেক ভিপি ও ছাত্রলীগ নামধারী সন্ত্রাসী মামুন ও তার সহযোগী ছাত্রলীগ নামধারী সন্ত্রাসী বিপ্লব ও বাবু কর্তৃক শারীরিকভাবে হেনস্তার শিকার হলাম তা কতটা অভাবনীয় তা বলে বুঝাতে পারব না।

তারা শত শত মানুষের মাঝখানে আমাকে অকথ্য ভাষায় গালিগালাজ এবং কাপড় ধরে টানাটানি করে, একপর্যায়ে টান দিয়ে আমার মাথার কাপড় খুলে ফেলে।

ঘটনার প্রেক্ষিতে আমি প্রশাসনের কাছে থানায় অভিযোগ দেব এই কথা বলে আমার নিজের পরিচয় দেওয়ার পর তার আরও আস্ফালন করে বলে যে ডিসি, এসপি, ইউএনও, ওসি তাদের পকেটে থাকে। তাদের কেউ কিছু করতে পারবে না। আমি সরকারি কলেজে প্রভাষক এটা শুনে যেন তাদের উৎসাহ আরও বেড়ে যায়।

একজন সরকারি কর্মকর্তা হিসেবে আমার যদি এমন অবস্থা হয় তাহলে নাগরপুরের অন্যান্য মেয়েদের কি অবস্থা আমি চিন্তা করতে পারছি না।

ঘটনার প্রেক্ষিতে আমি নাগরপুরের ইউএনও স্যারের সাথে কথা বলে থানায় প্রাথমিকভাবে অভিযোগ দিয়েছি আজ মামলা করব বলে স্থির করেছি। আমি নাগরপুর টাংগাইলের এই ছাত্রলীগ নামধারী সন্ত্রাসীদের বিচার চাই। এবং আমি তাদের বিচার নিশ্চিত করা না পর্যন্ত শান্ত হবো না বলে প্রতিজ্ঞা করেছি। খবরঃ আমাদের সময়

এ ছাড়া নাগরপুরের রাস্তাঘাটে তারা যেন নারীদের আর কোনোভাবে হেনস্তা করতে না পারে তার জন্য যা যা করা দরকার আমি করব।

ঘটনার পূর্ণ বিবরণী মানসিক অবস্থায় দেওয়া সম্ভব নয়। একটু সুস্থির হলে আমি ঘটনার বিবরণ সবার সামনে তুলে ধরব। ঘটনাটি রাত্রিবেলায় হওয়ায় উপযুক্ত সকল কর্তৃপক্ষকে জানানো সম্ভব হয়নি।

তবে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও আমাদের কলেজের অধ্যক্ষ মহোদয় কে জানানো হয়েছে।

আমি যেন মানসিকভাবে শক্ত থাকতে পারি তার দোয়া সকলের কাছে চাচ্ছি এবং সবার নিজ নিজ অবস্থান থেকে আমাকে সহায়তা করার জন্য অনুরোধ করছি।

‘তনুকে সবাই ভুলে গেছে’- মামলারও কোনও অগ্রগতি নেই

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের ছাত্রী সোহাগী জাহান তনু হত্যার চার বছর পেরিয়ে গেছে। এই দীর্ঘ সময় পরও খুনি শনাক্ত করতে পারেনি আইনশৃঙ্খলা বাহিনী। মামলারও কোনও অগ্রগতি নেই। তনুর মা আক্ষেপ নিয়ে বলেন, সবাই তনুকে ভুলে গেছে। তবে মা হিসেবে আমি তো ভুলতে পারি না। মৃত্যুর আগে একটাই আশা তার, মেয়ের হত্যাকারীদের বিচার দেখা।

২০১৬ সালের ২০ মার্চ সন্ধ্যায় কুমিল্লা সেনানিবাসের ভেতরে একটি বাসায় টিউশনি করতে গিয়ে আর ফেরেনি তনু। পরে স্বজনরা খোঁজাখুঁজি করে রাতে বাসার অদূরে সেনানিবাসের ভেতর একটি জঙ্গলে তনুর মরদেহ পায়। পরদিন তার বাবা কুমিল্লা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস সহায়ক ইয়ার হোসেন বাদী হয়ে অজ্ঞাতনামা আসামিদের বিরুদ্ধে কোতয়ালী মডেল থানায় হত্যা মামলা দায়ের করেন।

থানা পুলিশ ও ডিবি’র পর ২০১৬ সালের পয়লা এপ্রিল থেকে মামলাটির তদন্তের দায়িত্ব পায় সিআইডি কুমিল্লা। দুদফা ময়নাতদন্তে কুমিল্লা মেডিক্যাল কলেজ হাসপাতালে ফরেনসিক বিভাগ মৃত্যুর সুস্পষ্ট কারণ উল্লেখ করেনি। শেষ ভরসা ছিল ডিএনএ রিপোর্ট।

২০১৭ সালের মে মাসে সিআইডি তনুর জামা-কাপড় থেকে নেওয়া নমুনার ডিএনএ পরীক্ষা করে তিন পুরুষের শুক্রানু পাওয়ার কথা গণমাধ্যমকে জানিয়েছিল। পরে সন্দেহভাজনদের ডিএনএ ম্যাচিং করার কথা থাকলেও তা করা হয়েছে কিনা—এ নিয়েও সিআইডি বিস্তারিত কিছু বলছে না।

সর্বশেষ সন্দেহভাজন হিসেবে তিন জনকে ২০১৭ সালের ২৫ অক্টোর থেকে ২৭ অক্টোবর পর্যন্ত সিআইডির একটি দল ঢাকা সেনানিবাসে জিজ্ঞাসাবাদ করে। জিজ্ঞাসাবাদ করা ব্যক্তিরা তনুর মায়ের সন্দেহ করা আসামি বলেও সিআইডি জানায়। তবে তাদের নাম জানানো হয়নি।

তনুর মা আনোয়ারা বেগম বলেন, সারা বাসায় মেয়ের স্মৃতি। যেদিকে তাকাই তাকে দেখি। তাকে ভুলতে পারি না। মেয়ের কাপড়গুলো রেখে দিয়েছি। মাঝে মাঝে বের করে দেখি। কাপড়ে মেয়ের গায়ের ঘ্রাণ নিই। আর চোখের পানি ফেলি। দুই বছর ধরে সিআইডি কোনও যোগাযোগ করছে না। তনুর বাবা এবং আমি খুব অসুস্থ হয়ে পড়েছি। আগের মতো বিভিন্ন অফিসে যেতে

পারি না। মৃত্যুর আগে মেয়ের হত্যাকাণ্ডের বিচার দেখে যেতে চাই। তনু হত্যা মামলাটি তদন্তে সিআইডি ব্যর্থতার পরিচয় দিয়েছে। আমরা চাই দ্রুত তনু হত্যার আসামি সনাক্ত হোক।

শরিয়ার হুকুম অমান্য করলেও এখন করোনা আতঙ্কে দেশজুড়ে মদের বার বন্ধ রাখার নির্দেশ

ইসলামি শরিয়ার বিধানে মদ, জুয়া, পতিতালয় নিষিদ্ধ হওয়া সত্ত্বেও আল্লাহর বিধানকে উপেক্ষা করে তাগুত্ব সরকারগুলো সেগুলো বন্ধ না করে প্রকাশ্য মদদ দিয়ে টিকিয়ে রেখেছে। অবশেষে আল্লাহর গযব নভেল করোনাভাইরাসের প্রাদুর্ভাবে সারা দেশে সব হোটেল, রেস্তোরাঁ ও ক্লাবের বার বন্ধ রাখার নির্দেশ দেওয়া হলো। এর আগে স্বরাষ্ট্রমন্ত্রী সাংবাদিকদের বলেছিলেন, বারগুলো বন্ধের সময় নাকি এখনো হয়নি।

বৃহস্পতিবার মাদক দ্রব্য অধিদপ্তরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে আগামী ৩১ মার্চ পর্যন্ত বার বন্ধ রাখার নির্দেশনা দেওয়া হয়। অধিদপ্তরের উপ-পরিচালক মোহাম্মদ মামুন স্বাক্ষরিত ওই বিজ্ঞপ্তিতে বলা হয়, পরবর্তী পরিস্থিতি বিবেচনা করে করণীয় সম্পর্কে জানানো হবে। বৃহস্পতিবার থেকেই এ নির্দেশ কার্যকর করা হবে।

এ বিষয়ে জানতে চাইলে মাদক দ্রব্য অধিদপ্তরের মহাপরিচালক জামাল উদ্দিন গণমাধ্যমকে বলেন, “বর্তমান পরিস্থিতির কারণে হোটেল, রেস্টুরেন্ট ও ক্লাবের বারগুলো বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এসব জায়গায় যেহেতু জটলা হয়, জনসমাগম হয় সে কারণে এ নির্দেশ প্রদান করা হয়েছে।”

করোনার আতঙ্কে জুমা-জামাত বন্ধ করা যাবে না: মুফতি আবুল হাসান মুহাম্মাদ আবদুল্লাহ

করোনা পরিস্থিতির কারণে মুসলিম বিশ্বের অনেক দেশেই সাময়িকভাবে স্থগিত করে দেওয়া হয়েছে জুমা এবং মসজিদে এসে জামাতে নামায আদায়। বাংলাদেশে করোনা পরিস্থিতি এখন পর্যন্ত জটিল আকার ধারণ না করলেও সংক্রমণের খবর পাওয়া যাওয়ার পর থেকেই জাতীয় বিভিন্ন সংবাদমাধ্যমে জুমা-জামাত বন্ধ করা হবে কি না-এ বিষয়ে নানা প্রশ্ন উঠানো হচ্ছে। করোনা পরিস্থিতির কারণে জুমা-জামাত স্থগিত করে দেওয়ার ব্যাপারে গুরুত্বপূর্ণ আলোচনা করেন মারকাযুদ্দাওয়াহ আল ইসলামিয়া ঢাকা’র রঈস, মাসিক আল কাউসারের সম্পাদক, বিশিষ্ট ফকীহ মুফতি আবুল হাসান মুহাম্মাদ আবদুল্লাহ। সে আলোচনায় তিনি বলেন-

জুমা এবং জামাতের নামাজ ইসলামের অন্যতম সৌন্দর্য। ইসলামের পঞ্চ স্তম্ভের দ্বিতীয়টিই হল নামাজ। কুরআনে কারিমে শুধু নামাজ আদায় করতে বলা হয়নি, নামাজ কায়েম বা প্রতিষ্ঠা করতে বলা হয়েছে। তাফসিরের বিখ্যাত গ্রন্থসমূহে নামাজ কায়েমের ব্যাখা করা হয়েছে হক আদায় করে জামাতের সাথে নামাজ পড়া। সুতরাং জামাতের নামাজ বন্ধ করে দেওয়ার সুযোগ ইসলামে নেই বলা চলে।

মিডিয়ার অতিরঞ্জনের কারণেই যেন বর্তমানে করোনা ভাইরাস নিয়ে এতোটা শঙ্কা তৈরি হয়েছে বিশ্বময়। পৃথিবীর অতীত ইতিহাসে এমন মহামারির উপস্থিতি কম নয়। কিন্ত মহামারির কারণে জুমা, জামাত এবং মসজিদ বন্ধ হওয়ার প্রশ্নটি এবারই প্রথম। শরিয়তেও জুমা ও মসজিদ বন্ধ করার ব্যাপারটি সমর্থিত নয়।

এলাকা ভিত্তিক আক্রান্ত ব্যক্তিরা মসজিদে যাবেন না, ঘরেই ব্যক্তিগতভাবে নামাজ আদায় করবেন। প্রয়োজনে তারা হোম কোয়ারিন্টিনে অবস্থান করবেন। আক্রান্ত ব্যক্তির ক্ষেত্রে ইসলামের বিধান এ রকমই। কিন্তু সংক্রমণের অজুহাতে মসজিদ, জুমা, জামাতে নামাজ বন্ধ করাটা যুক্তিনির্ভর হতে পারে না। বাংলাদেশে কল-কারখানাগুলোতে এক সাথে যে পরিমাণ মানুষ কাজ করে মসজিদে জামাতে নামাজ পড়া মানুষের সংখ্যা সে তুলনায় খুব বেশি বলা যায় কি! তাহলে মসজিদে জামাত ও জুমা বন্ধের প্রসঙ্গটা কতটা যৌক্তিক।মসজিদের তুলনায় কল-কারখানাগুলোর প্রতি ফোকাস দেওয়া কি গুরুত্বের দাবি রাখে না!

মহামারির এই সময়ে আল্লাহমুখী হওয়াটা সবার কাম্য। বর্তমানে মানুষের মাঝে মসজিদমুখী হওয়ার প্রবণতাও বেশ লক্ষণীয়। আতঙ্কের এই সময়ে মসজিদমুখী মানুষগুলো যেন আল্লাহ তায়ালার কাছেই মনের প্রশান্তি খুঁজে পেতে চাইছে। ভয় থেকে বাঁচতে আল্লাহ তায়ালার কাছেই আশ্রয় চাইছে। হঠাৎ করে মসজিদ বন্ধ করে দিলে এরা শেষ আশ্রয়টা পাবে কোথায়!

তবে কারো মাঝে রোগের লক্ষণ প্রকাশ পেলে তার মসজিদে যাওয়া তো শরিয়তও সমর্থন করে না। এমন ব্যক্তি ঘরেই জুমার পরিবর্তে যোহর আদায় করবেন। বাংলাদেশের বর্তমান পরিস্থিতি বিবেচনা করলেও মনে হয় না মসজিদ বন্ধ করার মত পরিস্থিতি এসেছে।

জুমার নামাজ, জামাত এবং মসজিদ বন্ধ হওয়ার ক্ষেত্রে বর্তমান সৌদি আরব আমাদের অনুসরণীয় হতে পারে না। বর্তমান সৌদি সরকার কতটা শরিয়ত বান্ধব এটিও একটি প্রশ্ন সাপেক্ষ ব্যাপার।হাদিসে স্পষ্টভাবে আক্রান্ত এলাকার ব্যাপারে সতর্কতা অবলম্বণ করতে বলা

হয়েছে। কিন্তু আক্রান্ত এলাকার পরিবর্তে একে বৈশ্বিক রূপ দিয়ে এর কারণে নামাজ, জামাত জুমা বন্ধ করা যৌক্তিক হতে পারে না।

নরসিংদীতে মাদরাসা ছাত্রীকে গভীর রাতে ঘর থেকে তুলে নিয়ে হত্যা

নরসিংদীর পলাশে দশম শ্রেণির এক মাদরাসা ছাত্রীকে গভীর রাতে ঘর থেকে তুলে নিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। নিহত আফিয়া আক্তার (১৫) পলাশ উপজেলার গজারিয়া ইউনিয়নের চরকাবর্দী গ্রামের আজহার আলীর মেয়ে। এ ঘটনায় আবার নিহতের পরিবারের চার সদস্যকেই জিজ্ঞাসাবাদের জন্য আটক করেছে পুলিশ।

নিহতের স্বজনরা জানান, মঙ্গলবার দিবাগত রাতে খাওয়া-দাওয়া শেষে ঘুমিয়ে পড়েন পরিবারের সদস্যরা। ঘরের দুটি রুমের একটিতে বোনদের সাথে একই খাটে ঘুমাচ্ছিলেন আফিয়া। ভোররাতে আফিয়ার বড় বোনের বাচ্চার কান্নার আওয়াজ শুনে জেগে উঠেন পরিবারের সদস্যরা। এসময় তারা দেখতে পান আফিয়া ঘরে নেই, ঘরের প্রধান দরজা খোলা ও ঘরের মেঝের একপাশের সিঁধকাটা।

রাতেই পরিবারের লোকজন অনেক খোঁজাখুজির পর ঘরের পেছনের একটি কচু ক্ষেতের পাশ থেকে রক্তাক্ত অবস্থায় আফিয়াকে উদ্ধার করেন। এ সময় তার মাথায় ইটের আঘাত ও গলায় গামছা প্যাঁচানো ছিল। পরে পরিবারের সদস্যরা তাকে নরসিংদী জেলা হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন।

এ ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য তিনবোন ও এক বোনের জামাইসহ পরিবারের চার সদস্যকে আটক করেছে। এ তথ্য জানিয়েছে পলাশ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ নাসির উদ্দীন।

জমিজমা বিরোধে ভাইয়ের হাতে ভাই খুন!

জমিজমা সংক্রান্ত বিরোধের জের ধরে ভাড়াটে সন্ত্রাসী এনে আপন বড় ভাইকে কুপিয়ে হত্যা করেছে ছোট ভাই। ওই ঘটনায় আহত হয়েছেন আরো তিনজন। নিহতের নাম আব্দুস সাত্তার মোল্লা। তিনি শ্যামনগর উপজেলার ধুমঘাট চরাচকের ছবেদ মোল্লার ছেলে।

অন্য একটি ভিডিওতে দেখা যায় কবরস্থানটিতে মৃতদেহগুলি বের করে কবরস্থানটি পুরোপুরি ধ্বংস করে দেয়। ভিডিওতে উপস্থিত একজন সন্ত্রাসীকে দেখা যায় সে কবরস্থান পেরিয়ে চলে যাচ্ছিলেন এবং মুসলিমদের কবরকে উদ্দেশ্য করে নোংরা ভাষায় গালাগালি করছিল।কবরস্থানটি ধ্বংসের একদিন আগে তাকে ইদলিবের একটি ধ্বংসপ্রাপ্ত ও পরিত্যক্ত মসজিদের ভিতরে করা একটি ভিডিওতেও দেখা গিয়েছিল, যেখানে সে মসজিদের মিম্বার থেকে কসাই আসাদের সমর্থনে স্লোগান দিতে ও অন্যান্য শিয়া সন্ত্রাসীদের ধ্বংসযজ্ঞ চালতে উদ্বুদ্ধ করছিল।

খোরাসান | তালেবান মুজাহিদদের হামলায় ৭৬ আফগান মুরতাদ সৈন্য হতাহত!

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের জানবায তালেবান মুজাহিদিন ১৫ মার্চ সন্ধা পর্যন্ত আফগানিস্তান জুড়ে ক্রুসেডার আমেরিকার গোলাম আফগান মুরতাদ বাহিনীর বিরুদ্ধে অর্ধশতাধিক অভিযান পরিচালনা করেছেন।

মুজাহিদদের প্রকাশিত ১৮টি অভিযানের পরিসংখ্যান অনুযায়ী ৪ উচ্চপদস্থ অফিসার ও কমান্ডারসহ ৬৭টি এরও অধিক আফগান সৈন্য নিহত হয়েছে, আহত হয়েছে আরো ৯ এরও অধিক। মুজাহিদগণ ধ্বংস করেছেন মুরতাদ বাহিনীর ৪টি ট্যাঙ্ক ৩টি রেঞ্জার গাড়ি ও ১টি হ্যাম্বি।

মুরতাদ বাহিনী হতে বিজয় করেছেন ৩টি চেকপোস্ট। পাশাপাশি মুজাহিদগণ গনিমত লাভ করেছেন অনেক যুদ্ধাস্ত্র।

অপরদিকে মুজাহিদদের নিকট আত্মসমর্পণ করেছে ১৭ আফগান পুলিশ ও সেনা সদস্য।

শেয়ারবাজারে বড় দরপতন অব্যাহত, আধঘণ্টায় নেই ১৭৬ পয়েন্ট

বড় দরপতন অব্যাহত আছে শেয়ারবাজারে। আজ রোববার লেনদেনের প্রথম আধা ঘণ্টায় দেশের প্রধান শেয়ারবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) প্রধান সূচক ডিএসইএক্স হারিয়েছে ১৭৬ পয়েন্ট। নেমে এসেছে ৪ হাজার পয়েন্টের নিচে। অবস্থান করছে ৩ হাজার ৯২৮ পয়েন্টে। অপর শেয়ারবাজার চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের (সিএসই) সার্বিক সূচক সিএএসপিআই কমেছে ৪১৬ পয়েন্ট।

ডিএসইতে বেলা ১১টার নাগাদ লেনদেন হয়েছে মাত্র ৯৪ কোটি টাকার। হাতবদল হওয়া শেয়ার ও মিউচুয়াল ফান্ডের মধ্যে প্রায় সবগুলোর দর কমেছে। ৩১৩ টিরই দাম কমেছে। বেড়েছে মাত্র ৩ টির দর। অপরিবর্তিত আছে ১০ টির দর।

এর আগে ২০১৫ সালের ৪ মে ডিএসইএক্স সূচকটি কমে ৩ হাজার ৯৫৯ পয়েন্টে অবস্থান করে।

গত কার্যদিবস (বৃহস্পতিবার) লেনদেন শেষে ডিএসইএক্স সূচক কমে ১০১ পয়েন্ট।

অপরদিকে সিএসইতে হাতবদল হওয়া শেয়ার ও মিউচুয়াল ফান্ডের মধ্যে ১২৭ টির দর কমেছে। ২ টির বেড়েছে। অপরিবর্তিত আছে ৩ টির দর।

কুড়িগ্রামে বাংলাদেশিকে ধরে নিয়ে গেছে সন্ত্রাসী বিএসএফ

কুড়িগ্রামের রৌমারী সীমান্ত থেকে এক বাংলাদেশিকে ধরে নিয়ে গেছে ভারতীয় সীমান্তসন্ত্রাসী বাহিনী বিএসএফ। খবর ইউএনবির।

শুক্রবার রাতে উপজেলার দাঁতভাঙ্গা ইউনিয়নের খেতারচর সীমান্তের আন্তর্জাতিক পিলার ১০৫৬ নম্বর মেইন পিলারের কাছে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, আটক ইসমাইল হোসেন ওরফে কালু (৩২) দাঁতভাঙ্গা ইউনিয়নের কাউনিয়ার চর গ্রামের মৃত বেলাল হোসেনের ছেলে।

জামালপুর ব্যাটালিয়ন ৩৫-বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল এসএম আজাদ ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, ‘এ ব্যাপারে আমরা বিএসএফের সাথে যোগাযোগের চেষ্টা করেছি, কিন্তু তারা কোনো সাড়া দেয়নি।

যেভাবে করোনাভাইরাস মানুষের দেহে আক্রমণ করে

গত বছরের ডিসেম্বরে করোনাভাইরাস সম্পর্কে প্রথম জানা গেলেও এরই মধ্যে এই ভাইরাস এবং এর ফলে সৃষ্ট রোগ কোভিড-১৯ এর মহামারি সামাল দিতে হচ্ছে বিশ্বকে।

অধিকাংশ মানুষের জন্যই এই রোগটি খুব ভয়াবহ নয়, কিন্তু অনেকেই মারা যায় এই রোগে।

ভাইরাসটি কীভাবে দেহে আক্রমণ করে, কেন করে, কেনই বা কিছু মানুষ এই রোগে মারা যায়?

'ইনকিউবেশন' বা প্রাথমিক লালনকাল

এই সময়ে ভাইরাসটি নিজেকে ধীরে ধীরে প্রতিষ্ঠিত করে।আপনার শরীর গঠন করা কোষগুলোর ভেতরে প্রবেশ করে সেগুলোর নিয়ন্ত্রণ নিয়ে নেয়ার মাধ্যমে কাজ করে ভাইরাস।

করোনাভাইরাস, যার আনুষ্ঠানিক নাম সার্স-সিওভি-২, আপনার নিশ্বাসের সাথে আপনার দেহে প্রবেশ করতে পারে (আশেপাশে কেউ হাঁচি বা কাশি দিলে) বা ভাইরাস সংক্রমিত কোনো জায়গায় হাত দেয়ার পর আপনার মুখে হাত দিলে। সংগ্রামের রিপোর্ট

শুরুতে এটি আপনার গলা, শ্বাসনালীগুলো এবং ফুসফুসের কোষে আঘাত করে এবং সেসব জায়গায় করোনার কারখানা তৈরি করে। পরে শরীরের বিভিন্ন জায়গায় নতুন ভাইরাস ছড়িয়ে দেয় এবং আরো কোষকে আক্রান্ত করে।

এই শুরুর সময়টাতে আপনি অসুস্থ হবেন না এবং কিছু মানুষের মধ্যে হয়তো উপসর্গও দেখা দেবে না।

ইনকিউবেশনের সময়ের - প্রথম সংক্রমণ এবং উপসর্গ দেখা দেয়ার মধ্যবর্তী সময় - স্থায়িত্ব একেকজনের জন্য একেকরকম হয়, কিন্তু গড়ে তা পাঁচদিন।

নিরীহ অসুখ

অধিকাংশ মানুষের অভিজ্ঞতায় করোনাভাইরাস নিরীহ অসুখই মনে হবে।দশজনে আটজন মানূষের জন্যই কোভিড-১৯ একটি নিরীহ সংক্রমণ এবং এর প্রধান উপসর্গ কাশি ও জ্বর।শরীরে ব্যাথা, গলা ব্যাথা এবং মাথাব্যাথাও হতে পারে, তবে হবেই এমন কোনো কথা নেই।

শরীরের রোগ প্রতিরোধ ব্যবস্থা ভাইরাস সংক্রমণ হওয়ায় প্রতিক্রিয়া প্রকাশ করার ফলে গায়ে জ্বর আসে।

রোগ প্রতিরোধ ব্যবস্থা ভাইরাসটিকে শত্রুভাবাপন্ন একটি ভাইরাস হিসেবে শনাক্ত করে এবং বাকি শরীরে সাইটোকাইনস নামক কেমিক্যাল পাঠিয়ে বুঝিয়ে দেয় কিছু একটা ঠিক নেই।এর কারণে শরীরে ব্যাথা ও জ্বরের মত উপসর্গ দেখা দেয়।

প্রাথমিকভাবে করোনাভাইরাসের কারণে শুষ্ক কাশি হয়। কোষগুলো ভাইরাসের মাধ্যমে সংক্রমিত হওয়ার কারণে অস্বস্তিতে পড়ার কারণে সম্ভবত শুকনো কাশি হয়ে থাকে।

তবে অনেকের কাশির সাথেই একটা পর্যায়ে থুতু বা কফ বের হওয়া শুরু করবে যার মধ্যে ভাইরাসের প্রভাবে মৃত ফুসফুসের কোষগুলোও থাকবে।

এ ধরনের উপসর্গ দেখা দিলে পরিপূর্ণ বিশ্রাম, প্রচুর তরল পান করা এবং প্যারাসিটামল খাওয়ার উপদেশ দেয়া হয়ে থাকে। এ ধরনের উপসর্গ দেখা দিলে হাসপাতাল বা বিশেষজ্ঞের পরামর্শ নেয়ার প্রয়োজন হয় না।

এই ধাপটি এক সপ্তাহের মত স্থায়ী হয়। অধিকাংশ মানুষই এই ধাপের মধ্যেই আরোগ্য লাভ করে কারণ ততদিনে তাদের শরীরের রোগ প্রতিরোধ ব্যবস্থা ভাইরাসের সাথে লড়াই করে সেটিকে প্রতিহত করে ফেলে।

তবে কিছু কিছু মানুষের মধ্যে কোভিড-১৯ এর আরো ক্ষতিকর একটি সংস্করণ তৈরি হয়।

এই রোগ সম্পর্কে হওয়া নতুন গবেষণায় ধারণা প্রকাশ করা হয়েছে যে রোগটির এই ধাপে আক্রান্তদের সর্দিও লাগতে পারে।

ভয়াবহ ব্যাধি

এই ধাপের পর যদি রোগ অব্যাহত থাকে, তা হবে শরীরের রোগ প্রতিরোধ ব্যবস্থা ভাইরাসটি সম্পর্কে অতিরিক্ত প্রতিক্রিয়াশীল হওয়ায়।

যেই কেমিক্যালগুলো শরীরে বার্তা পাঠাতে থাকে, সেগুলোর প্রতিক্রিয়া তখন শরীরের বিভিন্ন জায়গায় প্রদাহ হয়।

এবার যাত্রীবাহী বাসে তরুণীর রক্তাক্ত লাশ

সাভারের আশুলিয়ায় যাত্রীবাহী দূরপাল্লার একটি বাস থেকে স্যুটকেসবন্দি অজ্ঞাত এক তরুণীর গলিত লাশ উদ্ধার করা হয়েছে। তবে তাৎক্ষণিকভাবে নিহতের পরিচয় জানা যায়নি।

শনিবার রাত সাড়ে ১১টার দিকে ঢাকা-আরিচা মহাসড়কে আশুলিয়ার নবীনগর বাসস্ট্যান্ড এলাকায় সেবা গ্রীন লাইন (ঢাকা মেট্রো ব-১৫-৩৯৮৭) নামে দূরপাল্লার একটি পরিবহন থেকে লাশটি উদ্ধার করা হয়।

নবীনগরের ওই পরিবহনের কাউন্টার মালিক মো. লিটন জানান, তাদের বাসটি গত শুক্রবার দুপুর আড়াইটায় কাউন্টারের ১৯ জন যাত্রীসহ মোট চল্লিশ জন যাত্রী নিয়ে গোপালগঞ্জের উদ্দেশে ছেড়ে যায় বাসটি। আরিচা এলাকায় ফেরি পারাপারের পর নবীনগর থেকে ওঠা এইচ-১ সিটের এক যাত্রীকে আর খুঁজে পাওয়া যায়নি বলে তাদের জানায় বাসটির স্টাফরা। পরে বাসটি গোপালগঞ্জের নাজিরপুর পৌঁছালে ওই যাত্রীর বাসের বক্সে রেখে যাওয়া একটি কালো রঙের স্যুটকেস পাওয়া যায়। খবরঃ কালের কণ্ঠের

এ সময় স্যুটকেসটির মালিক না পেয়ে আবারো একই বাসে ঢাকার উদ্দেশে পাঠিয়ে দেওয়া হয়। পরে পিবিআই'র কর্মকর্তারা স্যুটকেস খুলে অজ্ঞাত ওই তরুণীর লাশ বের করেন।

রাতে নবীনগর এলাকায় বাসটির বক্স খুলতেই এর ভেতর থেকে উটকো গন্ধ বের হতে থাকে। পরে পিবিআই এর উপস্থিতিতে কালো রঙের স্যুটকেসটি খুললে এর ভেতর থেকে তরুণীর রক্তাক্ত অর্ধগলিত লাশ উদ্ধার করা হয়।

ধার করে চলছে সরকার!

চলতি ২০১৯-২০ অর্থবছরে ফেব্রুয়ারি পর্যন্ত সরকার ব্যাংক ব্যবস্থা থেকে ঋণ নিয়েছে ৫৭ হাজার ৮১৯ কোটি টাকা।

রাজস্ব আদায়ে মন্দা, সঞ্চয়পত্র বিক্রিতে ধস। তাই উন্নয়ন প্রকল্পসহ প্রতিদিনের ব্যয় নির্বাহের জন্য ধার করার বিকল্প নেই সরকারের। ধার করতে গিয়ে অর্থ-বছরের আট মাসেই বাজেট নির্ধারিত ব্যাংক ব্যবস্থার মাধ্যমে ধার নেয়া লক্ষ্যমাত্রার ১১২ শতাংশ নিয়েছে সরকার। যা সংশোধিত বাজেটের ৭৩ শতাংশ। খবরঃ যায়যায়দিন

অপরদিকে আয় না থাকায় ধার নেয়ার লক্ষ্যমাত্রা বাড়ানো হয়েছে। তারপরও এই খাতে সরকারের বর্তমাণ ঋণের পরিমাণ ৫৮ হাজার কোটি টাকা। যা ব্যাংক ব্যবস্থা থেকে নেয়ার লক্ষ্য থেকে ১০ হাজার ৪৫৫ কোটি টাকা বেশি।

বাংলাদেশ ব্যাংক সূত্রে জানা গেছে, চলতি ২০১৯-২০ অর্থবছরে ফেব্রুয়ারি পর্যন্ত সরকার ব্যাংক ব্যবস্থা থেকে ঋণ নিয়েছে ৫৭ হাজার ৮১৯ কোটি টাকা। একই সময়ে সরকার ঋণ পরিশোধ করেছে এক লাখ ৩ হাজার ১৭৩ কোটি টাকা। এর মধ্যে গ্রস জমার পরিমাণ এক লাখ ৬০ হাজার ৯৯২ কোটি টাকা। গত অর্থবছরের একই সময় পর্যন্ত সরকারের নিট ঋণের পরিমাণ ছিল ১২ হাজার ২৩৭ কোটি টাকা। চলতি অর্থবছরে ব্যাংক ব্যবস্থা থেকে সরকারের ঋণ নেয়ার লক্ষ্য নির্ধারণ করা আছে ৪৭ হাজার ৩৬৪ কোটি টাকা। আট মাসেই সরকার এই লক্ষ্যমাত্রার ১২ শতাংশ বেশি ঋণ নিয়েছে। এই হিসেবে ঋণ নেয়ার পরিমাণ ১১২ শতাংশ।

এদিকে ঋণের পরিমাণ বেড়ে যাওয়ায় বাজেট সংশোধন করে ঋণের লক্ষ্যমাত্রা বাড়ানো হয়েছে। সংশোধিত বাজেট অনুযায়ী ব্যাংক ব্যবস্থা থেকে ঋণ নেয়ার নতুন লক্ষমাত্রা হচ্ছে ৭২ হাজার ৯৫১ কোটি টাকা। মূল বাজেট থেকে সংশোধিত বাজেটে লক্ষ্যমাত্রা বেড়েছে ২৫ হাজার ৫৮৭ কোটি টাকা। সে হিসেবে আট মাসে সরকারের ঋণ নেয়ার কথা ৪৮ হাজার ৬৩৪ কোটি টাকা। সেখানে ঋণ নেয়া হয়েছে ৫৭ হাজার ৮১৯ কোটি টাকা। যা লক্ষমাত্রা থেকে ৯ হাজার ১৮৫ কোটি টাকা বেশি নেয়া হয়েছে। শতাংশের হিসেবে ঋণ নেয়া হয়েছে ৭২ দশমিক ৯৪ শতাংশ।

গোমূত্র পান করে হাসপাতালে ভারতীয় মালাউন রামদেব

করোনাভাইরাস সারাবিশ্বেই ব্যাপক আকারে ছড়িয়ে পড়ছে। ভাইরাসের থাবা আটকাতে প্রতিষেধক তৈরির জন্য রাত-দিন এক করে ফেলছেন বিজ্ঞানী-গবেষকরা।

সম্প্রতি ভারতের হিন্দু মহাসভার পক্ষ থেকে দাবি করা হয়, করোনা রুখতে একমাত্র 'মহৌষধি' হল গোমূত্র।

করোনাভারাসের ওষুধ হিসেবে গোমূত্র পানের দাবিকে কেন্দ্র করে ভারতের সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে বহু পোস্ট। সম্প্রতি সেদেশের ফেসবুকে ভাইরাল হয়েছে, করোনাভাইরাসের হানা থেকে বাঁচতে অত্যধিক মাত্রায় গোমূত্র পান করে এবার হাসপাতালে ভর্তি হয়েছেন যোগগুরু বাবা রামদেব।

দাবির স্বপক্ষে রামদেবের একটি ছবিও পোস্ট করা হয়। যেখানে হাসপাতালে ভর্তি থাকতে দেখা গেছে তাকে। তাকে ঘিরে রয়েছেন তার ভক্তরা।

ফেসবুকের বেশ কিছু অ্যাকাউন্ট থেকে একই ছবি ও দাবি করে এই পোস্ট দেয়া হয়েছে।

ইংরেজিতে 'Baba Ramdev Weak Hospital' লিখে গুগল-সার্চের ফলে সংবাদমাধ্যমে প্রকাশিত আসল ছবিটির সন্ধান মেলে। ওই খবর অনুযায়ী, দেরাদুনে অনশন ভঙ্গের পর হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল রামদেবকে। ছবিটি ওইসময় তোলা হয়েছিল।

করোনাভাইরাস নিয়ে মুফতী তাকী উসমানীর গুরুত্বপূর্ণ বার্তা

শাইখুল ইসলাম মুফতী তাকী উসমানী হাফিযাহুল্লাহ বিশ্বব্যাপী আলোচিত করোনা ভাইরাস বিষয়ে সংক্ষিপ্ত তবে সারগর্ভ ইসলামী বার্তা তুলে ধরেছেন।

তাঁর বার্তাটি পাকিস্তানের বিখ্যাত দ্বীনী প্রতিষ্ঠান জামিয়াতুর রশীদের অফিসিয়াল ইউটিউব চ্যানেলে প্রকাশিত হয়েছে।

হযরতের বক্তব্যের হুবহু অনুবাদ নিম্নে তুলে ধরা হল-

“বিসমিল্লাহির রাহমানির রাহীম

আজকাল বিশ্বব্যাপী করোনা ভাইরাসের সংক্রমণের কথা শোনা যাচ্ছে। এর বিস্তৃতি ক্রমেই বাড়ছে। একে প্রতিরোধ করার জন্য ও সর্তকতামূলক পদক্ষেপ গ্রহণের কথা বলা হচ্ছে।

কেউ কেউ মনে করেন, এক্ষেত্রে পূর্ব সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ করা ইসলামের তাওয়াক্কুলের পরিপন্থী। এ কথাটি একেবারেই সঠিক নয়। স্বয়ং নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরকম পরিস্থিতিতে পূর্ব সতকর্তামূলক পদক্ষেপ গ্রহণের দিক-নির্দেশনা প্রদান করেছেন।

যেমন, তাউন বা প্লেগ রোগ কোথাও ছড়িয়ে পড়লে, বাহির থেকে কাউকে সেখানে যেতে বারণ করেছেন। আর ভিতরের লোককে বাহিরে যেতে নিষেধ করেছেন। সুতরাং এ ধরনের পদক্ষেপ গ্রহণ করা শরীয়তের চাহিদার অন্তর্ভুক্ত।

অতএব এ ব্যাপারে সরকার প্রধান বা স্বাস্থ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে যেসব নির্দেশনা প্রদান করা হচ্ছে, তা অনুসরণ করা শুধু উচিত-ই নয়; বরং শরীয়াতের দৃষ্টিতেও জরুরী।

অধিক হারে লোক সমাগম হয় এমন কোনো প্রোগ্রাম বা অনুষ্ঠানে যেহেতু করোনা ভাইরাস ছড়িয়ে পড়ার আংশকা প্রবল, তাই এ মুহূর্তে এমন প্রোগ্রামের আয়োজন না করাই উচিত।

বিয়ে-শাদীর প্রোগ্রাম ছোট পরিসরে করা উচিত। লোক সমাগম যেনো কম হয়। তাছাড়া বিয়ে শাদী ছোট পরিসরে হওয়াই সুন্নাহ।

হয় বিয়ে শাদীর প্রোগ্রাম এ মুহূর্তে পিছিয়ে দিন অথবা পরিসর ছোট করুন।

জুমা ও অন্যান্য ফরয নামাযের ক্ষেত্রে শুধু ফরযটি মসজিদে পড়বে। বাকি সুন্নাত ও নফল নামায ঘরেই আদায় করবে। তাছাড়া স্বাভাবিক অবস্থায়ও নফল নামায ঘরে পড়াই উত্তম। এমনকি ওযুও বাসা থেকেই করে আসবে।

এমনকি জুমা ও অন্যান্য নামাযের ক্ষেত্রে ইমাম সাহেবগণ ক্বেরাত সংক্ষেপ করাই উত্তম।

স্বাস্থ্য মন্ত্রনালয় থেকে যদি মুসাফাহা না করার পরামর্শ দেয়া হয়, তবে সেটাও পালন করা উচিত। মুসাফাহা করবে না। কারণ তা ফরয বা ওয়াজিব নয়। আর যা ফরয বা ওয়াজিব নয়, সেটা এ মুহূর্তে ত্যাগ করতে কোনো সমস্যা নেই।

পূর্বে যা বলা হল তা অনুসরণ করাই ভালো। এতে নিজ ও দেশ সকলেরেই কল্যাণ রয়েছে। এটি শরীয়াহ্ ও নববী নির্দেশনার সম্পূর্ণ অনুকুল। সুতরাং এর উপর আমল করা চাই। “ (শেষ)

টিকা: হযরত যে মূল্যবান বার্তা তুলে ধরেছেন, তা ইতালী, চীন ও এরকম অন্যান্য দেশের জন্য শতভাগ প্রযোজ্য, যেসব দেশে এ ভাইরাস বড় আকারে ছড়িয়ে পড়েছে।

তবে আমাদের দেশের জন্য এখনি তা হুবুহু প্রযোজ্য হবে কি না তা স্থানীয় উলামায়ে কেরাম ভেবে দেখবেন ইনশাআল্লাহ। আল্লাহ সুবহানাহু আমাদেরকে এরকম পরিস্থিতির সম্মুখিন হওয়া থেকে হেফাযতর করুন। বিশ্ববাসীকে এ আযাব থেকে মুক্ত করুন। আমীন।

ডিসি অফিসে সাংবাদিক আরিফকে চোখ বেঁধে বিবস্ত্র করে নির্যাতন

বাংলা ট্রিবিউনের কুড়িগ্রাম প্রতিনিধি আরিফুল ইসলাম রিগ্যানকে শুক্রবার (১৩ মার্চ) গভীর রাতে বাসার গেট ও ঘরের দরজা ভেঙে ঢুকে তুলে নিয়ে যাওয়ার পর জেলা প্রশাসকের কার্যালয়ে চোখ বেঁধে বিবস্ত্র করে নির্যাতন করা হয়েছে। সে নির্যাতনের ঘটনার পুরো দৃশ্য ভিডিও করে একজন।

শনিবার (১৪ মার্চ) কুড়িগ্রাম কারাগারে আটক আরিফের সঙ্গে দেখা করতে গেলে স্ত্রী মোস্তারিমা সরদার নিতুর কাছে এসব অভিযোগ করেছেন তিনি (আরিফ)।

এসময় রাতের ঘটনায় নেতৃত্ব দানকারী কুড়িগ্রাম জেলা প্রশাসকের কার্যালয়ের আরডিসি (সিনিয়র সহকারী কমিশনার-রাজস্ব) নাজিম উদ্দিনকে চিনে ফেলেন নিতু। তিনি সাংবাদিকদের কাছে দাবি করেন, আরডিসি নাজিম উদ্দিনই তার বাসায় হামলার নেতৃত্ব দিয়েছেন।

মোস্তারিমা সরদার নিতু আরও জানান, 'আমার স্বামী খুবই অসুস্থ। সে ঠিকমতো দাঁড়াতে পারছে না। আমাদের সঙ্গে বিস্তারিত কথা বলার মতো শক্তি ছিল না তার।'

আরডিসি নাজিম উদ্দিন অভিযানে থাকার অভিযোগ অস্বীকার করে বলেন, 'আমি গতরাতে ওয়ার্ক স্টেশনে ছিলাম না।'

উল্লেখ্য, শুক্রবার (১৩ মার্চ) মধ্যরাতে বাড়িতে হানা দিয়ে ধরে নিয়ে সাংবাদিক আরিফুল ইসলামকে এক বছরের কারাদণ্ড দিয়েছেন জেলা প্রশাসনের মোবাইল কোর্ট। এসময় তার বিরুদ্ধে আধা বোতল মদ ও দেড়শ' গ্রাম গাঁজা পাওয়া গেছে বলে অভিযোগ তোলা হয়। যদিও আরিফের অধূমপায়ী হওয়ার বিষয়টি নিশ্চিত করেছে তার পরিচিতরা।

সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, জেলা প্রশাসক মোছা. সুলতানা পারভীন একটি পুকুর সংস্কার করে নিজের নামে নামকরণ করতে চেয়েছিলেন। আরিফুল এ বিষয়ে নিউজ করার পর থেকেই তার ওপর ক্ষুব্ধ ছিলেন ডিসি। এছাড়া, সম্প্রতি জেলা প্রশাসনের বিভিন্ন অনিয়ম নিয়ে রিপোর্ট করতে চেয়েছিলেন সাংবাদিক আরিফ। এ বিষয়ে জানতে পেরে জেলা প্রশাসকের অফিস থেকে তাকে বেশ কয়েকবার ডেকে নিয়ে সতর্ক করা হয়।

খেলাপি আদায়ে ব্যর্থ ১৭ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

সংকটকাল অতিক্রম করছে দেশের আর্থিক খাত। বিশ্বব্যাপি করোনার কোপ ও দুর্নীতি-অনিয়মের কারণে বাংলাদেশর অর্থনীতির অবস্থা খুবই নাজুক। এর মধ্যে সরকারকে দেওয়া প্রতিশ্রুতি নিয়ে বিপাকে পড়েছে ১৭ ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান। শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণ, খেলাপি থেকে আদায়, অবলোপন করা ঋণ কমানো, রিট মামলা নিষ্পত্তিকরণ, অর্থঋণ আদালতের মামলা নিষ্পত্তিসহ বিভিন্ন সূচকে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হয়েছে অধিকাংশ প্রতিষ্ঠান। সূত্র:অর্থসূচক

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন ১৭টি ব্যাংক-বীমা ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের অর্ধবার্ষিক কর্মসূচি মূল্যায়ন বিষয়ক সভায় উপস্থাপিত এক প্রতিবেদনে এসব তথ্য উঠে এসেছে। সম্প্রতি মন্ত্রণালয়ে এ সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়।

জানতে চাইলে বিশ্বব্যাংকের ঢাকা অফিসের সাবেক মুখ্য অর্থনীতিবিদ ড. জাহিদ হোসেন বলেন, শুধু লক্ষ্য নির্ধারণ করলে তা অর্জন সম্ভব নয়। এর গভীরে পৌঁছাতে হবে। কোন কারণে ঋণ খেলাপি এবং অবলোপন করা হয়েছে-তা আগে খুঁজে বের করতে হবে। সাধারণত রাজনৈতিক প্রভাবের কারণে প্রথমে ঋণ অনিয়ম এবং পরে খেলাপিতে পরিণত হয়। এ ধরণের পরিস্থিতির কোনো পরিবর্তন এখনও হয়নি। এছাড়া স্টে অর্ডারের মাধ্যমে বছরের পর বছর আটকে আছে অনেক ঋণ। আইনি সংস্কার ছাড়া মামলাজট খোলা সম্ভব নয়। আগে সমস্যার গোড়ায় হাত দিতে হবে। তবে লক্ষ্য অর্জন সম্ভব হতে পারে। মূলত কাগুজে পদক্ষেপে কোনো দিন এ ধরণের খারাপ ঋণ আদায় হবে না।

প্রতিবেদনের তথ্য অনুযায়ী, রাষ্ট্রায়ত্ত ৬টি ব্যাংকের মধ্যে অধিকাংশই কাঙ্খিত পরিমাণ খেলাপি ঋণ কমাতে পারেনি। বিদায়ী বছরের ডিসেম্বর পর্যন্ত জনতা ব্যাংকের খেলাপি ঋণ কমিয়ে ১০ হাজার কোটি টাকায় নামানোর লক্ষ্যমাত্রা ছিল। কিন্তু ২০১৯ শেষে ব্যাংকের মোট খেলাপি ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ১৪ হাজার ৪৫৩ কোটি টাকা। অর্থাৎ ব্যাংকটি লক্ষ্য অর্জনে ব্যর্থ হয়েছে। একইভাবে রূপালী ব্যাংকের লক্ষ্যমাত্রা ছিল ৩ হাজার ৭০০ কোটি টাকা। কিন্তু ডিসেম্বর শেষে ব্যাংকটির মোট খেলাপি ৪ হাজার ২২৬ কোটি টাকায় অবস্থান করছে। খেলাপি ঋণ ৫ হাজার ৬০০ কোটি টাকায় নামিয়ে আনার কথা ছিল অগ্রণী ব্যাংকের। কিন্তু নির্ধারিত সময় শেষে ৬ হাজার কোটি টাকায় দাঁড়িয়েছে ব্যাংকটির মোট খেলাপি। একই অবস্থা বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেডও (বিডিবিএল)। ২০১৯ সাল শেষে ব্যাংকের মোট খেলাপি ঋণের পরিমাণ ৭০০ কোটি টাকায় নামিয়ে আনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। কিন্তু সময় শেষে ব্যাংকটির খেলাপি দাঁড়িয়েছে ৭৬৪ কোটি টাকা।

প্রতিবেদনে দেখা গেছে, শ্রেণীকৃত ঋণ থেকে আদায় একেবারেই কম। কাঙ্খিত লক্ষ্যে পৌঁছাতে পারেনি সরকারি খাতের কোনো ব্যাংক। সোনালী, জনতা, অগ্রণী, রূপালী, বেসিক ও বিডিবিএল ব্যাংকের আদায় যথাক্রমে ৪২, ৫২, ৩৩, ৩৪, ৮৭ ও ৩০ শতাংশ। অবলোপনকৃত ঋণ থেকে আদায়ের অবস্থাও খারাপ। উল্লেখিত ব্যাংকগুলো ২০১৯ শেষে অবলোপনকৃত ঋণ থেকে আদায় করেছে যথাক্রমে ১৮, ৪৪, ১১২, ১১, ১৮৭ ও ৭ শতাংশ।

প্রাপ্ত তথ্যমতে, শুধু অগ্রণী ব্যাংক ছাড়া পরিচালন মুনাফার লক্ষ্য অর্জনে ব্যর্থ সরকারি খাতের সবগুলো ব্যাংক। বিদায়ী বছরের জুলাই থেকে ডিসেম্বর পর্যন্ত সোনালী ব্যাংকের পরিচালন মুনাফার লক্ষ্য ছিল ১ হাজার ৯০০ কোটি টাকা। কিন্তু সময় শেষে ব্যাংকটির মুনাফা ১ হাজার ২৭৬ কোটি টাকা। যা নির্ধারিত লক্ষ্যমাত্রার তুলনায় কম বা ৬৭ শতাংশ। জনতা ব্যাংকের লক্ষ্য ছিল ১ হাজার কোটি। এর বিপরীতে পরিচালন মুনাফা অর্জন হয়েছে ৬৮৮ কোটি টাকা। এছাড়া অগ্রণী, রূপালী, বেসিক ও বিডিবিএলের পরিচালন মুনাফা যথাক্রমে ১০৮, ২৯, (-২৩২৪২), ও ৩৬ শতাংশ। আলোচ্য সময়ে বেসিক ব্যাংকের পরিচালন মুনাফার লক্ষ্য ছিল মাত্র ১ কোটি টাকা। কিন্তু এই সময়ে ব্যাংকটির মুনাফা না বেড়ে উল্টো কমেছে। এই ছয় মাসে বেসিক ব্যাংক ২৩২ কোটি টাকার লোকসানে পড়েছে।

লোকসানি শাখা কমানোর ক্ষেত্রেও ঋণাত্মক অবস্থানে রয়েছে বেসিক ব্যাংক। শুধু বেসিক নয়, বিডিবিএল ও অগ্রণী ব্যাংকও অর্জন করতে পারেনি লোকসানি শাখা কমানোর লক্ষ্য। ডিসেম্বর শেষে অগ্রণী ব্যাংকের মোট লোকসানি শাখা হওয়ার কথা ছিল ৬০টি। কিন্তু শাখা কার্যক্রম ভালো না হওয়ায় ৭০টিতে দাঁড়িয়েছে ব্যাংকের মোট লোকসানি শাখা। একই সময়ে বেসিক ব্যাংকের মোট লোকসানি শাখা ২৬টি। কিন্তু নির্ধারিত লক্ষ্যমাত্রা ছিল ১৫টিতে কমিয়ে আনা। অন্যদিকে বিডিবিএলের লোকসানি শাখা কমিয়ে ১৪টিতে নামিয়ে আনার কথা থাকলেও বছর শেষে ব্যাংকটির মোট লোকসানি শাখা দাঁড়িয়েছে ১৭টি।

এদিকে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের (বিএইচবিএফসি) অধিকাংশ সূচক সন্তোষজনক নয়। ঢাকা ও চট্টগ্রাম মহানগর এলাকায় ঋণ বিতরণ, সরকারি কর্মচানীদের মধ্যে গৃহঋণ বিতরণ, কর্পোরেশন কর্মচারীদের মধ্যে গৃহঋণ বিতরণ, শ্রেণীকৃত ঋণ থেকে আদায় ও শ্রেণীকৃত ঋণের হার কমানের ক্ষেত্রে ব্যর্থ হয়েছে প্রতিষ্ঠানটি। আলোচ্য সময়ে শ্রেণীকৃত ঋণ থেকে লক্ষ্যমাত্রার ৪২ শতাংশ অর্জন করছে বিএইচবিএফসি।

একই অবস্থা ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশের (আইসিবি)। অধিকাংশ সূচক সন্তোষজনক অবস্থানে নেই। পুঁজিবাজারে বিনিয়োগের লক্ষ্যমাত্রার ৩৭ শতাংশ, স্টক

এক্সচেঞ্জগুলোর লেনদেনের পরিমাণ বৃদ্ধিতে ২৮ শতাংশ, নতুন বিনিয়োগকারী বৃদ্ধিতে ২২ শতাংশ, বিনিয়োগে ঋণ সহায়তায় ১৪ শতাংশ, ঋণ আদায়ে ৩৮ শতাংশ ও শ্রেণীকৃত ঋণ থেকে আদায়ে মাত্র ১০ শতাংশ লক্ষ্যমাত্রা অর্জন করেছে আইসিবি।

কয়েকটি সূচকে ভালো করলেও অনেক সূচকেই লক্ষ্যে পৌঁছাতে পারেনি জীবন বীমা কর্পোরেশন। বিনিয়োগ থেকে আয়, মাঠ পর্যায়ে বীমা প্রতিনিধির সংখ্যা বৃদ্ধি ও উত্থাপিত অডিট আপত্তি নিষ্পত্তিতে খুবই খারাপ অবস্থা জীবন বীমা কর্পোরেশনের। ২০১৯ সালের শেষ ছয় মাসে ৫০টি আপত্তি নিষ্পত্তি করার কথা থাকলেও একটিও নিষ্পত্তি করতে পারেনি প্রতিষ্ঠানটি।

এছাড়া বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রবাসী কল্যাণ ব্যাংক, আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক, মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি, সাধারণ বীমা কর্পোরেশন এবং বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেটও বিভিন্ন সূচকে বেঁধে দেয়া লক্ষ্য অর্জন করতে পারেনি।

প্রতিবছর ইয়ামানে মারা যাচ্ছে ৫০ হাজার শিশু : আনসারুল্লাহ

ইয়ামানের জনপ্রিয় আনসারুল্লাহ আন্দোলন বলেছে, দারিদ্রপীড়িত দেশটিতে সৌদি নেতৃত্বাধীন জোটের সামরিক আগ্রাসন এবং সর্বাত্মক অবরোধ আশঙ্কাজনকভাবে শিশু মৃত্যুর হার বাড়িয়ে তুলছে।

আনসারুল্লাহ গত (বৃহস্পতিবার) বলেছে, ইয়ামানের বিরুদ্ধে সৌদি আরবের চলমান সামরিক আগ্রাসন দেশটিতে দুর্ভিক্ষ, দারিদ্রতা এবং রোগ বাড়িয়ে তুলছে।এর ফলে ইয়ামানে প্রতিবছর এক মাসের কম বয়সি ৫০ হাজার শিশু মারা যাচ্ছে।

২০১৫ সালের ২৬ মার্চ থেকে সৌদি আরব ও তার আঞ্চলিক মিত্ররা ইয়ামানের সাবেক পলাতক প্রেসিডেন্ট আব্দু রাব্বু মানসুর হাদিকে ক্ষমতায় পুনর্বহাল করার লক্ষ্যে দেশটির বিভিন্ন এলাকায় আগ্রাসন চালিয়ে যাচ্ছে। এ পর্যন্ত এতে হাজার হাজার মানুষ নিহত হয়েছে। এছাড়া, আহত ও উদ্বাস্তু হয়েছে কয়েক লাখ মানুষ। এ নিয়ে বিশ্ব একেবারেই চুপ রয়েছে।

ইয়ামানের বিরুদ্ধে পাশ্চাত্য সমর্থিত সৌদি সামরিক আগ্রাসনের পাশাপাশি দেশটির ওপর নৌ অবরোধের ফলে এর অবকাঠামো ধ্বংস হয়ে গেছে। এছাড়া, সৌদি আগ্রাসনের ফলে ইয়ামানে চরম মানবিক সংকটের সৃষ্টি হয়েছে এবং দেশটির শিশুরা কলেরাসহ মারাত্মক অপুষ্টিতে ভুগছে।

১৪ই মার্চ, ২০২০

কমছেই না‘গণধর্ষণ’, চরম উৎকণ্ঠায় অভিভাবকরা

রাজধানীর বিমানবন্দর থানার রেলস্টেশন এলাকায় ১৪ বছরের এক কিশোরীকে গণধর্ষণের ঘটনা ঘটেছে। ওই কিশোরীকে বর্তমানে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টারে (ওসিসি) ভর্তি করা হয়েছে।

হাসপাতাল সূত্রে জানা যায়, আজ শনিবার ভোরে ওই কিশোরীকে হাসপাতালে নিয়ে আসা হয়েছে। ভুক্তভোগী ওই কিশোরী বিমানবন্দর রেলস্টেশন এলাকাতেই থাকে।

গতকাল শুক্রবার রাতে তিনজন ওই কিশোরীকে রেলস্টেশনের পাশের একটি ঝোপঝাড়ের মধ্যে নিয়ে গণধর্ষণ করে পালিয়ে যায়। পরে ওই এলাকার কয়েকজন মিলে তাকে উদ্ধার করে সকাল ৫টার দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান। খবরঃ আমাদের সময়

ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের পুলিশ ফাঁড়ির ইনচার্জ পরিদর্শক বাচ্চু মিয়া বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, আজ ভোরে ওই কিশোরীকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাকে গণধর্ষণ করা হয়েছে।

এর আগে গত ৫ জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রীকে ধর্ষণের অভিযোগ ওঠে। ওইদিন বিকেল সাড়ে ৫টার দিকে শেওড়া যাওয়ার উদ্দেশে ঢাবির বাসে ওঠেন ওই শিক্ষার্থী। সন্ধ্যা ৭টার দিকে শেওড়ার বিপরীত পাশে কুর্মিটোলায় বাস থেকে নামেন তিনি। সেখান থেকে নেমে ফুটপাট দিয়ে ৪০ থেকে ৫০ গজ শেওড়ার দিকে হেঁটে আর্মি গলফক্লাব মাঠ সংলগ্ন স্থানে পৌঁছালে পেছন থেকে অজ্ঞাত ব্যক্তি মুখ চেপে তাকে পাশের একটি স্থানে নিয়ে অজ্ঞান করে ধর্ষণ করে।

ফটো রিপোর্ট | দখলদারিত্বের অবসানে, মহাউৎসব আফগানে

আফগানিস্তানে দীর্ঘ সময় পর দখলদারিত্বের অবসান ঘটেছে। আফগানিস্তান থেকে বিদায় নিচ্ছে দখলদার আমেরিকা। আর, তাই দখলদারিত্বের এই অবসানকে উৎযাপন করছেন আফগানিস্তানের সকল স্তরের জনগণ। আফগানজুড়েই চলছে আনন্দোৎসব। আমেরিকা তথা দখলদারদের বিদায়ে খুশি হয়ে সবাই জড়ো হয়েছেন মাঠে-ময়দানে, আলেম-উলামা ও গোত্রীয় নেতারা বক্তব্য রেখেছেন সেখানে। ইসলামী ইমারতের ভবিষ্যত পরিকল্পনায় সফলতার জন্য দোয়া করেছেন। পাশাপাশি, এই প্রয়োজনীয়তার সময়ে ইসলামী ইমারতের মুজাহিদীনের প্রতি সাহায্য অব্যাহত রাখার প্রতিশ্রুতি দিয়েছেন। গত ৩রা মার্চ ইসলামী ইমারতের অফিসিয়াল ওয়েবসাইটে এই তথ্যগুলো পিকচারসহ জানানো হয়েছে।

https://alfirdaws.org/2020/03/14/34463/

ছয় ছয়টি জায়েজ বিয়ে বন্ধ করলো তাগুত বাহিনীর ভ্রাম্যমাণ আদালত

সিরাজগঞ্জ সদর উপজেলার বিভিন্ন স্থানে এক রাতে ছয়টি জায়েজ বিয়ে বন্ধ করলো তাগুত বাহিনীর ভ্রাম্যমাণ আদালত।

গতকাল শুক্রবার সন্ধ্যা থেকে গভীর রাত পর্যন্ত সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. আনিসুর রহমানের নেতৃত্বে এসব বিয়ে বন্ধ করে তাগুত প্রশাসন।

নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. আনিসুর রহমান গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করে জানিয়েছেন, অভিযানে মেয়েদের ১৮ বছরের নীচে বিয়ে দেবেন না মর্মে অভিভাবকদের কাছ থেকে মুচলেকা নেওয়া হয়েছে। খবরঃ কালের কণ্ঠের

এর মধ্যে বহুলী ইউনিয়নের ধীতপুর কানু গ্রামে আবু সামা শেখের মেয়ে জান্নাতি খাতুনের বিয়ে বন্ধ করে কনের বাবা আবু সামা শেখকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়। উপজেলার কাদাই গ্রামে ছানোয়ার হোসেনের তার ৭ম শ্রেণি পড়ুয়া মেয়ের (১৩) কথিত বাল্যবিয়ে বন্ধ করা হয়। বাগবাটি দক্ষিণ পাড়ার আবু হানিফের মেয়ে সুবর্ণা খাতুনের (১৬) কথিত বাল্যবিয়ে বন্ধ করা হয়। এ সময় কাজী রেজাউল করিমকে ৫০ হাজার, বর আজিজল হককে ৫ হাজার ও কনের ভগ্নিপতি খোকন মিয়াকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। শিয়ালকোল ইউনিয়নের শিবনাথপুর গ্রামের আকতার হোসেনের মেয়ে স্থানীয় উচ্চ বিদ্যালয়ের ৯ম শ্রেণির ছাত্রী আতিয়া খাতুনের (১৪) বিয়ে বন্ধ করা হয়। এ সময় বর-কনের বাবাকে ৫ হাজার টাকা করে জরিমানা

করা হয়। বাগবাটি ইউনিয়নের কানগাঁতী গ্রামের হাফিজুলের মেয়ে ১০ম শ্রেণির ছাত্রী নুপুরের (১৫) বিয়ে বন্ধ করা হয় এবং বর ও কনের বাবাকে ৫ হাজার টাকা করে জরিমানা করা হয়। সবশেষে বাগবাটি ইউনিয়নের মালিগাঁতী এলাকায় ৭ম শ্রেণিতে পড়ুয়া লিমা খাতুনের (১২) কথিত বাল্যবিয়ে বন্ধ করে কনের বাবাকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

দিনাজপুরে মাদক বিক্রির সময় দুই বিজিবি সদস্য আটক

দিনাজপুরে মাদক বিক্রির সময় দুই বিজিবি সদস্যকে আটক করা হয়েছে। মঙ্গলবার রাত ২টার দিকে শহরের গোড়-এ শহীদ ময়দানের কাছে কৃষ্ণকলি রেস্টুরেন্টের পাশ থেকে তাদের আটক করা হয়। দুই জনকেই বিজিবির কাছে হস্তান্তর করা হয়েছে। খবর -বাংলা ট্রিবিউন

আটককৃতরা হলেন- বিজিবি দিনাজপুর সেক্টরের সিগন্যাল ম্যান আনোয়ার হোসেন (৩০) ও ল্যান্স নায়েক সহকারী সাগর হোসেন (৩০)। আনোয়ার হোসেন ব্রাহ্মণবাড়িয়া জেলার সদর থানার পশ্চিম মোড্ডা এলাকার আলমগীর হোসেনের ছেলে। সাগর হোসেন ঝিনাইদহ জেলার সদর থানার আরাপপুর গ্রামের আবু বক্কর সিদ্দিকের ছেলে।

দিনাজপুর গোয়েন্দা শাখার (ডিবি) পুলিশের ওসি এটিএম গোলাম রসুল জানান, দুই মাদক ব্যবসায়ী কৃষ্ণকলি রেস্টুরেন্টের পাশে পাইকারি মাদক বিক্রির জন্য অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় গোয়েন্দা পুলিশ। এসময় নিশ্চিত হয়ে দুই জনকে আটক করা হয়। তাদের মোটরসাইকেলে সবুজ রঙের একটি ব্যাগে স্কচটেপ মোড়ানো দুই কেজি গাঁজা উদ্ধার করা হয়। পরে সেগুলো জব্দ করে দুই জনকে ডিবি কার্যালয়ে নিয়ে যাওয়া হয়। বুধবার সকাল সাড়ে ৮টার দিকে বিজিবি দিনাজপুর সেক্টরের সদস্যরা আটক দুই জনকে ডিবি কার্যালয় থেকে নিয়ে যায়। এ ব্যাপারে কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা জানতে বিজিবি দিনাজপুর সেক্টর কমান্ডারের সরকারি নম্বরে বারবার যোগাযোগ করা হলেও তিনি কল রিসিভ করেননি।

দিল্লী গণহত্যায় মালাউন পুলিশ ও প্রশাসনের পক্ষপাত

প্রথমে আমাদের কাছে যথেষ্ট পাথর ছিল না । পুলিশ আমাদের পাথর এনে দিয়ে সেগুলো ছুঁড়তে বললো । -হিমাংশু রাথোড় (আন্দোলনকারী গেরুয়া সন্ত্রাসীদের একজন)

নাগরিকত্ব সংশোধনী আইন । এই আইন ভারতে মনুষ্যত্বহীনতার ভয়াল রূপ নিয়ে আমাদের সামনে হাজির হয়েছে । সফলভাবে আঞ্জাম দিয়ে যাচ্ছে অসংখ্য সহিংসতা । আর জন্ম দিচ্ছে প্রতিহিংসার অন্তহীন আগুন।

এই অমানবিকতার প্রতিবাদে ঘর থেকে বেরিয়ে এসেছিল অযুত মানুষ । বিনিময়ে তারা হারিয়েছে আত্মীয়-স্বজন, কিংবা জীবনের শেষতম আশ্রয় ভিটেমাটি , সাহায্যের পরিবর্তে মোকাবেলায় দাঁড়িয়েছে জয় শ্রী রাম ধ্বনিতে মাঠ-ঘাট কাঁপিয়ে সারা জীবন বন্ধু মনে করা হিন্দু জনস্রোত ; দিল্লী গণহত্যা। এই পরিস্থিতি নিয়ন্ত্রণের ক্ষমতা কি কারো ছিলনা ? অবশ্যই ছিল । প্রশাসন ও পুলিশের নিয়ন্ত্রণের সক্ষমতা ছিল । তবে তাদের ভূমিকা নিয়েও উঠেছে অনেক প্রশ্ন । এমন কিছু প্রশ্ন ; কয়েকটি দুঃখময় কাহিনী ও কথা নিয়ে। চলুন জেনে আসা যাক ।

১.

মাথায় দগদগে রডের বাড়ি আর অমানুষিক নির্যাতন নিয়ে জানালা ভাঙা এ্যাম্বুলেন্সে শুয়ে আছেন সরফরাজ আলি । ভয়ার্ত কণ্ঠে তিনি বলতে শুরু করেন –

আমি আর আমার বাবা বাইকে করে আসছিলাম । তারপর প্রথমে তারা (পুলিশ) আমাদেরকে 'জয় শ্রীরাম' শ্লোগান দিতে বলে । এবং নাম জিজ্ঞাসা করে । আমি ভুয়া একটা নাম ঠিক করে রেখেছিলাম । সেটা বললাম । তারা আমার আইডি কার্ড চাইল । কিন্তু আমার কাছে তা ছিলনা । হঠাৎ তারা আমার হেলমেট খুলে মোটা রড দিয়ে মাথায় এক ঘা বসিয়ে দেয় । বাইক থেকে আমাদের ফেলে দেয় । আর চোখের সামনেই আমার বাইকটি দাউ দাউ করে জ্বলে উঠে । অনেকক্ষণ যাবত তারা আমাকে আর বাবাকে পেটাতে থাকে ।

ওরা মুসলিমদের চিহ্নিত করে শুধু তাদেরই মারছে । হিন্দু জানতে পারলেই ছেড়ে দিচ্ছে । আর যখন আমি ভুয়া নামটা বলেছিলাম তখন তারা আমার কথা কথা বিশ্বাস করলো না । বললো – ঠিক আছে দেখি প্যান্ট খুল !

এরপর তিনি নিজের অশ্রু লুকানোর চেষ্টা করলেন । না তিনি পারলেন না । আর সেই এক ফোঁটা অশ্রু থেকে হাজারো মানুষের পাঁজর ভাঙা কান্নার নির্মম ধ্বনি ভেসে এলো ।

২.

বাইরে প্রচণ্ড হৈচৈ শুরু হয় । বন্দে মাতরম আর জয় শ্রীরাম শ্লোগানে দপ করে জ্বলে উঠে চারপাশ । অবস্থা বেগতিক দেখে দোকানের ঝাঁপি নামিয়ে ভেতর থেকে তালা লাগিয়ে বসে

রইলেন ব্যবসায়ী বুরা খান । সন্ত্রাসীরা এসে প্রথমে তার গাড়িটিকে জ্বালিয়ে দিল । তারপর দোকানঘর । লোকজন যখন অবিরাম পাথর বর্ষণ করছিল তখন তিনি আগুন নেভানোর চেষ্টা করেন । হঠাৎ কেউ একজন ভেতরে টিয়ার গাস ছুঁড়ে মারে । তিনি দোকানের পাশের দরোজা দিয়ে পালাতে চেষ্টা করেন । বাইরে বের হয়ে দোকানের দিকে ফিরে তাকান । পরক্ষণেই একটি দৃশ্যের দিকে চোখ গেলে স্তব্ধ হয়ে যান তিনি, স্থির হয়ে যায় তার সমস্ত ভাবনা। তিনি দেখেন, পুলিশ ও হামলাকারীরা একসাথে মিলে আগুন লাগাচ্ছে তার দোকানে । তখনি ছাদ থেকে লাফিয়ে পড়েন তিনি । জানটুকু নিয়ে কোনভাবে পালিয়ে যান নির্দিষ্ট দূরত্বে ।পরদিন তিনি তার ভস্মীভূত দোকানের উপর দাঁড়িয়ে বলেন-দমকলের গাড়ি এসে কিছুক্ষণের মধ্যেই চলে যায় । কিছুই করেনি তারা । এভাবেই আমার সব শেষ হয়ে গেলো ।

৩.

ফুটপাতের পাশে ফায়জান নামের ২৩ বছরের এক যুবককে নির্মমভাবে পিটিয়ে পিটিয়ে হত্যা করেছে পুলিশ । নিহতের ভাই নাঈম চোখের পানি ছেড়ে দিয়ে বলেন-প্রচণ্ড ব্যাথায় আমার ভাই ভালমতো বসতেও পারছিল না এবং দাঁড়াতেও পারছিল না । তার শরীর নীল হয়ে গিয়েছিল । কালশিটে দাগে ভরে উঠেছিল সমস্ত দেহ । তার শরীরের এমন এমন জায়গায় মারা হয় যেগুলো কাউকে বলা যায় না ।

৪.

মঙ্গলবার দুপুর । চারিদিকে সুনসান নীরবতা । শিব বিহারের পুরুষেরা কয়েক মাইল দুরে, দিল্লির আরেক অংশের একটি ইজতেমায় গিয়েছে । শুধুমাত্র নারীরাই ঘরের ভেতর ।

হঠাৎ ৫০/ ৬০ জন লাঠি হাতে হেলমেট পরিহিত অপরিচিত লোকদের একত্র অবস্থায় দেখা যায় । তারা ঘরে ঘরে গিয়ে নারীদেরকে আশ্বস্ত করে বলে-আমরা তোমাদেরকে রক্ষা করতে এসেছি । ভয় পাবা না । ঘরের ভেতরেই থাক । বের হয়ো না ।

নারীরা জানালা দিয়ে তাদের গতিবিধি পর্যবেক্ষণ করছিলেন । কিছুক্ষণ পরই বোঝা গেলো যে, তারা ঘরবাসীদের সাহায্য বা রক্ষা, কিছুই করতে আসেনি ।

তারা জয় শ্রী রাম বলে শ্লোগান দেয়া শুরু করে । কয়েকটি মুসলিম বাড়ী আর একটি ফার্মেসিতে দপ দপ করে আগুন জ্বলে উঠে । হামলাকারীরা ট্রান্সফরমার ভাঙচুর করে এবং ধুলায় পুরো এলাকা আচ্ছাদিত হয়ে যায়।

নাসরীন আনসারী নামক এক নারী বলেন-তারা মুসলমানদের দোকান এবং বাড়িঘর লক্ষ্য করে ককটেল এবং রান্নার গ্যাস সিলিন্ডার ছুড়ে মারছিল। কিন্তু কোন হিন্দু বাড়িতে হামলা করেনি। আমরা কখনো ভাবিনি, এরকম কোন কিছু কখনো ঘটতে পারে। আমাদের একমাত্র দোষ কি শুধু এটাই ছিল যে, আমরা মুসলমান।

তিনি আরও বলেন যে, নারীরা তখন পুলিশের কাছে অনেকবার টেলিফোন করে । প্রত্যেকবার তারা আমাদের আশ্বস্ত করছিল যে, পাঁচ মিনিটের মধ্যে তারা এখানে পৌঁছে যাবে। কিন্তু না, তারা এলো না ।

ঘরবাসীরা স্পষ্টই বুঝতে পারলো, আজ রাতে তাদের আর রক্ষা হবে না। তারপর জীবনের পরম আশ্রয় ও ঠিকানা-শিব বিহার থেকে রাতের অন্ধকারে পালিয়ে গেল হাজার হাজার মুসলমান বাসিন্দা ।

৫.

বহুদিন হিন্দু মুসলমানের সেই পুরনো সংঘাত নিষ্ক্রিয় ছিল । মোদি সরকার এসে সেই আগুনকে পুনরায় জ্বালিয়ে দিয়েছে। হিন্দুস্তানের মাটি থেকে ইসলাম ও মুসলিমদের নাম মুছে দিতে সে আজ বদ্ধপরিকর । উঠে পরে লেগেছে অসংখ্য উগ্র হিন্দু জনতা । আর চালিকাশক্তি হিসেবে কাজ করে যাচ্ছে প্রশাসন ও পুলিশ ।

অভিযোগ উঠছে যে, পুলিশকে ফোনে পাওয়া যাচ্ছে না । এক অনলাইনে নিউজ পোর্টালে এ বিষয়ে একটি সংবাদ প্রকাশিত হয়েছে । তাতে বলা হয়েছে যে, ভারতের রাজধানী দিল্লিতে সাম্প্রদায়িক সংঘর্ষ শুরুর পর ১৩ হাজার ফোন কল পেয়েও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পক্ষ থেকে কোনো ব্যবস্থা নেয়া হয়নি । কোথাও গুলি, কোথাও গাড়ি পোড়ানো আবার কোথাও নির্বিচারে মানুষকে হত্যা, হামলা ও নির্যাতনের বিষয়ে ফোন কলের মাধ্যমে পুলিশে অভিযোগ দেয়া হয়েছিল । অভিযোগ পাওয়া সত্ত্বেও কোনো ব্যবস্থা নেয়নি দিল্লি পুলিশ।

পুলিশ যদি শুধু নিষ্ক্রিয় থাকতো তাও একরকম হতো । কিন্তু পুলিশ ইন্ধনদানকারীর ভূমিকা পালন করেছে । বিবিসির এক ভিডিও ফুটেজে দেখা যায়, কয়েকটি পুলিশ দুর্বৃত্তদের সঙ্গে মিলে মুসলমানদের দিকে ঢিল ছুঁড়ছে । আবার কোনটাতে দেখা যাচ্ছে, পুলিশ কাউকে কাউকে পেটাচ্ছে আর জয় শ্রী রাম শ্লোগান দেওয়াচ্ছে ।

পুলিশকে এ বিষয়ে জিজ্ঞাসা করা হলে পুলিশ মুখ খুলতে রাজি হয়নি।

উচ্চমহল থেকে যদিও বলা হচ্ছে শান্তি-সম্প্রীতি বজায় রাখতে । তবু আমাদের মনে একটা প্রশ্ন থেকেই যায় । সেটা হল, তারা যদি সম্প্রীতিই চাইত তাহলে তাদের চোখের সামনে দিয়ে এত বড় একটা নৃশংস ঘটনা কীভাবে ঘটে যাচ্ছে ? কেন তারা পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে পারছে না ? নাকি তারা নিয়ন্ত্রণ চাইছেও না? প্রশ্নের উত্তর আমরা সবাই জানি । কিন্তু মুখ খুলে বলার মত সাহস কেউ রাখি না । বড় দুঃখের কথা।

আচ্ছা, ঘুরে দাঁড়াবার মত ঐশ্বর্যময় দিনটি কি কোনদিনই আমাদের জীবনে আর ফিরে আসবে না ? তবু কী ভারতীয় মুসলমানরা ইনসাফের অপেক্ষা করে যাবে আজীবন-হিন্দু মালাউনদের কাছে, মানবতার কাছে?

ভারতের অর্থনীতিতে আশ্বাসই সার, নেই কোন পদক্ষেপ!

ভারতে শেয়ার বাজারে ধস নামলেও, অর্থনীতি নিয়ে আশ্বাস বাণীতেই আটকে থাকল মালাউন মোদী সরকার। সংশ্লিষ্ট মহলের অভিযোগ, করোনা-আতঙ্কের প্রভাব রুখতে হাতেকলমে পদক্ষেপের দেখা মিলল না এখনও। খবর-আনন্দ বাজার

নাগাড়ে পড়তে থাকা ভারতের বাজার আজ সকালের দিকে বিপুল নামার পরে কিছুক্ষণের জন্য বন্ধ হয়ে যায় লেনদেন। পরে সেনসেক্স, নিফ্‌টি কিছুটা উঠলেও, সেটা সূচকের ঘুরে দাঁড়ানো নয় বলেই মনে করছেন বহু বিশেষজ্ঞ।

অর্থনীতিতে করোনার প্রভাব ঠেকাতে ১৮ ফেব্রুয়ারির বৈঠকে অর্থমন্ত্রী নির্মলা সীতারামনের কাছে একগুচ্ছ দাবি জানিয়েছিল শিল্প। নির্মলাও বলেছিলেন, শীঘ্রই বেশ কিছু পদক্ষেপ ঘোষণা করা হবে। কিন্তু ২৫ দিন কেটে গিয়েছে, তার দেখা মেলেনি। আজ দেশের অর্থনীতির ভিত পোক্ত বলে দাবি করলেও, মুখ্য আর্থিক উপদেষ্টা কৃষ্ণমূর্তি সুব্রহ্মণ্যন স্বীকার করেছেন, করোনা-আতঙ্কে ব্যবসা, পর্যটন, হোটেল-রেস্তরাঁর মতো ক্ষেত্রে ধাক্কা লাগবে। অর্থ মন্ত্রকের কর্তাদের আশঙ্কা, কমতে পারে আর্থিক বৃদ্ধির হারও। তা হলে ঝিমিয়ে থাকা অর্থনীতিতে করোনা-প্রভাব আটকাতে কবে মাঠে নামবে সরকার? উত্তরে অর্থমন্ত্রীর জবাব, “কথাবার্তা বলছি।

নিজেরা পদক্ষেপ করে উঠতে না-পারলেও, অর্থ মন্ত্রক চাইছে রিজার্ভ ব্যাঙ্ক সুদ কমিয়ে অর্থনীতিকে চাঙ্গা করার চেষ্টা করুক বা বাজারে নগদের জোগান বাড়াক। যুক্তি, সব দেশের শীর্ষ

ব্যাঙ্কই তা করছে। সুদ কমানো নিয়ে রিজার্ভ ব্যাঙ্ক গভর্নরের সঙ্গে কথা হয়েছে কি না জানতে চাওয়ায় আজ নির্মলা জানান, গভর্নর বলেছেন পরিস্থিতির দাবি খোলা মনে ভাববেন।

দেশের বাজারে অতিরিক্ত ২৫ হাজার কোটি টাকা জোগানোর বার্তাও দিয়েছে তারা। তবে সুদ কমানোর পথে বাধা, ৪% লক্ষ্যমাত্রার ছাড়িয়ে যাওয়া সেই খুচরো মূল্যবৃদ্ধির হারই (ফেব্রুয়ারিতে ৬.৫৮%)। করোনার ধাক্কায় ব্যবসা মার খেলে সরকারের রাজস্ব আয় কমে গিয়ে ঘাটতি বাড়ার আশঙ্কাও রয়েছে। সুব্রহ্মণ্যনের অবশ্য দাবি, "আনাজের দাম কমলে মার্চ থেকেই মূল্যবৃদ্ধির হার কমবে বলেছিলাম।

অর্থনীতির ঝিমুনির প্রধান কারণ বাজারে কেনাকাটা কমা। বিশেষত গ্রামে। আজ সুব্রহ্মণ্যনের দাবি, এক থেকে দেড় বছর পরে জানুয়ারি, ফেব্রুয়ারিতে গ্রামে মূল্যবৃদ্ধি শহরের চেয়ে বেশি। তা হলে শেয়ার বাজারে ধস নামছে কেন? সুব্রহ্মণ্যনের উত্তর, বাজারের ধসে বেশি আতঙ্কিত হয়ে পড়ার বা বেশি কারণ খুঁজতে যাওয়ার দরকার নেই।"

সীমান্ত থেকে গত এক সপ্তাহে তিনজনকে ধরে নিয়ে গেলো ভারতীয় সন্ত্রাসী বিএসএফ

কুড়িগ্রামের রৌমারী উপজেলার দাঁতভাঙা সাতকড়াইবাড়ী সীমান্ত থেকে এক বাংলাদেশিকে ধরে নিয়ে গেছে ভারতীয় সীমান্তসন্ত্রাসী (বিএসএফ)। আটক ইসমাইল হোসেন কালু (৩২) দাঁতভাঙা ইউনিয়নের কাউনিয়ারচর গ্রামের মৃত বেলাল হোসেনের ছেলে।

শুক্রবার (১৩ মার্চ) রাত ৮টার দিকে ভারতের দীপচর ক্যাম্পের বিএসএফ সন্ত্রাসীরা তাকে ধরে নিয়ে যায়। বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) জামালপুর ৩৫ ব্যাটালিয়নের অধীন দাঁতভাঙা কোম্পানি কমান্ডার সুবেদার উমর ফারুক এই তথ্য নিশ্চিত করেছেন। খবর- বাংলা ট্রিবিউন

এ বিষয়ে অগ্রগতি জানতে চাইলে সুবেদার উমর ফারুক আটক বাংলাদেশির নাম ছাড়া আরও কিছু জানাতে অস্বীকৃতি জানান। বিজিবি ৩৫ ব্যাটালিয়নের পরিচালক লেফটেন্যান্ট কর্নেল এসএম আজাদের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলে তিনি ফোন ধরেননি। এ নিয়ে গত এক সপ্তাহে তিনজনকে ধরে নিয়ে গেলো বিএসএফ।

১৩ই মার্চ, ২০২০

গেরুয়া সন্ত্রাসীদের বিদ্বেষের আগুনে জ্বলল মসজিদ-মাদরাসা

‘১৭ মিনিটে মসজিদ ভেঙেছি, আইন করতে কত সময় লাগে? আমি প্রথম রাজনীতিতে আসার পর মথুরায় বলেছিলাম, অযোধ্যা, মথুরা, কাশীর দরকার নেই, দিল্লির জামে মসজিদ ভাঙো। সিঁড়ির নীচে যদি মূর্তি না পাওয়া যায় তাহলে আমাকে ফাঁসির কাষ্ঠে ঝুলিয়ে দিও। ওই বক্তব্যে আমি অটল রয়েছি।’

এভাবেই উত্তেজিত ভাষণ দিচ্ছিলেন বিজেপি নেতা সচ্চিদানন্দ হরি সাক্ষী মহারাজ। এটা ২০১৮ দিল্লিতে ক্ষমতাসীন বিজেপির এক জনসমাবেশের কথা। তার একবছরের মাথায় বাবরি মসজিদ নিয়ে হিন্দুদের পক্ষে সাজানো রায় দেয়া হল হাইকোর্ট থেকে। উগ্র হিন্দুদের মনের শখ তবু পুরণ হল না যেন। তারা আরও মসজিদ ভাঙতে চায়। ধর্মান্ধতায় বুঁদ হয়ে থাকা জাতিকে উস্কে দিয়ে ভোট কামানো নেতারা ঘোষণা দিলেন, সামনে পুনরায় ক্ষমতা এলে তারা ৫৪ টি মসজিদ গুড়িয়ে দেবেন। কারণ সেগুলো সরকারি জমিতে নির্মাণ করা হয়েছে। তারপর যত দিন যায়, ততই এগুতে থাকে ‘মুসলিম শূন্য রামরাজ্য’ গড়ার স্বপ্ন। এগুতে থাকে একের পর এক মুসলিমবিরোধী হিংস্র পলিসি ও এজেন্ডা।

মসজিদের মিনারে হনুমানের পতাকা

সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হওয়া একটি ছবি ভারতবর্ষের মুসলমানদের অস্থির করে তুলছে। ছবিটি ভারতের রাজধানী নয়াদিল্লির। ছবিতে দেখা যাচ্ছে এক সন্ত্রাসী দিল্লির একটি মসজিদের মিনার ভেঙে সেখানে প্রথমে হনুমানের ছবি সংবলিত একটি পতাকা উত্তোলন করছে। তারা মিনারে অবস্থিত একটি মাইকও ভেঙে ফেলছে। পরে সেখানে একটি ভারতীয় পতাকাও উত্তোলন করা হয়।

এর আগে শত শত সন্ত্রাসী হিন্দু দিল্লির অশোকনগর এলাকায় জড়ো হয় এবং ‘জ্যায় শ্রীড়ি আম’ বলে মসজিদে হামলা চালায় ও আগুন লাগিয়ে দেয়। শুধু অশোকনগরের ওই মসজিদে হামলার ঘটনাই নয়, সংশোধিত নাগরিকত্ব আইনের (সিএএ) প্রতিবাদে পুরো দিল্লি অগ্নিগর্ভে পরিণত হয়েছে।

মসজিদের মিনার ভেঙে সেখানে হনুমানের ছবি সংবলিত পতাকা উত্তোলন কিংবা ‘জ্যায় শ্রীড়ি আম’ বলে মসজিদে হামলার ঘটনা ১৯৯২ সালের ৬ ডিসেম্বর উগ্রপন্থী সন্ত্রাসী হিন্দুদের দ্বারা

বাবরি মসজিদে হামলা ও তা ধ্বংস করে দেয়ার কথাই স্মরণ করিয়ে দেয়। মুঘল সম্রাট বাবরের নির্দেশে উত্তর প্রদেশের অযোধ্যায় ১৫২৮-২৯ সালে এ মসজিদটি নির্মাণ করা হয়েছিল। সন্ত্রাসী হিন্দুদের দাবি, ওই মসজিদের নিচে হিন্দু দেবতা রামের একটি মন্দির ছিল। বাবরের সেনা কর্মকর্তা মীর বাকী তথাকথিত ওই মন্দিরের ওপরই মসজিদটি নির্মাণ করেছিলেন। ৪৬৪ বছর ওই মসজিদের অস্তিত্ব থাকলেও বিশ্ব হিন্দু পরিষদের আহ্বানে উগ্রপন্থী হিন্দুরা সেটি ভেঙে গুঁড়িয়ে দেয়। এর প্রতিক্রিয়ায় ভারতজুড়ে মুসলিম নিধন ছড়িয়ে পড়েছিল এবং তাতে প্রাণ হারিয়েছিলেন শত শত মানুষ। দিল্লির অশোকনগরে মসজিদে আগুন লাগানো এবং সেখানে হনুমানের ছবি সংবলিত পতাকা উত্তোলন করার ঘটনা বাবরি মসজিদের ঘটনাই আমাদের স্মরণ করিয়ে দিল। ওই ঘটনার জের ধরে দিল্লিতে গেরুয়া সন্ত্রাসীদের গণহত্যা ছড়িয়ে পড়ে এবং এতে এ পর্যন্ত ৬৯ জনের বেশি নিরীহ মুসলমান শহীদ হয়েছেন।

মসজিদ মাদরাসা : হামলার প্রথম শিকার

কী পরিমাণ মসজিদ ও মাদরাসা হিন্দুত্ববাদী হামলার শিকার হয়েছে, তার নির্দিষ্ট কোন পরিসংখ্যান না থাকলেও ছোট্ট একটি নমুনা থেকে তা সহজেই অনুমেয়। কিছুদিন আগে ভারতের কর্নাটক রাজ্যে আরএসএসের পরিচালিত একটি স্কুলে শিশু শিক্ষার্থীদের দিয়ে বাবরি মসজিদ ভাঙার প্রতীকী দৃশ্য মঞ্চায়ন করা হয়েছিল। যার ভিডিও ছড়িয়ে পড়েছিল সামাজিক মাধ্যমে। ভিডিওতে দেখা যায়, আরএসএস পরিচালিত একটি স্কুলে বাবরি মসজিদের একটি প্রতীকী ছবি তৈরি করা হয়েছে। সে ছবিটি ধ্বংস করতে ছোট ছোট ছাত্রদের বেষ্টনী তৈরি করা হয়েছে। প্রতীকী এ বাবরি মসজিদ ভাঙতে ছাত্রদের উদ্বুদ্ধ করা হয়। মসজিদের প্রতীকী ছবিটি ঘিরে তৈরি করা হয় বলয়। বেশকিছু শিক্ষার্থী ওই প্রতীকী ছবিটা ঘিরে রেখেছে। চারদিকে গেরুয়া পতাকা উড়ছে। কিছুক্ষণ পরই প্রতীকী ঘিরে রাখা ছাত্ররা ভেঙে ফেলছে সেটি।

যে সমাজে ছোটকাল থেকে শিশুরা গড়ে ওঠছে চরম হিংস্রতা আর উগ্রবাদের সবক নিয়ে, সে সমাজের পরিণত শ্রেণির চরিত্র যে কতটা ভয়াবহ তা বলাই বাহুল্য। এরকম একটি সমাজে সংখ্যালঘু মুসলিমদের জীবন ও ধর্ম কতটা হিংস্রতার শিকার তার কোন ইয়ত্তা নেই। সেখানে প্রাণঘাতী মুলিম নিধনের ইন্ধন যোগানো হচ্ছে প্রকাশ্যেই। সারা বিশ্বের চোখের সামনে ঘটনাগুলো ঘটতে শুরু করেছে। প্রকাশ্য যোগাযোগমাধ্যমে পুরুষদের প্রতি বিজেপি নারীনেত্রীর মুসলমান নারীদের জনসম্মুখে রাস্তায় গণধর্ষণের আহ্বান, নেতার মুসলিমমুক্ত ভারত গড়ার প্রকাশ্য ঘোষণা, শাসকদলের সভাপতির 'মুসলিম বাঙালিদেরকে' বঙ্গোপসাগরে নিক্ষেপ করার হিংস্র হুমকি, বিতর্কিত এনআরসি দিয়ে মুসলিমদেরকে বহিষ্কারের দুরভিসন্ধি, মুসলমান হওয়ার

‘অপরাধে’ ও গোমাংস ভক্ষণের ছুতোয় সত্য-মিথ্যা বানোয়াট অভিযোগে যত্রতত্র মুসলমান নিবর্তন-নিধনের উসকানি–এসব যেন মহামারি আকার ধারণ করেছে ধর্মনিরপেক্ষতার মুখোশধারী ভারত রাষ্ট্রে।

প্রতিকারের চেষ্টার শতগুণ বেশি সেই উসকানি। তার ওপর সাম্প্রদায়িকতা ও ধর্মান্ধতা পৃষ্ঠপোষকতা পাচ্ছে রাষ্ট্রযন্ত্রের। ভয়াবহ গণহত্যার আশঙ্কায় টানটান উত্তেজনা বিরাজ করছে সর্বদাই। বাসা-বাড়ি থেকে নিয়ে বাজার বন্দর পর্যন্ত কোথাও নিরাপত্তা বোধ করছে না ভারতীয় মুসলিমরা। অপরাধীদের নামে লোকদেখানো মামলা হচ্ছে, কিন্তু বিচারের আওতায় আনা হচ্ছে না। কিংবা হচ্ছে না কোন মামলাই। এ সবই ঘটছে সারা দুনিয়ার সামনে। দিল্লিতে ভয়াবহ এ দাঙ্গা ছড়িয়ে পড়েছে এমন সময় যখন সেখানে মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প সফরে এসেছে। যে নিজেও কট্টর মুসলিমবিদ্বেষী। অনেকের মতে, মোদি অনেক অংশেই ট্রাম্পের রাজনীতি দ্বারা প্রভাবিত। এ প্রসঙ্গে জনপ্রিয় ভারতীয় অনলাইন মিডিয়া Scroll-এর মন্তব্য উল্লেখ্য। মন্তব্যটা ছিল অনেকটা এ রকম- ‘Anti-Muslim sentiment permeates policies of both India and US’ (Feb 24. 2020)।

যাওয়ার কোন জায়গা নেই :নিপীড়িতদের মুখে দিল্লী গণহত্যা

দিল্লিতে সম্প্রতি গেরুয়া সন্ত্রাসীদের যে ভয়াবহ সহিংসতার ঘটনা ঘটেছে। একে একচোখা দাজ্জালী মিডিয়াগুলো দাঙ্গা বলে চালিয়ে দিতে চাইলেও তা আসলে দাঙ্গা নয়। প্রধানত মুসলমানরা আক্রান্ত হলেও নিহতদের ধর্মীয় পরিচয় প্রকাশ পাচ্ছে না বা প্রকাশ পেতে দেওয়া হচ্ছে না। ছবি প্রকাশেও দেওয়া হয়েছে নিষেধাজ্ঞা। চেপে রাখা হচ্ছে নির্যাতনের প্রকৃত বাস্তবতা। এই লেখায় আমরা ভিক্টিমদের জবানিতে সহিংসতার বয়ান দেবার চেষ্টা করবো।

ফারুকিয়া মাদরাসা-মসজিদ : অসহায় নিরপরাধ কুরআনী শিশুর মৃত্যু

‘দেখুন, এখানে নিরীহ শিশুদের রক্ত পড়ে আছে। আমরা কার কী ক্ষতি করেছিলাম, আমাদের কুরআনকেও শহীদ করা হলো? নামাজ পড়তে থাকা মানুষদের ওপরও ওরা গুলি চালালো। অথচ বিপদের সময় আমরা কলোনি থেকে হিন্দু ভাইদের নিরাপদে বের করে এনেছি। তারা বাইরে থেকে মাদরাসায় পড়তে আসা ছোট ছোট বাচ্চাদের ওপরও এভাবে হামলা করে । আরএসএস সামনে, পেছনে উগ্র জনতা। ফায়ারিং করে ভয় দেখিয়ে আমাদের পিছনে ঠেলে দেওয়া হয়।

তারপর জনতা এসে মসজিদের তালা ভাঙ্গে। গোটা সময়টা অন্ধকারে ঠায় দাঁড়িয়ে ছিল পুলিশের লোকজন। কাউকে তারা বাঁধা দেওয়ার কোন চেষ্টাই করেনি।'

'মঙ্গলবার একুশে ফেব্রুয়ারী মাগরিবের নামাজের ঠিক পর পরই এই হামলার ঘটনা ঘটে। সে দিন রাতের হামলায় মসজিদে কোরআন পাঠরত তিন-চারটে নিরীহ বাচ্চা মারা গেছে, আরও বহুজন এখনো নিখোঁজ। হামলায় আরএসএসের লোকজন জড়িত ছিলো। নির্বিচারে গুলি চালিয়েছে তারা। আমরা অন্ধাকারে দেখলাম দিল্লি পুলিশের লোকজন দাড়িয়ে আছে। কিন্তু হামলা ঠেকানোর জন্য কোন ব্যবস্থাই তারা গ্রহন করেনি।' বলছিলেন বিবিসিকে কয়েকজন প্রত্যক্ষ্যদর্শী।

প্যান্ট বনাম ধর্মপরিচয়

অন্য সবদিনের মতো দুই হিন্দু বন্ধুকে নিয়ে আরশাদ মোটরসাইকেলে চলছেন কর্মস্থলে। সামনে জটলা। বন্ধুদ্বয়ের পরিচয় নিশ্চিত হয়ে জটলার ভেতরে থাকা গুরু তাদের ছেড়ে দিল। এবার আরশাদের পালা।

"ধর্মপরিচয় প্রশ্নে আরশাদ যখন চুপ, কিছু উগ্র হিন্দু তার প্যান্ট নামিয়ে দিল। একপর্যায়ে তারা নিশ্চিত হয় তার মুসলিম পরিচয়। তৎক্ষনাৎ তাকে হত্যা করা হয়।" গার্ডিয়ানকে জানান এক প্রত্যক্ষদর্শী।

পরবর্তীতে নর্দমা থেকে তার মরদেহ বাড়িতে আনা হয় প্রিয়জনদের সাথে শেষ সাক্ষাতের জন্য। ছয় বোনের একমাত্র ভাই আরশাদকে তখন শেষ যাত্রার শাদা কাপড়ে মোড়ানো হয়। শুধু মুখটা খোলা থাকে। বোনেরা ভাইয়ের আক্রান্ত গালে হাত দিয়ে বলছিল, উঠো, ভাইয়া উঠো ! পনের বছরের ছোট বোন উপস্থিত দর্শণার্থীদের একজনকে হিন্দু ধারণা করে তাকে বলে, "আমার ভাইয়া কত সুন্দর ছিল,তোমরা কি জান? " "কেন তোমরা আমার ভাইকে হত্যা করলে" "দেখো, তার চেহারায় কত আঘাত, তোমরা তাকে এত নির্মমভাবে হত্যা করলে? তুমি কি জানো, আমার ভাইয়া কত সুন্দর ও ভালো মানুষ ছিল? কেন সমাজের কিছু মানুষকে তোমরা ঘৃণা করছো? তোমাদের ধর্ম কি অন্য ধর্মের মানুষদের হত্যা করতে শেখায়?"

যে ছবি দিল্লি গণহত্যার সাক্ষ্য দেয়

একটি লোক দু হাত দিয়ে মাথা চেপে ধরে উবু হয়ে বসে আছে। রক্তাক্ত। তাকে ঘিরে ধরে লাঠি, রড, হকিস্টিক দিয়ে মারছে অনেক লোক। দিল্লির হিংসার এই ছবিটি ভাইরাল হয়েছে ইন্টারনেটে। উত্তর-পূর্ব দিল্লির ওই ছবিটিই বলে দিচ্ছে, দিল্লিতে ঠিক কী ঘটেছিল !

আক্রান্ত মুহাম্মদ জুবায়ের পরবর্তীতে ইন্ডিয়ান এক্সপ্রেস-কে একটি সাক্ষাৎকার দিয়েছেন। কীভাবে তাকে মারা হয়, কী জন্য তিনি বাড়ি থেকে বেরিয়েছিলেন, জানালেন সব। জুবায়েরের ভাষায়, 'গত মঙ্গলবারের কথা। আমি তখন নামাজ পড়তে বেরিয়েছিলাম। বাচ্চাদের জন্য মিষ্টি কিনে বাড়ি ফিরছিলাম । হঠাৎ আমাকে ঘিরে ধরল একদল মানুষ, তাদের হাতে লোহার রড, হকিস্টিক ও লাঠি।'

জুবায়ের বললেন, ' হাড়গোড় ভেঙে না-যাওয়া পর্যন্ত ওরা আমাকে মেরেছে। আমি ওদের কাছে প্রাণভিক্ষা চাইছিলাম। ওরা আমাকে ধর্ম তুলে গালিগালাজ করতে শুরু করল। আমি ওদের পায়ে পড়লাম, কিন্তু ওরা আমাকে মারতে থাকল। ওরা মাঝে মাঝে বিজেপি নেতা কপিল শর্মার নাম বলছিল। তারপর বেশি কিছু মনে পড়ছে না। তীব্র মার খেতে খেতে আমার মাথা তখন ঘুরছে, ভাবছিলাম আমার সন্তানরা নিরাপদে আছে তো। পরে আমার ওই ছবিটির দিকে আর তাকাতে পারিনি।"

জুবায়ের বিবিসিকে জানান, 'আমাকে যখন মারছিল, আমি ভয় পাইনি। তারা আমার শরীর ভেঙ্গেছে, কিন্তু আমার আত্মাকে তো নয়। কোন নির্দিষ্ট ধর্মের সাথে আমি এই ঘটনাকে সংযুক্ত করবো না। যারা এমন নিষ্ঠুর কাজ করে, তারা কোন ধর্মের অনুসারীই হতে পারে না। না মুসলিম, না হিন্দু!'

বিবিসি উর্দুর এক প্রশ্নের জবাবে তিনি বলেন, "জানতে চান, সরকারের কাছে কী বলতে চাই? যে সরকার দাঙ্গা থামাতে পারে না, তার কাছ থেকে আমাদের কী আশা করা উচিত? "আমাকে যখন মারধর করা হচ্ছে, তখন পুলিশকর্মীরা ঘুরে বেড়াচ্ছিলেন। দাঙ্গাবাজরা একটুও ভীত ছিল না। যেন কোন মেলা বসেছে, ওদেরকে দায়মুক্তি দেওয়া হয়েছে। পুলিশের কাছে আমার কোন গুরুত্বই ছিল না।'

রক্তখেকো গেরুয়াদের কবলে অশীতিপর বৃদ্ধা

সময়টা পঁচিশে ফেব্রুয়ারি দুপুর বেলা। ঘটনাস্থল ভারতের রাজধানী দিল্লির খাজুরি খাস শহর থেকে দেড় কিলোমিটার দূরে গমরি এক্সটেনশন লেন। সেখানে থাকেন মোহাম্মদ সাঈদ সালমানির পরিবার। মঙ্গলবার পরিবারের জন্য দুধ কেনার উদ্দেশ্যে বাইরে গিয়েছিলেন। এমন সময় তার ছোট ছেলে তাকে ফোন করে জানায়, ১০০-র অধিক সশস্ত্র জনতা তাদের লেনে ঢুকে পড়েছে। তারা দোকান ও ঘরবাড়িতে আগুন ধরিয়ে দিচ্ছে। তাদের চারতলা বাড়িতেও আগুন দেয়া হয়েছে।

এ কথা শুনেই সালমানির মাথায় হাত। সে তার বাসার দিকে ছুটতে লাগল। এ সময় পাশের লেনের বাসিন্দারা তাকে যেতে বাঁধা দেয়। তারা বলে, 'সেখানে গেলে বিপদ হতে পারে। এমনকি তারা তাকে মেরেও ফেলতে পারে। তাই অপেক্ষা করা উচিত।' সালমানি (৪৮) একজন পোশাক ব্যবসায়ী। ছেলের ফোন পেয়ে কী করবেন ভেবে পাচ্ছিলেন না তিনি। কয়েক ঘণ্টা কিংকর্তব্যবিমূঢ় হয়ে গিয়েছিলেন সালমানি। তিনি ভাবছিলেন, ততক্ষণে বোধহয় সব শেষ হয়ে গেছে। মারা গেছে পরিবারের সদস্যরা।

'এখন আমার আর কিছুই নেই। আমি একদম শূন্য হয়ে গেলাম।' 'আমি দুধ কেনার জন্য বাইরে বের হওয়ার পর ঘর তালাবদ্ধ করে এসেছিলাম। নিরাপত্তার জন্যই এটা করা হয়েছিল। তবে দুর্বৃত্তরা তালা ভেঙে বাসায় ঢুকে পড়ে অগ্নিসংযোগ করে এবং লুটপাট চালায়।'

'আমার দোকানের কর্মচারীসহ পরিবারের সদস্যরা নীচে নেমে আসেন এবং সেখানে সকলে প্রায় এক ঘণ্টা আটকা ছিলেন। পরে পুলিশ তাদের উদ্ধার করে।' 'মা বয়স্ক ছিলেন। এজন্য সবাই ঘর থেকে বের হতে পারলেও তিনি বের হতে পারেননি। ফলে আবদ্ধ ঘরে পুড়ে মারা গেছেন তিনি।' সালমানি জানান ভারতীয় সংবাদমাধ্যম স্ক্রল ডট ইনকে।

আগুনে পুড়িয়ে দেবার চেষ্টা

গমরি লেন এলাকায় ৯০-১০০ মুসলিম পরিবারের বসবাস। সেখানে আজিজিয়াহ নামে একটি মসজিদ রয়েছে। ২৪ ফেব্রুয়ারি রাতে প্রায় দেড়শ জনের একটি সশস্ত্র গ্রুপ অন্তত ২০০ মুসলিমের ওপর আক্রমণ করে। তাদের হাতে ছিল লাঠি ও পাথর। পরে মুসলমানরা প্রাণ বাঁচাতে মসজিদটিতে আশ্রয় নেয়। সারারাত মসজিদে কাটানোর পর সকালে স্থানীয় অন্যান্য মুসলমানরা তাদের উদ্ধার করেন।

মসজিদে আশ্রয় নেয়া ইসমাইল নামে এক ব্যক্তি টাইমসকে জানান, 'তারা 'জয় শ্রীরাম' ধ্বনি দিয়ে একের পর এক বাড়ি, দোকান-পাটে আগুন দিতে থাকে। একপর্যায়ে তারা মসজিদে ঢুকে ব্যাপক ভাংচুর চালায়। কোরআন শরিফে আগুন দেয়। এমনকি এক মুসলমানকে জীবন্ত দগ্ধও করতে যাচ্ছিল তারা। তবে স্থানীয় এক হিন্দু পরিবারের বাঁধায় তা সম্ভব হয়নি।'

দুর্নীতির অন্ধকারে হারাচ্ছে বাংলাদেশ

বাংলাদেশের বর্তমানে গণতন্ত্রের আবরণে রাজনৈতিক নৈরাজ্যবাদের বিস্তার ঘটেছে । অপরাধ-দুর্নীতি, অশিক্ষা-কুশিক্ষা, মাদক-চাঁদাবাজি, অপসংস্কৃতির বিকাশ ঘটছে ভয়াবহভাবে যা দেশকে অন্ধকারের দিকে নিয়ে যাচ্ছে। দেশের অন্ধকার চিত্র উঠে আসছে আন্তর্জাতিক নানা সমীক্ষায়। যাতে দেখা যাচ্ছে বাংলাদেশে দিন দিন অকার্যকর ব্যর্থ রাষ্ট্রে পরিণত হচ্ছে। আর এর জন্য প্রধানত দায়ী কথিত গণতান্ত্রিক সরকার ব্যবস্থা তথা ইসলামবিরোধী রাষ্ট্রব্যবস্থা ।

সুশাসনের সংকট, ঘুষ-দুর্নীতি, পরিবেশগত নানা বিপর্যয়, মতপ্রকাশের স্বাধীনতার অভাব—এসব ক্ষেত্রে বিশ্বব্যাপী যত সূচকই প্রকাশ পায়, প্রায় সব কটিতেই অনেক অনেক পিছিয়ে বাংলাদেশ। উচ্চ দুর্নীতিতে জনগণের নাভিশ্বাস উঠেছে। যেমন ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনালের (টিআই) দুর্নীতির ধারণা সূচক ২০১৯-এ এবার ১৮০টি দেশের মধ্যে বাংলাদেশ ১৬৬তম। ট্রেস ইন্টারন্যাশনাল নামের আরেকটি আন্তর্জাতিক সংস্থার তৈরি বিশ্ব ঘুষ সূচকে বাংলাদেশ ২০০ দেশের মধ্যে ১৮২তম। অর্থাৎ বাংলাদেশ পৃথিবীর অন্যতম ঘুষখোর দেশে পরিণত হয়েছে ।

যুক্তরাজ্যভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট (ইআইইউ) নিয়মিতভাবে গণতন্ত্র সূচক প্রকাশ করে। তাদের তালিকায় বাংলাদেশ আছে ‘হাইব্রিড রেজিম’ অবস্থানে। এটি হচ্ছে স্বৈরতান্ত্রিক ও ত্রুটিপূর্ণ গণতান্ত্রিক অবস্থার মাঝামাঝি অবস্থান। আর ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম (ডব্লিউইএফ) গত অক্টোবর মাসে প্রকাশ করেছে বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচক। এ ক্ষেত্রে বাংলাদেশ এবার দুই ধাপ পিছিয়ে ১৪১টি দেশের মধ্যে হয়েছে ১০৫তম। গণমাধ্যমের স্বাধীনতা ও সাংবাদিকদের অধিকার প্রশ্নেও দক্ষিণ এশিয়ার মধ্যে সবচেয়ে পিছিয়ে বাংলাদেশ। আন্তর্জাতিক সংস্থা রিপোর্টার্স উইদাউট বর্ডারসের সর্বশেষ প্রকাশিত ‘গণমাধ্যমের স্বাধীনতা সূচক ২০১৮’-এ ১৮০টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১৪৬তম।

সর্বশেষ ১১ মার্চ যুক্তরাষ্ট্রভিত্তিক আন্তর্জাতিক সংস্থা দ্য ওয়ার্ল্ড জাস্টিস প্রজেক্ট (ডব্লিউজেপি) আইনের শাসন সূচক প্রতিবেদন-২০২০ প্রকাশ করেছে। প্রতিবেদন অনুযায়ী, এই সূচকেও বাংলাদেশের অবনতি হয়েছে। বিশ্বের ১২৮টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১১৫তম। এক বছর আগেও বাংলাদেশ ১২৬টি দেশের মধ্যে ছিল ১১২তম।

প্রথম আলোর বিশেষ বার্তা সম্পাদক শওকত হোসেন প্রথম আলোতে লিখেছেন , "এম নিয়াজ আবদুল্লাহ ও এন এন তরুণ চক্রবর্তী বাংলাদেশের তৈরি পোশাক খাত নিয়ে একটি গবেষণা করেছেন। আশির দশকের পর থেকে পোশাক খাত ক্রমান্বয়ে এগিয়ে শীর্ষস্থানে চলে এসেছে। অথচ এই সময় দুর্নীতি পরিস্থিতির তেমন উন্নতি হয়নি, ব্যবসা-বাণিজ্যের পরিচালনা

সূচকেও পিছিয়ে গেছে বাংলাদেশ। এ অবস্থার মধ্যে থেকেও বাংলাদেশের তৈরি পোশাক খাত কীভাবে এগিয়ে গেল, সেটাই গবেষকেরা দেখতে চেয়েছেন।

এই দুই গবেষক পোশাক খাতের ৯২ জন মালিক ও ব্যবস্থাপকের বিস্তারিত সাক্ষাৎকার নিয়েছেন। সাক্ষাৎকারের ভিত্তিতে গবেষকেরা পাঁচটি ফলাফলের কথা জানিয়েছেন। যেমন ২২ দশমিক ৮ শতাংশ উত্তরদাতার মতে, ঘুষ সবচেয়ে বড় বাধা। ৩ দশমিক ৩ শতাংশ চাঁদাবাজিকে সবচেয়ে বড় সমস্যার কথা বলেছেন। দ্বিতীয়ত, ৪৯ শতাংশ বলেছেন ঘুষ ও চাঁদাবাজি কোম্পানির প্রবৃদ্ধিকে ব্যাহত করছে। তৃতীয়ত, ব্যবসায়ীরা কর বা শুল্ক পরিহার বা আমদানির ক্ষেত্রে আন্ডার-ইনভয়েস (দাম কম দেখানো) করার জন্য সরকারি কর্মকর্তাদের ঘুষ দেন। চতুর্থত, আমদানি ও রপ্তানির ক্ষেত্রে কী পরিমাণ অর্থ ঘুষ দিতে হবে, তা কাস্টমস কর্মকর্তারাই ঠিক করে দেন। পঞ্চমত, বিদেশি কোম্পানিও সরকারের কাজ পেতে, যন্ত্রপাতি সরবরাহের জন্য সরকারি কর্মকর্তাদের ঘুষ দিয়ে থাকে। মোদ্দা কথা হচ্ছে ঘুষ দেওয়াকে সবাই একটি রীতি বলে মেনে নিয়েছেন।

একটি কাজ পেতে কত দিন লেগেছে এবং কী পরিমাণ অর্থ ঘুষ দিতে হয়েছে, তারও একটি তালিকা দেওয়া হয়েছে এই গবেষণায়। যেমন কোম্পানি গঠনের বিভিন্ন পর্যায়ে ঘুষ দিতে হয় ৩৪ হাজার ৩৩২ ডলার। আবার কোম্পানি গঠনের দলিল সংগ্রহ বা নানা ধরনের অনুমতি পেতে যে ঘুষ দিতে হয়, তাকে তঁারা অনানুষ্ঠানিক ব্যয় বলছেন। এর পরিমাণ ২৩ হাজার ৩৩০ ডলার।

আসলেই গোঁড়ামী, অসচেতনতা, বিশৃঙ্খলতার দমনে প্রকৃত ইসলামী শিক্ষার বিকল্প নেই। কিন্তু ইসলামের শিক্ষাই তো হলো ছেলে-মেয়ের বিয়ের বয়স হলেই তাকে উপযুক্ত পাত্র-পাত্রী দেখে বিবাহ দিয়ে দেওয়া। এখন কথা হলো, বিয়ের বয়সটা আসলে কখন হয়? এই বিষয়ে ইসলামে সুস্পষ্টভাবে কোনো সময় নির্ধারণ করে দেওয়া হয়নি, বরং সাবালক-সাবালিকা হওয়ার পর থেকেই মূলত ছেলে-মেয়েদের বিয়ে দিতে ইসলামে উৎসাহিত করা হয়। তাই, ১৮ বছরের আগে মেয়ে এবং ২১ বছরের আগে ছেলের বিয়ে বাল্যবিয়ে বলে গণ্য করে বাংলাদেশে যে আইন রয়েছে, তা ইসলাম অনুযায়ী হয়নি। তাই, ডিএমপি একদিকে বাংলাদেশ আইন অনুযায়ী মেয়েদের ১৮ এবং ছেলেদের ২১ এর আগের বিয়েকে বাল্যবিয়ে আখ্যায়িত করে অন্যদিকে ইসলামী অনুশাসন মানার যে পরামর্শ দিচ্ছে, তা আদতে সুখপাঠ্য হলেও, এতে ডিএমপির স্ববিরোধিতা, মূর্খতা নয়তো প্রতারণার বহিঃপ্রকাশ ঘটেছে। মুখে ইসলামী অনুশাসন মানার কথা বললেও, এসকল রাষ্ট্রীয় সংস্থাগুলো ইসলামের বিরুদ্ধে অবস্থান নিয়েছে। তারা নিজেরাই ইসলাম সম্মত বিবাহকে বাল্যবিবাহ আখ্যায়িত করে নিষিদ্ধ করেছে। পাশাপাশি নির্লজ্জভাবে প্রকাশ্যে বিবাহে বাধা দিয়ে প্রেম করতে উৎসাহিত করছে। এভাবে জিনা করার দিকে যুবসমাজকে ঠেলে দিয়ে সামাজিক স্থিতিশীলতা ও নৈতিক পরিশীলতা ধ্বংস করছে এই সকল ইসলামবিদ্বেষী সরকারী গোষ্ঠী । প্রকৃতপক্ষে, বাল্যবিবাহ নয় বরং বিয়েকে কঠিন করে ফেলাতেই সমাজের ভবিষ্যৎ ধ্বংস হচ্ছে। বিবাহকে কঠিন করার ফলে এবোরশন , ইভটিজিং, নৈতিক অধঃপতনসহ নানা অপকর্মের দ্বার উন্মুক্ত হচ্ছে ।

লেখক: রেদোয়ান সায়িদ, ইসলামী চিন্তাবিদ।

দিল্লিতে গেরুয়া সন্ত্রাসীদের হত্যাকাণ্ড গুজরাট গণহত্যা থেকেও ভয়াবহ

সম্প্রতি ভারতের রাজধানী দিল্লিতে উগ্র সন্ত্রাসী হিন্দুত্ববাদী কর্তৃক মুসলমানদের ওপর চালানো সহিংসতায় দেশটির রাষ্ট্রীয় সংবাদমাধ্যমে প্রকাশিত তথ্য অনুযায়ী নিহতে সংখ্যা ৫৩ জন। সহিংসতা চলাকালীন নিহতের সংখ্যা ৪০ জন থাকলেও পরে নর্দমা থেকে এবং রাইসমিলের

ছাই-এর নিচ থেকে অনেক লাশ উদ্ধার হওয়ায় এ সংখ্যা বেড়ে ৫৩ তে দাঁড়িয়েছে। খুন করে লাশ গোপন করে রেখে দেওয়ায় হতাহতের প্রকৃত সংখ্যা এখনও জানা সম্ভব হয়নি। অনেকে আশঙ্কা করছেন নিহতের সংখ্যা শ ছাড়িয়ে গেছে।

খুন করা ছাড়াও স্থানীয় মুসলমানদের ঘরবাড়ি এবং দোকানপাঠে ব্যাপক লুণ্ঠন এবং অগ্নিসংযোগ করা হয়েছে। লুঠপাট এবং সহিংসতার তীব্রতা হামলা চলাকালীন আত্মরক্ষার জন্য হিন্দুদের বাড়িতে গেরুয়া পতাকা ঝুলানোর ঘটনা থেকেই আন্দায করা যায়।

ভারতে দাঙ্গার নামে মুসলমান হত্যা নতুন কিছু নয়। এই শতকের গোড়ার দিকেই দেশটির বর্তমান প্রধানমন্ত্রী কসাই নরেন্দ্র মোদির গুজরাটে তারই মদদে ভয়াবহ মুসলিম নিধন করা হয়েছিল। সেবার ২ হাজারের অধিক মুসলমানকে কুপিয়ে, পুড়িয়ে মারা হয়েছিল। এর আগেও ৪৭ এ দেশভাগ পরবর্তী সময়ে এবং অযোধ্যার ঐতিহাসিক বাবরি মসজিদ ধ্বংসের পর টার্গেট করে করে মুসলমান মারা হয়েছিল। পরে হত্যাকাণ্ড বৈধতার জন্য একটি সুন্দর শব্দবন্ধ যোগ করে দেওয়া হয়েছিল ঘটনাগুলোর শুরুতে- সাম্প্রদায়িক দাঙ্গা।

পরিসংখ্যানের বিচারে গুজরাটের গণহত্যা এবং দেশভাগ পরবর্তী গণহত্যাকে ভয়াবহ এবং সে তুলনায় দিল্লির সাম্প্রতিক সহিংসতাকে নগন্য মনে করা হলেও বাস্তবতার বিচারে দিল্লি হত্যাকাণ্ড নগন্য কোনো ঘটনা নয়। সাম্প্রতিক সহিংসতার প্রেক্ষাপট অন্তত সে কথা বলে না। সহিংসতায় যারা মারা গেছেন তারা বরং বেঁচে গেছেন কিন্তু যাদের ঘরবাড়ি পুড়িয়ে জমি দখল করা হয়েছে তাদের শুরু হয়েছে অনন্তের দুর্ভোগ। আক্ষরিক অর্থে তাদের অনেকে এখন ভারতের নাগরিক নন। ঘরবাড়ি হারিয়ে তাদের শুরু হল এখন অনিশ্চয়তার জীবন। কিছুদিনের মধ্যেই হয়ত তাদের পাঠিয়ে দেওয়া হবে ডিটেনশন ক্যাম্পে কিংবা ঠেলে দেওয়া হবে বাংলাদেশ, পাকিস্তান বা আফগানিস্তানে।

সবচেয়ে ভয়াবহ হল, দিল্লি হত্যাকাণ্ড গোটা ভারতের সকল মুসলমানের মনোবলের জন্য চরম আঘাত স্বরূপ। এনপিআর, এনআরসি এবং সিএএ'র গ্যাড়াকলে ফেলে মুসলমানদেরকে ভারত থেকে বিতাড়নের যে মেন্টাল গেইম, দিল্লির সহিংসতা তার শরীরি ভাষা। বিজ্ঞজনেরা আশঙ্কা করছেন, দিল্লির ঘটনার পুনরাবৃত্তির ভারতের রাজ্যে রাজ্যে হবে।

সিএএ বিরোধী শাহিনবাহের তুমুল আন্দোলন বানচাল করতে দিল্লিতে চালানো এ গণহত্যা এ অগ্রিম সতর্কবার্তা সমস্ত রাজ্যের মুসলমানদেরকে দিয়ে রেখেছে যে, চুপ থাকো, নিরব থাকো- নতুবা দিল্লি থেকে পরিণতি ভিন্ন হবে না।

সুতরাং দিল্লির ঘটনাকে মুসলমানদের গৃহহীন, ভূমিহীন এবং দেশহীন করার গভীর ষড়যন্ত্রের চূড়ান্ত আক্রমণের প্রথম প্রকাশ বলা যেতে পারে।

কুফরী আদালতের রায়কেও বৃদ্ধাঙ্গুলি দেখাল সন্ত্রাসী যোগি

ভারতের উত্তরপ্রদেশে সরকারি সম্পত্তি নষ্ট করার মিথ্যা অভিযোগে ওই রাজ্যের সরকার অভিযুক্তদের ছবি ও নাম-ধাম দিয়ে যে সব বিশাল বিলবোর্ড রাজধানী জুড়ে লাগিয়েছে, আদালতের স্পষ্ট নির্দেশের পরও সেগুলো সরানো হয়নি।

গতকাল সোমবার (৯ মার্চ) যোগী আদিত্যনাথ সরকারের ওই সব ফেস্টুন লাগানোর সিদ্ধান্তকে নাগরিকদের 'ব্যক্তি স্বাধীনতার লঙ্ঘন' বলে বর্ণনা করে এলাহাবাদ হাইকোর্ট সেগুলো সরিয়ে দিতে বলেছিল।

কিন্তু রায়ের পর চব্বিশ ঘন্টারও বেশি কেটে গেলেও লখনৌতে সে সব বিলবোর্ড এখনও বহাল তবিয়তে রয়েছে। পাশাপাশি হিন্দুত্ববাদী বিজেপি নেতৃত্ব ও রাজ্যের সরকারি কর্মকর্তারাও এই 'নেমিং অ্যান্ড শেমিং'-য়ের পক্ষে ক্রমাগত সওয়াল করে যাচ্ছেন।

সোমবার বিকেলে এলাহাবাদ হাইকোর্ট উত্তরপ্রদেশ সরকারের কঠোর সমালোচনা করে যে রায় দিয়েছে তা ছিল অনেক দিক থেকেই বিরল। প্রথমত, অভিযুক্তদের নাম ও ছবি এভাবে প্রকাশ করার বিরুদ্ধে আদালত কারও পিটিশন দাখিলের অপেক্ষা করেনি, তারা ব্যবস্থা নিয়েছে নিজে থেকেই। এমন কী, মামলার শুনানি হয়েছে রবিবার ছুটির দিনেও।

এ বিষয়ে বিচার করার কোনও এক্তিয়ার আদালতের নেই, উত্তরপ্রদেশ সরকারের এই যুক্তিও খারিজ করে দিয়ে আদালত বলেছে এটা আসলে প্রশাসনের 'নির্লজ্জ কর্মকান্ডের' নিদর্শন। কিন্তু এর পরও আদালতের নির্দেশ উপেক্ষা করে আদিত্যনাথ সরকার একটি বিলবোর্ডও এখনও পর্যন্ত সরায়নি।

বরং মুখ্যমন্ত্রীর উপদেষ্টা শলভমণি ত্রিপাঠী জানাচ্ছেন, "পোস্টারের এই মুখগুলোকে তো আমরা সবাই চিনি – এরাই তো লখনৌ আগুন লাগাতে চেয়েছিলেন।"

তালেবানদের সাথে দীর্ঘ যুদ্ধের পর লাঞ্ছনাকর পরাজয় নিয়েই আফগান ছাড়তে শুরু করেছে ক্রুসেডার মার্কিন বাহিনী!

আফগানিস্তান থেকে ক্রুসেডার মার্কিন সেনা প্রত্যাহার শুরু হয়েছে। ক্রুসেডার আমেরিকা এবং ইমারতে ইসলামিয়ার মধ্যে সম্প্রতি সই হওয়া চুক্তির আওতায় এসব ক্রুসেডার সেনাকে প্রত্যাহার করা হচ্ছে বলে নিশ্চিত করা হয়।

আফগানিস্তানে মোতায়েন দখলদার মার্কিন ক্রুসেডার সামরিক বাহিনীর মুখপাত্র কর্নেল "সনি লেগেট" সোমবার এ তথ্য নিশ্চিত করেছে।

কর্নেল সনি লেগেট জানায়, বর্তমানে আফগানিস্তানে যে সেনা মোতায়েন রয়েছে তা আগামী ১৩৫ দিনের মধ্যে কমিয়ে ৮ হাজার ৬০০-তে নামিয়ে আনা হবে। যেমনটা চুক্তিতে উল্লেখ রয়েছে।

মার্কিন সামরিক বাহিনী এক বিবৃতিতে বলেছে, আফগানিস্তানের রাজনৈতিক সঙ্কট আছে কি নেই, কাবুলে প্রেসিডেন্ট একজন নাকি দু জন সেগুলো নিয়ে আমেরিকা সময় নষ্ট করবে না বরং চুক্তি অনুযায়ী ১৩৫ দিনের মধ্যে সেনা সংখ্যা কমিয়ে ৮৬০০-তে নামিয়ে আনা হবে।

আফগানিস্তানে দুই প্রতিদ্বন্দ্বী রাজনৈতিক নেতা আশরাফ গণি এবং আব্দুল্লাহ আব্দুল্লাহ দুজনই প্রেসিডেন্ট হিসেবে শপথ নেয়ার দিনই ক্রুসেডার মার্কিন প্রশাসন সেনা প্রত্যাহারের এই কার্যক্রম শুরু করলো।

ক্রুসেডার আমেরিকা সেনা প্রত্যাহার শুরু করেছে দুটি ঘাঁটি থেকে। যার একটি হচ্ছে হেলমান্দ প্রদেশের রাজধানী লস্করগাহ শহরে অবস্থিত মার্কিন সামরিক ঘাঁটি। আরেকটি হল হেরাত প্রদেশের প্রাদেশিক রাজধানীতে অবস্থিত মার্কিন সামরিক ঘাঁটি ।

প্রাথমিক প্রতিবেদন এবং সংবাদ সূত্রগুলি থেকে অনুমেয় যে, প্রত্যাহারকৃত এই ক্রুসেডার সেনারা প্রাথমিকভাবে কাতারে অবস্থান করবে।

অবশেষে বাধ্য হয়ে কারাবন্দী তালেবান মুজাহিদদের মুক্তি দেয়ার ঘোষণা করল আফগান পুতুল সরকার!

প্রথমদিকে কারাবন্দী তালেবান মুজাহিদদের মুক্তি দিতে না চাইলেও, ক্রমাগত তালেবান মুজাহিদদের তীব্র অভিযানের চাপের মুখে তালিবানদের নিকট নতি স্বীকার করতে বাধ্য হয়

আফগান পুতুল সরকার। গত ২ মার্চ গণি প্রকাশ্যে বলেছিল, মার্কিন-তালিবান চুক্তিতে বন্দি বিনিময়ের যে ধারাটি রয়েছে, সে সম্পর্কে সে কোনও প্রতিশ্রুতি দেবে না, আর তা মানাও নাকি সম্ভব নয় তার পক্ষ্যে। ফলে তালিবান মুজাহিদিনরাও মুরতাদ বাহিনীর বিরুদ্ধে কঠোরনীতি গ্রহণ করেন। তালেবানদের পক্ষহতে পরিষ্কার বলে দেওয়া হয়, ৫ হাজার বন্দিকে মুক্তি না দেয়া পর্যন্ত আমরা আফগান সরকারের সঙ্গে আলোচনায় যোগ দেব না।'

অবশেষে বাধ্য হয়ে কারাবন্দি তালিবান মুজাহিদদের মুক্তি দেয়ার কথা ঘোষণাও করল ক্রুসেডার আমেরিকার গোলাম আফগান পুতুল সরকার। গত সোমবার আশরাফ গনি এই ঘোষণা দিয়ে বলে, 'কোন প্রক্রিয়ায় তালিবান বন্দিদের মুক্তি দেয়া হবে তা চূড়ান্ত হয়েছে।'

ক্রুসেডার মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে চুক্তি সম্পন্ন হলেও, ক্রুসেডারদের গোলাম আফগান পুতুল সরকারি বাহিনীর উপর হামলা বন্ধ করতে নারাজ তালিবান মুজাহিদিন।

এদিকে দোহায় ইমারতে ইসলামিয়ার রাজনৈতিক কার্যালয়ের মুখপাত্র মুহতারাম সোহাইল শাহিন হাফিজাহুল্লাহ্ জানান যে, আমরা আমেরিকানদের হাতে 5000 কারান্দীর তালিকা হস্তান্তর করেছিলাম, আর এই তালিকাতে কেউ কোন পরিবর্তন আনতে পারবেনা। আফগান পুতুল সরকার কাকে কি কারণে মুক্ত করল সেটা আমাদের দেখার বিষয়না। তবে কারাবন্দী মুজাহিদদের তালিকা অনুযায়ী মুক্তি দিতে হবে। আর আমাদের দায়িত্বশীলদের উচিত তালিকাটি দেখে দেখে নিশ্চিত হয়ে নেওয়া।

সোমালিয়া | মুরতাদ বাহিনী হতে "দাইফ" শহর বিজয় করে নিয়েছেন মুজাহিদিন!

আল-কায়েদা পূর্ব আফ্রিকা ভিত্তিক শাখা হারাকাতুশ শাবাব আল-মুজাহিদিন গত ৭ মার্চ সোমালিয়া ও কেনিয়ার সীমান্ত শহর "দাইফ" এ কুফ্ফার ও মুরতাদ বাহিনীর বিরুদ্ধে তীব্র এক লড়াই শুরু করেন।

কুফ্ফার বাহিনীর বিরুদ্ধে দীর্ঘ কয়েক ঘন্টা যুদ্ধের পর মুজাহিদগণ শহরটির উপর নিজেদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে সক্ষম হন। এর মাধ্যমে শরিয়ার ছায়াতলে প্রবেশ করল পূর্ব আফ্রিকার আরো একটি শহর।

উক্ত অভিযানের সময় মুজাহিদদের হাতে নিহত হয় 3 মুরতাদ সৈন্য এবং আহত হয় আরো 2 এরও অধিক কুফফার ও মুরতাদ সৈন্য। মুজাহিদগণ গনিমত লাভ করেন ভারী ও হালকা ধরণের অনেক যুদ্ধাস্ত্র ও সামরিক সরঞ্জামাদি।

পাকিস্তান | মুজাহিদদের উপর হামলা করতে এসে লাশ হয়ে ফিরল অনেক মুরতাদ সৈন্য।

গতরাতে ক্রুসেডার আমেরিকার গোলাম পাকিস্তানি মুরতাদ সেনাবাহিনী "হারিয়াহ টাঙ্ক" এলাকায় যুদ্ধযান ও ভারী যুদ্ধাস্ত্র নিয়ে তেহরিকে তালেবান পাকিস্তান (TTP) এর মুজাহিদিনদের উপর হামলা করার চেষ্টা করে।

আল্লাহর অনুগ্রহে মুজাহিদগণ পাকিস্তানি মুরতাদ বাহিনীর বিরুদ্ধে সাড়া জাগানো এক তীব্র প্রতিরোধ যুদ্ধ গড়ে তুলেন। এসময় মুজাহিদদের তীব্র হামলায় কর্নেল মুজিবুর রহমান সহ তার বহু সৈন্য নিহত হয়। আর মুজাহিদিনরা আল্লাহর অনুগ্রহে নিরাপদে ফিরে আসেন।

সোমালিয়া | মুজাহিদদের হামলায় 7 এরও অধিক কুফফার সৈন্য হতাহত!

আল-কায়েদা পূর্ব আফ্রিকা শাখা হারাকাতুশ শাবাব আল-মুজাহিদিন ১০ মার্চ মধ্য সোমালিয়ার "মাহদায়ী" শহরে ক্রুসেডার বুরুন্ডিয়ান সৈন্যদের বিরুদ্ধে একটি সফল অভিযান পরিচালনা করেছেন।

শাহাদাহ নিউজের তথ্যমতে, হারাকাতুশ শাবাব মুজাহিদদের উক্ত সফল হামলায় বুরুন্ডিয়ান ক্রুসেডার বাহিনীর 2 সৈন্য নিহত এবং আরো 6 এরও অধিক ক্রুসেডার সৈন্য আহত হয়।

একইদিনে সোমালিয়ার বারী প্রদেশের "বাসুসা" শহরেও পুনটল্যান্ড ক্রুসেডার বাহিনীর বিরুদ্ধে একটি সফল অভিযান পরিচালনা করেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। যাতে 2 এরও অধিক ক্রুসেডার হতাহত হয়। জানা যায় যে, হতাহত ক্রুসেডারদের মধ্যহতে 2 জনই হচ্ছে পুনটল্যান্ড ক্রুসেডার বাহিনী গোয়েন্দা সদস্য।

১০ই মার্চ, ২০২০

লোন উলফ ম্যাগাজিনের ২য় সংখ্যা নিয়ে বিশেষ প্রতিবেদন

লোন উলফ ম্যাগাজিনের ২য় সংখ্যা ও ভিডিও ট্রেইলার নিয়ে বিশেষ প্রতিবেদন প্রকাশ করেছে একটি অনলাইন নিউজ পোর্টাল। ইংরেজিতে প্রকাশিত সেই প্রতিবেদনটির অনুবাদ করেছেন বখতিয়ার মামুন। অনুবাদ নিম্নে দেওয়া হল-

আমেরিকান ও ভারতীয় রাষ্ট্রদূতের উপর হামলা চালানোর জন্য বাংলাদেশের নিরাপত্তাবাহিনীর ভিতরে থাকা 'লোন উলফদের' আহ্বান জানালো আল-কায়েদা

এ বছরের ফেব্রুয়ারির মাঝামাঝি বাংলায় 'লোন উলফ' ম্যাগাজিনের দ্বিতীয় পর্ব প্রকাশ করেছে আল-কায়েদা ভারতীয় উপমহাদেশ শাখা (AQIS) এর প্রতি অনুগত বাংলাদেশী জিহাদিরা। তাদের ভাষ্য অনুযায়ী এ ম্যাগাজিনের উদ্দেশ্য 'বাংলাদেশে গ্লোবাল জিহাদের কাজকে অগ্রসর করা...'। গ্রুপটির প্রকাশনার মান উঁচু স্তরের। বিগত পাঁচ বছর ধরে এই মান তারা বজায় রেখেছে। ৫৩ পৃষ্ঠার নতুন এই ম্যাগাজিনেও এই উচ্চমান দৃশ্যমান। কাদের লক্ষ্য করে এই ম্যাগাজিন প্রকাশ করা হয়েছে সেটা প্রচ্ছদেই স্পষ্ট করে দেওয়া হয়েছে। ম্যাগাজিনের শিরোনাম রাখা হয়েছে, 'লেটার টু দা ইনসাইডার' ('ভিতরের ভাইয়ের প্রতি চিঠি')। বাংলাদেশের বিভিন্ন নিরাপত্তা রক্ষাকারী বাহিনীর লোগো স্থান পেয়েছে প্রচ্ছদে। বাংলাদেশ নেভি, বাংলাদেশ বিমান, পুলিশ, র‍্যাব এবং এসএসএফ এর লোগের মাঝখানে বিশেষ গুরুত্ব দিয়ে রাখা হয়েছে বাংলাদেশ সেনাবাহিনীর লোগো। প্রচ্ছদে এসএসএফ এর লোগো রাখার দিকটি বিশেষভাবে লক্ষনীয়। পাশাপাশি বাংলাদেশের তিন সশস্ত্র বাহিনীর সমন্বিত লোগোও স্থান পেয়েছে ম্যাগাজিনের প্রচ্ছদে। ম্যাগাজিনের নতুন এই সংখ্যাটি পুরোপুরিভাবে বাংলাদেশের নিরাপত্তা বাহিনীর সদস্যদের লক্ষ্য করে তৈরি করা হয়েছে।জিহাদের সমর্থনে জিহাদিরা যেসব যুক্তি, কারণ ও তর্ক উপস্থাপন করে সেগুলো সুক্ষ, গভীর এবং উন্নত। একজন মুসলিমের কাছে অনেক সময় জিহাদিদের এ কথাগুলো প্রামাণিক এবং গ্রহণযোগ্য মনে হয়। একজন সাধারন মুসলিমের জন্য এই বক্তব্য চ্যালেঞ্জ করা বেশ কঠিন। এই যুক্তি ও তর্কগুলো বৈশ্বিক জিহাদ আন্দোলনের নেতা ও চিন্তাবিদদের দীর্ঘদিনের বিশ্বাসগত ও পদ্ধতিগত আলোচনা, পর্যালোচনা এবং তর্কবিতর্কের ফসল। এই ম্যাগাজিনে এধরণের যুক্তি ও আলোচনাগুলো তুলে ধরা হয়েছে। কাউকে নিজেদের মতাদর্শে দীক্ষিত করার জন্য জিহাদিরা সাধারণত যে পদ্ধতি অনুসরণ করে থাকে সেগুলো উঠে এসেছে এ ম্যাগাজিনে। ম্যাগাজিনে সমসাময়িক বিশ্বের পর্যালোচনা উপস্থাপন করা হয়েছে, যেখানে বিশেষভাবে গুরুত্ব

পেয়েছে বিশ্বজুড়ে মুসলিমদের উপরে চলা নিপীড়নের কথা। বিশ্বের মুসলিম শাসকদের তাগুত (এমন শাসক যে স্রষ্টার সার্বভৌম শক্তি ও আইন প্রত্যাখ্যান করে) ঘোষণা করা হয়েছে, সেই সাথে যারা তাগুতের প্রতিরক্ষা করে এবং তাগুতের পথে যুদ্ধ করে তাদের কাফির ঘোষণা করা হয়েছে। বলা হয়েছে যে 'বাহিনীগুলো' তাগুতের সহায়তা করে কুরআনে তাদের জাহান্নামের আগুনের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। বাংলাদেশ ও মার্কিন সেনাবাহিনীর সম্পর্কের কথা উল্লেখ করে সমালোচনা করা হয়েছে। 'আল্লাহর বাহিনী' আর বাংলাদেশ সেনাবাহিনীর তুলনা উপস্থাপন করা হয়েছে একটি ইনফোগ্রাফিকের মাধ্যমে।এ বিষয়গুলো তুলে ধরার পর একমাত্র সমাধান হিসাবে বলা হয়েছে সশস্ত্র জিহাদের কথা।

ম্যাগাজিনটি পাঠকদের তাগুতের বাহিনীর ভিতরে "গোপন অপারেটর " হিসাবে কাজ করার এবং "ওয়ান ম্যান আর্মি" হওয়ার আহ্বান জানিয়েছে। এটিকেই তুলে ধরা হয়েছে পাঠকের জন্য সবচেয়ে কার্যকরী পথ হিসাবে। সামরিক বা নিরাপত্তা বাহিনীর ভিতরে থাকা লোন উলফদের আক্রমনের তিনটি উদাহরণ তুলে ধরা হয়েছে- মার্কিন সেনাবাহিনীর সাবেক মেজর নিদাল হাসান, যিনি ২০০৯ এ টেক্সাসের ফোর্ট হুডে হামলা চালিয়ে মার্কিন সেনাদের হত্যা করেছিলেন; মুহাম্মাদ আল-শামরানি নামের তরুণ সৌদি অফিসার যিনি ২০১৯ এর ডিসেম্বরে পেনসাকোলা ন্যাভাল এয়ার বেইসে মার্কিন সেনাদের উপর হামলা চালান; এবং তুর্কির পুলিশ অফিসার মেভলুত আলতিনতাস, যিনি ২০১৬তে আঙ্কারায় মিডিয়াতে সরাসরি সম্প্রচাররত অবস্থায় রাশিয়ান রাষ্ট্রদূত আন্দ্রেই কারলভকে হত্যা করেন। সামরিক বাহিনীর ভিতরে লোন উলফ হিসাবে কাজ করতে পাঠকদের উদ্বুদ্ধ করার জন্য বিভিন্ন অনুপ্রেরণামূলক বার্তা ব্যবহার করা হয়েছে ম্যাগাজিনে। এর মধ্যে আছে কুরআনের আয়াত এবং সুন্নাহর বক্তব্য। ঐতিহাসিক বিভিন্ন ঘটনাবলীও উপস্থাপন করা হয়েছে। ম্যাগাজিনটিতে মুসলিমদের ঈমানের শক্তির কথা বলা হয়েছে, এবং চূড়ান্ত বিজয়ের নিশ্চয়তা হিসাবে দেখানো হয়েছে ইসলাম ধর্মের সত্যতা ও শক্তির কথা।সামরিক বাহিনীর ভিতরে থাকা লোন উলফদের আক্রমনের প্রভাব কী হতে পারে, তার একটি লিস্ট ম্যাগাজিনে দেওয়া হয়েছে। এর মধ্য একটি উল্লেখযোগ্য যুক্তি হল, কিতাল (সশস্ত্র জিহাদ) নিজেই একটি শক্তিশালী দাওয়াহ। জিহাদিদের বক্তব্য হল, একটি সন্ত্রাসী হামলার পর বহু মুসলিমের নিজেদের বিশ্বাসকে পুনরায় মূল্যায়ন করার সম্ভাবনা তৈরি হয় (যা মৌলবাদের দিকে ঝুকে পরার সম্ভাবনা তৈরি করে)। এটি একটি অভিনব যুক্তি। জিহাদিরা সাধারনত যেসব যুক্তি উপস্থাপন করে থাকে এটি সেগুলোর সাথে একটি নতুন সংযোজন।ম্যাগাজিনের নতুন সংখ্যার পাশাপাশি ট্রেইলার হিসাবে একটি ভিডিও প্রকাশ করেছে আল-কায়েদা ভারতীয় উপমহাদেশ (AQIS) এর সাথে সংশ্লিষ্ট এই গ্রুপটি। ভিডিও আর ম্যাগাজিনের টার্গেট দর্শক প্রথমত নিরাপত্তাবাহিনীর সদস্যরা। বলা যায়

ভিডিওতে ম্যাগাজিনের বক্তব্য সংক্ষিপ্তভাবে উঠে এসেছে। আকর্ষনীয়ভাবে তৈরি করা এ ভিডিওতে বাংলাদেশ সামরিক বাহিনীর বিভিন্ন ফুটেজ ব্যবহার করা হয়েছে, যা দেখে মনে হয় সুচতুরভাবে তৈরি করা এই প্রপাগান্ডা ভিডিওর নির্মাতাদের মূল উদ্দেশ্য ছিল দর্শকের মনে শক্তিশালী প্রভাব ফেলা। ভিডিওটির একটি উল্লেখযোগ্য দিক হল সামরিক বাহিনীর ভিতরে থাকে লোন উলফদের জন্য স্পষ্টভাবে তিনটি সম্ভাব্য টার্গেট উপস্থাপন করা হয়েছে। এই তিনটি টার্গেট হল, বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত আর্ল মিলার, বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাই কমিশনার রিভা গাঙ্গুলি দাস, এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এমন উচ্চ পর্যায়ের টার্গেট নির্ধারন উচ্চাকাঙ্ক্ষী হলেও, এ ধরনের হামলার সম্ভাবনা হালকাভাবে নেওয়ার সুযোগ নেই।এই লোন উলফ ম্যাগাজিন ও ট্রেইলার ভিডিওটির মতো আকর্ষনীয়ভাবে নির্মিত কন্টেন্টের পিছনে জিহাদি গ্রুপগুলোকে করতে হয় উল্লেখযোগ্য পরিমানে সময়, সম্পদ ও সদস্য বিনিয়োগ। তাই একে AQIS এর বর্তমান ফোকাসের ইঙ্গিত হিসাবে দেখা অযৌক্তিক হবে না। লক্ষণীয় বিষয় হল, AQIS প্রকাশ্যে তাদের পদ্ধতি নিয়ে কথা বলছে। এর একটি কারণ সম্ভবত এই যে, ইতিমধ্যেই হয়তো সামরিক বাহিনীর ভিতরে তাদের মতাদর্শের প্রচার ও সদস্য সংগ্রহের কাজ চলছে। এই বার্তাগুলো উপেক্ষা করা বুদ্ধিমানের কাজ হবে না, কারণ এ থেকে পরিস্কারভাবে বুঝা যায় অদূর ভবিষ্যতে জিহাদিরা বাংলাদেশে কী দেখতে চাচ্ছে।

মূল- নেত্র নিউজ, আশেক হক, ০৫ মার্চ ২০২০ ইংরেজি

পরিদর্শকের আগমনে সরকারি রেল পরিষ্কার, গমনে যা-তাই!

বছর জুড়ে রেলস্টেশনের প্লাটফর্মসহ পার্শবর্তী আঙ্গিনা সবসময় অপরিচ্ছন্ন থাকে। পরিস্কার-পরিচ্ছন্ন করতে কোন তৎপরতা দেখা যায়নি কর্মকর্তা-কর্মচারীদের। স্টেশনের পাশেই যত্রতত্র গাড়ি পার্কিং। যার কারণে যাত্রীদের পেতে হয় নানা ভোগান্তি। কিন্তু বাৎসরিক পরিদর্শনে বাংলাদেশ রেলওয়ের রেলপথ পরিদর্শকের (জিআইবিআর) আগমন উপলক্ষে স্টেশনটি পেয়েছিলো নতুন রূপ। পরিষ্কার করা হয়েছিলো জঙ্গল। তবে তার গমনের পর আবারো সেই গাড়ি পার্কিং। সেই পুরনো ভোগান্তি।

জিআইবিআর আসার খবর শুনে হঠাৎ করে নড়েচড়ে বসেছিলেন রেলের কর্মকর্তা ও কর্মচারীগণ। প্রত্যেকে নিজ নিজ দপ্তরকে সাজাতে থাকেন। তিন-চার দিন আগ থেকেই স্টেশনের প্লাটফর্ম, দেয়ালে রং দেয়া, যাত্রী বিশ্রামাঘার ধুয়ে-মুছে পরিস্কার, বিভিন্ন দাপ্তরিক অফিসের সংস্কার ও

নতুন করে রং করানো, আসবাবপত্র পরিস্কার, স্টেশনের পাশে সিএনজি স্ট্যান্ড অপসারণসহ স্টেশনের আঙ্গিনা পরিস্কার-পরিচ্ছন্ন করা হয়েছিলো। অনেক যাত্রী সাধারণ মনে করছেন, রেল পরিদর্শকের আগমনে লোক দেখানো পরিস্কার-পরিচ্ছন্নে কাজ করানো হয়েছে। তবে সারাবছর যদি এভাবে পরিস্কার-পরিচ্ছন্ন থাকতো তাহলে যাত্রীরা অনেকটা স্বাচ্ছন্দে থাকতো বলে করেন স্থানীয়রা।

এ ছাড়া স্টেশনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণ সারাবছর অফিসিয়াল পোশাক না পড়লেও পরিদর্শনের দিন সবাইকে অফিসিয়াল পোশাক পড়ে দায়িত্ব পালনে সরব দেখা গেছে। খবরঃ কালের কণ্ঠের

সোমবার সকালে একটি বিশেষ ট্রেনে প্রায় ৫০ সদস্যের একটি টিম নিয়ে কুলাউড়া রেলওয়ে জংশন স্টেশন পরিদর্শনে আসেন রেলপথ পরিদর্শক অসীম কুমার তালুকদার। তাঁর সাথে ছিলেন রেলওয়ের পূর্বাঞ্চলের ব্যবস্থাপক নাসির উদ্দিন আহমেদ, প্রধান প্রকৌশলী মো. সুবক্তগীন, চীফ অপারেটিং সুপারেন্টেড মো. নাজমুল ইসলাম, প্রধান বাণিজ্যিক ব্যবস্থাপক মো. শাহনেওয়াজ, প্রধান যান্ত্রিক প্রকৌশলী মো. মহিউদ্দিনসহ পূর্বাঞ্চলের সকল বিভাগের প্রধানগণ।

পরিদর্শনকালে তিনি কুলাউড়া রেললাইন, প্ল্যাটফর্ম, লোকো শেড, রেলওয়ে হাসপাতাল, রেস্ট হাউস, যাত্রী বিশ্রামাগার, প্ল্যাটফর্ম শেডসহ যাত্রীদের বিভিন্ন সুবিধা-অসুবিধার খোঁজখবর নেন। পরে তিনি স্থানীয় রেলবিভাগের কর্মকর্তা ও গণমাধ্যমকর্মীদের সঙ্গে যাত্রীসেবার মান ও সমস্যার বিষয়ে জানতে চান। তখন তাঁর কাছে বিভিন্ন সমস্যা ও দাবির কথা তুলে ধরা হয়।

রেলের লোকো শেড পরিদর্শনে গিয়ে কিছু অনিয়ম দেখতে পান। সেখানে রেজিস্ট্রেরি খাতায় ২ মাসে মাত্র ২ বার ট্রেনের ইঞ্জিন চেক করার তথ্য দেখানো হয়। সিএনজি স্ট্যান্ড গড়ে তুলে।

আবারও জায়েজ বিয়ে বন্ধ করে দিলো তাগুত প্রশাসনঃ কারাগারে বর

ব্রাহ্মণবাড়িয়ার সদর উপজেলায় সোমবার কথিত বাল্য বিয়ের অপরাধে বরকে কারাগারে পাঠিয়েছে তাগুত ভ্রাম্যমাণ আদালত। দণ্ডপ্রাপ্ত সাদ্দাম হোসেন (২৭) সদর উপজেলার সেন্দ গ্রামের উত্তরপাড়ার তোতা মিয়ার ছেলে। ব্রাক্ষণবাড়িয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট পঙ্কজ বড়ুয়া বর সাদ্দাম হোসেনকে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড দেয়। খবরঃ নয়া দিগন্তের

তিনি জানান, সদর উপজেলার একটি গ্রামের ১৫ বছর বয়সী মেয়ে ও স্থানীয় একটি মাদরাসার নবম শ্রেণির ছাত্রীর সাথে একই উপজেলার সেন্দ গ্রামের উত্তর পাড়ার তোতা মিয়ার ছেলে সাদ্দাম হোসেনের সোমবার বিয়ে হওয়ার কথা ছিল। দুপুরে বিয়ে বাড়িতে বর উপস্থিত হওয়ার পর বরযাত্রীসহ আত্মীয়-স্বজনদের খাওয়া-দাওয়ার প্রায় শেষ পর্যায়ে তার নেতৃত্বে তাগুত বাহিনীর ভ্রাম্যমাণ আদালত সেখানে উপস্থিত হয়। পরে বিয়ে বন্ধ করে দিয়ে বর সাদ্দাম হোসেনকে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড দেয়া হয়।

পুলিশকে ঘুষ দিয়ে থানা থেকেই মুক্ত মাদকসহ গ্রেপ্তার কারবারি

রাজধানীর মিরপুরের রূপনগরে বিপুল পরিমাণ ইয়াবাসহ তিন মাদককারবারিকে গ্রেপ্তার করার পর মোটা অঙ্কের ঘুষের বিনিময়ে থানা থেকেই এক কারবারিকে ছেড়ে দিয়েছে ওই থানার এসআই সন্ত্রাসী মো. মেহেদী হাসান এবং তার সহযোগীদের বিরুদ্ধে।

শুধু তাই নয়, ওই তিনজনের কাছে তিন হাজার পিস ইয়াবা পাওয়ার পরও নথিপত্রে তিনি উল্লেখ করেছেন এক হাজার পিসের কথা। তদুপরি বেশি দামের সাদা রঙের ইয়াবা জব্দ করা হলেও তিনি উল্লেখ করেছেন কম দামের লাল/গোলাপি রঙের বড়ি নাকি জব্দ করা হয়েছে।

ইয়াবাসহ গ্রেপ্তার তিনজন হলেন আমির খসরু ওরফে রবিন খান, রোকসানা ওরফে চান্দা ও মো. আবদুস সাত্তার। এর মধ্যে আমির খসরু তালিকাভুক্ত ইয়াবাকারবারি। তাকেই থানা থেকে ছেড়ে দিয়েছেন এসআই মেহেদী। পুলিশের এই কর্মকর্তা এ মামলার বাদী হওয়া সত্ত্বেও তিনি নিজেই এজাহারে প্রকৃত তথ্য গোপন করেছেন। রূপনগরের একটি ভবন থেকে ওই ৩ আসামিকে গ্রেপ্তার করা হলেও এজাহারে উল্লেখ করেছেন রাস্তা থেকে গ্রেপ্তারের কথা। মামলায় স্থানীয় বাসিন্দাদের কাউকে সাক্ষী করেননি, করেছেন তার নিজের সোর্স ও পথচারীকে।

এদিকে আমাদের সময়ের অনুসন্ধানে উঠে এসেছে, যে ভবনের সামনে থেকে এসআই মেহেদী দুই আসামিকে গ্রেপ্তার দেখিয়েছেন, সেখানে কোনো ভবনের অস্তিত্বই নেই, আছে খালি মাঠ। এ ছাড়া গত ১৫ নভেম্বর রাতে ওই ৩ মাদককারবারিকে গ্রেপ্তারের পর থানা থেকে আমির খসরুকে ছেড়ে দেওয়া এবং থানায় পুলিশের জিজ্ঞাসাবাদকালে মাদক সিন্ডিকেটের বিষয়ে ওই আসামির চাঞ্চল্যকর তথ্য প্রদানসহ আড়াল করা বেশকিছু তথ্য-প্রমাণ রয়েছে এ প্রতিবেদকের কাছে।

গত ১৬ নভেম্বর রূপনগর থানায় দায়েরকৃত মামলার এজাহারে এর বাদী এসআই মেহেদী হাসান উল্লেখ করেন, গত ১৫ নভেম্বর রাত পৌনে দশটার দিকে গোপন সংবাদের ভিত্তিতে এসআই মেহেদী জানতে পারেন রূপনগর থানাধীন ইস্টার্ন হাউজিং ডি-ব্লকস্থ ২৩৬ নম্বর বাসার সামনের রাস্তায় কতিপয় মাদককারবারি মাদকদ্রব্য বিক্রি করছে। এর পর পল্লবী জোনের এসি ও রূপনগর থানার ওসির নেতৃত্বে সঙ্গীয় ফোর্সদের নিয়ে রাত সোয়া ১০টার দিকে ২৩৬ নম্বর বাসার সামনে অভিযান চালান মেহেদী।

এ সময় পুলিশের উপস্থিতি টের পেয়ে পলিয়ে যাওয়ার চেষ্টা করলে মাদক ব্যবসায়ী রোকসানা চান্দা ও আবদুল সাত্তারকে আটক করা হয়। এ সময় উপস্থিত সাক্ষী মো. রফিকুল হক (বাসা-রূপনগরের ইস্টার্ন হাউজিং, এস-১ সড়কের এফ-ব্লকস্থ ৩৫ নম্বর ভবন), মো. রিয়াজুল ইসলাম তপুর উপস্থিতিতে রূপনগর থানার কনস্টেবল লাভলী আক্তারের মাধ্যমে আটকদের তল্লাশি করে প্রায় ৩ লাখ টাকা মূল্যের ১ হাজার পিস লাল গোলাপি রঙের অ্যামফিটামিনযুক্ত ইয়াবা ট্যাবলেট জব্দ করা হয়।

এর মধ্যে চান্দার কাছ থেকে ৭০০ পিস ও সাত্তারের কাছ থেকে ৩০০ পিস ইয়াবা পাওয়া যায়। উপস্থিত সাক্ষীদের সামনে জব্দ তালিকা মূলে জব্দ করে আসামি ও আলামত নিজ হেফাজতে নেন এসআই মেহেদী হাসান। জিজ্ঞাসাবাদে দুই আসামি জানায়, তারা দীর্ঘদিন ধরে রূপনগর থানা এলাকা ছাড়াও রাজধানীর বিভিন্ন এলাকায় ইয়াবা ব্যবসা চালিয়ে আসছিলেন।

অনুসন্ধানে জানা গেছে, গত ১৫ নভেম্বর রাতে এসআই মেহেদী রূপনগর থানাধীন ইস্টার্ন হাউজিং ডি-ব্লকস্থ ২৩৬ নম্বর বাসার সামনের রাস্তা থেকে নয়, মাদক ব্যবসায়ী চান্দা, আমির খসরু ও মো. আবদুল সাত্তারকে ওই এলাকারই একটি ভবন থেকে গ্রেপ্তার করেন তিনি ও তার সহযোগীরা। যে বাসার সামনে তিনি গ্রেপ্তারস্থল দেখিয়েছেন-গত বৃহস্পতিবার সরেজমিনে গিয়ে দেখা গেছে, ২৩৬ নম্বর প্লটে কোনো বাড়ি বা ঘর নেই।

এ প্লটের উল্টোপাশের ডি-২৩৭/১ নম্বর ভবনের কেয়ারটেকার জানান, গত ১৫ নভেম্বর রাতে তিনি বাড়ির সামনে কোনো মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করে নিয়ে যেতে দেখেননি। ইস্টার্ন হাউজিংয়ের সাইট ম্যানেজার একেএম জাহাঙ্গীর কবিরও জানান, ২৩৬ নম্বর প্লটটিতে কখনই কোনো বাড়ি ছিল না। সে রাতে তিনিও মাদককারবারিকে গ্রেপ্তার করে নিয়ে যেতে দেখেননি।

এজহারে বর্ণিত সাক্ষী রফিকুল হকের রূপনগর ইস্টার্ন হাউজিং, এস-১ সড়কের এফ-ব্লকের ৩৫ নম্বর ভবনে খোঁজ নিতে গেলে ভবন মালিক মিলি জানান, রফিকুল হক নামে কাউকে তিনি

চেনেন না, এ ভবনে কখনই এ নামে কোনো ভাড়াটিয়া ছিল না। পরে মামলায় বর্ণিত সাক্ষী রফিকুল হকের একটেল মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তিনি বলেন, রাস্তা দিয়ে যাওয়ার সময় পুলিশ আমাকে একটি সাদা কাগজে স্বাক্ষর করতে বলেন। আমি কিছু না বুঝেই তাতে সই দিই। ঠিকানা ভুল দেওয়ার কারণ জানতে চাইলে তিনি কোনো সদুত্তর দিতে পারেননি।

ঘটনার বিষয়ে জানতে মামলার আরেক সাক্ষী রূপনগর থানা পুলিশের সোর্স তপুর মোবাইল ফোনে গতকাল রবিবার একাধিকবার চেষ্টা করা হলেও তার সেলফোনটি বন্ধ পাওয়া যায়। এসআই মেহেদী সে রাতে বিপুল মাদকসহ আমির খসরু, চান্দা ও আবদুল সাত্তারকে যে গ্রেপ্তার করেছিলেন তার প্রমাণ মিলেছে থানা পুলিশ সূত্র ও মোবাইল ফোনে ধারণকৃত একাধিক ভিডিও ক্লিপে।

ফুটেজ বিশ্লেষণে দেখা গেছে, থানার একটি সোফায় হাতকড়া পরিয়ে পাশাপাশি বসিয়ে রাখা হয়েছে মাদক ব্যবসায়ী চান্দা ও আমির খসরুকে। ওপর তলার একটি কক্ষে হাতকড়া পরিয়ে রাখা হয়েছে আবদুল সাত্তারকে। তিনজনকেই জিজ্ঞাসাবাদ করছিলেন এসআই মেহেদী।

জিজ্ঞাসাবাদে গ্রেপ্তার সাত্তার জানান, তিনি হাউজিংয়ে চাকরি করেন। মূলত ইয়াবা সেবন ও বিক্রির উদ্দেশে কিনতে ডিলার চান্দার কাছে এসেছিলেন তিনি। হাউজিংয়ের কিছু চাকরিজীবী ও ঢাকা উদ্যানের মাঠে ইয়াবা সেবীরাই তারই খদ্দের। ইয়াবা কিনেই নদীর পাড় ও ছনখেতে ইয়াবা সেবন করে তার ক্রেতারা। আপনার কাছে কয়'শ মাল (ইয়াবা) পাওয়া গেছে জানতে চাইলে সাত্তার এসআইকে বলেন-'৫০০ পিস'। এসআইও তখন বলেন, আপনার কাছ থেকে দুই প্যাকেটে ২০০ পিস করে এবং এক প্যাকেটে ১০০ পিস পেলাম; মালডা (ইয়াবা) সাদা, ভালো কোয়ালিটির মাল।' অথচ মামলায় সাত্তারের কাছ থেকে জব্দ দেখানো হয়েছে ৩০০ পিস লাল গোলাপি রঙের ইয়াবা।

এরও আগে থানায় এনে আমির খসরুকে জিজ্ঞাসাবাদ করেন মেহেদী। মুন্সীগঞ্জের গজারিয়ার রসুলপুর গ্রামের ছেলে খসরুর বাবার নাম মৃত আরশাদ খান। তার নামে মিরপুরের রূপনগর থানাতেই রয়েছে আগের একটি মাদক মামলা (এফআইআর নম্বর-১১/২৯; তারিখ ১৫ ফেব্রুয়ারি ২০১৯)। এ ছাড়া পল্লবী থানায় রয়েছে নারী ও শিশু নির্যাতন দমন আইনের মামলা (এফআইআর নম্বর-১১/১৩১; তারিখ ৬মার্চ ২০১৯)।

জিজ্ঞাসাবাদে এসআই মেহেদীকে খসরু জানান, এ ইয়াবা সিন্ডিকেটের মূল ডিলার হলেন গ্রেপ্তার রোকসানা চান্দার ছেলে রাজু। আজকের এই ২ হাজার পিস মাল (ইয়াবা) কার, কোত্থেকে

আসছে-এমন প্রশ্নে খসরু বলেন, এই মাল রাজুর। তার সঙ্গেই ব্যবসা করেন খসরু। ইয়াবা সাপ্লাইয়ের যোগাযোগ রক্ষা করেন রাজুর মা চান্দা খালা। দেখভাল করেন রাজুর বোন মীম। ২৫ দিন আগে কক্সবাজার থেকে মিরপুরের কাজীপাড়া এলাকার বাসিন্দা প্রিয়া ও শিপন নামে দুই ক্যারিয়ারের মাধ্যমে এগুলোসহ সাদা রঙের দামি ৩ হাজার পিস ইয়াবা আনায় রাজু।

এসআই মেহেদী বলেন, যে বাসায় মালগুলা পাইলাম বাসাটা কার? উত্তরে খসরু বলেন মীমের। অথচ মামলার এজাহারে এসআই মেহেদী দুজনকে আটকের স্থান দেখান ইস্টার্ন হাউজিং ডি-ব্লকস্থ ‘অদৃশ্য’ ২৩৬ নম্বর বাসার সামনের রাস্তা। মাদক ব্যবসায়ী চান্দার কাছ থেকেও সহস্রাধিক ইয়াবা জব্দ করা হয়েছে বলেও সূত্র জানিয়েছে।

অভিযোগ ভিত্তিহীন দাবি করে এসআই মেহেদী বলেন, ওই রাতে ৩ মাদক ব্যবসায়ীকে ধরে একজনকে ছেড়ে দেওয়ার প্রশ্নই ওঠে না। দুজনকেই ধরেছি। এদের মধ্যে এক নারীর কাছে ৭০০ পিস ও এক ব্যক্তির কাছ থেকে ৩০০ পিস লাল গোলাপী রঙের ইয়াবা উদ্ধার করি। মামলায় যে বাসার সামনের রাস্তা থেকে আসামিদের গ্রেপ্তারস্থল ও সাক্ষীদের ঠিকানার কথা উল্লেখ করা হয়েছে, খোঁজ নিয়ে তার সব কিছু ভুয়া দেখা গেছে জানালে এসআই মেহেদী বলেন-হয়তো ভুলেই এমনটা হয়েছে।

সর্বশেষ, গতকাল সন্ধ্যায় রূপনগর থানায় এ প্রতিবেদক ফোন করে এসআই মেহেদী হাসান সম্পর্কে জানতে চাইলে ওপ্রান্ত থেকে ডিউটি অফিসার পরিচয়দানকারী জানান, তিনি (মেহেদী) এখন আর রূপনগর থানায় নেই। পরবর্তীতে খোঁজ নিয়ে জানা যায়, তাকে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) হেডকোয়ার্টার্সে সংযুক্ত করা হয়েছে।

অর্থনীতিতে অশনিসংকেতঃ ১২ ব্যাংক মূলধন হারিয়ে ধুঁকছে

ব্যাংকগুলোর ঝুঁকিভিত্তিক সম্পদ বেড়েই চলেছে। এই সম্পদের বিপরীতে আন্তর্জাতিক নীতিমালা অনুসারে মূলধন সংরক্ষণ করতে হয়। ব্যাংকগুলোর আয় থেকে অর্থ এনে এই মূলধন সংরক্ষণ করতে হয়; কিন্তু মাত্রাতিরিক্ত খেলাপি ঋণের কারণে দেশের ১২টি ব্যাংক প্রয়োজনীয় মূলধন সংরক্ষণ করতে ব্যর্থ হয়েছে। এই ব্যাংকগুলোর ঘাটতির পরিমাণ দাঁড়িয়েছে ২৩ হাজার ৬১১ কোটি টাকা। ঘাটতিতে পড়া ১২টি ব্যাংকের মধ্যে সরকারি ব্যাংকই ৭টি। কেন্দ্রীয় ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংক সূত্রে এসব তথ্য জানা গেছে।

এ সংক্রান্ত প্রতিবেদনে দেখা যায়- গত ২০১৮ সালে মূলধন ঘাটতিতে পড়া ব্যাংকের সংখ্যা ছিল ১০টি। এবার ঘাটতিতে পড়েছে ১২টি ব্যাংক। সবচেয়ে বেশি ৯ হাজার ৪১১ কোটি টাকা মূলধন ঘাটতি রয়েছে বাংলাদেশ কৃষি ব্যাংকের। আগের বছর ব্যাংকটির ঘাটতি ছিল ৮ হাজার ৮৪৭ কোটি টাকা। এক বছরে ব্যাংকটির ঘাটতি বেড়েছে ৫৬৪ কোটি টাকা। দ্বিতীয় সর্বোচ্চ ঘাটতি রয়েছে দেশের সবচেয়ে বড় ব্যাংক সোনালীর। রাষ্ট্রীয় মালিকানাধীন এই ব্যাংকের ঘাটতির পরিমাণ ৫ হাজার ৩২০ কোটি টাকা থেকে বেড়ে গত বছর শেষে দাঁড়িয়েছে ৫ হাজার ৮৩২ কোটি টাকা।

মূলধন ঘাটতির শীর্ষ তিনে রয়েছে আরেক সরকারি ব্যাংক জনতা। অ্যাননটেক্স ও ক্রিসেন্ট গ্রুপ জালিয়াতির অকুস্থল এই ব্যাংকের ঘাটতি দাঁড়িয়েছে ২ হাজার ৪৮৯ কোটি টাকা। যদিও আগের বছর ঘাটতি ছিল ৫ হাজার ৮৫৫ কোটি টাকা। অগ্রণী ব্যাংকের মূলধন ঘাটতি ৮৮৩ কোটি টাকা থেকে বেড়ে দাঁড়িয়েছে ১ হাজার ২৯৪ কোটি টাকা। অবিশ্বাস্যভাবে কমেছে বেসিক ব্যাংকের মূলধন ঘাটতি।

ব্যাংকটির মূলধন ঘাটতিতে কমেছে নীতিগত কিছু ছাড়-সুবিধা গ্রহণ করে। ব্যাংকটির মূলধন ঘাটতি ৩ হাজার ৩৯৪ কোটি টাকা থেকে কমিয়ে দেখানো হয়েছে ৯৬১ কোটি টাকা। রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের (রাকাব) ঘাটতি ৭১২ কোটি টাকা থেকে বেড়ে দাঁড়িয়েছে ৭৮৮ কোটি টাকা। রাষ্ট্রীয় মালিকানাধীন রূপালী ব্যাংকের মূলধন আগের বছর ২০ কোটি টাকা উদ্বৃত্ত থাকলেও গত বছর শেষে ঘাটতি হয়েছে ২০০ কোটি টাকা।

বেসরকারি খাতের ব্যাংকগুলোর মধ্যে সর্বোচ্চ ১ হাজার ৬০৫ কোটি টাকা মূলধন ঘাটতি হয়েছে আইসিবি ইসলামী ব্যাংকের। আগের বছর ঘাটতি ছিল ১ হাজার ৫৫২ কোটি টাকা। বাংলাদেশ কমার্স ব্যাংকের ঘাটতি ৩৮৪ কোটি টাকা থেকে বেড়ে হয়েছে ৮৮৯ কোটি টাকা। মালিকদের দুর্নীতির জন্য সবচেয়ে বেশি আলোচিত পদ্মা ব্যাংকের মূলধন ঘাটতি হয়েছে ৭৭ কোটি টাকা। বিদেশি খাতের ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তানের মূলধন ঘাটতি ৪০ কোটি টাকা থেকে বেড়ে হয়েছে ৬২ কোটি টাকা।

এবার মূলধন ঘাটতির তালিকায় নাম রয়েছে নতুন কার্যক্রমে আসা কমিউনিটি ব্যাংকের। পুলিশ কল্যাণ ট্রাস্টের মালিকানাধীন ব্যাংকটির মূলধন ঘাটতি হয়েছে দেড় কোটি টাকা। ব্যাংকটির ব্যবস্থাপনা পরিচালক (এমডি) মশিউল হক চৌধুরী বলেন, ৪০০ কোটি টাকা পরিশোধিত মূলধন নিয়ে ব্যাংকটি যাত্রা শুরু করে। ব্যাসেল-৩ নীতিমালার ক্যালকুলেশনে সামান্য ঘাটতি হয়েছে। তবে আমাদের মূলধন পর্যাপ্তের হার অনেক বেশি, ১৫০ শতাংশ। খবরঃ আমাদের সময়

ব্যাংকগুলোর শেয়ারহোল্ডার বা মালিকদের জোগান দেওয়া অর্থই মূলধন হিসেবে বিবেচিত। আন্তর্জাতিক নীতিমালার আলোকে ব্যাংকগুলোকে মূলধন সংরক্ষণ করতে হয়। বাংলাদেশে বর্তমানে ব্যাসেল-৩ নীতিমালার আলোকে ব্যাংকের ঝুঁকিভিত্তিক সম্পদের ১০ শতাংশ অথবা ৪০০ কোটি টাকার মধ্যে যেটি বেশি, সেই পরিমাণ মূলধন রাখতে হচ্ছে। কোনো ব্যাংক এ পরিমাণ অর্থ সংরক্ষণে ব্যর্থ হলে মূলধন ঘাটতি হিসেবে বিবেচনা করা হয়।

অনেক ব্যাংক প্রয়োজনের তুলনায় বেশি মূলধন রাখায় সামগ্রিক খাতে মূলধন উদ্বৃত্ত রয়েছে। ডিসেম্বরে ব্যাংকগুলোর ১০ লাখ ৪৭ হাজার ২২৪ কোটি টাকা ঝুঁকিভিত্তিক সম্পদের বিপরীতে ১ লাখ ৭ হাজার ৩০৩ কোটি টাকা মূলধন সংরক্ষণের প্রয়োজন ছিল। ব্যাংকগুলো সংরক্ষণ করেছে ১ লাখ ২১ হাজার ১৩৪ কোটি টাকা। সামগ্রিকভাবে ব্যাংক খাতে ১৩ হাজার ৮৩১ কোটি টাকা মূলধন উদ্বৃত্ত রয়েছে।

বরিশালে ইসলাম নিয়ে কটুক্তি করল স্কুল শিক্ষক মালাউন উজ্জল কুমার

বরিশালের গৌরনদীতে বিদ্যালয়ে পাঠদানকালে ইসলাম ধর্ম নিয়ে কটুক্তি ও গরুর মাংস খাওয়া হারাম বলে মন্তব্য করেছে মালাউন উজ্জল কুমার রায় (৪৭)।

পরে সেই মালাউন শিক্ষককে গণধোলাই দিয়েছে গ্রামবাসী। গত রোববার (৮ মার্চ) রাতে গৌরনদী উপজেলার মেদাকুল বাজারে গণধোলাইর ঘটনা ঘটে।

অভিযুক্ত মালাউন শিক্ষকের বিচার দাবিতে গ্রামবাসী সোমবার বিক্ষোভ মিছিল করেছে। উজ্জল উপজেলার খাঞ্জাপুর ইউনিয়নের মেদাকুল বিএমএস ইন্সটিটিউশনের সহকারী শিক্ষক ও সমরসিংহ গ্রামের প্রফুল্ল রায়ের পুত্র।

বিদ্যালয়ের দশম শ্রেণীর শিক্ষার্থী সুমাইয়া আক্তার, সাকিব মোল্লা, সৌরভ হাসান অভিযোগ করে বলেন, রোববার বেলা সাড়ে ১০টার দিকে দশম শ্রেনীর ২য় ক্লাসে বিজ্ঞান পড়াতে আসে সহকারী শিক্ষক উজ্জল কুমার রায়। সে বিজ্ঞান বিষয়ের ক্লাসে খাদ্যে আমিষ নিয়ে পাঠদানের সময় বলেছে, আলেম-ওলামাদের দিয়ে গরু কেটে মাংস খাওয়াটা ভন্ডামী। কচ্ছপ খাওয়া উত্তম, গরু খাওয়া হারাম। হুজুররা অপদার্থ। ওই শিক্ষক পাঠাদানের সময় ধর্মীয় অনুভূতিতে আঘাত হানায় অন্যান্য শিক্ষার্থীদের মধ্যে ক্ষোভ ও অসন্তোষ ছড়িয়ে পড়ে। বিষয়টি জানাজানি হলে শিক্ষার্থীর অভিভাবকদের মাঝে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়।

জানা গেছে,ধর্মীয় অনুভূতিতে আঘাতকারী হিন্দু মালাউন শিক্ষক উজ্জল কুমার রায় রোববার রাতে মেদাকুল বাজারে আসলে বিক্ষুব্ধ গ্রামবাসী তাকে (উজ্জল) গণধোলাই দেন। খবর পেয়ে গৌরনদী থানা পুলিশ ওইদিন রাত ৯টার দিকে ঘটনাস্থলে পৌছে ওই শিক্ষককে উদ্ধার করে নিয়ে যায়।

এদিকে ইসলাম ধর্ম নিয়ে কটুক্তি করার প্রতিবাদে অভিযুক্ত শিক্ষকের ফাঁসির দাবিতে বিক্ষুব্ধ ২ শতাধিক গ্রামবাসী সোমবার মোদাকুল বাজার থেকে বিক্ষোভ মিছিল বের করে ইল্লা-বাকাই সড়ক ধরে বাকাই বাজারে গিয়ে মিছিলটি শেষ হয়।

০৯ই মার্চ, ২০২০

মালি | দখলদার ফ্রান্সের পূর্ণ একটি টিম মুজাহিদদের হামলায় নিহত!

আল-কায়েদা পশ্চিম আফ্রিকা ভিত্তিক শাখা "জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিন" (JNIM) এর জানবায আল্লাহ্ ভীরু একদল মুজাহিদিন মালির "কাইদালী" অঞ্চলে দখলদার ফ্রান্সের ক্রুসেডার বাহিনীর বিরুদ্ধে একটি সফল অভিযান পরিচালনা করেছেন।

আয-যাল্লাকা মিডিয়া কর্তৃক প্রকাশিত সংবাদ হতে জানা যায় যে, দখলদার ফ্রান্সের ক্রুসেডার ক্রুসেডার বাহিনীর বিরুদ্ধে মুজাহিদদের পরিচালিত সফল হামলায় কতক সৈন্য হতাহত হয়। এসময় মুজাহিদদের শক্তিশালী বোমা বিস্ফোরণে পরিপূর্ণরূপে ধ্বংস হয়ে যায় ক্রুসেডার বাহিনীর একটি ইউনিটকে বহনকারী ১টি সামরিকযান।

আলহামদুলিল্লাহ, মুজাহিদদের উক্ত সফল বোমা হামলায় সামরিকযানে থাকা সকল ক্রুসেডারের নিহত হওয়ার কথা নিশ্চিত করেছেন মুজাহিদিন।

করোনাভাইরাস আতঙ্ক: ভারতের শেয়ারবাজারে বড় ধরনের পতন

করোনাভাইরাস আতঙ্কে ভারতের শেয়ারবাজারে বড় ধরনের পতন ঘটেছে। সোমবার বেঞ্চমার্ক বিএসই সানসেক্স ১,৬০০ পয়েন্ট হারিয়েছে। করোনা প্রাদুর্ভাব বিশ্বব্যাপী অর্থনৈতিক ধীরগতি সৃষ্টির আশঙ্কা তৈরি করেছে।

বেসরকারি বিনিয়োগ ব্যাংক 'ইয়েস ব্যাংক' পতনের ঘটনাও বিনিয়োগকারীদের আস্থা টলিয়ে দিয়েছে। রোববার কয়েক ঘন্টা জিজ্ঞাসাবাদের পর ইয়েস ব্যাংকের প্রতিষ্ঠাতা রানা কাপুরকে গ্রেফতার করেছে এনফোর্সমেন্ট ডাইরেক্টরেট (ইডি)। দিল্লি ও মুম্বাইয়ে তার ও তার মেয়ের বাড়িতে তল্লাশি চালানো হচ্ছে।

সানসেক্সের সূচক ৪.৩৪% বা ১,৬৩২ পয়েন্ট পয়েন্ট কমে এখন ৩৫,৯৯৪-এ দাঁড়িয়েছে। অন্যদিকে এনএসই নিফটি সূচক কমেছে ৪.১২%। এখন এই সূচক ১০,৫৩৭ পয়েন্ট।

বিশ্লেষকরা বলছেন যে, সামনে ছুটির কারণে কার্যদিবস কম হওয়ায় বাজার চাপে থাকবে। পাশাপাশি ইয়েস ব্যাংক সঙ্কটের উপর নজর থাকবে বিনিয়োগকারীদের। করোনাভাইরাসের প্রাদুর্ভাব শেয়ার লেনদেনের উপর প্রভাব ফেলেছে।

দখলদার ইসরাইলের জেলে বন্দী ৪৩ ফিলিস্তিনি নারী।

০৮ ই-মার্চ আন্তর্জাতিক নারী দিবস। এ উপলক্ষে ফিলিস্তিন বন্দী বিষয়ক সংস্থা একটি বিবৃতি প্রকাশ করেছে বলে খবর প্রকাশ করেছে "মিডলইস্ট মনিটর "। বিবৃতিতে বলা হয়েছে দখলদর ইসরাইলের কারাগারে ৪৩ জন ফিলিস্তিনি নারী বন্দী রয়েছেন।

সংস্থাটির গবেষণা ইউনিটের প্রধান আবেদ আল-নাসের ফারওয়ানা বলেছেন যে,১৯৬৭ সালের পর থেকে দখলদার বিশ্ব সন্ত্রাসী ইসরাইল ১৬,০০০এরও বেশি ফিলিস্তিনি নারীকে অবৈধভাবে গ্রেপ্তার করেছে।

তিনি বলেন, গ্রেপ্তারের সময় ফিলিস্তিনি পুরুষদের বিরুদ্ধে যে নৃশংস পদ্ধতি অবলম্বন করে নারীদের ক্ষেত্রেও ঠিক একই ধরনের নৃশংসতা চালানো হয়।

ফিলিস্তিনি নারীদের গ্রেফতারের পর নির্যাতন ও গ্রেফতারের বিষয়টি আড়াল করার জন্য তাদের পুরুষদেরকেও গ্রেফতার ও নির্যাতনের অনেক প্রমাণ রয়েছে।

ফারওয়ানা আরও উল্লেখ করেন, ইসরাইলি কারাগারে নারীদেরকে অশালীন জিজ্ঞাসাবাদ, শারীরিক ও মানসিক নির্যাতন, সম্ভ্রমহানির মতো নানাবিধ জঘন্যতম নির্যাতন করা হয় , এমনকি তাদের সকল প্রকার চিকিৎসা থেকে বঞ্চিত করা হয়েছে।

১৪ ই অক্টোবর ১৯৬৭সালে গ্রেপ্তার হওয়া "ফাতেমা ভিরনাউই" হলেন প্রথম ফিলিস্তিনি মহিলা। তাকে দখলদার বাহিনী মিথ্যা বোমা হামলার অভিযোগে গ্রেপ্তার করে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছিল ।

সংস্থাটির রিপোর্ট অনুযায়ী ২০১৯ সালে দখলদার ইসরাইলি সন্ত্রাসী বাহিনী কর্তৃক ১২৮ ফিলিস্তিনি নারীকে গ্রেপ্তার করা হয়েছে এবং ২০২০ সালের শুরু থেকে এখন পর্যন্ত ২৯ জন ফিলিস্তিনি নারীকে গ্রেপ্তার করা হয় ।তাদের মধ্যে ১৬জন মহিলার শিশু বাচ্চা রয়েছে।

ইসরাইলের কারাগারে দীর্ঘদিন বন্দীরত ফিলিস্তিনি মহিলা "আমাল"। ২০১৪ সালের ডিসেম্বরে তাকে গ্রেপ্তার করা হয়েছিল পরে সাত বছরের কারাদণ্ড দেওয়া হয় ।

"হানা শালাবি" ফিলিস্তিনি মহিলা বন্দীদশা থেকে মুক্তির জন্য দীর্ঘদিন অনশন ধর্মঘট করেছিলেন।পরে তাকে গাজা থেকে ৪৪দিনের জন্য বহিষ্কার করা হয়েছিল।

প্রতিবছর ৮ ই-মার্চ বিশ্ব নারী দিবসে আন্তর্জাতিক সংস্থাগুলো নারী স্বাধীনতা ও নারী উন্নয়নের কথা বলে অথচ ফিলিস্তিনি নারীদের যারা সন্ত্রাসবাদী ইসরাইলের জেলে অকথ্য নির্যাতন ও গ্রেফতার হচ্ছে, তাদের ব্যাপারে একটি কথাও বলেনা।

সংস্থাটি ইস্রায়েলের কারাগারে ফিলিস্তিনি নারীদের বাঁচাতে, তাদের দুর্দশা লাঘব ও তাদের স্বাধীনতার জন্য আরও বেশি প্রচেষ্টা চালাতে, নারীদের সাথে সম্পর্কিত সমস্ত মানবাধিকার সংস্থাগুলিকে আহ্বান জানিয়েছে।

ভারতীয় মালাউন সন্ত্রাসীদের গুলিতে ঝাঁঝরা হলো ২ কাশ্মীরির দেহ

আবারো ভারতীয় মালাউন সন্ত্রাসীদের গুলিতে ঝাঁঝরা হলো ২ কাশ্মীরির দেহ।

আজ সোমবার ভোররাতেই দক্ষিণ কাশ্মীরের সোপিয়ান জেলায় মালাউন সন্ত্রাসীদের গুলিতে নিহত হয়েছে দুই জন। জানা যায়, তাদেরকে জঙ্গি আখ্যা দিয়ে হত্যা করা হয়। *সূত্র: দ্যা ওয়াল*

জম্মু-কাশ্মীর পুলিশের সঙ্গে যৌথভাবে অভিযান চালানো হয় সোপিয়ানের রিবেন এলাকায়। সেখানে মালাউন সন্ত্রাসীদের গুলিতে নিহত হয় তারা।

সূত্রে আরো জানা যায়, মৃতদের নাম-পরিচয় এখনও জানা যায়নি। শোনা যাচ্ছে এখনও জারি রয়েছে অপারেশন। ওই এলাকায় আর কোনও স্বাধীনতাকামী লুকিয়ে রয়েছে কিনা তার খোঁজে চলছে তল্লাশি।

জানা যায়, সোমবার ভোররাতে রিবেন গ্রামে তল্লাশি চালাচ্ছিল ১ এবং ৪৪ নম্বর রাষ্ট্রীয় রাইফেলস, সিআরপিএফ ও স্পেশাল অপারেশন গার্ডের যৌথ সন্ত্রাসী বাহিনী।

হিজাবকে অপসংস্কৃতি আখ্যায়িত করলো ইসলাম বিদ্বেষী মেনন

হিজাব পড়া কোনো ধর্মীয় অনুশাসন অথবা ধর্মীয় বিষয় নয়, বরং অপসংস্কৃতি বলে মন্তব্য করেছে বাংলাদেশ ওয়ার্কার্স পার্টি সভাপতি ও সংসদ সদস্য রাশেদ খান মেনন।

গত রোববার আরামবাগ স্কুল অ্যান্ড কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সে ইসলাম বিদ্বেষী মন্তব্য করে।

রাশেদ খান মেনন বলেছে, বর্তমান সমাজে শিক্ষার দিক দিয়ে নারীরা ছেলেদের থেকে এগিয়ে গেলেও সংস্কৃতিতে তারা পিছিয়ে আছে। আজকাল বিভিন্ন সামাজিক অনুষ্ঠানে আর বাঙালি মেয়েদের দেখা যায় না। ছোট হিজাব পরা সৌদি অথবা দুবাই ফেরত নারীদের দেখা যায়। এই হিজাব পরা কোনো ধর্মীয় অনুশাসন নয়, বরং অপসংস্কৃতি।

বাংলাদেশে এক মাসেই বাণিজ্য ঘাটতি বেড়েছে ১৪২ কোটি ডলার

মাত্র এক মাসের ব্যবধানে বাণিজ্য ঘাটতি বেড়েছে ১৪২ কোটি মার্কিন ডলার। চলতি অর্থবছরের প্রথম সাত মাসে (জুলাই-জানুয়ারি) পণ্য বাণিজ্যে সামগ্রিক ঘাটতির পরিমাণ দাঁড়িয়েছে ৯৬৪ কোটি ৩০ লাখ (৯.৬৪ বিলিয়ন) ডলার। অথচ এক মাস আগে চলতি অর্থবছরের প্রথম ছয় মাসে (জুলাই-ডিসেম্বর) পণ্য বাণিজ্যে সামগ্রিক ঘাটতির পরিমাণ ছিল ৮২২ কোটি ২০ লাখ মার্কিন ডলার। সে হিসাবে মাত্র এক মাসের ব্যবধানে বাণিজ্য ঘাটতি বেড়েছে ১৪২ কোটি ১০ লাখ মার্কিন ডলার। খবর- অর্থসূচক

বাংলাদেশ ব্যাংক প্রকাশিত বৈদেশিক লেনদেনের চলতি হিসাবের ভারসাম্যের (ব্যালান্স অব পেমেন্ট) হালনাগাদ থেকে এ তথ্য জানা যায়।

আমদানি কমায় অর্থবছরের তিন মাস পর্যন্ত পণ্য বাণিজ্যে ঘাটতি আগের অর্থবছরের চেয়ে কম ছিল। ২০১৮-১৯ অর্থছরের জুলাই-সেপ্টেম্বর সময়ে ঘাটতি ছিল ৩৮৫ কোটি ২০ লাখ ডলার। ২০১৯-২০ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময়ে ছিল তার থেকে কম ৩৭১ কোটি ৭০ লাখ ডলার।

তবে রপ্তানি আয়ে ধসের কারণে এর পর থেকেই বাণিজ্য ঘাটতি বাড়ছে; এমনকি আমদানি ব্যয় কমার পরও বাড়ছে এই ঘাটতি। ২০১৯-২০ অর্থবছরের জুলাই-জানুয়ারি সময়ে বিভিন্ন পণ্য আমদানিতে (এফওবিভিত্তিক, ইপিজেডসহ) মোট তিন হাজার ২০০ কোটি ২০ লাখ (৩২ বিলিয়ন) ডলার ব্যয় করেছে বাংলাদেশ। আর পণ্য রপ্তানি থেকে (এফওবিভিত্তিক, ইপিজেডসহ) আয় করেছে দুই হাজার ২৩৫ কোটি ৯০ লাখ (২২.৩৬ বিলিয়ন) ডলার। এ হিসাবেই বাণিজ্য ঘাটতির পরিমাণ দাঁড়িয়েছে ৯৬৪ কোটি ৩০ লাখ ডলার।

তথ্যে দেখা যায়, এই সাত মাসে আমদানি ব্যয় কমেছে ৪ দশমিক ৪৩ শতাংশ। আর রপ্তানি আয় কমেছে ৫ দশমিক ৩১ শতাংশ।

গত ২০১৮-১৯ অর্থবছরের পুরো সময়ে বাণিজ্য ঘাটতির পরিমাণ ছিল এক হাজার ৫৪৯ কোটি ৪০ লাখ (১৫.৪৯ বিলিয়ন) ডলার। ২০১৭-১৮ অর্থবছরে এই ঘাটতি ছিল আরও বেশি ১৮ দশমিক ১৮ বিলিয়ন ডলার।

কেন্দ্রীয় ব্যাংকের তথ্য থেকে দেখা যায়, বিগত বছরগুলোতে আমদানি খাতে ব্যয় বাড়ার কারণে রপ্তানি আয় বাড়লেও বাণিজ্য ঘাটতি বেড়েছে বাংলাদেশের। কিন্তু এবার আমদানি ব্যয় ও রপ্তানি আয় কমায় বাড়ছে এই ঘাটতি।

এদিকে, সেবা খাতের বাণিজ্য ঘাটতি বেড়েছে। জুলাই-জানুয়ারির সময়ে এ খাতের ঘাটতি দাঁড়িয়েছে ২১৯ কোটি ১০ লাখ (২.১৯ বিলিয়ন) ডলার। গত অর্থবছরের একই সময়ে ঘাটতি ছিল ১৮৪ কোটি ৩০ লাখ ডলার।

মূলত বিমা, ভ্রমণ ইত্যাদি খাতের আয়-ব্যয় হিসাব করে সেবা খাতের বাণিজ্য ঘাটতি পরিমাপ করা হয়।

জুলাই-জানুয়ারি সময়ে বাংলাদেশের বৈদেশিক লেনদেনের চলতি হিসাবের ভারসাম্যে (ব্যালান্স অফ পেমেন্ট) ঘাটতির পরিমাণ দাঁড়িয়েছে ১৫১ কোটি ৬০ লাখ (১.৫১ বিলিয়ন) ডলার।

গত অর্থবছরের একই সময়ে ঘাটতির পরিমাণ ছিল ৪০৪ কোটি ১০ লাখ ডলার। অর্থবছরের প্রথম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর) এই ঘাটতি ছিল ৬৭ কোটি ৮০ লাখ ডলার।

অথচ অগাস্ট মাস শেষেও অর্থনীতির গুরুত্বপূর্ণ এই সূচক ২৬ কোটি ৮০ লাখ ডলার উদ্বৃত্ত ছিল

০৮ই মার্চ, ২০২০

অপরাধ বাড়ছে আমেরিকার নিইউয়র্কের সাবওয়েতে

নিউইয়র্ক নগরের সাবওয়েতে অপরাধ বৃদ্ধি পেয়েছে। চলতি বছরের প্রথম দুই মাসে নগরের ১৭টি এলাকায় ১৩২টি অপরাধ ও ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। সম্প্রতি ব্রুকলিনে একাধিক ছিনতাই ও হামলার ঘটনা ঘটেছে। মেট্রোপলিটন ট্রান্সপোর্ট অথরিটি বা (এমটিএ) সূত্রে জানা গেছে, ছিনতাইয়ের ঘটনায় জড়িতদের মধ্যে ৪৪ ভাগ ব্যক্তিকে আটক করা সম্ভব হয়েছে। অতীতেও তাদের বিরুদ্ধে অপরাধের রেকর্ড রয়েছে। তাদের অধিকাংশের বয়স ১৮ বছরের নিচে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এই অপরাধকে 'ইয়ুথ অন ইয়ুথ ক্রাইম' ও ছিনতাইয়ের অপরাধগুলোকে 'জুভেনিল ক্রাইম' হিসেবে আখ্যায়িত করেছে। জানা গেছে, নিউইয়র্ক নগরের ম্যানহাটন, কুইন্স, ব্রুকলিন আর ব্রঙ্কসের সাবওয়েতে সবচেয়ে বেশি ছিনতাইয়ের ঘটনা ঘটছে। আবার এর মধ্যে ম্যানহাটন ও ব্রুকলিনে এই অপরাধের ঘটনা সবচেয়ে বেশি ঘটছে। পুলিশ কমিশনার ডারমোট সিয়া নগরের সাবওয়েতে ছিনতাইয়ের মতো অপরাধ ঘটার কথা স্বীকার করে বলেন, ম্যানহাটন ও ব্রঙ্কসে 'জুভিনিল ক্রাইম' বৃদ্ধি পেয়েছে। খবরঃ প্রথম আলো

এদিকে বাংলাদেশি বংশোদ্ভূত একজন মার্কিন সাংবাদিক ২০ ফেব্রুয়ারি তাঁর অভিজ্ঞতার কথা তুলে ধরে ফেসবুকে লিখেছেন, 'ট্রেনের ভেতরে একটি কালো লোক তাঁকে আক্রমণ করতে আসে এবং ট্রেনের অন্য প্রান্ত থেকে অন্য একটি কালো যুবক চিৎকার করে বলতে থাকে, ডোন্ট ডু ইট'। সে দৌড়ে এসে ওই আক্রমণকারী তরুণকে প্রতিরোধ করে। কিন্তু প্রতিরোধ করতে আসা ওই যুবক নেমে যাওয়ার পর আবারও সে ওই বগিতে উঠে তার দিকে তেড়ে আসে। এরই মধ্যে ট্রেন একটি স্টেশনে থামলে তিনি লুকিয়ে অন্য একটি ট্রেনে ওঠেন। কালো মদ্যপ লোকটি

বারবার কেন তাকে টার্গেট করেছিল, তা তিনি বুঝতে পারেননি। ট্রেনভর্তি মানুষের মধ্যে তাঁর ওপর যুবকটি এমন আক্রমণ করল, আরেকটি কালো ছেলে ছাড়া তাকে অন্য কেউ সাহায্য করতেও আসল না।'

ওই সাংবাদিকের সঙ্গে কথা বলে জানা যায়, ২০ ফেব্রুয়ারি দুপুর ১২টায় এফ ট্রেনে এ ঘটনাটি ঘটে।
এর বাইরে গত ২৬ ফেব্রুয়ারি কুইন্সের পারসন্স বুলেভার্ডে স্বপন মির্জা নামের আরেক বাংলাদেশি তাঁর ব্যবসা প্রতিষ্ঠানে হামলার শিকার হন।

ফটো রিপোর্ট | "হযরত উমর ফারুক" রা: প্রশিক্ষণ ক্যাম্পে স্নাতক অর্জনকারী মুজাহিদিন!

আফগানিস্তানের পাখতুন প্রদেশের "হযরত উমর ফারুক" রা. প্রশিক্ষণ ক্যাম্প হতে নতুন করে অনেক তালেবান মুজাহিদিন স্নাতক লাভ করেছেন। যারা ইমারতে ইসলামিয়ার ভিত্তিকে আরো মজবুত করতে অগ্রগামী ভূমিকা পালন করবেন, ইনশাআল্লাহ্।

হযরত উমর ফারুক মুআসকার ক্যাম্পে প্রশিক্ষণরত মুজাহিদদের কিছু চিত্র...

https://alfirdaws.org/2020/03/08/34233/

ভারতের অবস্থা খুবই ভয়ানক: মনমোহন সিং

ভারত আসন্ন বিপদের সম্মুখীন। তাও আবার তিন দিক দিয়ে। এমনই আশঙ্কাবাণী শুনিয়েছে দেশটির সাবেক প্রধানমন্ত্রী মনমোহন সিং। তিনি বলেছেন, দেশের অবস্থা ভয়ানক। সাবেক প্রধানমন্ত্রী মনমোহন সিং একটি সংবাদপত্রে তার এক কলামে লেখেন, সামাজিক বিশৃঙ্খলা, অর্থনৈতিক মন্দা এবং বিশ্ব জুড়ে মহামারির এই ত্রিভুজ ভারতের আত্মাকে ক্ষতবিক্ষত করে দেবে।

সামাজিক বিশৃঙ্খলা নিয়ে যা বললেন মনমোহনঃ

নিজের লেখায় মনমোহন সিং দিল্লিতে সহিংসতার বিষয়ে উদ্বেগ প্রকাশ করে লেখেন, আমাদের সমাজের কিছু বিশৃঙ্খল মানুষ এই ঘটনার জন্য দায়ী। পাশাপাশি রাজনৈতিক বহু নেতাও এই

বিশৃঙ্খল মানুষদের দলে পড়ে। এরা সম্মিলিতভাবে সাম্প্রদায়িক এই সহিংসতার আগুনে ঘি ঢেলেছে।

বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের ঘটনা নিয়ে উদ্বেগঃ

পাশাপাশি গত কয়েক মাসে দেশের বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসগুলোতে ঘটনার বিষয়ে তিনি লেখেন, ‘ভারতে ইতিহাসের অন্ধকার কালকে স্মরণ করিয়ে দিয়েছে গত কয়েক মাস। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, পাবলিক প্লেস এবং বাড়িঘরেও হিংসাত্মক সাম্প্রদায়িক উসকানি বয়ে চলেছে। আইনশৃঙ্খলা প্রতিষ্ঠানগুলো নাগরিকদের সুরক্ষা না দিয়ে নিজেদের ধর্ম ত্যাগ করেছে। ন্যায় বিচারের প্রতিষ্ঠান এবং ন্যায়ের চতুর্থ স্তম্ভ মিডিয়াও আমাদের হতাশ করেছে।’ খবরঃ ইত্তেফাক

সামাজিক অস্থিরতায় ঢাকাঃ অর্থনৈতিক মন্দা

অর্থনৈতিক মন্দার মধ্যে এরকম সামাজিক অস্থিরতা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন সাবেক প্রধানমন্ত্রী। তিনি লেখেন, ‘বিনিয়োগকারী, শিল্পপতি এবং উদ্যোক্তারা নতুন প্রকল্প শুরু করতে রাজি নয় এবং তাদের ঝুঁকি নেওয়ার ইচ্ছাও হারিয়েছেন।

মনমোহন লিখেছেন, সত্যটি হলো দেশের বর্তমান পরিস্থিতি অত্যন্ত ভয়ানক। আমরা যে ভারতকে জানি এবং লালন করি সেই ভারত দ্রুত পিছলে পড়েছে। ইচ্ছাকৃতভাবে সাম্প্রদায়িক উত্তেজনা বাড়িয়ে অর্থনৈতিক অব্যবস্থাপনাকে ঢাকা হচ্ছে। জাতি হিসাবে আমরা যে গুরুতর ঝুঁকির মুখোমুখি হয়েছি সেগুলোর সমাধান করার সময় এসেছে। এছাড়া ভারতের ওপর করোনা আতঙ্কের কথাটিও উঠে আসে তার লেখায়।

সন্ত্রাসী ইসরাইলী বাহিনীর গুলিতে চোখ হারাচ্ছে ফিলিস্তিনি শিশুরা।

সাম্প্রতিক বছরগুলিতে কয়েক ডজন শিশু স্পঞ্জ-টিপুন বুলেটে আহত হয়েছে। যাদের অনেকেই চোখ হারিয়ে আজ অন্ধ।

ইস্রায়েলি দখলদার বাহিনী এ চলতি মাসের ১ম সপ্তাহে দুটি পৃথক ঘটনায় পূর্ব জেরুজালেমের দুই ফিলিস্তিনি শিশুকে স্পঞ্জযুক্ত টিপুন বুলেটে আক্রান্ত করেছে বলে খবর প্রকাশ করেছে মিডলইস্ট মনিটর।

উভয় ঘটনা ফিলিস্তিনের ইসাওয়াইয়ায় ঘটেছিল।প্রায় এক বছর ধরে এ এলাকাটি বিশ্ব সন্ত্রাসী ইস্রায়েলি দখলদার বাহিনী দ্বারা অবর্ননীয় নির্যাতন ও হয়রানির স্বীকার হচ্ছে।

সংবাদকর্মীদের মতে,১৬ বছর বয়সী মুহাম্মদ আতীয়া সোমবার তার স্কুল মাঠে গুলিবিদ্ধ হয়।

অন্য দিকে ১০বছর বয়সী ফাওজি আবিদ মঙ্গলবার তার বাড়ির বারান্দায় দাঁড়ানোর সময় গুলিবিদ্ধ হলে তার হাত মারাত্মকভাবে আঘাতপ্রাপ্ত হয়। ফাওজি এখন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

ফিলিস্তিনি শিশু মুহাম্মদ আতীয়াকে তার স্কুলের মাঠে দাঁড়ানো অবস্তায় ইস্রায়েলি দখলদার বাহিনী গুলি করে হত্যা করেছে।

আতীয়ার হত্যাকাণ্ডের ঘটনার ভিডিও ফুটেজে দেখা গেছে যে, সন্ত্রাসী ইহুদি পুলিশ গাড়ি থেকে নামছে এবং স্কুলের প্রবেশ পথে শিক্ষার্থীদের কাছে খাবার বিক্রয়কারী এক ব্যাক্তিকে ধাক্কা মারে।

তারপর কর্মরত একজন সন্ত্রাসী বিদ্যালয়ের প্রবেশ গেইটের ফাক দিয়ে স্কুলের মাঠে শিশুদের উপর পাঁচটি গুলি ছুড়তে দেখা যায়।"

আতীয়ার বাবা আওয়ানী আতীয়া বলেন, আতীয়া স্কুল মাঠেই তার শিক্ষকের কাছে দাঁড়িয়ে ছিল। অকস্মাৎ তারা তাকে গুলি করে।

দখলদার সন্ত্রাসী পুলিশ দাবি করেছে যে,সে পাশের পুলিশের গাড়িতে পাথর ছুঁড়ে মেরেছিল।

মিডলইস্ট মনিটরে দেওয়া হিসাবে মতে, ইসাওয়াইয়ায় প্রতিনিয়ত সন্ত্রাসী পুলিশ বাহিনী অভিযান, টহল দেওয়া, গ্রেপ্তার করা এবং চেকপয়েন্ট স্থাপন করা এবং হামলা চালানো অব্যাহত রেখেছে।

সাম্প্রতিক বছরগুলিতে, "স্পঞ্জের সাহায্যে গুলিবিদ্ধ হয়ে কয়েক ডজন শিশু আহত হয়েছে।যার মধ্যে অনেকেই চোখ হারিয়েছে।অন্যরা মারাত্মকভাবে আঘাতপ্রাপ্ত হয়েছে। গবেষণাপত্রে আরও বলা হয়েছে।মাথায় গুলিকরে আরও এক কিশোরকে হত্যা করা হয়েছে।

এখন অবধি কোন পুলিশ কর্মকর্তাকে স্পঞ্জযুক্ত বুলেট ব্যবহারের কারণে বিচারের আয়তায় আনা হয়নি ।

এবার মাঠ দখল করেই সন্ত্রাসী শ্রমিক লীগ নেতার চাঁদাবাজি

সিদ্ধেশ্বরী বালক উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের মাঠের একাংশ দখল করে গাড়ি পার্কিং তৈরি করা হয়েছে। এখন প্রতিটি গাড়ি থেকে চাঁদা তুলছেন স্থানীয় সন্ত্রাসী যুব শ্রমিক লীগের এক নেতা। স্থানীয় ব্যক্তিদের অভিযোগ, মাঠের ভেতর এ পার্কিং তৈরি করায় শিশু-কিশোরদের খেলাধুলা বাধাগ্রস্ত হচ্ছে। পার্কিংয়ের কারণে মাঠের মাটি উঠে কয়েক স্তর ধুলাবালুতে পরিণত হয়েছে। কিন্তু শ্রমিক লীগের এই নেতার বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিচ্ছে না বিদ্যালয় কর্তৃপক্ষ।

সন্ত্রাসী যুব শ্রমিক লীগের এই নেতার নাম মো. পারভেজ, তিনি সংগঠনটির রমনা থানা কমিটির সহসভাপতি। তাঁর দাবি, বিদ্যালয় কর্তৃপক্ষের কাছ থেকে অনুমতি নিয়েই তিনি এই পার্কিং বসিয়েছেন। বিদ্যালয়ের শিক্ষকেরা বলেছেন, তাঁরা ভয়ভীতির মধ্যে আছেন। নাম প্রকাশ না করার শর্তে বলেছেন, পার্কিংয়ের জন্য কাউকে অনুমতি দেওয়া হয়নি। শ্রমিক লীগের নেতা মাঠের একাংশ দখলে নিয়ে পার্কিংয়ের নামে চাঁদাবাজি করছেন। সিদ্ধেশ্বরীর এই এলাকায় অনেকগুলো বহুতল মার্কেট রয়েছে। কিন্তু এসব মার্কেটে গাড়ি পার্কিংয়ের কোনো ব্যবস্থা নেই। ফলে ব্যবসায়ী ও ক্রেতারা আশপাশের রাস্তা ও বিভিন্ন গলিতে গাড়ি পার্কিং করেন। এতে তীব্র যানজটের সৃষ্টি হয়। পারভেজ গত নভেম্বরে বিদ্যালয় মাঠের একাংশে গাড়ি পার্কিং করার আবেদন করলেও তাঁকে অনুমতি দেওয়া হয়নি।

গতকাল বেলা তিনটায় সরেজমিনে দেখা যায়, সিদ্ধেশ্বরী সড়ক থেকে প্রায় তিন ফুট উঁচু সিদ্ধেশ্বরী বালক উচ্চমাধ্যমিক বিদ্যালয় মাঠ। এই মাঠের দক্ষিণ-পশ্চিম অংশের এক-তৃতীয়াংশ জায়গা দখল করে ২৫টি ব্যক্তিগত গাড়ি পার্কিং করা রয়েছে। কিছুক্ষণ পরপরই এ পার্কিংয়ে গাড়ি আসা-যাওয়া করছে। এতে মাঠে প্রচুর পরিমাণ ধুলাবালু উড়ছে। এসব গাড়ি থেকে ৫০ টাকা করে টোল আদায় করছেন আর এম কমিউনিকেশনের কর্মী আবদুল লতিফ। তিনি জানান, সকাল ১০টা থেকে রাত আটটা পর্যন্ত এই মাঠে শতাধিক গাড়ি পার্কিং করা হয়। পার্কিং ফি বাবদ প্রতিটি গাড়ি থেকে ৫০ টাকা করে নেওয়া হয়। এই হিসাবে দিনে পাঁচ হাজার টাকা আয় হয়, যা মাসে প্রায় দেড় লাখ টাকা।

খবরঃ প্রথম আলো

সিদ্ধেশ্বরী বালক উচ্চবিদ্যালয় মাঠের পূর্ব-দক্ষিণ ও পশ্চিম-দক্ষিণ কোণে পৃথক দুটি বড় চায়ের দোকানও গড়ে উঠেছে। দোকানের বর্জ্য মাঠের ওপর ছড়িয়ে আছে। এর মধ্যেই পার্কিংয়ের উত্তর পাশে বড় জাল টানিয়ে ফুটবল-ক্রিকেট খেলছে শিশু-কিশোরেরা। এই বিদ্যালয়ের নবম শ্রেণির ছাত্র মো. মাসুদ বলে, কিছুক্ষণ পরপরই মাঠের প্রধান ফটক দিয়ে গাড়ি আসা-যাওয়া করে। এতে দুর্ঘটনার আশঙ্কা থাকে। অবিলম্বে মাঠ থেকে এই পার্কিং সরিয়ে নেওয়া দরকার।

সিদ্ধেশ্বরী রোডের বাসিন্দা কামাল আহমেদ বলেন, ২০১৩ থেকে ২০১৭ সাল পর্যন্ত সিদ্ধেশ্বরী বালক উচ্চমাধ্যমিক বিদ্যালয় মাঠটি ভাড়া নিয়েছিল নির্মাতা প্রতিষ্ঠানতমা কনস্ট্রাকশন। তখন তারা মগবাজার-মৌচাক উড়ালসড়কের নির্মাণসামগ্রী রেখেছিল। এই সুযোগে মাঠের এক কোণে অবৈধভাবে কার্যালয় তৈরি করেছিল ১৯ নম্বর ওয়ার্ড যুবলীগ। আরেক পাশে পানির পাম্প বসিয়েছে ঢাকা ওয়াসা। এর ফলে দীর্ঘদিন ধরে মাঠটিতে খেলাধুলা বন্ধ ছিল। পরে পানির পাম্পটি রেখে বাকি স্থাপনাগুলো অপসারণ করা হয়। এর পাশাপাশি মাঠটিও সংস্কার করে বিদ্যালয় কর্তৃপক্ষ। কিন্তু এখন আবার মাঠটি দখলের পাঁয়তারা করছে ক্ষমতাসীন দলের চক্র।

আর এম কমিউনিকেশনের স্বত্বাধিকারী মো. পারভেজ বলেন, এ এলাকায় পার্কিং–সংকট রয়েছে। তাই তিনি মাঠের এক কোণে গাড়ি পার্কিংয়ের ব্যবস্থা করেছেন। এ জন্য বিদ্যালয় কর্তৃপক্ষের অনুমতি নেওয়া হয়েছে। তবে তিনি অনুমোদনপত্র দেখাতে পারেননি।

পাকিস্তানে ভারী বৃষ্টিপাতে বন্যা, শিশুসহ নিহত ২০

পাকিস্তানের উত্তর-পশ্চিমাঞ্চলীয় খাইবার পাখতুনখোয়া প্রদেশে ভারী বৃষ্টিপাতে বাড়িঘর ভেঙে শিশুসহ ২০ জন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও অর্ধশত। দেশটির সরকারি কর্তৃপক্ষ এ তথ্য জানিয়েছে। খবর ডনের।

বৃহস্পতিবার থেকেই দেশটির আফগান সীমান্তবর্তী বিভিন্ন স্থানে মুষলধারে বৃষ্টি হচ্ছে। এতে শিশুসহ ২০ জন মারা গেছে। খাইবার পাখতুনখোয়া প্রদেশের স্থানীয় ত্রাণ কর্মকর্তা তৈমুর আলী জানান, বন্যায় দারগা শহরে একটি বাড়ির ছাদ ধসে পাঁচ শিশু মারা গেছে।

